মহাভারতম্

জন্মশতবার্ষিক-সংস্করণম্

মহর্ষি-শ্রীকৃষ্ণদ্বৈপায়নবেদব্যাস-প্রণীতম্

দর্শনাচার্য্য-
শ্রীমন্নীলকণ্ঠকৃতয়া ভারতভাবদীপ-
সমাখ্যয়া টীকয়া

মহামহোপাধ্যায-পদ্মভূষণ-মহাকবি-ভাবতাচার্য্যেণ
শ্রীমদ্ হরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যেণ প্রণীতয়া
ভারতকৌমুদীসমাখ্যয়া টীকয়া তৎকৃত-
বঙ্গানুবাদেন চ সহিতম্

বিশ্ববাণী প্রকাশনী

কলিকাতা-৭০০০০৯

প্রকাশকেব নিবেদন

'মহাভাবতম্' মহামহোপাধ্যায-পদ্মভূষণ-ভাবতাচার্য্য-মহাকবি শ্রীমদ্ হবিদাস সিদ্ধান্তবাগীশ মহাশযেব তপস্যালব্ধ অমৃতময ফল। সে আশ্চর্য্য তপশ্চর্য্যাব কাহিনী আজ- সকলেই জানেন। প্রায একুশ বছব তিনি ছিলেন 'মহাভাবতম্'-এব তপস্যায় মগ্ন—এবং সে একক ও দুশ্চব তপস্যায তাঁব পাণ্ডিত্য ও প্রজ্ঞাব সঙ্গে মিলিত হযেছিল অসীম ধৈর্য্য, অশেষ নিষ্ঠা ও অলৌকিক আযাস। ফলে তিনি আমাদেব জন্য বেখে গেছেন তাঁর 'মহাভাবতম্'—এক আশ্চর্য্য ঐশ্বর্য্য। 'মহাভাবতম্'-এব দ্বিতীয সংস্কবণ প্রকাশনার মূলে আছে আমাদেব সেই জাতীয ঐশ্বর্য্য সংবক্ষণেব এবং জন্মশতবর্ষপূর্ত্তি উপলক্ষে ঋষি হবিদাসের প্রতি শ্রদ্ধাঞ্জলি নিবেদন কবাব পুণ্য প্রেরণা ও প্রযাস। সুধীজনেব সানন্দ সমর্থনে আমাদের প্রযাস সার্থক হোক—এইমাত্র কামনা।

দ্বিনবতিতমোঽধ্যায়ঃ।

—ঃ*ঃ—

বৈশম্পায়ন উবাচ।

ততঃ প্রতীপো রাজা স সর্ব্বভূতহিতে রতঃ।
নিষসাদ স মা বহ্বীর্গঙ্গাদ্বারগতো জপন্ ॥১॥
তস্য রূপগুণোপেতা গঙ্গা স্ত্রীরূপধারিণী।
উত্তীর্য্য সলিলাত্তস্মাল্লোভনীয়তমাকৃতিঃ ॥২॥
অধীয়ানস্য রাজর্ষের্দিব্যরূপা মনস্বিনী।
দক্ষিণং শালসঙ্কাশমূরুং ভেজে শুভাননা ॥৩॥ (যুগ্মকম্)
প্রতীপস্তু মহীপালস্তামুবাচ যশস্বিনীম্।
করোমি কিন্নু কল্যাণি! প্রিয়ং যত্তেঽভিকাঙ্ক্ষিতম্ ॥৪॥

স্ত্র্যুবাচ।

ত্বামহং কাময়ে রাজন্! কুরুশ্রেষ্ঠ। ভজস্ব মাম্।
ত্যাগঃ কামবতীনাং হি স্ত্রীণাং সদ্ভির্বিগর্হিতঃ ॥৫॥

ভারতকৌমুদী

তত ইতি। স প্রতীপো রাজা, ততস্তস্মিন্ কালে, সর্ব্বভূতহিতে রতঃ, তথা গঙ্গায়াঃ দ্বারগতো যৎকিঞ্চিদ্বক্রদেশস্থিতো জপন্ সন্, বহ্বীঃ সমা অনেকান্ বৎসরান্, নিষসাদ অবতস্থে ॥১॥
তস্যেতি। তস্য প্রতীপস্য, রূপগুণোপেতা মুগ্ধেত্যর্থঃ। অধীয়ানস্য বেদান্ পঠতো মন্ত্রান্ জপতো বা। শালসঙ্কাশং শালবৃক্ষবৎ স্থূলং বৃহন্তঞ্চ ॥২—৩॥
প্রতীপ ইতি। তে তব যদভিকাঙ্ক্ষিতং তাদৃশং কিন্নু প্রিয়মিত্যর্থঃ ॥৪॥

বৈশম্পায়ন বলিলেন—প্রতীপ রাজা সেই সময়ে গঙ্গাতীরে যাইয়া, সমস্ত প্রাণীর হিতসাধনে রত হইয়া, মন্ত্রজপে প্রবৃত্ত থাকিয়া, বহু বৎসর অতিবাহিত করিয়াছিলেন ॥১॥

এই সময়ে গঙ্গাদেবী তাঁহার রূপে ও গুণে মুগ্ধ হইয়া, অতিমনোহর স্ত্রীরূপ ধারণপূর্ব্বক সেই জল হইতে উঠিয়া, জপপ্রবৃত্ত রাজর্ষির শালবৃক্ষসদৃশ দক্ষিণ ঊরুদেশে যাইয়া উপবেশন করিলেন ॥২—৩॥

তখন প্রতীপ রাজা তাঁহাকে বলিলেন—"কল্যাণি! আমি তোমার অভীষ্ট কোন্ প্রিয় কার্য্য করিব?" ॥৪॥

---

(১) .. রাজাসীৎ .। (২) ..দর্শনীয়তমাকৃতিঃ।

প্রতীপ উবাচ।

নাহং পরস্ত্রিয়ং কামাদ্‌গচ্ছেয়ং বরবর্ণিনি।

ন চাসবর্ণাং কল্যাণি। ধর্ম্ম্যং তদ্ধি ব্রতং মম ॥৬॥

স্ত্র্যুবাচ।

নাশ্রেয়স্যস্মি নাগম্যা ন বক্তব্যা চ কর্হিচিৎ।

ভজন্তীং ভজ মাং রাজন্। দিব্যাং কন্যাং বরস্ত্রিয়ম্ ॥৭॥

প্রতীপ উবাচ।

মমাতিবৃত্তমেতত্তু যন্মাং চোদয়সি প্রিয়ম্।

অন্যথা প্রতিপন্নং মাং নাশয়েদ্ধর্ম্মবিপ্লবঃ ॥৮॥

ভারতকৌমুদী

ত্বামিতি। কাময়ে রমণায়াভিলষামি ॥৫॥

নেতি। তৎ পরস্ত্রিয়া অগমনরূপং মম ব্রতম্, ধর্ম্ম্যং ধর্ম্মাদনপেতম্ ॥৬॥

নেতি। হে রাজন্! অহম্, অশ্রেয়সী শারীরিকতুশ্চিহ্নাদিনা অমঙ্গলসূচিকা নাস্মি, অসবর্ণত্বাদিনা অগম্যা নাস্মি, কর্হিচিদপি বক্তব্যা নিন্দনীয়া চ নাস্মি। তথা চ ভজন্তীম্ অনুরক্তাম্, দিব্যাম্ অলৌকিকীম্, কন্যাম্, অতএব ময়ি পরস্ত্রীত্বং নাস্তীত্যাশয়ঃ, বরস্ত্রিয়ং মাং ভজ ॥৭॥

মমেতি। যৎ প্রিয়ং রমণং কর্ত্তুং মাং চোদয়সি প্রণোদয়সি, এতন্মম অতিবৃত্তম্ অতিক্রান্তম্। অতএব ত্বদ্রমণনিবন্ধনো ধর্ম্মবিপ্লবঃ, অন্যথা প্রতিপন্নম্ অন্যপথেন চলিতং মাং নাশয়েৎ ॥৮॥

ভারতভাবদীপঃ

তত ইতি ॥১—৬॥ দিব্যাং দিবি ভবাম্ ॥৭॥ ত্বয়া হেতুভূতয়া, নিবৃত্তং নিবস্তম্ ॥৮॥

স্ত্রীরূপধারিণী গঙ্গা বলিলেন—"মহারাজ! আমি আপনাকে প্রার্থনা করি, সুতরাং আপনি আমাকে সন্তুষ্ট করুন। কামুকী রমণীকে পরিত্যাগ করা সাধুজন-গর্হিত" ॥৫॥

প্রতীপ বলিলেন—"সুন্দরি! আমি পরস্ত্রী গমন করি না এবং অসবর্ণা স্ত্রী গমনও করি না; ইহাই আমার ধর্ম্মসঙ্গত নিয়ম" ॥৬॥

স্ত্রীরূপিণী গঙ্গা বলিলেন—"মহারাজ। আমি দুর্লক্ষণা নহি, অগম্যা নহি এবং কোন বিষয়ে নিন্দনীয়াও নহি, কিন্তু আমি স্বর্গীয়া, উৎকৃষ্টা স্ত্রী এবং কুমারী, অথচ আপনার প্রতি অনুরক্তা। অতএব আমাকে সন্তুষ্ট করুন" ॥৭॥

প্রতীপ বলিলেন—"তুমি যে প্রীতিজনক কার্য্য করিবার জন্য আমাকে

---

(৮)…ত্বয়া নিবৃত্তমেতত্তু…।

প্রাপ্য দক্ষিণমূরুং মে ত্বমাশ্লিষ্টা বরাঙ্গনে।।
অপত্যানাং স্নুষাণাঞ্চ ভীরু। বিদ্ধ্যেতদাসনম্ ॥৯॥
সব্যোরুঃ কামিনীভোগ্যস্ত্বয়া স চ বিবর্জ্জিতঃ।
তস্মাদহং নাচরিষ্যে ত্বয়ি কামং বরাননে। ॥১০॥
স্নুষা মে ভব কল্যাণি! পুত্রার্থং ত্বাং বৃণোম্যহম্।
স্নুষাপক্ষং হি বামোরু। ত্বমাগম্য সমাশ্রিতা ॥১১॥

স্ত্র্যুবাচ।

এবমপ্যস্তু ধর্ম্মজ্ঞ। সংযুজ্যেয়ং সুতেন তে।
ত্বদ্ভক্ত্যা তু ভজিষ্যামি প্রখ্যাতং ভারতং কুলম্ ॥১২॥
পৃথিব্যাং পার্থিবা যে চ তেষাং যূয়ং পরায়ণম্।
গুণা নহি ময়া শক্যা বক্তুং বর্ষশতৈরপি।
কুলস্য যে বঃ প্রথিতাস্তৎসাধুত্বমথোত্তমম্ ॥১৩॥

ভারতকৌমুদী

প্রাপ্যেতি। আশ্লিষ্টা আলিঙ্গিতবতী। এতদ্দক্ষিণোরুরূপম্। স্নুষাণাং পুত্রবধূনাম্ ॥৯॥
সব্যোরুরিতি। সব্যোরুর্বামোরুঃ। কামং কামব্যাপারং রমণম্ ॥১০॥
স্নুষেতি। হে বামোরু। সুন্দরোরুযুগলে!। স্নুষাপক্ষং বামমূরুম্ ॥১১॥
এবমিতি। সংযুজ্যেয়ং পরিণয়সম্বন্ধেন সংযুক্তা ভবেয়ম্ ॥১২॥
পৃথিব্যামিতি। পরায়ণং প্রধানত্বেন পরমাশ্রয়াঃ। গুণা দয়াশৌর্য্যাদয়ঃ বো যুষ্মাকং

প্রণোদিত করিতেছ, তাহা আমার অতীত হইয়া গিয়াছে; আমি এখন অন্য পথে চলিয়াছি; সুতরাং ধর্ম্মের ব্যাঘাত করিলে, বিনষ্ট হইতে হইবে ॥৮॥

সুন্দরি! তুমি উপস্থিত হইয়াই আমার দক্ষিণ উরু আশ্রয় করিয়াছ; কিন্তু ইহা সন্তানদিগের এবং পুত্রবধূদিগেরই আসন জানিবে ॥৯॥

বাম উরুই স্ত্রীর ভোগ্য, তুমি তাহা পরিত্যাগ করিয়াছ, অতএব আমি তোমার সহিত কামব্যবহার করিব না ॥১০॥

কল্যাণি! তুমি আমার পুত্রবধূ হও, পুত্রের জন্যই তোমাকে আমি বরণ করিতেছি। কেন না, তুমি আসিয়াই পুত্রবধূর পক্ষ আশ্রয় করিয়াছ" ॥১১॥

স্ত্রীরূপিণী গঙ্গা বলিলেন—"মহারাজ! ইহাই বরং হউক, আমি আপনার পুত্রের সহিতই মিলিত হইব। আপনার প্রতি ভক্তিবশতই ভরতকুলের আশ্রয় লইব ॥১২॥

---

(১০)…কামং বরাঙ্গনে।। (১১)…ভব সুশ্রোণি।…।

সময়েনেহ ধর্ম্মজ্ঞ। আচরেয়ঞ্চ যদ্বিভো।।
তৎ সর্ব্বমেব পুত্রস্তে ন মীমাংসেত কর্হিচিৎ ॥১৪॥
এবং বসন্তী পুত্রে তে বর্দ্ধয়িষ্যাম্যহং প্রিয়ম্।
পুত্রৈঃ পুণ্যৈঃ প্রিয়ৈশ্চাপি স্বর্গং প্রাপ্স্যতি তে সুতঃ ॥১৫॥
বৈশম্পায়ন উবাচ।
তথেত্যুক্তা তু সা রাজন্। তত্রৈবান্তরধীয়ত।
পুত্রজন্ম প্রতীক্ষন্ বৈ স রাজা তদধারয়ৎ ॥১৬॥
এতস্মিন্নেব কালে তু প্রতীপঃ ক্ষত্রিয়র্ষভঃ।
তপস্তেপে সুতস্যার্থে সভার্য্যঃ কুরুনন্দনঃ ॥১৭॥

ভারতকৌমুদী

কুলস্য প্রথিতা যে পুরুষাঃ, তেষাং সাধুত্বম্ উত্তমমেব মন্যত ইতি শেষঃ। ষট্পদোঽয়ং শ্লোকঃ ॥১৩॥

সময়েনেতি। সময়েন কেনাপি শপথেন। এষ শপথশ্চ বসূনাং সন্নিধৌ পূর্ব্বং কৃতঃ। ন মীমাংসেত কর্ত্তব্যাকর্ত্তব্যতয়া ন বিচারয়েৎ ॥১৪॥

এবমিতি। এবমনেন প্রকারেণ। পুণ্যৈঃ প্রিয়ৈশ্চাচরণৈরিতি শেষঃ ॥১৫॥

তথেতি। তথা ইতি প্রতীপেনোক্তা সতী। অধারয়ৎ মনসি রক্ষিতবান্ ॥১৬॥

এতস্মিন্নিতি। কুরুনন্দনঃ প্রতীপ ইতি সম্বন্ধঃ ॥১৭॥

পৃথিবীতে যত রাজা আছেন, আপনারাই তাঁহাদের মধ্যে প্রধান, আপনাদের গুণ শত বৎসরেও আমি বলিতে সমর্থ নহি এবং আপনাদের বংশে যে সকল প্রসিদ্ধ লোক ছিলেন, তাঁহাদের সাধুতাও সর্ব্বোৎকৃষ্টই ছিল ॥১৩॥

মহারাজ! আমি কোন শপথ করিয়াছি বলিয়া যাহা করিব, আপনার পুত্র কোন সময়েই তাহার বিচার করিতে পারিবেন না ॥১৪॥

এই ভাবেই আমি আপনার পুত্রের সহিত বাস করতঃ তাঁহার প্রীতি বর্দ্ধন করিব, তিনিও পুত্রলাভ এবং পবিত্র ও প্রীতিকর আচরণ দ্বারা স্বর্গ লাভ করিবেন" ॥১৫॥

বৈশম্পায়ন বলিলেন—মহারাজ! 'তাহাই হইবে' প্রতীপ এই কথা বলিলে, স্ত্রীরূপধারিণী গঙ্গা সেইখানেই অন্তর্হিত হইলেন; এদিকে প্রতীপ রাজাও পুত্রের জন্ম প্রতীক্ষা করতঃ গঙ্গার সে কথা মনে রাখিলেন ॥১৬॥

এই সময়েই ক্ষত্রিয়শ্রেষ্ঠ কুরুবংশীয় প্রতীপ রাজা আপন ভার্য্যার সহিত মিলিত হইয়া পুত্রের জন্য তপস্যা করিতে লাগিলেন ॥১৭॥

---

(১৫)…অহং রতিম্…। (১৬) তথেত্যুক্তা…পুত্রজন্ম পরীপ্সন্…।

তয়োঃ সমভবৎ পুত্রো বৃদ্ধযোঃ স মহাভিষঃ।
শান্তস্য জজ্ঞে সন্তানস্তস্মাদাসীৎ স শান্তনুঃ ॥১৮॥
সংস্মরন্নক্ষয়াল্লোকান্ বিজিতান্ স্বেন কর্ম্মণা।
পুণ্যকর্ম্মকৃদেবাসীৎ শান্তনুঃ পুরুষর্ষভঃ ॥১৯॥
প্রতীপঃ শান্তনুং পুত্রং যৌবনস্থং ততোঽন্বশাৎ।
পুরা মাং স্ত্রী সমাভ্যাগাৎ শান্তনো। ভূতয়ে তব ॥২০॥
ত্বামাব্রজেদ্‌যদি রহঃ সা পুত্র। বরবর্ণিনী।
স্ত্রী বৈ কাময়মানা তু রূপাঢ্যা পুত্রকাম্যয়া ॥২১॥
সা ত্বয়া নানুযোক্তব্যা কাসি কস্যাসি চাঙ্গনা।
যচ্চ কুর্য্যান্ন তৎ কর্ম্ম সা প্রষ্টব্যা ত্বয়াঽনঘ।।
মন্নিয়োগাদ্ভজন্তীং তাং ভজেথা ইত্যুবাচ তম্ ॥২২॥ (যুগ্মকম্)

ভারতকৌমুদী

তয়োরিতি। তয়োঃ প্রতীপতদ্ভার্য্যয়োঃ। স ব্রহ্মশাপগ্রস্তো মহাভিষো নাম রাজা। পূর্ব্বোক্তাৎ প্রকারান্তরেণ শান্তনুপদব্যুৎপত্তিমাহ—শান্তস্যেতি। শমগুণান্বিতস্যেত্যর্থঃ ॥১৮॥

সংস্মরন্নিতি। স্বেন মহাভিষশরীরকৃতেন। বিজিতান্ আয়ত্তীকৃতান্ ॥১৯॥

প্রতীপ ইতি। অন্বশাৎ উপদিষ্টবান্। ভূতয়ে মঙ্গলায়। সমাভ্যাগাৎ প্রাপ্তবতী ॥২০॥

ত্বামিতি। রহো নির্জ্জনে। আব্রজেৎ আগচ্ছেৎ। তদা ত্বয়া সা নানুযোক্তব্যা ন প্রষ্টব্যা, "প্রশ্নোঽনুযোগঃ পৃচ্ছা চ" ইত্যমরঃ। দ্বাবিংশশ্লোকঃ ষট্‌পদঃ ॥২১—২২॥

ভারতভাবদীপঃ

আশ্লিষ্টা সঙ্গতা ॥৯—১৩॥ সময়েন নিয়মেন ॥১৪॥ ন মীমাংসেত ন বিচারয়েৎ ॥১৫—১৮॥ শান্তনুশব্দব্যুৎপত্তিমাহ—শান্তস্যেতি। শান্তস্যোপরতস্য বংশস্য সন্তানো বিস্তার ইতি শান্ত-

তাহার পর, সেই মহাভিষ রাজা আসিয়া, বৃদ্ধ রাজা ও রাণীর পুত্র হইয়া জন্মিলেন। শমগুণান্বিত রাজার পুত্র হইয়াছিলেন বলিয়া, তাঁহার নাম হইয়াছিল—'শান্তনু' ॥১৮॥

পুরুষশ্রেষ্ঠ শান্তনু আপন কর্ম্মলব্ধ অক্ষয় লোক স্মরণ করিতে থাকিয়া পুণ্যই করিতেন ॥১৯॥

তাহার পর, পুত্র শান্তনু যৌবনে পদার্পণ করিলে, প্রতীপ রাজা তাঁহাকে বলিলেন—"শান্তনু! তোমারই মঙ্গলের জন্য কোন একটী স্ত্রী পূর্ব্বে আমার নিকট আসিয়াছিল ॥২০॥

শান্তনু! পরমসুন্দরী সেই বরবর্ণিনী কামার্ত্ত হইয়া পুত্রকামনা করিয়া যদি নির্জ্জনে তোমার নিকট কখনও উপস্থিত হয়, তবে তুমি তাহার নিকট

(২১ কাময়ানাভিরূপাঢ্যা দিব্যা স্ত্রী পুত্রকাম্যয়া। (২২) কস্যাসি চাঙ্গনে!... সা প্রষ্টব্যা কদাচন...।

বৈশম্পায়ন উবাচ।

এবং সন্দিশ্য তনয়ং প্রতীপঃ শান্তনুং তদা।
স্বে চ রাজ্যেঽভিষিচ্যৈনং বনং রাজা বিবেশ হ ॥২৩॥
স রাজা শান্তনুর্ধীমান্ দেবরাজসমদ্যুতিঃ।
বভূব মৃগয়াশীলঃ সততং বনগোচরঃ ॥২৪॥
স মৃগান্ মহিষাংশ্চৈব বিনিঘ্নন্ রাজসত্তমঃ।
গঙ্গামনুচচারৈকঃ সিদ্ধচারণসেবিতাম্ ॥২৫॥
স কদাচিন্মহারাজ। দদর্শ পরমাং স্ত্রিয়ম্।
জাজ্বল্যমানাং বপুষা সাক্ষাচ্ছ্রিয়মিবাপরাম্ ॥২৬॥
সর্ব্বানবদ্যাং সুদতীং দিব্যাভরণভূষিতাম্।
সূক্ষ্মাম্বরধরামেকাং পদ্মোদরসমপ্রভাম্ ॥২৭॥ (যুগ্মকম্)

ভারতকৌমুদী

এবমিতি। সন্দিশ্য আদিশ্য। এনং শান্তনুম্ ॥২৩॥

স ইতি। বনমেব গোচরো বিষয়ো যস্য সঃ ॥২৪॥

স ইতি। গঙ্গাম্ অনু লক্ষ্যীকৃত্য। এক একাকী ॥২৫॥

স ইতি। বপুষা শরীরকান্ত্যা। সর্ব্বেষঙ্গেষু অনবদ্যাম্ অনিন্দনীয়াম্, শোভনা দন্তা যস্যাস্তাম্। পদ্মোদরসমপ্রভাং গৌরকান্তিম্ ॥২৬—২৭॥

ভারতকৌমুদী

তনুঃ। ততস্তকারলোপেন শান্তনুরিতি নাম। সংস্কবন্নিতি ব্যবহিতমপি জ্ঞানবলেন

এরূপ জিজ্ঞাসা করিও না যে, 'তুমি কে? বা কাহার স্ত্রী?' এবং সে, যে কার্য্য করিবে, সে বিষয়েও তুমি কিছু জিজ্ঞাসা করিও না; আমার আদেশে সেই অনুরক্তা রমণীর ইচ্ছা পূর্ণ করিও" এই সকল কথা শান্তনুকে প্রতীপ রাজা বলিলেন ॥২১—২২॥

বৈশম্পায়ন বলিলেন—প্রতীপ রাজা তখন পুত্র শান্তনুকে এইরূপ আদেশ করিয়া এবং তাঁহাকে আপন রাজ্যে অভিষিক্ত করিয়া, তপোবনে চলিয়া গেলেন ॥২৩॥

এদিকে, ইন্দ্রের তুল্য প্রভাবশালী বুদ্ধিমান্ শান্তনু রাজা সর্ব্বদাই বনে বনে ভ্রমণ করিয়া মৃগয়া করিয়া বেড়াইতে লাগিলেন ॥২৪॥

রাজশ্রেষ্ঠ শান্তনু হরিণ ও মহিষপ্রভৃতি পশু বধ করতঃ, সিদ্ধচারণসেবিত গঙ্গার তীর দিয়া একাকী বিচরণ করিতেন ॥২৫॥

মহারাজ জনমেজয়! শান্তনু কোন সময়ে দেখিলেন—পরমসুন্দরী একটী

---

২৩ শ্লোকাৎ পরং পঞ্চদশ শ্লোকা দাক্ষিণাত্যপুস্তকবিশেষে অধিকা দৃশ্যন্তে।

তাং দৃষ্ট্বা হৃষ্টরোমাভূদ্বিস্মিতো রূপসম্পদা।
পিবন্নিব চ নেত্রাভ্যাং নাতৃপ্যত নরাধিপঃ ॥২৮॥
সা চ দৃষ্ট্বৈব রাজানং বিচরন্তং মহাদ্যুতিম্।
স্নেহাদাগতসৌহার্দ্দা নাতৃপ্যত বিলাসিনী ॥২৯॥
তামুবাচ ততো রাজা সান্ত্বয়ন্ শ্লক্ষ্ণয়া গিরা।
দেবী বা দানবী বা ত্বং গন্ধর্ব্বী চাথবাপ্সরাঃ ॥৩০॥
যক্ষী বা পন্নগী বাপি মানুষী বা সুমধ্যমে।
যাচে ত্বাং সুরগর্ভাভে। ভার্য্যা মে ভব শোভনে। ॥৩১॥ *

ভারতকৌমুদী

তামিতি। হৃষ্টরোমা রোমাঞ্চিতাঙ্গঃ। নরাধিপঃ শান্তনুঃ ॥২৮॥
সেতি। সা চ সাপি। স্নেহাদনুরাগাৎ, আগতসৌহার্দ্দা সঞ্জাতপ্রণয়া ॥২৯॥
তামিতি। শ্লক্ষ্ণয়া কোমলয়া। সান্ত্বয়ন্ সন্তোষয়ন্নিত্যর্থঃ ॥৩০॥
যক্ষীতি। হে সুরগর্ভাভে। দেববালিকাতুল্যে। ॥৩১॥

ভারতভাবদীপঃ

জানাতীত্যর্থঃ ॥১৯—২১॥ নানুযোক্তব্যা ন প্রষ্টব্যা ॥২২—২৬॥ সর্ব্বমনবদ্যমনিন্দ্যং যস্যাঃ

স্ত্রী উপস্থিত হইল, শরীরের কান্তিতে সে যেন জ্বলিতে থাকিল, সে যেন দ্বিতীয় লক্ষ্মীর ন্যায় শোভা পাইতে লাগিল; তাহার সমস্ত অঙ্গই অনিন্দনীয়, দন্তসকল অতিসুন্দর, সকল অঙ্গ স্বর্গীয় অলঙ্কারে অলঙ্কৃত, পরিধানে সূক্ষ্ম বস্ত্র এবং শরীরের কান্তি পদ্মকোষের ন্যায় গৌরবর্ণ ছিল ॥২৬—২৭॥

রাজা সেই রমণীকে দেখিয়া তাহার সৌন্দর্য্যে বিস্ময়াপন্ন হইলেন, তাঁহার শরীর রোমাঞ্চিত হইল এবং তিনি নয়নযুগল দ্বারা তাহাকে পান করিয়াও যেন তৃপ্তিলাভ করিলেন না ॥২৮॥

আবার, পরমসুন্দর রাজাকে বিচরণ করিতে দেখিবামাত্রই সেই রমণীরও অনুরাগে প্রণয় আসিয়া উপস্থিত হইল, সুতরাং সে রমণীও তৃপ্তিলাভ করিল না ॥২৯॥

তাহার পর, রাজা কোমল বাক্যে সেই রমণীকে সন্তুষ্ট করতঃ বলিলেন—"সুন্দরি! আপনি দেবী? না দানবী? না গন্ধর্ব্বী? না অপ্সরা? ॥৩০॥

অথবা আপনি যক্ষী? না সর্পী? না মানুষী? দেববালিকাতুল্যে! আপনি যেই হউন না কেন, আমার ভার্য্যা হউন" ॥৩১॥

* ৩১ শ্লোকাৎ পরং ক্বচিৎ '...পঞ্চনবতিতমোঽধ্যায়ঃ', ক্বচিৎ '... সপ্তনবতিতমোঽধ্যায়ঃ', ক্বচিৎ '... ত্র্যধিকশততমোঽধ্যায়ঃ', ক্বচিচ্চ অধ্যায়সমাপ্তির্নাস্তি।

বৈশম্পায়ন উবাচ।

এতচ্ছ্রুত্বা বচো রাজ্ঞঃ সস্মিতং মৃদু বল্গু চ।
বসূনাং সময়ং স্মৃত্বাথাভ্যাগচ্ছদনিন্দিতা ॥৩২॥
উবাচ চৈনং রাজ্ঞঃ সাহ্লাদয়ন্তী মনো গিরা।
ভবিষ্যামি মহীপাল! মহিষী তে বশানুগা ॥৩৩॥
যত্তু কুর্য্যামহং রাজন্! শুভং বা যদিবাঽশুভম্।
ন তদ্বারয়িতব্যাস্মি ন বক্তব্যা তথাঽপ্রিয়ম্ ॥৩৪॥
এবং হি বর্ত্তমানেঽহং ত্বয়ি বৎস্যামি পার্থিব!।
বারিতা বিপ্রিয়ঞ্চোক্তা ত্যজেয়ং ত্বামসংশয়ম্ ॥৩৫॥
তথেতি রাজ্ঞা সা তূক্তা তদা ভরতসত্তম!।
প্রহর্ষমতুলং লেভে প্রাপ্য তং পার্থিবোত্তমম্ ॥৩৬॥

ভারতকৌমুদী

এতদিতি। মৃদু কোমলম্, বল্গু মধুরঞ্চ। বসূনাং সমীপে, সময়ম্ আত্মনা কৃতপূর্ব্বং শপথম্। অনিন্দিতা গঙ্গা, অভ্যাগচ্ছৎ শান্তনোঃ সমীপমাগচ্ছৎ ॥৩২॥

উবাচেতি। সা গঙ্গা, গিরা রাজ্ঞো মন আহ্লাদয়ন্তী সতী, এনং রাজানমুবাচ চ ॥৩৩॥

যদিতি। তু কিন্তু। ত্বয়া তন্ন বারয়িতব্যা, তথা অপ্রিয়ং ন বক্তব্যা চাস্মি ॥৩৪॥

এবমিতি। এবমিত্থং নিয়মে বর্ত্তমানে সত্যেব। বারিতা ত্বয়েতি শেষঃ ॥৩৫॥

তথেতি। রাজ্ঞা শান্তনুনা, তথেতি উক্তা সা গঙ্গা ॥৩৬॥

বৈশম্পায়ন বলিলেন—গঙ্গা রাজার এইরূপ সহাস্য, মৃদু ও মধুর বাক্য শুনিয়া এবং পূর্ব্বে বসুদেবতাগণের নিকট নিজে যে শপথ করিয়াছিলেন, তাহা স্মরণ করিয়া, রাজার নিকটে আসিলেন ॥৩২॥

এবং বাক্য দ্বারা রাজার চিত্ত আনন্দিত করতঃ উঁহাকে বলিলেন—"মহারাজ! আমি আপনার বশবর্ত্তিনী মহিষী হইব ॥৩৩॥

কিন্তু মহারাজ! আমি শুভ বা অশুভ যে কার্য্যই করিব, তাহাতে আপনি বারণ করিতে পারিবেন না কিংবা কটু কথা বলিতে পারিবেন না ॥৩৪॥

মহারাজ! এইরূপ নিয়ম স্বীকার করিলেই আমি আপনার সহিত বাস করিব, আর, আপনি আমাকে বারণ করিলে কিংবা কটু কথা বলিলে, নিশ্চয়ই আমি আপনাকে ত্যাগ করিব" ॥৩৫॥

মহারাজ জনমেজয়! 'তাহাই হইবে' এই কথা বলিয়া শান্তনু সেই

---

(৩৩) উবাচ চৈব রাজ্ঞঃ সা···।

আসাদ্য শান্তনুস্তাঞ্চ বুভুজে কামতো বশী।
ন প্রষ্টব্যেতি মন্বানো ন স তাং কিঞ্চিদুক্তবান্ ॥৩৭॥
স তস্যাঃ শীলবৃত্তেন রূপৌদার্য্যগুণেন চ।
উপচারেণ চ রহস্তুতোষ জগতীপতিঃ ॥৩৮॥
দিব্যরূপাপি সা দেবী গঙ্গা ত্রিপথগা নদী।
মানুষং বিগ্রহং কৃত্বা শ্রীমন্তং বরবর্ণিনী ॥৩৯॥
ভাগ্যোপনতকামস্য ভার্য্যেবোপস্থিতাঽভবৎ।
শান্তনো রাজসিংহস্য দেবরাজসমদ্যুতেঃ ॥৪০॥ (যুগ্মকম্)

ভাবতকৌমুদী

আসাদ্যেতি। বশী অন্যরমণ্যাং জিতেন্দ্রিয়ঃ। মন্বানো মন্যমানঃ ॥৩৭॥

স ইতি। শীলবৃত্তেন স্বভাবব্যবহারেণ। উপচারেণ পরিচর্য্যয়া। রহো নির্জ্জনে ॥৩৮॥

দিব্যেতি। সা ববর্ণিনী গঙ্গা, দিব্যরূপাপি স্বর্গীয়াকারাপি, দেব্যপি, কিঞ্চ ত্রিপথগা নদী সত্যপি, শ্রীমন্তং কান্তিমন্তম্, মানুষস্যায়ং মানুষস্তম্, বিগ্রহং মূর্ত্তিম্, কৃত্বা, ভাগ্যেন উপনত উপস্থিতঃ কামো দেব্যা সহেব কামব্যবহারো যস্য তস্য, রাজসিংহস্য রাজশ্রেষ্ঠস্য, দেবরাজসমদ্যুতেঃ শান্তনোঃ বাস্তবিকী ভার্য্যেব, উপস্থিতা সদৈব সন্নিহিতা, অভবৎ ॥৩৯—৪০॥

ভাবতভাবদীপঃ

সা, সর্ব্বত্র রূপৌদার্য্যাদাবনিন্দ্যাং বা ॥২৭—৩১॥ অনিন্দিতা গঙ্গা ॥৩২॥ রাজ্ঞঃ শান্তনোঃ

নিয়ম স্বীকার করিলে, তখন গঙ্গা রাজশ্রেষ্ঠ শান্তনুকে লাভ করিয়া অতুল আনন্দলাভ করিলেন ॥৩৬॥

জিতেন্দ্রিয় শান্তনুও, গঙ্গাকে লাভ করিয়া ইচ্ছানুসারে ভোগ করিতে লাগিলেন এবং 'গঙ্গাকে কোন বিষয়ই জিজ্ঞাসা করা যাইবে না' ইহা মনে করিয়া কোন বিষয়ই তাঁহাকে জিজ্ঞাসা করিতেন না ॥৩৭॥

শান্তনু গঙ্গার স্বভাব, ব্যবহার, রূপ, উদারতা এবং নির্জ্জনে পরিচর্য্যায় অত্যন্ত সন্তুষ্ট হইতে থাকিলেন ॥৩৮॥

গঙ্গা স্বর্গীয় দেবী এবং নদী হইয়াও, মনোহর মানুষমূর্ত্তি ধারণ করিয়া রাজার বাস্তবিক ভার্য্যার মতই সর্ব্বদা সন্নিহিত থাকিতে লাগিলেন এবং দেবরাজতুল্য প্রভাবশালী রাজশ্রেষ্ঠ শান্তনুরও সৌভাগ্যবশতই দেবীর সহিত কামব্যবহার চলিতে লাগিল ॥৩৯—৪০॥

---

(৩৯) দিব্যরূপা হি সা দেবী গঙ্গা ত্রিপথগামিনী···। ···মানুষং বিগ্রহং শ্রীমদ্বিভ্রতী সুমনোহরম্। (৪০)···ভার্য্যা চোপস্থিতাঽভবৎ···।

সম্ভোগস্নেহচাতুর্য্যৈর্হাবলাস্যমনোহরৈঃ ।
রাজানং রময়ামাস যথা রেমে তথৈব সঃ ॥৪১॥
স রাজা রতিসক্তত্বাদুত্তমস্ত্রীগুণৈর্হৃতঃ । *
সংবৎসরানৃতূন্ মাসান্ বুবুধে ন বহূন্ গতান্ ॥৪২॥
রমমাণস্তয়া সার্দ্ধং যথাকামং জনেশ্বরঃ ।
অষ্টাবজনয়ৎ পুত্রাংস্তস্যামমরসন্নিভান্ ॥৪৩॥
জাতং জাতঞ্চ সা পুত্রং ক্ষিপত্যম্ভসি ভারত ! ।
প্রীণামি ত্বাহমিত্যুক্ত্বা গঙ্গা স্রোতস্যমজ্জয়ৎ ॥৪৪॥

ভারতকৌমুদী

সম্ভোগেতি। স শান্তনুঃ, যথা তথৈব গঙ্গযা, ন পুনরন্যযেতি ভাবঃ, রেমে, তথা সা, হাবঃ শৃঙ্গারসম্বন্ধী ভাবঃ, লাস্যং কোমলনৃত্যঞ্চ তাভ্যাং মনোহরৈঃ, সম্ভোগস্নেহচাতুর্য্যৈঃ রমণানুরাগ-নৈপুণ্যৈঃ, রাজানং শান্তনুম্, রময়ামাস আনন্দয়ামাস ॥৪১॥

স ইতি। উত্তমায়াঃ স্ত্রিয়া গঙ্গায়া গুণৈঃ সৌন্দর্য্যৌদার্য্যাদিভিঃ ॥৪২॥

রমমাণ ইতি। তয়া স্ত্রীরূপিণ্যা গঙ্গয়া। অমরসন্নিভান্ দেববালকতুল্যান্ ॥৪৩॥

জাতমিতি। ত্বা ত্বাম্, প্রীণামি বশিষ্ঠশাপজনিতমানুষদেহনাশনেন পুনর্দেবদেহসম্পাদনাৎ সন্তোষয়ামি। আর্ষত্বাৎ ক্ষিপতীত্যতীতেহপি বর্ত্তমানা ॥৪৪॥

ভারতভাবদীপঃ

॥৩৩—৩৯॥ ভাগ্যোপনতকামস্য শুভাদৃষ্টেন প্রাপ্তাভিলষিতস্য ॥৪০॥ হাবঃ শৃঙ্গারজো ভাবঃ। লাস্যং সুকুমারনৃত্যম্ ॥৪১—৪২॥ পাঠান্তরে – অমরাণামপি বর্ণিনশ্চিত্ররূপান্ ॥৪৩॥ প্রীণামি

শান্তনু যাহাতে কেবল গঙ্গার সহিতই রমণ করেন, তেমন ভাবেই গঙ্গা শৃঙ্গার-ব্যবহার, কোমল নৃত্য, সম্ভোগ, অনুরাগ এবং রমণব্যাপারে নৈপুণ্য দেখাইয়া রাজাকে সন্তুষ্ট করিতে থাকিলেন ॥৪১॥

শান্তনু উত্তম রমণী গঙ্গারগুণে আকৃষ্ট থাকিয়া, তাঁহার সহিত রমণে আসক্ত ছিলেন বলিয়া, বহুতর বৎসর, ঋতু ও মাস যে চলিয়া গিয়াছিল, তাহা বুঝিতে পারেন নাই ॥৪২॥

শান্তনু ইচ্ছানুসারে গঙ্গার সহিত রমণ করিতে থাকিয়া, তাঁহার গর্ভে দেববালকতুল্য আটটী পুত্র উৎপাদন করিয়াছিলেন ॥৪৩॥

কিন্তু যখন যখন পুত্র জন্মিত, তখন তখনই গঙ্গা 'আমি তোমাকে সন্তুষ্ট

(৪১)···তথা রেমে তথৈব সা।
* ইতঃ পরমেব দাক্ষিণাত্যপুস্তকে '···চতুরধিকশততমোহধ্যায়ঃ' ইতি পাঠঃ।
(৪২) ··ন বুবোধ···। (৪৩)···নরেশ্বরঃ··; অমরবর্ণিতান্।

তস্য তন্ন প্রিয়ং রাজ্ঞঃ শান্তনোরভবত্তদা।
ন চ তাং কঞ্চনোবাচ ত্যাগাদ্ভীতো মহীপতিঃ ॥৪৫॥
অথ তামষ্টমে জাতে পুত্রে প্রহসতীমিব।
উবাচ রাজা দুঃখার্ত্তঃ পরীপ্সন্ পুত্রমাত্মনঃ ॥৪৬॥
মা বধীঃ কাসি কস্যাসি কিঞ্চ হংসি সুতানিতি।
পুত্রঘ্নি। সুমহৎ পাপং সম্প্রাপ্তং তে বিগর্হিতম্ ॥৪৭॥

স্ত্র্যুবাচ।

পুত্রকাম। ন তে হন্মি পুত্রং পুত্রবতাং বর!।
জীর্ণোঽস্তু মম বাসোঽয়ং যথা স সময়ঃ কৃতঃ ॥৪৮॥

ভারতকৌমুদী

তস্যেতি। তৎ পুত্রহননম্। কিঞ্চন কিঞ্চিদপি। মহীপতিঃ শান্তনুঃ ॥৪৫॥
অথেতি। প্রহসতীমিব পুত্রহত্যামোদাদিতি ভাবঃ। পরীপ্সন্ জীবন্তমেব লব্ধুমিচ্ছন্ ॥৪৬॥
মেতি। মা বধীঃ এনমপি পুত্রং ন জহি। কিঞ্চ কথঞ্চ। তে ত্বয়া ॥৪৭॥
পুত্রেতি। বাসস্ত্বয়া সার্দ্ধং স্থিতিঃ, জীর্ণঃ সমাপ্তঃ। সময়ো নিয়মঃ ॥৪৮॥

করিতেছি' এই কথা বলিয়া সেই সেই পুত্রকে প্রথমে জলে নিক্ষেপ করিতেন, পরে স্রোতের ভিতরে ডুবাইয়া দিতেন ॥৪৪॥

গঙ্গার সেই কার্য্য শান্তনুরাজার অত্যন্ত অপ্রীতিকর হইত, অথচ গঙ্গা তাঁহাকে ত্যাগ করিয়া যাইবেন—এই ভয়ে তিনি গঙ্গাকে কিছুই বলিতেন না ॥৪৫॥

তাহার পর অষ্টম পুত্র জন্মিলে পরে, গঙ্গা যেন আনন্দে হাস্য করিয়া উঠিলেন, তখন শান্তনু নিজের সেই পুত্রটীকে রক্ষা করিবার ইচ্ছায় দুঃখিত হইয়া গঙ্গাকে বলিলেন—॥৪৬॥

"পুত্রবধ করিও না। তুমি কে? কাহার স্ত্রী? কি জন্যই বা পুত্রগুলিকে বধ করিতেছ? 'পুত্রহত্যাকারিণি! তোমার যে অত্যন্ত গর্হিত গুরুতর পাপ হইয়া পড়িল।" ॥৪৭॥

স্ত্রীরূপধারিণী গঙ্গা বলিলেন—"হে পুত্রিশ্রেষ্ঠ! তুমি পুত্র কামনা করিতেছ, সুতরাং আর তোমার পুত্রবধ করিব না; তবে তোমার সঙ্গে আমার থাকা এইখানেই সমাপ্ত হউক, কেন না, সেই যে নিয়ম করিয়াছিলাম; (তাহা মনে করিয়া দেখ)। ॥৪৮॥

---

(৪৬) অথৈনামষ্টমে পুত্রে…।

অহং গঙ্গা জহ্নুসুতা মহর্ষিগণসেবিতা।
দেবকার্য্যার্থসিদ্ধ্যর্থমুষিতাহং ত্বয়া সহ ॥৪৯॥
অষ্টৌ যে বসবো দেবা মহাভাগা মহৌজসঃ।
বশিষ্ঠশাপদোষেণ মানুষত্বমুপাগতাঃ ॥৫০॥
তেষাং জনয়িতা নান্যস্ত্বদৃতে ভুবি বিদ্যতে।
মদ্বিধা মানুষী ধাত্রী লোকে নাস্তীহ কাচন ॥৫১॥ (যুগ্মকম্)
তেষাঞ্চ জননীহেতোর্মানুষত্বমুপাগতা।
জনয়িত্বা বসূনষ্টৌ জিতা লোকাস্ত্বযাক্ষয়াঃ ॥৫২॥
দেবানাং সময়স্ত্বেষ বসূনাং সংশ্রুতো ময়া।
জাতং জাতং মোক্ষয়িষ্যে জন্মতো মানুষাদিতি ॥৫৩॥

ভাবতকৌমুদী

অহমিতি। দেবকার্য্যমেবার্থস্তস্য সিদ্ধ্যর্থম্। উষিতা কৃতবাসা ॥৪৯॥
অষ্টাবিতি। উপাগতাঃ প্রাপ্তাঃ। ত্বদৃতে ত্বাং বিনা। ধাত্রী গর্ভধারিণী ॥৫০—৫১॥
তেষামিতি। তেষাং বসূনাম্। উপাগতা অহমিতি শেষঃ ॥৫২॥
দেবানামিতি। সময়ো নিয়মঃ। সংশ্রুতঃ স্বীকৃতঃ। তং নিয়মমাহ—জাতমিতি ॥৫৩॥

ভাবতভাবদীপঃ

মানুষদেহবিযোজনেন প্রীণযামি, ত্বাং দেবতারূপম্। স্রোতসি প্রবাহে ॥৪৪—৪৬॥ তে ত্বযা ॥৪৭—৫০॥ ধাত্রী গর্ভধারিণী ॥৫১॥ তজ্জননীহেতোর্ব্রহ্মসভাযাং মযি তবাভিলাষাৎ ॥৫২॥

আমি জহ্নুমুনিব কন্যা গঙ্গা, মহর্ষিগণ আমবা সেবা কবিযা থাকেন। আমি দেবকার্য্যসিদ্ধিব জন্যই আপনাব সহিত বাস কবিলাম ॥৪৯॥

মহাভাগ্যবান্ ও মহাতেজস্বী যে আট জন বসুদেবতা আছেন, তাঁহাবাই বশিষ্ঠেব অভিসম্পাতে মানুষ হইযা জন্মিয়াছিলেন। মর্ত্ত্যলোকে আপনি ভিন্ন অন্য কেহই সেই বসুদেতাগণেব জনক হইতে পাবেন না; আবাব এই মর্ত্ত্যলোকে আমাব মত গর্ভধাবিণী কোন মনুষ্যবমণীই নাই ॥৫০—৫১॥

সুতবাং আমি সেই বসুদেবতাগণেব জননী হইবাব জন্যই মানুষী হইয়াছি, আব আপনি আমার গর্ভে সেই অষ্ট বসুকে উৎপাদন করিযা অক্ষয় স্বর্গ আয়ত্ত করিয়াছেন ॥৫২॥

বসুদেবতাগণেব এই প্রার্থনায আমি অঙ্গীকাব কবিযাছিলাম যে, "তাঁহাবা জন্মিবামাত্রই আমি তাঁহাদিগকে মনুষ্যজন্ম হইতে মুক্ত কবিব ॥৫৩॥

---

(৫০)…ইমেঽষ্টৌ বসবো দেবাঃ…।

তে তু শাপাদ্বিনির্মুক্তা আপবস্য মহাত্মনঃ।
স্বস্তি তেঽস্তু গমিষ্যামি পুত্রং পাহি মহাব্রতম্ ॥৫৪॥
এষ পর্য্যায়বাসো মে বসূনাং সন্নিধৌ কৃতঃ।
মৎপ্রসূতং বিজানীহি গঙ্গাদত্তমিমং সুতম্ ॥৫৫॥
ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যামাদিপর্ব্বণি
সম্ভবে ভীষ্মোৎপত্তির্নাম দ্বিনবতিতমোঽধ্যায়ঃ ॥০॥ *

—:*:—

ভারতকৌমুদী

ত ইতি। তে বসবঃ। আপবস্য বশিষ্ঠস্য। স্বস্তি মঙ্গলম্। পাহি পালয় ॥৫৪॥

এষ ইতি। বসূনাম্, পর্য্যায়েণ প্রত্যেকাষ্টমাংশক্রমেণ বাসো যস্মিন্ সঃ অষ্টানামেব বসূনাং প্রত্যেকাষ্টমাংশৈর্জনিত ইত্যর্থঃ, এষ পুত্রঃ, মে ময়া, তব সন্নিধৌ, কৃতঃ স্থাপিতঃ ॥৫৫॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারত-টীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়ামাদিপর্ব্বণি সম্ভবে দ্বিনবতিতমোঽধ্যায়ঃ ॥০॥

—:*:—

ভারতভাবদীপঃ

সংশ্রুতঃ অঙ্গীকৃতঃ ॥৫৩॥ আপবস্য বশিষ্ঠস্য ॥৫৪॥ এষ পুত্রো মে ময়া অষ্টানাং বসূনাং সন্নিধৌ কৃতস্ত্বদর্থং সম্প্রার্থিতঃ। কিম্ভূতঃ? বসূনাং পর্য্যায়া রূপান্তরাণ্যেকৈকস্যাষ্টমাংশপ্রদানাৎ, তেষাং বাসঃ স্থানম্। সর্ব্বেষামংশৈর্ঘটিতোঽয়ং ময়া ত্বদর্থং প্রার্থিত ইত্যর্থঃ ॥৫৫॥

ইতি শ্রীমহাভারতে আদিপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে দ্বিনবতিতমোঽধ্যায়ঃ ॥৯২॥

—:*:—

সেই বসুদেবতারা আজ মহাত্মা বশিষ্ঠের অভিসম্পাত হইতে মুক্ত হইলেন। আপনার মঙ্গল হউক, আমি এখন যাইব। আপনি এই ভাবী মহানিয়মী পুত্রটীকে পালন করুন ॥৫৪॥

বসুগণের অংশক্রমে উৎপন্ন এই পুত্রটীকে আমি আপনার নিকট রাখিলাম; আপনি এই পুত্রটীকে গঙ্গার গর্ভজাত এবং গঙ্গার প্রদত্ত বলিয়া জানিবেন" ॥৫৫॥

—:*:—

---

(৫৫) মৎপ্রসূতিম্…। * '…ষণ্ণবতিতমোঽধ্যায়ঃ', '…অষ্টনবতিতমোঽধ্যায়ঃ', '…পঞ্চাধিকশততমোঽধ্যায়ঃ' ইতি পাঠভেদাঃ।

ত্রিনবতিতমোঽধ্যায়ঃ।

—:*:—

শান্তনুরুবাচ।

আপবো নাম কোঽন্বেষ বসূনাং কিঞ্চ দুষ্কৃতম্।
যস্যাভিশাপাত্তে সর্ব্বে মানুষত্বমুপাগতাঃ ॥১॥
অনেন চ কুমারেণ ত্বয়া দত্তেন কিং কৃতম্।
যস্য চৈব কৃতেনায়ং মানুষেষু নিবৎস্যতি ॥২॥
ঈশানাঃ সর্ব্বলোকস্য বসবস্তে চ বৈ কথম্।
মানুষেষূপপদ্যন্ত তন্মমাচক্ষ্ব জাহ্নবি! ॥৩॥

বৈশম্পায়ন উবাচ।

সৈবমুক্তা ততো গঙ্গা রাজানমিদমব্রবীৎ।
ভর্ত্তারং জাহ্নবী দেবী শান্তনুং পুরুষোত্তমম্ ॥৪॥
যং লেভে বরুণঃ পুত্রং পুরা ভরতসত্তম।।
বশিষ্ঠনামা স মুনিঃ খ্যাত আপব ইত্যুত ॥৫॥

ভারতকৌমুদী

আপব ইতি। দুষ্কৃতং পাপম্ অপরাধ ইতি যাবৎ, আসীদিতি শেষঃ ॥১॥
অনেনেতি। কিং দুষ্কর্ম্মেতি শেষঃ। যস্য দুষ্কর্ম্মণঃ, কৃতেন করণেন ॥২॥
ঈশানা ইতি। ঈশানা অধীশ্বরাঃ। উপপদ্যন্ত অজায়ন্ত, অডাগমাভাব আর্ষঃ ॥৩॥
সেতি। উক্তা শান্তনুনা পৃষ্টা ॥৪॥

শান্তনু বলিলেন—"আপব নামে ইনি কে? বসুগণেরই বা কি অপরাধ ছিল? যে আপবের অভিসম্পাতে সেই বসুগণ আসিয়া মানুষ হইয়া জন্মিয়াছিলেন ॥১॥

তোমার প্রদত্ত এই বালকটীই বা কি দুষ্কার্য্য করিয়াছিল? যাহা করার জন্য এই বালকটী মানুষের মধ্যেই বাস করিবে ॥২॥

সমস্ত লোকের অধীশ্বর হইয়া সেই বসুগণই বা কেন মনুষ্যের মধ্যে জন্মিয়াছিলেন? গঙ্গে! তুমি সেই সমস্ত বৃত্তান্ত আমার নিকট বল" ॥৩॥

বৈশম্পায়ন কহিলেন—শান্তনু এইরূপ জিজ্ঞাসা করিলে, গঙ্গাদেবী ভর্ত্তা ও পুরুষশ্রেষ্ঠ শান্তনু রাজাকে এইরূপ বলিতে লাগিলেন—॥৪॥

(১,…মানুষীং তনুমাগতাঃ, মানুষীং যোনিমাগতাঃ। (২)…গঙ্গাদত্তেন…।
(৩) ঈশা বৈ সর্ব্বলোকস্য ।(৪) ·শান্তনুং পুরুষর্ষভম্, শান্তনুং পুরুষর্ষভ।…গঙ্গোবাচ।

তস্যাশ্রমপদং পুণ্যং মৃগপক্ষিসমন্বিতম্ ।
মেরোঃ পার্শ্বে নগেন্দ্রস্য সর্ব্বর্ত্তুকুসুমাবৃতম্ ॥৬॥
স বারুণিস্তপস্তেপে তস্মিন্ ভবতসত্তম । ।
বনে পুণ্যকৃতাং শ্রেষ্ঠঃ স্বাদুমূলফলোদকে ॥৭॥
দক্ষস্য দুহিতা যা তু সুরভীত্যভিশব্দিতা ।
গাং প্রজাতা তু সা দেবী কশ্যপাদ্ভরতর্ষভ ! ॥৮॥
অনুগ্রহার্থং জগতঃ সর্ব্বকামদুঘাং বরাম্ ।
তাং লেভে গাং তু ধর্ম্মাত্মা হোমধেনুং স বারুণিঃ ॥৯॥ (যুগ্মকম্)
সা তস্মিংস্তাপসারণ্যে বসন্তী মুনিসেবিতা ।
চচার পুণ্যে রম্যে চ গৌরপেতভয়া তদা ॥১০॥

ভাবতকৌমুদী

যমিতি। ইত্যুত ইত্যপি নাম্না। আ সম্যক্ পুনাতীতি আপবঃ পচাদিত্বাদচ্ ॥৫॥

তস্যেতি। আশ্রমপদম্ আশ্রমরূপং স্থানম্। নগেন্দ্রস্য পর্ব্বতশ্রেষ্ঠস্য ॥৬॥

স ইতি। বারুণির্বরুণপুত্রো বশিষ্ঠঃ। স্বাদূনি মূলানি ফলানি উদকানি চ যত্র তস্মিন্ ॥৭॥

দক্ষস্যেতি। অভিশব্দিতা লোকৈবাখ্যাতা। গাং গোরূপাং কন্যাম্, প্রজাতা জনিতবতী। সকর্ম্মকত্বমার্ষম্। সর্ব্বকামদুঘাং সর্ব্বাভীষ্টদাত্রীম্। তাং নন্দিনীনাম্নীম্। বারুণির্বশিষ্ঠঃ ॥৮—৯॥

হে ভরতবংশশ্রেষ্ঠ! পূর্ব্বকালে বরুণদেব যে পুত্র লাভ করিয়াছিলেন, তাঁহার নাম ছিল—'বশিষ্ঠ' এবং 'আপব' নামেও তিনি বিখ্যাত হইয়াছিলেন ॥৫॥

পর্ব্বতশ্রেষ্ঠ সুমেরুর পার্শ্বে তাঁহার পবিত্র আশ্রম ছিল; তাহাতে নানাবিধ পশুপক্ষী বিচরণ করিয়া বেড়াইত এবং সকল ঋতুতেই ফুল ফুটিত ॥৬॥

আর, সেই আশ্রমের ফল, মূল ও জল সুস্বাদু ছিল; সেই আশ্রমে থাকিয়া ধার্ম্মিকশ্রেষ্ঠ বরুণনন্দন বশিষ্ঠ তপস্যা করিতেন ॥৭॥

দক্ষপ্রজাপতির সুরভিনামে যে কন্যা ছিলেন, তিনি জগতের মঙ্গলের জন্য, কশ্যপপ্রজাপতি হইতে নন্দিনীনাম্নী গোরূপা একটী কন্যা প্রসব করেন; সেই নন্দিনী সমস্ত অভীষ্ট দান করিতে পারিতেন এবং গোসমূহের মধ্যে শ্রেষ্ঠ ছিলেন; ধর্ম্মাত্মা বশিষ্ঠ সেই নন্দিনীকে হোমধেনুরূপে লাভ করিয়াছিলেন ॥৮—৯॥

সেই নন্দিনী, পবিত্র ও মনোহর সেই তপোবনে থাকিয়া নির্ভয়ে বিচরণ করিতেন; আর তখন মুনিরা তাঁহার সেবা করিতেন ॥১০॥

---

(৭)···স্বাদুমৃদুফলোদকে। (১০)···বসন্তী মুনিসেবিতে।

অথ তদ্বনমাজগ্মুঃ কদাচিদ্ভরতর্ষভ ।
পৃথ্বাদ্যা বসবঃ সর্ব্বে দেবদেবর্ষিসেবিতম্ ॥১১॥
তে সদারা বনং তচ্চ সঞ্চরন্তঃ সমন্ততঃ ।
রেমিরে রমণীয়েষু পর্ব্বতেষু বনেষু চ ॥১২॥
তত্রৈকস্যাথ ভার্য্যা তু বসোর্বাসববিক্রম ! ।
সঞ্চরন্তী বনে তস্মিন্ গাং দদর্শ সুমধ্যমা ॥১৩॥
নন্দিনীং নাম রাজেন্দ্র ! সর্ব্বকামধুগুত্তমাম্ ।
সা বিস্ময়সমাবিষ্টা শীলদ্রবিণসম্পদা ॥১৪॥ (যুগ্মকম্)
দ্যবে বৈ দর্শয়ামাস তাং গাং গোবৃষভেক্ষণ ! ।
স্বাপীনাঞ্চ সুদোগ্ধ্রীঞ্চ সুবালধিমুখীং তথা ।
উপপন্নাং গুণৈঃ সর্ব্বৈঃ শীলেনানুত্তমেন চ ॥১৫॥

ভারতকৌমুদী

সেতি। সা সুরভিকন্যারূপা গৌঃ, অপেতভয়া বশিষ্ঠপ্রভাবান্নির্ভয়া ॥১০॥

অথেতি। পৃথ্বাদ্যাঃ পৃথুপ্রভৃতয়ঃ। বসূনাং প্রথমস্য নাম পৃথুঃ ॥১১॥

ত ইতি। সদারা ভার্য্যাসহিতাঃ, তে বসবঃ, রেমিরে বিহৃতবন্তঃ ॥১২॥

তত্রেতি। তত্র তেষু বসুষু মধ্যে। হে বাসববিক্রম ! ইন্দ্রতুল্যপরাক্রম। সর্ব্বকামধুক্ষু সর্ব্বাভীষ্টদাতৃষু কল্পপাদপাদিষু মধ্যে উত্তমা তাম্। শীলদ্রবিণসম্পদা নন্দিন্যা এব স্বভাবালঙ্কাররূপধনসমৃদ্ধ্যা, বিস্ময়সমাবিষ্টা অভূদিতি শেষঃ ॥১৩—১৪॥

দ্যব ইতি। গৌঃ স্ত্রীগবী বৃষভশ্চ পুঙ্গবঃ তয়োরীক্ষণে ইব ঈক্ষণে চক্ষুষী যস্য তস্য শান্তনোঃ সম্বোধনম্। শোভনে আপীনে দোহনাঙ্গদ্বয়ং যস্যাস্তাম্, সুদোগ্ধ্রীং বহুক্ষীরাম্,

ভারতভাবদীপঃ

আপবো নামেতি ॥১—৭॥ গাং প্রজাতা নন্দিনীং জনিতবতী ॥৮—১৪॥ দ্যবে

তাহার পর, কোন সময়ে পৃথুপ্রভৃতি বসুগণ, দেবতা ও দেবর্ষিসেবিত সেই তপোবনে আগমন করেন ॥১১॥

তাঁহারা আপন আপন ভার্য্যার সহিত সেই তপোবনের সর্ব্বত্র বিচরণ করতঃ, মনোহর পর্ব্বতে এবং বনে বিহার করেন ॥১২॥

হে ইন্দ্রতুল্যপরাক্রমশালী মহারাজ! সেই বসুগণের মধ্যে কোন বসুর ভার্য্যা সেই বনমধ্যে বিচরণ করিতে করিতে, সমস্ত অভীষ্টদাতৃগণের মধ্যে প্রধানা নন্দিনীকে দর্শন করেন এবং তাহার স্বভাব ও অলঙ্কারসমৃদ্ধি দেখিয়া বিস্ময়াপন্ন হন ॥১৩—১৪॥

---

(১৫) দ্যৌশ্চ বৈ...গোবৃষভেক্ষণাম্। আপীনাম্...সুবালধিখুরাং শুভাম্।

এবংগুণসমাযুক্তাং বসবে বসুনন্দিনী।
দর্শয়ামাস রাজেন্দ্র! পুরা পৌরবনন্দন! ॥১৬॥
দ্যৌস্তদা তান্তু দৃষ্ট্বৈব গাং গজেন্দ্রেন্দ্রবিক্রম!।
উবাচ রাজংস্তাং দেবীং তস্যা রূপগুণান্ বদন্ ॥১৭॥
এষা গৌরুত্তমা দেবি! বারুণেরসিতেক্ষণা।
ঋষেস্তস্য বরারোহে! যস্যেদং বনমুত্তমম্ ॥১৮॥
অস্যাঃ ক্ষীরং পিবেন্মর্ত্ত্যঃ স্বাদু যো বৈ সুমধ্যমে!।
দশ বর্ষসহস্রাণি স জীবেৎ স্থিরযৌবনঃ ॥১৯॥

ভাবতকৌমুদী

"দোগ্ধ্রী বহুক্ষীরা" ইতি প্রায়শ্চিত্ততত্ত্বে স্মার্ত্তব্যাখ্যানাৎ, তথা শোভনে বালধিমুখে পুচ্ছবদনে যস্যাস্তাঞ্চ, সর্ব্বৈ রূপাদিভির্বৈগুণৈঃ, অনুত্তমেন সর্ব্বোৎকৃষ্টেন, শীলেন স্বভাবেন চ, উপপন্নাং সম্পন্নাম্, তাং গাম্, দ্যবে দ্যুনামকায় বসবে, দর্শযামাস তদ্ভার্য্যেতি সম্বন্ধঃ।" ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥১৫॥

এবমিতি। বসুং নন্দযতি রূপাদিনা তোষযতীতি বসুনন্দিনী বসুভার্য্যা ॥১৬॥

দ্যৌরিতি। গজেন্দ্র ঐবাবত ইন্দ্রো দেববাজশ্চ তযোরিব বিক্রমো যস্য তৎসম্বোধনম্। দ্যৌরিতি দ্যুনামকবসোবেব নামান্তবম্। দেবীং স্বভার্য্যাম্। বদন্ বর্ণযন্ ॥১৭॥

এষেতি। বারুণের্বশিষ্ঠস্য। অসিতেক্ষণা নীলনযনা ॥১৮॥

অস্যা ইতি। মর্ত্ত্যঃ স্বল্পায়ুর্মানুষঃ। ক্ষীবং দুগ্ধম্ ॥১৯॥

হে সুন্দবনয়ন! সেই নন্দিনীর মুখ, লাঙ্গুল ও পালান দুইটী বিশেষ সুন্দব ছিল এবং উৎকৃষ্ট স্বভাব ও সমস্ত গুণ ছিল, আব সে প্রচুর পবিমাণে দুধ দিত। 'দ্যু'নামক বসুব ভার্য্যা দ্যুকে এইভাবে নন্দিনীব রূপ দেখাইয়া দিলেন ॥১৫॥

মহাবাজ! পূর্ব্বকালে বসুব প্রিয়তমা বসুকে এই রূপগুণসম্পন্না নন্দিনীর রূপ বাব বার দেখাইয়া দিয়াছিলেন ॥১৬॥

মহাবিক্রমী মহাবাজ! তখন দ্যু-বসু সেই নন্দিনীকে দেখিয়াই তাহার রূপ ও গুণের বর্ণনা কবিতে থাকিয়া, আপন প্রিয়তমাকে বলিলেন—॥১৭॥

"দেবি! যাঁহার এই সুন্দর তপোবন দেখিতেছ, সেই মহর্ষি বশিষ্ঠেরই এই নীলনযনা উৎকৃষ্টা গরুটী ॥১৮॥

সুন্দবি! যে মানুষ এই গরুটীব সুস্বাদু দুগ্ধ পান করিবে, সে মানুষ স্থিবযৌবন হইয়া দশ সহস্র বৎসর জীবিত থাকিবে" ॥১৯॥

---

(১৭)…রূপগুণান্ বহূন্।

এতচ্ছ্রুত্বা তু সা দেবী নৃপোত্তম ! সুমধ্যমা ।
তমুবাচানবদ্যাঙ্গী ভর্ত্তারং দীপ্ততেজসম্ ॥২০॥
অস্তি মে মানুষে লোকে নবদেবাত্মজা সখী ।
নাম্না জিতবতী নাম রূপযৌবনশালিনী ॥২১॥
উশীনরস্য রাজর্ষেঃ সত্যসন্ধস্য ধীমতঃ ।
দুহিতা প্রথিতা লোকে মানুষে রূপসম্পদা ॥২২॥
তস্যা হেতোর্মহাভাগ ! সবৎসাং গাং মমেপ্সিতাম্ ।
আনয়স্বামরশ্রেষ্ঠ ! ত্বরিতং পুণ্যবর্দ্ধন ! ॥২৩॥
যাবদস্যাঃ পয়ঃ পীত্বা সা সখী মম মানদ ! ।
মানুষেষু ভবত্যেকা জরারোগবিবর্জিতা ॥২৪॥
এতন্মম মহাভাগ ! কর্ত্তুমর্হস্যনিন্দিত ! ।
প্রিয়াৎ প্রিয়তরং হ্যস্মান্নাস্তি মেঽন্যৎ কথঞ্চন ॥২৫॥

ভারতকৌমুদী

এতদিতি । দেবী বসুভার্য্যা । দীপ্ততেজসম্ উজ্জ্বলকান্তিম্ ॥২০॥
অস্তীতি । নবদেবাত্মজা কাপি রাজতনয়া । নাম প্রসিদ্ধা ॥২১॥
উশীনরস্যেতি । সত্যসন্ধস্য সত্যপ্রতিজ্ঞস্য । রূপসম্পদা প্রথিতেতি সম্বন্ধঃ ॥২২॥
তস্যা ইতি । পুণ্যবর্দ্ধনেতি সম্বোধনেন এতৎকরণেন পুণ্যমেব ভবিষ্যতীতি সূচিতম্ ॥২৩॥
যাবদিতি । মানদেতি সম্বোধনেন চ এতৎকর্ম্মণা মম মানমেব দাস্যসীতি ধ্বনিতম্ ॥২৪॥
এতদিতি । অস্মাৎ প্রিয়াৎ মে কথঞ্চন কিঞ্চিদপি অন্যৎ প্রিয়তরং নাস্তীত্যন্বয়ঃ ॥২৫॥

মহারাজ ! সর্ব্বাঙ্গসুন্দরী বসুভার্য্যা এই কথা শুনিয়া, উজ্জ্বল মূর্ত্তি নিজ ভর্ত্তাকে বলিলেন—॥২০॥

"মনুষ্যলোকে জিতবতীনাম্নী রূপযৌবনসম্পন্না কোন রাজকন্যা আমার সখী আছেন ॥২১॥

আমার সেই সখী—সত্যপ্রতিজ্ঞ, বুদ্ধিমান্ এবং রাজর্ষি উশীনরের কন্যা; তিনি নিজের সৌন্দর্য্যের জন্য মনুষ্যলোকে বিখ্যাত হইয়াছেন ॥২২॥

হে দেবশ্রেষ্ঠ ! আপনি আমার সেই সখীটীর জন্য এই গরুটীকে বৎসের সহিত সত্বর আনয়ন করুন ॥২৩॥

কারণ, ইহার দুগ্ধ পান করিয়া আমার সেই সখী মনুষ্যলোকে একাই জরা-রোগবিহীন হইবেন ॥২৪॥

মহাশয় ! আমার এই কার্য্যটী আপনার অবশ্যই করিতে হইবে। কারণ, ইহা অপেক্ষা আমার অধিক প্রিয় কার্য্য অন্য কিছুই নাই" ॥২৫॥

(২৪) মানুষেষু ভবেদেকা··· ।

এতচ্ছ্রুত্বা বচস্তস্যা দেব্যাঃ প্রিয়চিকীর্ষয়া।
পৃথ্বাদ্যৈর্ভ্রাতৃভিঃ সার্দ্ধং দ্যৌস্তদা তাং জহার গাম্ ॥২৬॥
তয়া কমলপত্রাক্ষ্যা নিযুক্তো দ্যৌস্তদা নৃপ!।
ঋষেস্তস্য তপস্তীব্রং ন শশাক নিবীক্ষিতুম্।
হৃতা গৌঃ সা তদা তেন প্রপাতস্তু ন তর্কিতঃ ॥২৭॥
অথাশ্রমপদং প্রাপ্তঃ ফলান্যাদায় বারুণিঃ।
ন চাপশ্যত গাং তত্র সবৎসাং কাননোত্তমে ॥২৮॥
ততঃ স মৃগয়ামাস বনে তস্মিংস্তপোধনঃ।
নাধ্যগচ্ছচ্চ মৃগয়ংস্তাং গাং মুনিরুদারধীঃ ॥২৯॥
জ্ঞাত্বা তথাপনীতাং তাং বসুভির্দিব্যদর্শনঃ।
যযৌ ক্রোধবশং সদ্যঃ শশাপ চ বসূংস্তদা ॥৩০॥

ভারতকৌমুদী

এতদিতি। দ্যৌঃ দ্যুনামকো বসুঃ ॥২৬॥

তযেতি। কমলপত্রাক্ষ্যা পদ্মদলতুল্যনেত্রযা। তপঃ তপস্তেজঃ। তেন দ্যুবসুনা, তদা সা গৌঃ, হৃতা, কিন্তু প্রপাতো বশিষ্ঠশাপাদাত্মনঃ পতনম্, ন তর্কিতঃ। অয়মপি ষট্‌পাদঃ শ্লোকঃ ॥২৭॥

অথেতি। বারুণির্বশিষ্ঠঃ। অপশ্যতেত্যাত্মনেপদমার্যম্ ॥২৮॥

তত ইতি। মৃগযামাস অন্বিষ্টবান্। নাধ্যগচ্ছৎ ন প্রাপ্তবান্ ॥২৯॥

ভারতভাবদীপঃ

দ্যুঃসংজ্ঞায বসবে। বালধিঃ পুচ্ছম্ ॥১৫॥ বসুনন্দিনী বসুপ্রিযা ॥১৬—২৭॥ প্রপাতো

এই কথা শুনিয়া 'দ্যু'বসু আপন প্রিয়তমাব প্রিয় কার্য্য কবিবার ইচ্ছায় পৃথুপ্রভৃতি ভ্রাতৃগণেব সহিত মিলিত হইযা তখনই সেই গরুটীকে অপহবণ কবিলেন ॥২৬॥

মহাবাজ! দ্যু-বসু তখন মহর্ষি বশিষ্ঠেব তপস্যাব তীব্র তেজেব প্রতি দৃষ্টিপাতও করিতে পাবিয়াছিলেন না; তথাপি তিনি পদ্মনয়না ভার্য্যার আগ্রহে সে গরুটীকে অপহবণ কবিলেন; কিন্তু তাহাতে নিজের যে পতন হইতে পাবে, তাহা একবাব মনেও করিলেন না ॥২৭॥

তাহাব পর, বশিষ্ঠ ফল লইয়া আশ্রমে উপস্থিত হইলেন, কিন্তু সে তপোবনে বৎসের সহিত সে গরুটীকে কুত্রাপি দেখিতে পাইলেন না ॥২৮॥

তাহাব পব, অত্যন্ত বুদ্ধিমান্ বশিষ্ঠমুনি সেই বনে অন্বেষণ করিতে লাগিলেন; কিন্তু অন্বেষণ কবিয়াও সে গরুটী পাইলেন না ॥২৯॥

(২৯)…নাধ্যাগমচ্চ মৃগয়ন্।

যস্মান্মে বসবো জহ্রুর্গাং বৈ দোগ্ধ্রীং স্ববালধিম্ ।
তস্মাৎ সর্ব্বে জনিষ্যন্তি মানুষেষু ন সংশয়ঃ ॥৩১॥
এবং শশাপ ভগবান্ বসূংস্তান্ ভরতর্ষভ ! ।
বশং কোপস্য সম্প্রাপ্ত আপবো মুনিসত্তমঃ ॥৩২॥
শপ্ত্বা চ তান্ মহাভাগস্তপস্যেব মনো দধে ।
এবং স শপ্তবান্ রাজন্ ! বসূনষ্টৌ তপোধনঃ ॥৩৩॥
মহাপ্রভাবো দেবর্ষির্দেবান্ ক্রোধসমন্বিতঃ ।
অথাশ্রমপদং প্রাপ্তাস্তে বৈ ভূয়ো মহাত্মনঃ ॥৩৪॥ (যুগ্মকম্)
শপ্তাঃ স্ম ইতি জানন্তি ঋষিং তমুপচক্রমুঃ ।
প্রসাদয়ন্তস্তমৃষিং বসবঃ পার্থিবর্ষভ ! ॥৩৫॥

ভাবতকৌমুদী

জ্ঞাত্বেতি । দিব্যম্ অলৌকিকং দর্শনং দৃষ্টিশক্তির্যস্য সঃ । অপনীতাং হৃতাম্ ॥৩০॥
যস্মাদিতি । সর্ব্বে বসবঃ, জনিষ্যন্তি উৎপৎস্যন্তে । পরস্মৈপদমার্ষম্ ॥৩১॥
এবমিতি । ভগবান্ তপোমাহাত্ম্যবান্, আপবো বশিষ্ঠঃ ॥৩২॥
শপ্ত্বেতি । মহাভাগস্তপসা বিশেষভাগ্যধরো বশিষ্ঠঃ । তে বসবঃ ॥৩৩—৩৪॥
শপ্তা ইতি । প্রসাদয়ন্তঃ প্রসন্নং কবিষ্যন্তঃ । উপচক্রমুঃ উপজগ্মুঃ ॥৩৫॥

ভাবতভাবদীপঃ

বশিষ্ঠশাপরূপঃ, ভৃগুপতনং বা ; ন তর্কিতঃ রাগান্ধত্বাৎ ॥২৮—৩১॥ স্ববালধিং

বসুগণ গরুটীকে অপহরণ করিয়াছেন—ইহা ধ্যানে জানিয়া দিব্যজ্ঞানী বশিষ্ঠ তৎক্ষণাৎ ক্রুদ্ধ হইলেন এবং তখনই বসুগণকে অভিসম্পাত করিলেন ॥৩০॥

বসুগণ যখন আমার দুগ্ধবতী সুপুচ্ছা গরুটীকে অপহরণ করিয়াছে, তখন তাহারা সকলেই মনুষ্যলোকে জন্মগ্রহণ করিবে ; এ বিষয়ে কোন সন্দেহ নাই ॥৩১॥

হে ভরতশ্রেষ্ঠ ! মাহাত্ম্যশালী মহর্ষি বশিষ্ঠ ক্রুদ্ধ হইয়া সেই বসুদেবতাগণকে এইরূপ অভিসম্পাত করিয়াছিলেন ॥৩২॥

বিশেষভাগ্যশালী বশিষ্ঠমুনি বসুগণকে অভিসম্পাত করিয়া পুনরায় তপস্যাতেই মনোনিবেশ করিলেন । মহারাজ ! মহাপ্রভাবশালী দেবর্ষি বশিষ্ঠ ক্রুদ্ধ হইয়া আট জন বসুদেবতাকেই এইরূপ অভিসম্পাত করিয়াছিলেন । তাহার পর, সেই বসুগণ পুনরায় মহাত্মা বশিষ্ঠের আশ্রমে যাইয়া উপস্থিত হলেন ॥৩৩—৩৪॥

(৩৩) শপ্ত্বা চ তান্ মহাভাগান্·· । (৩৪) মহাপ্রভাবো ব্রহ্মর্ষিঃ···তথাশ্রমপদং প্রাপ্তাতে চ ভূয়ো মহাত্মনঃ ।

লেভিরে ন চ তস্মাত্তে প্রসাদমৃষিসত্তমাৎ।
আপরাৎ পুরুষব্যাঘ্র! সর্ব্বধর্ম্মবিশারদাৎ ॥৩৬॥
উবাচ চ স ধর্ম্মাত্মা শপ্তা যূয়ং ধরাদয়ঃ।
অনু সংবৎসরাৎ সর্ব্বে শাপমোক্ষমবাপ্স্যথ ॥৩৭॥
অয়ন্তু যৎকৃতে যূয়ং ময়া শপ্তাঃ স বৎস্যতি।
দ্যৌস্তদা মানুষে লোকে দীর্ঘকালং স্বকর্ম্মণা ॥৩৮॥
নানৃতং তচ্চিকীর্ষামি ক্রুদ্ধো যুষ্মান্ যদব্রুবম্।
জনিষ্যতি ন চাপ্যেবং মানুষেষু মহামনাঃ ॥৩৯॥
ভবিষ্যতি চ ধর্ম্মাত্মা সর্ব্বশাস্ত্রবিশারদঃ।
পিতুঃ প্রিয়হিতে যুক্তঃ স্ত্রীভোগান্ বর্জ্জয়িষ্যতি ॥৪০॥

ভারতকৌমুদী

লেভির ইতি। তে বসবঃ। আপরাদ্বশিষ্ঠাৎ। প্রসাদং শাপমোক্ষরূপমনুগ্রহম্ ॥৩৬॥
উবাচেতি। ধরো নাম কশ্চিদ্বসুস্তদাদয়ঃ। সংবৎসরাৎ অনু পশ্চাৎ ॥৩৭॥
অয়মিতি। যৎকৃতে যন্নিমিত্তে ময়া যূয়ং শপ্তাঃ সোঽয়ং দ্যৌর্নাম বসুঃ ॥৩৮॥
নেতি। তৎ বাক্যম্, অনৃতং মিথ্যা। এবং দ্যাবসোরবতারতুল্যঃ ॥৩৯॥
ভবিষ্যতীতি। অস্য দ্যাবসোরবতারীভূতো মানুষ ইতি শেষঃ ॥৪০॥

ভারতভাবদীপঃ

স্বপুচ্ছাম্ ॥৩২—৩৯॥ ন প্রজাস্যতি আত্মনঃ প্রজেচ্ছাং ন করিষ্যতি। ব্যজন্তোঽহবম্ ॥৪০॥

হে রাজশ্রেষ্ঠ! 'তাঁহারা অভিশপ্ত হইয়াছেন' ইহা জানিতে পারিয়া এবং বশিষ্ঠকে প্রসন্ন করিবেন মনে করিয়া বসুগণ মহর্ষির নিকটে গেলেন ॥৩৫॥

মহারাজ! বসুদেবতারা সর্ব্বধর্ম্মনিপুণ ঋষিপ্রধান বশিষ্ঠ হইতে সেই শাপমুক্তির অনুগ্রহ লাভ করিলেন না ॥৩৬॥

তবে সেই ধর্ম্মাত্মা বলিলেন—"ধরপ্রভৃতি তোমাদিগকে আমি অভিসম্পাত করিয়াছি; কিন্তু এক বৎসরের পরে তোমরা সকলেই মুক্তি লাভ করিবে ॥৩৭॥

কিন্তু যাহার জন্য আমি তোমাদিগকে অভিসম্পাত করিয়াছি, এই সেই দ্যুবসু আপন কর্ম্মের ফলে দীর্ঘকাল মনুষ্যলোকে থাকিবে ॥৩৮॥

আমি ক্রুদ্ধ হইয়া তোমাদিগকে যাহা বলিয়াছি, সে কথা মিথ্যা করিতে ইচ্ছা করি না। তবে, ইহার মত মহাত্মা মনুষ্যলোকে অন্য কেহ জন্মিবে না ॥৩৯॥

আর, এই দ্যুবসু ধার্ম্মিক, সর্ব্বশাস্ত্রে নিপুণ এবং পিতার প্রিয় ও হিত-সাধনে নিরত থাকিবে এবং স্ত্রীসম্ভোগ পরিত্যাগ করিবে" ॥৪০॥

---

(৩৭) শাপাৎ মোক্ষং বৈ সমবাপ্স্যথ। (৩৯)…ন প্রজাস্যতি চাপ্যেষ মানুষেষু মহামনাঃ।

এবমুক্ত্বা বসূন্ সর্ব্বান্ স জগাম মহানৃষিঃ।
ততো মামুপজগ্মুস্তে সমেতা বসবস্তদা ॥৪১॥
অযাচন্ত চ মাং রাজন্! বরং স চ ময়া কৃতঃ।
জাতান্ জাতান্ প্রক্ষিপাস্মান্ স্বয়ং গঙ্গে! ত্বমম্ভসি ॥৪২॥
এবং তেষাং মতং সম্যক্ শপ্তানাং রাজসত্তম!।
মোক্ষার্থং মানুষাল্লোকাদ্‌যথাবৎ কৃতবত্যহম্ ॥৪৩॥
সোঽয়ং শাপাদৃষেস্তস্য এক এব নৃপোত্তম!।
দ্যৌ রাজন্! মানুষে লোকে চিরং বৎস্যতি ভারত! ॥৪৪॥
অয়ং কুমারঃ পুত্রস্তে বিবৃদ্ধঃ পুনরেষ্যতি।
অহঞ্চ তে ভবিষ্যামি আহ্বানোপগতা নৃপ! ॥৪৫॥

ভারতকৌমুদী

এবমিতি। জগাম তপসে। মাং গঙ্গাম্। সমেতাঃ সম্মিলিতাঃ সন্তঃ ॥৪১॥

অযাচন্তেতি। মাং গঙ্গাম্। স বরঃ। কৃতঃ অর্পিতঃ। তং বরমেবাহ—জাতানিতি ॥৪২॥

এবমিতি। হে রাজসত্তম! অহম্, শপ্তানাং তেষাং বসূনাম্, মানুষাল্লোকাৎ, মোক্ষার্থম্, এবং জলনিক্ষেপেণৈব মারণরূপম্, সম্যক্, মতং তেষামভিপ্রেতং কার্য্যম্, যথাবদেব কৃতবতী ॥৪৩॥

স ইতি। তস্য ঋষের্বশিষ্ঠস্য। দ্যৌঃ দ্যুর্নাম বসুঃ ॥৪৪॥

অয়মিতি। বিবৃদ্ধো বিশেষেণ বৃদ্ধঃ স্থবিরঃ সন্। এষ্যতি স্বর্গম্। আহ্বানেন উপগতা তৎসমীপোপস্থিতা ॥৪৫॥

মহর্ষি বশিষ্ঠ সকল বসুদেবতাকে এই কথা বলিয়া তপস্যা করিতে গেলেন। তাহার পর সেই বসুদেবতারা সম্মিলিত হইয়া আমার নিকট উপস্থিত হইলেন ॥৪১॥

মহারাজ! তাঁহারা আমার নিকট আসিয়া বর চাহিলেন, আমিও সে বর দিলাম। (তাঁহারা এই বর চাহিয়াছিলেন যে,) "গঙ্গাদেবি! আমরা যখন যখন জন্মিব, তখন তখনই আপনি নিজে আমাদিগকে জলে নিক্ষেপ করিবেন" ॥৪২॥

মহারাজ! মনুষ্যলোক হইতে সেই অভিশপ্ত বসুগণের মুক্তির জন্য, তাঁহাদেরই অভিপ্রায় অনুসারে এই কার্য্য আমি যথানিয়মে করিয়াছি ॥৪৩॥

হে রাজশ্রেষ্ঠ! আপনার এই পুত্ররূপী একমাত্র সেই দ্যুবসুই বশিষ্ঠের অভিসম্পাতে মনুষ্যলোকে দীর্ঘকাল অবস্থান করিবেন ॥৪৪॥

---

(৪১)...সমস্তা বসবস্তদা। (৪৩) এবং তেষামহং সম্যক্...। (৪৪) অয়ং শাপাৎ...। (৪৫) অয়ং শ্লোকঃ কুত্রচিৎ পুস্তকে নাস্তি।

বৈশম্পায়ন উবাচ।

এতদাখ্যায় সা দেবী তত্রৈবান্তরধীয়ত।
আদায় চ কুমারং তং জগামাথ যথেপ্সিতম্ ॥৪৬॥
স তু দেবব্রতো নাম গাঙ্গেয় ইতি চাভবৎ।
দ্বিনামা শান্তনোঃ পুত্রঃ শান্তনোরধিকো গুণৈঃ ॥৪৭॥
শান্তনুশ্চাপি শোকার্ত্তো জগাম স্বপুরং ততঃ।
তস্যাহং কীর্ত্তয়িষ্যামি শান্তনোরুত্তমান্ গুণান্ ॥৪৮॥
মহাভাগ্যঞ্চ নৃপতের্ভারতস্য মহাত্মনঃ।
যস্যেতিহাসো দ্যুতিমান্ মহাভারতমুচ্যতে ॥৪৯॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যামাদিপর্ব্বণি সম্ভবে আপবোপাখ্যানং নাম ত্রিনবতিতমোঽধ্যায়ঃ ॥০॥ *

ভারতকৌমুদী

এতদিতি। সা দেবী মানুষীভূতা গঙ্গা। জগাম সা দেবীতি সম্বন্ধঃ ॥৪৬॥
স ইতি। দ্বে নামনী যস্য স দ্বিনামা। গুণৈঃ শান্তনোরধিকশ্চাভবৎ ॥৪৭॥
শান্তনুরিতি। শোকার্ত্তঃ পুত্রগঙ্গয়োঃ শোকেন পীড়িতঃ ॥৪৮॥
মহেতি। মহাভাগ্যঞ্চ কীর্ত্তয়িষ্যামীতি সম্বন্ধঃ। যস্য শান্তনোঃ। দ্যুতিমানুজ্জ্বলঃ ॥৪৯॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারত-টীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়ামাদিপর্ব্বণি সম্ভবে ত্রিনবতিতমোঽধ্যায়ঃ ॥০॥

ভারতভাবদীপঃ

তত্র হেতুঃ পিতুরিতি ॥৪১—৪৯॥

ইতি শ্রীমহাভারতে আদিপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে ত্রিনবতিতমোঽধ্যায়ঃ ॥৯৩॥

আপনার পুত্র এই বালক অত্যন্ত বৃদ্ধ হইয়া পুনরায় স্বর্গে যাইবেন; আর আমিও আপনি ডাকিবামাত্রই আপনার নিকট উপস্থিত হইব" ॥৪৫॥

বৈশম্পায়ন বলিলেন—গঙ্গাদেবী এই কথা বলিয়া সেই বালকটীকে লইয়া সেইখানেই অন্তর্হিত হইলেন এবং অভীষ্ট স্থানে চলিয়া গেলেন ॥৪৬॥

শান্তনুর সেই পুত্রটীর দুইটী নাম হইয়াছিল—'দেবব্রত' ও 'গাঙ্গেয়' এবং সেই শান্তনুর পুত্র যথাকালে শান্তনু অপেক্ষা অধিক গুণবান্ হইয়াছিলেন ॥৪৭॥

তাহার পর, শান্তনু পুত্র ও গঙ্গার শোকে পীড়িত হইয়া আপন রাজধানীতে চলিয়া গেলেন। আমি সেই শান্তনুর উৎকৃষ্ট গুণগুলি বলিব ॥৪৮॥

---

(৪৭)…দ্ব্যনামা শান্তনোঃ পুত্রঃ। (৪৮)…শান্তনোরধিকান্ গুণান্।
* '…সপ্তনবতিতমোঽধ্যায়ঃ', '…অষ্টনবতিতমোঽধ্যায়ঃ', '…নবনবতিতমোঽধ্যায়ঃ', '…ষডধিকশততমোঽধ্যায়ঃ' ইতি পাঠান্তরাণি।

চতুর্নবতিতমোঽধ্যায়ঃ।

—ঃ*ঃ—

বৈশম্পায়ন উবাচ।

স রাজা শান্তনুর্ধীমান্ দেবরাজর্ষিসৎকৃতঃ।
ধর্ম্মাত্মা সর্ব্বলোকেষু সত্যবাদীতি বিশ্রুতঃ ॥১॥
দমো দানং ক্ষমা বুদ্ধির্হ্রীর্ধৃতিস্তেজ উত্তমম্।
এতান্যাসন্ মহাসত্ত্বে শান্তনৌ ভরতর্ষভে ॥২॥
এবং স গুণসম্পন্নো ধর্ম্মার্থকুশলো নৃপঃ।
আসীদ্ভরতবংশস্য গোপ্তা সর্ব্বজনস্য চ ॥৩॥
কম্বুগ্রীবঃ স পৃথ্বংসো মত্তবারণবিক্রমঃ।
অন্বিতঃ পরিপূর্ণার্থৈঃ সর্ব্বৈর্নৃপতিলক্ষণৈঃ ॥৪॥
তস্য কীর্ত্তিমতো বৃত্তমবেক্ষ্য সততং নরাঃ।
ধর্ম্ম এব পরঃ কামাদর্থাচ্চেতি ব্যবস্থিতাঃ ॥৫॥

ভারতকৌমুদী

স ইতি। দেবৈঃ রাজভিঃ ঋষিভিশ্চ সৎকৃতঃ সমাদৃতঃ। বিশ্রুতো বিখ্যাতঃ ॥১॥
দম ইতি। দম ইন্দ্রিয়নিগ্রহঃ। হ্রীর্লজ্জা, ধৃতির্ধৈর্য্যম্। মহাসত্ত্বে দৃঢাধ্যবসাযে ॥২॥
এবমিতি। ধর্ম্মে অর্থে চ কুশলো নিপুণঃ। গোপ্তা রক্ষিতা ॥৩॥
কম্বুগ্রীব ইতি। কম্বুঃ শঙ্খ ইব গ্রীবা যস্য সঃ, পৃথু বিশালৌ অংসৌ স্কন্ধৌ যস্য সঃ, মত্তস্য বারণস্য হস্তিন ইব বিক্রমো যস্য সঃ। পরিপূর্ণার্থৈরখণ্ডিতৈঃ ॥৪॥

এবং ভরতবংশীয় মহাত্মা শান্তনুরাজার বিশেষ ভাগ্যের বিষয়ও বলিব, যাঁহার মনোহর ইতিহাসকেই লোকে 'মহাভারত' বলিয়া থাকে ॥৪৯॥

—ঃ*ঃ—

বৈশম্পায়ন বলিলেন—সেই শান্তনু রাজা দেবগণ, রাজগণ ও ঋষিগণের আদৃত, বুদ্ধিমান্, ধার্ম্মিক ও সত্যবাদী বলিযা সমস্ত জগতে প্রসিদ্ধ ছিলেন ॥১॥

ইন্দ্রিযদমন, দানশক্তি, ক্ষমা, বুদ্ধি, লজ্জা, ধৈর্য্য এবং অসাধারণ তেজ—এই সমস্ত গুণই পুরুষশ্রেষ্ঠ ও অত্যন্ত অধ্যবসায়ী শান্তনুরাজাতে বিদ্যমান ছিল ॥২॥

এইরূপ গুণবান্ এবং ধর্ম্মনীতি ও অর্থনীতিতে নিপুণ শান্তনু রাজা ভরতবংশের এবং সমস্ত প্রজার রক্ষক ছিলেন ॥৩॥

তাঁহার গলদেশ শঙ্খতুল্য, স্কন্ধযুগল বিশাল এবং তাঁহার মত্ত হস্তীর ন্যায় বিক্রম ছিল ; আর তিনি অখণ্ডিত সমস্ত রাজলক্ষণে লক্ষিত ছিলেন ॥৪॥

---

(১)···দেবরাজর্ষিসত্তমঃ···সত্যবাগিতি বিশ্রুতঃ। (৪)···মত্তমাতঙ্গবিক্রমঃ।

এবমাসীন্মহাসত্ত্বঃ শান্তনুঃ পুরুষর্ষভঃ।
ন চাস্য সদৃশঃ কশ্চিদ্ধর্ম্মতঃ পার্থিবোঽভবৎ ॥৬॥
বর্ত্তমানং হি ধর্ম্মে স্বে সর্ব্বধর্ম্মবিদাং বরম্।
তং মহীপা মহীপালং রাজরাজ্যেঽভ্যষেচয়ন্ ॥৭॥
বীতশোকভয়াবাধাঃ সুখস্বপ্নবিবোধনাঃ।
পতিং ভারতগোপ্তারং সমপদ্যন্ত ভূমিপাঃ ॥৮॥
তেন কীর্ত্তিমতা শিষ্টাঃ শক্রপ্রতিমতেজসা।
যজ্ঞদানক্রিয়াশীলাঃ সমপদ্যন্ত ভূমিপাঃ ॥৯॥
শান্তনুপ্রমুখৈর্গুপ্তে লোকে নৃপতিভিস্তদা।
নিয়মাৎ সর্ব্ববর্ণানাং ধর্ম্মোত্তরমবর্ত্তত ॥১০॥

ভারতকৌমুদী

তস্যেতি। বৃত্তং চরিত্রম্। পরঃ শ্রেষ্ঠঃ। ব্যবস্থিতাঃ কৃতাবধারণাঃ ॥৫॥

এবমিতি। মহাসত্ত্বো নিশ্চলাধ্যবসায়ঃ। ধর্ম্মতো ধর্ম্মবিষয়ে ॥৬॥

বর্ত্তমানমিতি। মহীপা অপরে রাজানঃ। রাজরাজ্যেঽপি রাজ্যে সাম্রাজ্যে ইত্যর্থঃ ॥৭॥

বীতেতি। বীতাঃ শান্তনুগুণাদেব পরিত্যক্তাঃ শোকভয়াবাধা যৈস্তে। আবাধো রোগাদি-পীড়া। সুখেন স্বপ্নবিবোধনে নিদ্রাজাগরণে যেষাং তে, উদ্বেগাভাবাদিতি ভাবঃ, ভূমিপা অপরে রাজানঃ, ভারতস্য গোপ্তারং রক্ষিতারম্, শান্তনুরূপং পতিম্, সমপদ্যন্ত অলভন্ত ॥৮॥

তেনেতি। তেন শান্তনুনা। শিষ্টাঃ পালিতাঃ। সমপদ্যন্ত সঞ্জাতাঃ ॥৯॥

শান্তন্বিতি। গুপ্তে রক্ষিতে। ধর্ম্ম এব উত্তরঃ প্রধানো যস্য তত্তাদৃশং কার্য্যম্ ॥১০॥

যশস্বী শান্তনুর ব্যবহার দেখিয়া প্রজারা সর্ব্বদাই কাম ও অর্থ অপেক্ষা ধর্ম্মকেই প্রধান বলিয়া স্থির করিয়াছিল ॥৫॥

দৃঢ় অধ্যবসায়ী পুরুষশ্রেষ্ঠ শান্তনু এইরূপ গুণবান্ ছিলেন; ধর্ম্মবিষয়ে তাঁহার তুল্য অপর কোন রাজা ছিলেন না ॥৬॥

সর্ব্বধর্ম্মজ্ঞশ্রেষ্ঠ শান্তনুকে আপন রাজধর্ম্মে সর্ব্বদা বিদ্যমান দেখিয়া অন্যান্য রাজারা তাঁহাকে সাম্রাজ্যে অভিষিক্ত করিয়াছিলেন ॥৭॥

অন্যান্য রাজারা শান্তনুর গুণে শোক, ভয় ও পীড়া হইতে নিস্তার পাইয়াছিলেন এবং সুখে নিদ্রা যাইতেন ও জাগরিত হইতেন; সুতরাং তাঁহারা ভারতরক্ষক শান্তনুকে উপযুক্ত পতিই পাইয়াছিলেন ॥৮॥

ইন্দ্রের তুল্য তেজীয়ান্ ও যশস্বী শান্তনুর শাসনে অন্যান্য রাজারা যজ্ঞ ও দানক্রিয়াশালী হইয়াছিলেন ॥৯॥

---

(৬) এতান্যাসন্ মহাসত্ত্বে শান্তনৌ পুরুষর্ষভে···।

ব্রহ্ম পর্য্যচরৎ ক্ষত্রং বিশঃ ক্ষত্রমনুব্রতাঃ।
ব্রহ্মক্ষত্রানুরক্তাশ্চ শূদ্রাঃ পর্য্যচরন্ বিশঃ ॥১১॥
স হাস্তিনপুরে রম্যে কুরূণাং পুটভেদনে।
বসন্ সাগরপর্য্যন্তামন্বশাসদ্বসুন্ধরাম্ ॥১২॥
স দেবরাজসদৃশো ধর্ম্মজ্ঞঃ সত্যবাগৃজুঃ।
দানধর্ম্মতপোযোগাচ্ছ্রিয়া পরময়া যুতঃ ॥১৩॥
অরাগদ্বেষসংযুক্তঃ সোমবৎ প্রিয়দর্শনঃ।
তেজসা সূর্য্যকল্পোঽভূদ্বায়ুবেগসমো জবে।
অন্তকপ্রতিমঃ কোপে ক্ষময়া পৃথিবীসমঃ ॥১৪॥

ভারতকৌমুদী

ব্রহ্মেতি। ক্ষত্রং ক্ষত্রিয়ঃ। ব্রহ্ম ব্রাহ্মণম্। বিশো বৈশ্যাঃ। অনুব্রতা অনুগতাঃ ॥১১॥
স ইতি। পুটভেদনে পুরে, "পূঃ স্ত্রী পুরীনগর্য্যৌ বা পত্তনং পুটভেদনম্" ইত্যমরঃ ॥১২॥
স ইতি। ঋজুঃ সরলঃ। দানং ধর্ম্মশ্চাপরে যজ্ঞাদয়স্তপশ্চ তেষাং যোগাৎ সম্বন্ধাৎ ॥১৩॥
অরাগেতি। জবে বেগবিষয়ে, বায়ুবেগসমো বেগবদ্বায়ুতুল্যঃ। ষট্পদমিদং পদ্যম্ ॥১৪॥

ভারতভাবদীপঃ

স রাজেতি ॥১—১১॥ পুটভেদনে পত্তনে। "পত্তনং পুটভেদনম্" ইত্যমরঃ ॥১২॥ দানং বহির্বেদি। ধর্ম্মঃ স্বাচারঃ। তপো জপোপবাসাদি। যোগ আত্মানুসন্ধানম্।

শান্তনু প্রভৃতি রাজগণ পৃথিবী শাসন করিতে থাকিলে, তৎকালে ব্রাহ্মণপ্রভৃতি সমস্ত বর্ণ যে কিছু কার্য্য করিতেন, তাহার মধ্যে ধর্ম্মই প্রধান থাকিত ॥১০॥

ক্ষত্রিয়গণ ব্রাহ্মণের পরিচর্য্যা করিতেন, বৈশ্যগণ ক্ষত্রিয়ের অনুগত থাকিতেন, এবং শূদ্রগণ ব্রাহ্মণ ও ক্ষত্রিয়ের অনুরক্ত থাকিয়া বৈশ্যগণের পরিচর্য্যা করিতেন ॥১১॥

শান্তনু রাজা কুরুবংশীয়দিগের রাজধানী মনোহর হস্তিনাপুরে থাকিয়া, সমুদ্র-পর্য্যন্ত সমস্ত পৃথিবী শাসন করিতেন ॥১২॥

শান্তনু রাজা ইন্দ্রের তুল্য প্রভাবশালী, ধার্ম্মিক, সত্যবাদী ও সরলস্বভাব ছিলেন এবং দান, ধর্ম্ম ও তপস্যার গুণে অসাধারণ সমৃদ্ধিশালী হইয়াছিলেন ॥১৩॥

শান্তনু রাজা আসক্তি ও বিদ্বেষশূন্য, চন্দ্রের ন্যায় প্রিয়দর্শন, সূর্য্যের ন্যায় তেজস্বী, বায়ুর ন্যায় বেগবান, ক্রোধে যমের তুল্য এবং ক্ষমায় পৃথিবীর সমান ছিলেন ॥১৪॥

---

(১)…ব্রহ্মক্ষত্রানুরক্তাংশ্চ…।

বধঃ পশুবরাহাণাং তথৈব মৃগপক্ষিণাম্।
শান্তনৌ পৃথিবীপালে নাবর্ত্তত বৃথা নৃপ। ॥১৫॥
ব্রহ্মধর্ম্মোত্তরে রাজ্যে শান্তনুর্বিনয়াত্মবান্।
সম্যক্ শশাস ভূতানি কামরাগবিবর্জিতঃ ॥১৬॥
দেবর্ষিপিতৃযজ্ঞার্থমারভ্যন্ত তদা ক্রিয়াঃ।
ন চাধর্ম্মেণ কেষাঞ্চিৎ প্রাণিনামভবদ্বধঃ ॥১৭॥
অসুখানামনাথানাং তির্য্যগ্‌যোনিষু বর্ত্ততাম্।
স এব রাজা ভূতানাং সর্ব্বেষামভবৎ পিতা ॥১৮॥
তস্মিন্ কুরুপতিশ্রেষ্ঠে রাজরাজেশ্বরে সতি।
শ্রিতা বাগভবৎ সত্যং দানধর্ম্মাশ্রিতং মনঃ ॥১৯॥
স সমাঃ ষোড়শাষ্টৌ চ চতস্রোঽষ্টৌ তথা পরাঃ।
রতিমপ্রাপ্নুবন্ স্ত্রীষু বভূব বনগোচরঃ ॥২০॥

ভারতকৌমুদী

বধ ইতি। পশবো ব্যাঘ্রাদয়ঃ। বৃথেত্যনেন যজ্ঞাদৌ তু বধোঽভবদেবেতি সূচিতম্ ॥১৫॥

ব্রহ্মেতি। ব্রহ্মধর্ম্মঃ অহিংসা স এব উত্তরঃ প্রধানো যত্র তস্মিন্। বিনয়ো নম্রতা আত্মা যত্নশ্চাস্যাস্তীতি বিনয়াত্মবান্। "আত্মা যত্নো ধৃতিবুদ্ধিঃ স্বভাবো ব্রহ্ম বর্ম্ম চ" ইত্যমরঃ ॥১৬॥

দেবেতি। ক্রিয়া মৃগয়াদয়ো ব্যাপারাঃ। ধর্ম্মেণ ত্বভবদেবেতি ভাবঃ ॥১৭॥

অসুখানামিতি। অসুখানাং রোগাদিভির্দুঃখিতানাম্। পিতা পিতৃবৎ পালয়িতা ॥১৮॥

তস্মিন্নিতি। রাজরাজেশ্বরে সম্রাজি। বাক্ সত্যং শ্রিতা, মনশ্চ দানধর্ম্মাশ্রিতমভবৎ ॥১৯॥

ভারতভাবদীপঃ

এতচ্চতুষ্টয়াৎ ॥১৩—১৫॥ ব্রহ্মধর্ম্মোত্তরে অহিংসাধর্ম্মপ্রধানে। বিনয়াত্মবান্ বিনয়বানাত্মবান্

শান্তনু রাজা হইলে, ব্যাঘ্রপ্রভৃতি পশু, শূকর, হরিণ ও পক্ষিগণের নিরর্থক বধ হইত না ॥১৫॥

শান্তনু অহিংসাপ্রধান রাজ্যে থাকিয়া, কাম ও আসক্তি পরিত্যাগ করিয়া বিনয়ী ও যত্নবান্ হইয়া, সমস্ত প্রাণীকে যথানিয়মে শাসন করিতেন ॥১৬॥

তখন দেবতা, ঋষি ও পিতৃলোকের অর্চ্চনার জন্যই প্রাণিবধ হইত ; কিন্তু অধর্ম্ম অনুসারে কোন প্রাণীরই বধ হইত না ॥১৭॥

সেই শান্তনু রাজাই—অসুখী, অনাথ এবং পশু-পক্ষিপ্রভৃতি প্রাণিগণের পিতা ছিলেন ॥১৮॥

কৌরবশ্রেষ্ঠ শান্তনু সম্রাট্ হইলে, লোকের বাক্য কেবল সত্যকেই অবলম্বন করিয়াছিল এবং মন একমাত্র দানধর্ম্মেই নিরত ছিল ॥১৯॥

তথারূপস্তথাচারস্তথাবৃত্তস্তথাশ্রুতঃ।
গাঙ্গেয়স্তস্য পুত্রোঽভূন্নাম্না দেবব্রতো বসুঃ ॥২১॥
সর্ব্বাস্ত্রেষু স নিষ্ণাতঃ পার্থিবেষ্বিতরেষু চ।
মহাবলো মহাসত্ত্বো মহাবীর্য্যো মহারথঃ ॥২২॥
স কদাচিন্মৃগং বিদ্ধা গঙ্গামনুসরন্নদীম্।
ভাগীরথীমল্পজলাং শান্তনুর্দৃষ্টবান্ নৃপঃ ॥২৩॥
তাং দৃষ্ট্বা চিন্তয়ামাস শান্তনুঃ পুরুষর্ষভঃ।
স্যন্দতে কিং ন্বিয়ং নাদ্য সরিচ্ছ্রেষ্ঠা যথা পুরা ॥২৪॥

ভারতকৌমুদী

স ইতি। ষোড়শাদিভিঃ সমুদায়ে ষট্ত্রিংশদ্বর্ষাণি। সমা বৎসরান্ যাবৎ। রতিমপ্রাপ্নুবন্ মৈথুনমকুর্ব্বন্। বনগোচরো বানপ্রস্থাবলম্বী ॥২০॥

তথেতি। তথা তাদৃশং শান্তনুতুল্যং রূপং যস্য সঃ। এবমন্যত্রাপি সমাসঃ। বস্তুতো বসুঃ, মানুষরূপেণাবতরণাত্তু নাম্না দেবব্রতঃ। তস্য শান্তনোঃ ॥২১॥

সর্ব্বেতি। স গাঙ্গেয়ঃ। নিষ্ণাতো নিপুণঃ। ইতরেষু পার্থিবেষু রাজসু মধ্যে। বলং দৈহিকসামর্থ্যম্, সত্ত্বমধ্যবসায়ঃ বীর্য্যঞ্চ মানসিকসামর্থ্যম্। মহারথশ্চাভূদিতি সম্বন্ধঃ ॥২২॥

স ইতি। স শান্তনুর্নৃপঃ। মৃগানুসরণক্রমেণ গঙ্গামনুসরন্নিত্যর্থঃ ॥২৩॥

তামিতি। অদ্য তথা, কিং নু কেন হেতুনা, ন স্যন্দতে ন প্রবহতি ॥২৪॥

ভারতভাবদীপঃ

জিতচিত্তশ্চ ॥১৬—১৮॥ বাক্ সত্যং শ্রিতাভবৎ ॥১৯॥ ষোডশাদীনাং সঙ্কলনে ষট্ত্রিংশৎ সমা বর্ষাণি ॥২০—২১॥ অস্ত্রেষু মন্ত্রময়েষু শস্ত্রেষু, পার্থিবেষু ধনুর্ব্বাণগদাদিপৃথিবীবিকারেষু

শান্তনু রাজা (শেষ বয়সে) ছত্রিশ বৎসর যাবৎ স্ত্রীসংসর্গ পরিত্যাগ করিয়া বনবাসী হইয়াছিলেন ॥২০॥

শান্তনুর পুত্র গাঙ্গেয় তাঁহার মতই রূপবান্, আচারবান্, চরিত্রবান্ এবং জ্ঞানবান্ হইয়াছিলেন; আর, বাস্তবিক পক্ষে তিনি বসুদেবতাই ছিলেন, তবে মানুষের মত নামটী ছিল—'দেবব্রত' ॥২১॥

গাঙ্গেয় সমস্ত অস্ত্রে অভিজ্ঞ হইয়াছিলেন এবং অন্যান্য রাজগণের মধ্যে মহাবলবান্, মহাতেজস্বী, বিশেষ অধ্যবসায়ী ও মহারথ হইয়াছিলেন ॥২২॥

এদিকে সেই শান্তনু রাজা একটা হরিণকে বিদ্ধ করিয়া, তাহার অনুসরণক্রমে গঙ্গাতীরে উপস্থিত হইয়া দেখিলেন—গঙ্গার জল অল্প ॥২৩॥

তখন রাজা গঙ্গাকে সেইরূপ দেখিয়া চিন্তা করিলেন—নদীশ্রেষ্ঠা গঙ্গা পূর্ব্বের মত আজ প্রবাহিত হইতেছে না কেন! ॥২৪॥

---

(২২) সর্ব্বাস্ত্রেষু সুনিষ্ণাতঃ···।

তত নিমিত্তমন্বিচ্ছন্ দদর্শ স মহামনাঃ।
কুমারং দেবগর্ভাভং বৃহন্তং চারুদর্শনম্ ॥২৫॥
দিব্যমস্ত্রং বিকুর্ব্বাণং যথা দেবং পুরন্দরম্।
কৃৎস্নাং গঙ্গাং সমাবৃত্য শরৈস্তীক্ষ্ণৈরবস্থিতম্ ॥২৬॥ (যুগ্মকম্)
তাং শরৈরাবৃতাং দৃষ্ট্বা নদীং গঙ্গাং তদন্তিকে।
অভবদ্বিস্মিতো রাজা দৃষ্ট্বা কর্ম্মাতিমানুষম্ ॥২৭॥
জাতমাত্রং পুরা দৃষ্ট্বা তং পুত্রং শান্তনুস্তদা।
নোপলেভে স্মৃতিং ধীমানভিজ্ঞাতুং তমাত্মজম্ ॥২৮॥
স তু তং পিতরং দৃষ্ট্বা মোহয়ামাস মায়য়া।
সংমোহ্য তু ততঃ ক্ষিপ্রং তত্রৈবান্তরধীয়ত ॥২৯॥

ভারতকৌমুদী

তত ইতি। নিমিত্তং গঙ্গাযা অপ্রবহণকারণম্, অন্বিচ্ছন্ অন্বিষ্যন্। দেবগর্ভাভং দেববালকতুল্যম্, বৃহন্তং দীর্ঘদেহম্। বিকুর্ব্বাণং প্রযুঞ্জানম্। সমাবৃত্য আচ্ছাদ্য ॥২৫—২৬॥

তামিতি। তস্যা গঙ্গাযা অন্তিকে তিষ্ঠন্নিতি শেষঃ। অতিমানুষং মানুষৈঃ কর্ত্তুমশক্যম্ ॥২৭॥

জাতেতি। তং প্রসিদ্ধম, তং প্রাগ্ বর্ণিতম্। আত্মজমভিজ্ঞাতুম্ আত্মজতযা পরিচেতুম্ ॥২৮॥

স ইতি। দেবাবতারত্বাদেবাস্য মোহনশক্তিরিত্যুন্নেযম্ ॥২৯॥

ভাবতভাবদীপঃ

শস্ত্রেষু ॥২২॥ শবসন্ধানেন গঙ্গাপ্রবাহস্য নিবোধাদল্পজলাম্ ॥২৩॥ স্যন্দতে প্রস্রবতি ॥২৪—২৭॥

তাহার পব, তিনি গঙ্গাব সেই অবস্থা হওয়াব কারণ অন্বেষণ কবিতে কবিতে দেখিলেন—দেবতাপুত্রেব তুল্য মনোহরাকৃতি ও দীর্ঘ শবীব একটী বালক দেবরাজের ন্যায় দিব্য অস্ত্র নিক্ষেপ কবিতেছে এবং তীক্ষ্ণ বাণ দ্বাবা সমস্ত গঙ্গাকে আবৃত কবিয়া তাহাব তীবে অবস্থান কবিতেছে ॥২৫—২৬॥

তখন বাজা গঙ্গাতীরে থাকিয়া, সেই গঙ্গানদীকে শরাচ্ছন্ন দেখিয়া এবং বালকটীবই সেই অলৌকিক কার্য্য দেখিয়া বিস্ময়াপন্ন হইলেন ॥২৭॥

পূর্ব্বে শান্তনু সেই বালকটীকে কেবল জন্মিবামাত্র দেখিয়াছিলেন; সুতবাং তৎকালে তিনি তাহাকে আপন পুত্র বলিয়া চিনিবার উপযোগী স্মৃতি লাভ কবিতে পাবিলেন না ॥২৮॥

কিন্তু বালকটী আপন পিতাকে দেখিযা, মাযা দ্বাবা তাঁহাকে মুগ্ধ কবিল; মুগ্ধ কবিয়া তাহাব পর তৎক্ষণাৎ সেইখানে অন্তর্হিত হইল ॥২৯॥

---

(২৫)কুমাবং রূপসম্পন্নম...। (২৮)...জাতমাত্রং পুরা দৃষ্টম...।

তদদ্ভুতং তদা দৃষ্ট্বা তত্র রাজা স শান্তনুঃ।
শঙ্কমানঃ সুতং গঙ্গামব্রবীদ্দর্শয়েতি হ ॥৩০॥
দর্শয়ামাস তং গঙ্গা বিভ্রতী রূপমুত্তমম্।
গৃহীত্বা দক্ষিণে পাণৌ তং কুমারমলঙ্কৃতম্ ॥৩১॥
অলঙ্কৃতামাভরণৈর্বিরজোঽম্বরধারিণীম্।
দৃষ্টপূর্ব্বামপি স তাং নাভ্যজানত শান্তনুঃ ॥৩২॥

গঙ্গোবাচ।

যং পুত্রমষ্টমং রাজংস্ত্বং পুরা ময্যবিন্দথাঃ।
স চায়ং পুরুষব্যাঘ্র! সর্ব্বাস্ত্রবিদনুত্তমঃ ॥৩৩॥
গৃহাণেমং মহারাজ! ময়া সংবর্দ্ধিতং সুতম্।
আদায় পুরুষব্যাঘ্র! নয়স্বৈনং গৃহং বিভো! ॥৩৪॥
বেদানধিজগে সাঙ্গান্ বশিষ্ঠাদেষ বীর্য্যবান্।
কৃতাস্ত্রঃ পরমেষ্বাসো দেবরাজসমো যুধি ॥৩৫॥

ভারতকৌমুদী

তদিতি। সুতম্ আত্মন এব পুত্রম্, শঙ্কমানঃ সংশয়ানঃ সন্ ॥৩০॥
দর্শয়ামাসেতি। দক্ষিণে পাণৌ কুমারস্যৈব ॥৩১॥
অলঙ্কৃতামিতি। বিরজো ধূলিশূন্যম্ অম্বরং বস্ত্রং ধারয়তীতি তাম্ ॥৩২॥
যমিতি। অবিন্দথা অলভথাঃ। সর্ব্বেষু অস্ত্রবিৎসু অনুত্তমঃ অত্যুৎকৃষ্টঃ ॥৩৩॥
গৃহাণেতি। গৃহং স্বভবনম্ ॥৩৪॥

রাজা তখন সেই আশ্চর্য্য ঘটনা দেখিয়া, সেই বালকটীকে আপন পুত্রমনে করিয়া গঙ্গাকে বলিলেন—"গঙ্গা! পুত্রটীকে দেখাও" ॥৩০॥

তখন গঙ্গা উত্তমরূপ ধারণ করিয়া, দক্ষিণ হস্ত ধারণপূর্ব্বক সেই সুন্দর বালকটীকে আনিয়া রাজাকে দেখাইলেন ॥৩১॥

তখন গঙ্গা সমস্ত অলঙ্কারে অলঙ্কৃত ছিলেন এবং শুভ্র বস্ত্র পরিধান করিয়াছিলেন। রাজা তাঁহাকে পূর্ব্বে দেখিয়াছিলেন বটে, তথাপি তখন তিনি তাঁহাকে চিনিতে পারিয়াছিলেন না ॥৩২॥

তখন গঙ্গা বলিলেন—"মহারাজ! আপনি পূর্ব্বে আমার গর্ভে যে অষ্টম পুত্রটী লাভ করিয়াছিলেন, এই সেই পুত্র; এখন অস্ত্রাভিজ্ঞদিগের মধ্যে সর্ব্বপ্রধান হইয়াছে ॥৩৩॥

মহারাজ! আমি ইহাকে সংবর্দ্ধিত করিয়াছি, আপনি এখন গ্রহণ করুন এবং ইহাকে নিয়া আপন ভবনে রাখুন ॥৩৪॥

---

(৩২)… নাভ্যজানাৎ স শান্তনুঃ। (৩৩)…ত্বং পুরা ময্যজায়থাঃ …।

সুরাণাং সম্মতো নিত্যমসুরাণাঞ্চ ভারত ! ।
উশনা বেদ যচ্ছাস্ত্রময়ং তদ্বেদ সর্ব্বশঃ ॥৩৬॥
তথৈবাঙ্গিরসঃ পুত্রঃ সুরাসুরনমস্কৃতঃ ।
যদ্বেদ শাস্ত্রং তচ্চাপি কৃৎস্নমস্মিন্ প্রতিষ্ঠিতম্ ॥৩৭॥
তব পুত্রে মহাবাহো ! সাঙ্গোপাঙ্গং মহাত্মনি ।
ঋষিঃ পরৈরনাধৃষ্যো জামদগ্ন্যঃ প্রতাপবান্ ॥৩৮॥
যদস্ত্রং বেদ রামশ্চ তদপ্যস্মিন্ প্রতিষ্ঠিতম্ ।
মহেষ্বাসমিমং রাজন্ ! রাজধর্ম্মার্থকোবিদম্ ॥৩৯॥
ময়া দত্তং নিজং পুত্রং বীরং বীর ! গৃহং নয় ।
ইত্যুক্ত্বা সা মহাভাগা তত্রৈবান্তরধীয়ত ॥৪০॥ (কলাপকম্)

ভারতকৌমুদী

বেদানিতি। অধিজগে অধীতবান্। কৃতাস্ত্রঃ শিক্ষিতাস্ত্রঃ, পরমেষ্বাসো মহাধানুষ্কঃ ॥৩৫॥
সুরাণামিতি। উশনা শুক্রাচার্য্যঃ। বেদ জানাতি। অয়ং তব পুত্রঃ ॥৩৬॥
তথেতি। কৃৎস্নং সর্ব্বম্। অঙ্গিরসঃ পুত্রো বৃহস্পতিঃ। অঙ্গৈর্ব্যাকরণাদিভিঃ উপাঙ্গৈর্নীত্যাদিভিশ্চ সহেতি সাঙ্গোপাঙ্গম্, শাস্ত্রং বেদঃ। অনাধৃষ্যঃ অজয্যঃ। ইষূন্ বাণানস্যতি ক্ষিপতীতি ইষ্বাসো ধনুঃ, কর্ম্মণ্যণ্, মহান্ ইষ্বাসো যস্য তম্। রাজধর্ম্মরূপো যোঽর্থস্তস্মিন্ কোবিদঃ অভিজ্ঞস্তম্। মহাভাগা গঙ্গা ॥৩৭—৪০॥

ভারতভাবদীপঃ

অভিজ্ঞাতুং পরিবেত্তুম্ ॥২২—৩৪॥ অধিজগে অধীতবান্ ॥৩৫॥ উশনাঃ শুক্রঃ ॥৩৬॥

এ, এখন বলবান্ হইয়াছে, বশিষ্ঠের নিকট সাঙ্গবেদ অধ্যয়ন করিয়াছে, সমস্ত অস্ত্রে শিক্ষিত হইয়াছে, মহাধনুর্দ্ধর হইয়াছে এবং যুদ্ধে ইন্দ্রের তুল্য হইয়াছে ॥৩৫॥

মহারাজ ! আপনার এই পুত্রটী সর্ব্বদাই দেবগণ ও অসুরগণের প্রীতির পাত্র ; আর, শুক্রাচার্য্য যত শাস্ত্র জানেন, সে সমস্তই এ জানে ॥৩৬॥

এবং দেবগণ ও অসুরগণের সম্মানভাজন বৃহস্পতি যত শাস্ত্র জানেন, সাঙ্গোপাঙ্গ সে সমস্ত শাস্ত্রই আপনার এই পুত্রে বিদ্যমান রহিয়াছে ; আর, অন্যের অজেয় মহাপ্রতাপশালী পরশুরাম যত অস্ত্র জানেন, সে সকল অস্ত্রই এই বালক জানে। অতএব মহারাজ ! মহাধনুর্দ্ধর এবং রাজধর্ম্মাভিজ্ঞ মৎপ্রদত্ত নিজের এই বীর পুত্রটীকে আপনি নিজের গৃহে নিয়া যান।" এই কথা বলিয়া গঙ্গা সেই স্থানেই অন্তর্হিত হইলেন ॥৩৭—৪০॥

---

(৪০) দ্বিতীয়ার্দ্ধং কস্মিংশ্চিৎ পুস্তকে নাস্তি।

বৈশম্পায়ন উবাচ।

তয়ৈবং সমনুজ্ঞাতঃ পুত্রমাদায় শান্তনুঃ।
ভ্রাজমানং যথাদিত্যমাযযৌ স্বগৃহান্ প্রতি ॥৪১॥
পৌররস্তু গৃহং গত্বা পুরন্দরগৃহোপমম্।
সর্ব্বকামসমৃদ্ধার্থং মেনে সোত্মানমাত্মনা ॥৪২॥
পৌরবেষু ততঃ পুত্রং রাজ্যার্থমভয়প্রদম্।
গুণবন্তং মহাত্মানং যৌবরাজ্যেহভ্যষেচয়ৎ ॥৪৩॥
পৌরান্ স শান্তনোঃ পুত্রঃ পিতরঞ্চ মহাযশাঃ।
রাষ্ট্রঞ্চ রঞ্জয়ামাস বৃত্তেন ভরতর্ষভ ॥৪৪॥
স তথা সহ পুত্রেণ রমমাণো মহীপতিঃ।
বর্ত্তয়ামাস বর্ষাণি চত্বার্য্যমিতবিক্রমঃ ॥৪৫॥
স কদাচিদ্বনং যাতো যমুনামভিতো নদীম্।
মহীপতিরনির্দ্দেশ্যমাজিঘ্রদ্‌গন্ধমুত্তমম্ ॥৪৬॥

ভারতকৌমুদী

তয়েতি। তয়া গঙ্গয়া। ভ্রাজমানং দীপ্যমানম্, আদিত্যং সূর্য্যম্ ॥৪১॥

পৌরর ইতি। স পৌররঃ শান্তনুঃ, আত্মনা মনসা, আত্মানং স্বম্, সর্ব্বেষাং কামানাম্ অভিলাষাণাং সমৃদ্ধ সম্পন্নঃ অর্থো বিষয়ো যস্য তম্। সোত্মানমিতি বিসর্গস্যোত্বমার্ষম্ ॥৪২॥

পৌরবেষ্বিতি। পৌরবেষু পুরুবংশীয়জ্ঞাতিষু মধ্যে স্থিত্বা। রাজ্যার্থং রাজ্যমঙ্গলার্থম্ ॥৪৩॥

পৌরানিতি। পৌরান্ পুরবাসিনো জনান্। বৃত্তেন ব্যবহারেণ ॥৪৪॥

স ইতি। মহীপতিঃ শান্তনুঃ, রমমাণ আনন্দন্। বর্ত্তয়ামাস অতিবাহয়ামাস ॥৪৫॥

বৈশম্পায়ন বলিলেন—গঙ্গা এইরূপ আদেশ করিলে, শান্তনু রাজা, দীপ্তিমান্ সূর্য্যের ন্যায় পুত্রটীকে লইয়া আপন ভবনে আগমন করিলেন ॥৪১॥

শান্তনু রাজা ইন্দ্রভবনতুল্য আপন ভবনে যাইয়া, মনে মনে আপনাকে পূর্ণকাম বলিয়া ভাবিতে লাগিলেন ॥৪২॥

তাহার পর শান্তনু জ্ঞাতিগণের মধ্যে থাকিয়া, গুণবান্, উদারচেতা ও অভয়দাতা সেই পুত্রটীকে রাজ্যের মঙ্গলের জন্য যৌবরাজ্যে অভিষিক্ত করিলেন ॥৪৩॥

শান্তনুর সেই যশস্বী পুত্র দেবব্রত আপন ব্যবহারে পিতাকে, পুরবাসীদিগকে এবং রাজ্যের সমস্ত লোককে অনুরক্ত করিয়া ফেলিলেন ॥৪৪॥

রাজা সেই পুত্রের সহিত আনন্দ অনুভব করিতে থাকিয়া সেইভাবে চারি বৎসর অতিবাহিত করিলেন ॥৪৫॥

---

(৪১) ..স্বপুরং প্রতি।

তস্য প্রভবমন্বিচ্ছন্ বিচচাব সমন্ততঃ।
স দদর্শ তদা কন্যাং দাসানাং দেবরূপিণীম্ ॥৪৭॥
তামপৃচ্ছৎ স দৃষ্ট্বৈব কন্যামাযতলোচনাম্।
কস্য ত্বমসি কা বাসি কিঞ্চ ভীরু। চিকীর্ষসি ॥৪৮॥
সাব্রবীদ্দাসকন্যাস্মি ধর্ম্মার্থং বাহযে তবিম্।
পিতুর্নিযোগাদ্ভদ্রন্তে দাসবাজ্ঞো মহাত্মনঃ ॥৪৯॥
রূপমাধুর্য্যগন্ধৈস্তাং সংযুক্তাং দেবরূপিণীম্।
সমীক্ষ্য বাজা দাসেযীং কামযামাস শান্তনুঃ ॥৫০॥

ভাবতকৌমুদী

স ইতি। অভিতঃ সন্নিহিতামিত্যর্থঃ। "তসোভযাভিপবিসর্ব্বৈঃ" ইতি দ্বিতীযা ॥৪৬॥

তস্যেসি। তস্য গন্ধস্য, প্রভবত্যস্মাদিতি প্রভব উৎপত্তিস্থানং তম্, অন্বিচ্ছন্ মার্গযন্ ॥৪৭॥

তামিতি। স শান্তনুঃ। কিঞ্চ কার্য্যম্ ॥৪৮॥

সেতি। দাসস্য কৈবর্ত্তস্য কন্যাস্মি। তে তব ভদ্রমস্তু। দাসবাজ্ঞ ইতি সমাসান্তবিধেবনিত্যত্বাদদন্তত্বাভাবঃ ॥৪৯॥

রূপেতি। রূপং সৌন্দর্য্যম্, মাধুর্য্যং লাবণ্যম্, গন্ধঃ সৌবভঞ্চ তৈঃ সংযুক্তামন্বিতাম্ ॥৫০॥

ভাবতভাবদীপঃ

অঙ্গিবসঃ পুত্রো বৃহস্পতিঃ ॥৩৭—৪১॥ সোঽত্মানং স আত্মানম্ ॥৪২—৪৬॥ দাশানাং

তাহাব পব কোন সময়ে শান্তনু বাজা যমুনানদীব তীববর্ত্তী বনে যাইযা, অনির্বচনীয় একপ্রকাব উৎকৃষ্ট গন্ধ অনুভব কবিলেন ॥৪৬॥

সেই গন্ধেব উৎপত্তিস্থান কোথায, তাহা অন্বেষণ কবিতে থাকিযা তিনি সকল দিকে বিচবণ কবিতে লাগিলেন। তখন দেবতাব ন্যায সুন্দবী একটী কন্যাকে দেখিতে পাইলেন ॥৪৭॥

তিনি সেই দীর্ঘনযনা কন্যাটীকে দেখিযাই তাহাকে জিজ্ঞাসা কবিলেন—"তুমি কাহাব কন্যা? তোমাব নাম কি। তুমি কিই বা কবিতে ইচ্ছা কবিতেছ?" ॥৪৮॥

সেই কন্যাটী বলিল—"আমি কৈবর্ত্তেব কন্যা, আমাব পিতা মহাত্মা দাসবাজেব আদেশে আমি ধর্ম্মেব জন্য নৌকা বাহিতেছি, আপনাব মঙ্গল হউক" ॥৪৯॥

শান্তনু সেই দাসকন্যাটীকে কোন দেবীব ন্যায রূপ, লাবণ্য ও সৌবভযুক্ত দেখিযাই তাহাব সহিত সম্ভোগ কবিবাব ইচ্ছা কবিলেন ॥৫০॥

---

(৪৭)…দাশানাম্…। (৪৮)…অসিতলোচনাম্…কা চাসি।

স গত্বা পিতরং তস্যা বরয়ামাস তাং তদা।
স চ তং প্রত্যুবাচেদং দাসরাজো মহীপতিম্ ॥৫১॥
জাতমাত্রৈব মে দেয়া বরায় বরবর্ণিনী।
হৃদি কামস্তু মে কশ্চিত্তং নিবোধ জনাধিপ ! ॥৫২॥
যদীমাং ধর্ম্মপত্নীং ত্বং মত্তঃ প্রার্থয়সেঽনঘ ! ।
সত্যবাগসি সত্যেন সময়ং কুরু মে ততঃ ॥৫৩॥
সময়েন প্রদদ্যাং তে কন্যামেতামহং নৃপ ! ।
নহি মে ত্বৎসমঃ কশ্চিদ্বরো জাতু ভবিষ্যতি ॥৫৪॥

শান্তনুরুবাচ।

শ্রুত্বা তব বরং দাস ! ব্যবস্যেয়মহং তব।
দাতব্যং তে প্রদাস্যামি ন ত্বদেয়ং কথঞ্চন ॥৫৫॥

ভারতকৌমুদী

স ইতি। তস্যাঃ কন্যায়াঃ। বরয়ামাস প্রার্থয়ামাস। যাচনার্থত্বাদ্দ্বিকর্ম্মকত্বম্ ॥৫১॥
জাতেতি। জাতমাত্রৈব যতো জাতা ততো এবেত্যর্থঃ। বরবর্ণিনী কন্যা ॥৫২॥
যদীতি। ধর্ম্মপত্নীম্, ন পুনঃ কেবলভোগ্যামিত্যাশয়ঃ। সময়ং শপথম্ ॥৫৩॥
সময়েনেতি। সময়েন শপথেন। বরো জামাতা, জাতু কদাচিৎ ॥৫৪॥
শ্রুত্বেতি। বরমভিলাষম্। তব, ব্যবস্যেয়ং তমভিলাষং পূরয়িতুং প্রবর্ত্তেয়। দাতব্যং দানযোগ্যম্। অদেয়ং দানাযোগ্যম্, ন তু প্রদাস্যামীত্যন্বয়ঃ ॥৫৫॥

ভারতভাবদীপঃ

ধীবরাণাম্ ॥৪৭॥ তরীং নাবম্ ॥৪৮—৫৪॥ ব্যবস্যেয়ং বিনিশ্চিনুয়াং দেয়ং ন বেতি ॥৫৫—৫৬॥

এবং তখনই যাইয়া তিনি তাহার পিতার নিকট তাহাকে প্রার্থনা করিলেন। সে দাসরাজও শান্তনুরাজার নিকট এই প্রত্যুত্তর করিলেন—॥৫১॥

"মহারাজ ! কন্যা যখন জন্মিয়াছে, তখন অবশ্যই তাহাকে বরের হস্তে দান করিতে হইবে; কিন্তু আমার মনে কোন অভিলাষ আছে তাহা আপনি শুনুন ॥৫২॥

আপনি যদি ইহাকে ধর্ম্মপত্নীরূপে আমার নিকট প্রার্থনা করেন, তবে আপনি সত্যবাদী বলিয়া সত্য করিয়া আমার নিকট শপথ করুন ॥৫৩॥

মহারাজ ! আপনি শপথ করিলেই আমি আপনার হস্তে এই কন্যাটীকে দান করিব। কারণ, কোন কালেই আপনার তুল্য অন্য কোন জামাতা আমার হইতে পারে না" ॥৫৪॥

(৫১) অস্য উভয়োরর্দ্ধয়োর্মধ্যে ক্বচিদিদং পাদদ্বয়ং পঠিতম্—"পর্য্যপৃচ্ছত্ততস্তস্যাঃ পিতরং সোঽত্মকারণাৎ"। (৫৫) শ্রুত্বা তে বচনং দাস ! ··ব্যবস্যেয়মহং নবা··· ।

দাস উবাচ।

অস্যাং জায়েত যঃ পুত্রঃ স রাজা পৃথিবীপতে!।
ত্বদূর্দ্ধমভিষেক্তব্যো নান্যঃ কশ্চন পার্থিব! ॥৫৬॥

বৈশম্পায়ন উবাচ।

নাকাময়ত তং দাতুং বরং দাসায় শান্তনুঃ।
শরীরজেন তীব্রেণ দহ্যমানোঽপি ভারত! ॥৫৭॥
স চিন্তয়ন্নেব তু তাং দাসকন্যাং মহীপতিঃ।
প্রত্যয়াদ্ধাস্তিনপুরং কামোপহতচেতনঃ ॥৫৮॥
ততঃ কদাচিচ্ছোচন্তং শান্তনুং ধ্যানমাস্থিতম্।
পুত্রো দেবব্রতোঽভ্যেত্য পিতরং বাক্যমব্রবীৎ ॥৫৯॥
সর্ব্বতো ভবতঃ ক্ষেমং বিধেয়াঃ সর্ব্বপার্থিবাঃ।
তৎ কিমর্থমিহাভীক্ষ্ণমভিশোচসি দুঃখিতঃ ॥৬০॥

ভারতকৌমুদী

অস্যামিতি। ত্বদূর্দ্ধং ত্বৎপরম্, স এব রাজা ভবিষ্যতীতি নিশ্চিত্যাভিষেক্তব্যঃ ॥৫৬॥
নেতি। শরীরজেন কামেন। নাকাময়ত নৈচ্ছৎ, গাঙ্গেয়বঞ্চনসম্ভবাদিতি ভাবঃ ॥৫৭॥
স ইতি। কামেন উপহতচেতনো মুগ্ধপ্রায়ঃ। অযাৎ অগচ্ছৎ ॥৫৮॥
তত ইতি। আস্থিতম্ আশ্রিতম্। দেবব্রতো গাঙ্গেয়ঃ ॥৫৯॥
সর্ব্বত ইতি। ক্ষেমং মঙ্গলমাস্তে। বিধেয়া বশবর্ত্তিনঃ। অভীক্ষ্ণং সর্ব্বদা ॥৬০॥

শান্তনু বলিলেন—"দাসরাজ! তোমরা অভিলাষ কি, তাহা শুনিয়াই আমি তাহা পূর্ণ করিতে প্রবৃত্ত হইব, কিন্তু দানের যোগ্য হইলেই, তাহা তোমাকে দিব; আর, দানের যোগ্য না হইলে, কিছুতেই তাহা দিতে পারিব না" ॥৫৫॥

দাসরাজ বলিলেন—"ইহার গর্ভে যে পুত্র জন্মিবে, আপনার পরে সে-ই রাজা হইবে; এইভাবে তাহাকেই যৌবরাজ্যে অভিষিক্ত করিতে হইবে; কিন্তু অন্য কাহাকেও ভাবী রাজা বলিয়া অভিষিক্ত করিতে পারিবেন না" ॥৫৬॥

বৈশম্পায়ন বলিলেন—মহারাজ! শান্তনু তীব্র কামানলে দগ্ধ হইতে থাকিয়াও, ধীবরকে সে বর দান করিতে ইচ্ছা করিলেন না ॥৫৭॥

কিন্তু তিনি কামবেদনায় মূর্চ্ছিতপ্রায় হইয়া, সেই দাসকন্যাকেই চিন্তা করিতে থাকিয়া, হস্তিনাপুরে চলিয়া গেলেন ॥৫৮॥

তাহার পর কোন সময়ে শান্তনু মনে মনে শোক করিতেছিলেন এবং ধ্যান অবলম্বন করিয়াই যেন অবস্থান করিতেছিলেন; এই সময়ে পুত্র দেবব্রত আসিয়া তাঁহাকে বলিলেন—॥৫৯॥

ধ্যায়ন্নিব চ মাং বাজন্। নাভিভাষসি কিঞ্চন।
ন চাশ্বেন বিনির্যাসি বিবর্ণো হবিণঃ কৃশঃ ॥৬১॥
ব্যাধিমিচ্ছামি তে জ্ঞাতুং প্রতিকুর্য্যাং হি তত্র বৈ।
এবমুক্তঃ স পুত্রেণ শান্তনুঃ প্রত্যভাষত ॥৬২॥
অসংশয়ং ধ্যানপবং যথা মাত্থ তথা শৃণু।
অপত্যং নস্ত্বমেবৈকঃ কুলে মহতি ভাবত। ॥৬৩॥
শস্ত্রনিত্যশ্চ সততং পৌরুষে পর্য্যবস্থিতঃ।
অনিত্যতাঞ্চ মর্ত্ত্যানামনুশোচামি পুত্রক! ॥৬৪॥
কথঞ্চিত্তব গাঙ্গেয়! বিপত্তৌ নাস্তি নঃ কুলম্।
অসংশয়ং ত্বমেবৈকঃ শতাদপি ববঃ সুতঃ ॥৬৫॥

ভাবতকৌমুদী

ধ্যাযন্নিতি। অভিভাষসীতি পবস্মৈপদমার্ষম্। হবিণঃ পাণ্ডুববর্ণঃ ॥৬১॥
ব্যাধিমিতি। তত্র ব্যাধৌ জ্ঞাত এব প্রতিকুর্য্যাং প্রতিকাবং কর্ত্তুং শক্নুযাম্ ॥৬২॥
অসংশযমিতি। মা মাম্, আত্থ ব্রবীষি। নঃ অস্মাকম্ ॥৬৩॥
শস্ত্রেতি। শস্ত্রমেব নিত্যং নিত্যব্যবহার্য্যং যস্য সঃ। অনিত্যতাং নশ্ববতাম্ ॥৬৪॥

"পিতৃদেব! সকল দিকেই আপনাব মঙ্গল দেখিতেছি এবং সকল বাজাই আপনাব বশবর্ত্তী বহিযাছেন; তবে আপনি কি জন্য দুঃখিতেব ন্যায সর্ব্বদা শোক কবিতেছেন? ॥৬০॥

মহাবাজ! আপনি ধ্যানীব ন্যায থাকিযা আমাকে কোন কথাই বলেন না এবং অশ্বাবোহণ কবিযা বহির্গত হন না; এদিকে শবীরটী কান্তিহীন, পাণ্ডুববর্ণ ও কৃশ হইযা গিয়াছে ॥৬১॥

আপনাব বোগটা কি তাহা জানিতে ইচ্ছা কবি, কেন না, তাহা জানিলে তাহাব প্রতিকাব কবিতে পাবিব।" পুত্র এইৰূপ বলিলে, শান্তনু প্রত্যুত্তব কবিলেন—॥৬২॥

"বৎস! তুমি যে আমাকে ধ্যানতৎপব বলিতেছ, তাহা নিশ্চয, তবে তাহাব কাবণ শোন—আমাদেব এই বিশাল বংশে একমাত্র তুমিই সন্তান ॥৬৩॥

অথচ তুমি সর্ব্বদাই নিজেব পুরুষকাব অবলম্বন কবিয়া থাক এবং সর্ব্বদাই অস্ত্র ব্যবহাব কব; এদিকে মনুষ্যও স্থাযী নহে, এই সমস্ত ভাবিয়া আমি শোকার্ত্ত হইযা পডিযাছি ॥৬৪॥

---

(৫৮) স চিন্তযন্নেব তদা··। (৬০)···পবিশোচসি দুঃখিতঃ। ৬১-৬২ শ্লোকযোর্মধ্যবর্ত্তি পাদচতুষ্টযং বতিপযপুস্তকে ন দৃশ্যতে। (৬৩)···যথা বৎস। তথা শৃণু,···যথা মাত্থ তথা শ্রুতঃ। (৬৪)···ধূর্য্যবস্থিতঃ।

ত্বঞ্চ শূরঃ সদামর্ষী শস্ত্রনিত্যশ্চ ভারত ! ।
নান্যত্র যুদ্ধাত্তস্মাত্তে নিধনং বিদ্যতে ক্বচিৎ ॥৭০॥
সোঽস্মি সংশয়মাপন্নস্ত্বয়ি শান্তে কথং ভবেৎ ।
ইতি তে কারণং তাত ! দুঃখস্যোক্তমশেষতঃ ॥৭১॥
বৈশম্পায়ন উবাচ ।
ততস্তৎ কারণং রাজ্ঞো জ্ঞাত্বা সর্ব্বমশেষতঃ ।
দেবব্রতো মহাবুদ্ধিঃ প্রযযাবনুচিন্তয়ন্ ॥৭২॥

ভারতকৌমুদী

যদিতি। অপত্যম্, যৎ ঈদৃশং সর্ব্বকল্যাণসাধনম্, তত্র মে সংশযো নাস্তি। যেন হি, এষা এতদ্বিষয়িকা, ত্রয়ী—"সোঽয়ং লোকঃ পুত্রেণৈব জয্যঃ" ইত্যাদিরূপো বেদঃ, পুরাণানাং মন্দপালাদীনাং প্রাচীনানাং দেবতানাঞ্চ, শাশ্বতী চিরসম্মতা ॥৬৯॥

ত্বমিতি। মর্ষী যুদ্ধসহঃ। যুদ্ধ এব নিধনং সম্ভবতি, তচ্চ সামাদিনা নিবার্য্যমিতি ভাবঃ ॥৭০॥

স ইতি। শান্তে নিবৃত্তে মৃতে ইত্যর্থঃ। কথংকুলস্য কীদৃশী অবস্থা ॥৭১॥

তত ইতি। অশেষত আদিতঃ। কারণং কস্যাঞ্চিৎ স্ত্রিয়ামাসক্তিরূপম্। অতএব মহাবুদ্ধিরিতি বিশেষণম্। অনুচিন্তযন্ তৎ কারণমেবেতি সম্বন্ধঃ ॥৭২॥

ভারতভাবদীপঃ

হসারঙ্কাধিরোহতি ॥" ইতি মন্ত্রলিঙ্গাৎ ॥৬৮॥ অপত্যং শ্রেয়ঃসাধনমিতি যৎ, তত্র মে সংশযো নাস্তি। তস্মাৎ মন্দপালবৎ যথাকথঞ্চিৎ প্রজোৎপাদনং কর্ত্তব্যমিতি ভাবঃ ত্রয়ী বেদঃ। সোঽয়ং লোকঃ পুত্রেণৈব জয্যো নান্যেন কর্ম্মণা। কর্ম্মণা পিতৃলোকে

গাঙ্গেয় ! সন্তান যে সর্ব্বকল্যাণকর, এবিষয়ে আমার কোন সন্দেহ নাই। কারণ, এবিষয়ের বেদ প্রাচীনরাও স্বীকার করিয়া গিয়াছেন, দেবতারাও স্বীকার করেন ॥৬৯॥

তুমি বীর, সর্ব্বদা যুদ্ধ করিতে সমর্থ এবং সর্ব্বদা অস্ত্র ব্যবহারও করিয়া থাক ; সুতরাং যুদ্ধব্যতীত অন্য কোন কারণে তোমার মৃত্যু ঘটিবে না ॥৭০॥

সুতরাং. বৎস ! আমি এই সংশয়াপন্ন হইয়াছি যে, তোমার অভাবে আমাদের বংশের কি অবস্থা হইবে। এই তোমার নিকট আমার দুঃখের সমস্ত কারণ বলিলাম" ॥৭১॥

বৈশম্পায়ন বলিলেন—তাহার পর, অত্যন্ত বুদ্ধিমান্ দেবব্রত শান্তনুর সেই দুঃখের কারণ সমস্ত বুঝিতে পারিয়া; সেই বিষয় চিন্তা করিতে করিতে চলিয়া গেলেন ॥৭২॥

---

(৭০)···বিদ্যতেঽনঘ।। (৭২) ··জ্ঞাত্বা কৃৎস্নমেবমশেষতঃ···প্রজ্ঞয়া চাম্বচিন্তয়ৎ।

অভ্যগচ্ছত্তদা চাশু বৃদ্ধামাত্যং পিতুর্হিতম্।
তমপৃচ্ছত্ততোঽভ্যেত্য পিতুস্তচ্ছোককাবণম্ ॥৭৩॥
তস্মৈ স কুরুমুখ্যায় যথাবৎ পবিপৃচ্ছতে।
বরং শশংস কন্যাং তামুদ্দিশ্য ভরতর্ষভ। ॥৭৪॥
ততো দেবব্রতো বৃদ্ধৈঃ ক্ষত্রিয়ৈঃ সহিতস্তদা।
অভিগম্য দাসবাজং কন্যাং বব্রে পিতুঃ স্বয়ম্ ॥৭৫॥
তং দাসঃ প্রতিজগ্রাহ বিধিবৎ প্রতিপূজ্য চ।
অব্রবীচ্চৈনমাসীনং বাজসংসদি ভাবতম্ ॥৭৬॥
ত্বমেব নাথঃ পর্য্যাপ্তঃ শান্তনোঃ পুরুষর্ষভ।।
পুত্রঃ শস্ত্রভৃতাং শ্রেষ্ঠঃ কিন্নু বক্ষ্যামি তে বচঃ ॥৭৭॥

ভাবতকৌমুদী

অভ্যগচ্ছদিতি। হিতং হিতৈষিণম্ ॥৭৩॥
তস্মা ইতি। তাং কন্যাং সত্যবতীমুদ্দিশ্য, ববং শান্তনোবভিলাষম্, শশংস উবাচ ॥৭৪॥
তত ইতি। পিতুবর্থে, বব্রে যযাচে ॥৭৫॥
তমিতি। প্রতিজগ্রাহ সাদবং নিনায। বাজসংসদি দাসবাজস্যৈব সভাযাম্ ॥৭৬॥
ত্বমিতি। নাথো বার্দ্ধকে বক্ষকঃ, পর্য্যাপ্তো যথেষ্টঃ ॥৭৭॥

ভারতভাবদীপঃ

বিগ্রয়া দেবলোক ইত্যাদিরূপঃ। পুবাণানাং মূলভূতা দেবতানাং প্রমাণভূতা ॥৬৯—৭৬॥

এবং তখনই পিতাব হিতৈষী বৃদ্ধ মন্ত্রীব নিকট যাইয়া উপস্থিত হইলেন; উপস্থিত হইয়া তাঁহাব নিকট পিতাব শোকেব কাবণ জিজ্ঞাসা কবিলেন ॥৭৩॥

ভবতশ্রেষ্ঠ জনমেজয়! সেই বৃদ্ধ মন্ত্রী, দেবব্রতেব নিকট বলিলেন যে, "দাসকন্যা সত্যবতীকে লক্ষ্য কবিয়া মহারাজ শান্তনুব অভিলাষ জন্মিয়াছে" ॥৭৪॥

তাহাব পব, দেবব্রত বৃদ্ধ ক্ষত্রিয়গণেব সহিত মিলিত হইয়া তখনই দাসবাজেব নিকট যাইযা, পিতাব জন্য নিজেই সত্যবতীকে প্রার্থনা কবিলেন ॥৭৫॥

তখন দাসরাজ আদবেব সহিত দেবব্রতকে আপন সভায় নিযা গেলেন এবং যথাবিধানে তাঁহার পূজা কবিয়া, সভায় উপবিষ্ট দেবব্রতকে বলিলেন—॥৭৬॥

"হে পুরুষশ্রেষ্ঠ! আপনি মহাবাজ শান্তনুব পুত্র, বিশেষতঃ আপনি এখন অস্ত্রধাবিশ্রেষ্ঠ হইযাছেন, সুতবাং আপনিই মহাবাজেব উপযুক্ত অবলম্বন আছেন. সুতরাং আপনাকে আমি আব কি বলিব ॥৭৭॥

---

(৭৬)…রাজসংসদি ভারত।।

কো হি সম্বন্ধকং শ্লাঘ্যমীপ্সিতং যৌনমীদৃশম্ ।
অতিক্রামন্ন তপ্যেত সাক্ষাদপি শতক্রতুঃ ॥৭৮॥
অপত্যঞ্চৈতদার্য্যস্য যো যুষ্মাকং সমো গুণৈঃ ।
যস্য শুক্রাৎ সত্যবতী সম্ভূতা ববর্ণিনী ॥৭৯॥
তেন মে বহুশস্তাত। পিতা তে পবিকীর্ত্তিতঃ ।
অর্হঃ সতবতীং বোঢ়ুং ধর্ম্মজ্ঞঃ স নরাধিপঃ ॥৮০॥
অসিতো হ্যপি দেবর্ষিঃ প্রত্যাখ্যাতঃ পুবা ময়া ।
সত্যবত্যা ভৃশং চার্থী স আসীদৃষিসত্তমঃ ॥৮১॥
কন্যাপিতৃত্বাৎ কিঞ্চিত্তু বক্ষ্যামি ত্বাং নবাধিপ ! ।
বলবৎসপত্নতামত্র দোষং পশ্যামি কেবলম্ ॥৮২॥

ভাবতকৌমুদী

ক ইতি। যোনেবযমিতি যৌনস্তং বৈবাহিকমিত্যর্থঃ। শতক্রতুবিন্দ্রঃ ॥৭৮॥
অপত্যমিতি। এতৎ সত্যবতীৰূপম্। আর্য্যস্য কুলীনস্য উপবিচববাজস্য ॥৭৯॥
তেনেতি। তেন উপবিচবেণ বাজ্ঞা। বোঢ়ুং পবিণেতুম্। স শান্তনুঃ ॥৮০॥
অসিত ইতি। অসিতো নাম। আসীৎ ভূলোকস্থেষু ঋষিষু মধ্য ইত্যর্থঃ ॥৮১॥
কন্যেতি। অত্র বিবাহে, বলবান্ সপত্নঃ শত্রুর্যস্মিন্ তস্য ভাবস্তাম্। অক্ষবাধিক্যমার্ষম্ ॥৮২॥

কোন ব্যক্তি এইৰূপ শ্লাঘ্য ও অভীষ্ট বৈবাহিক সম্বন্ধ প্রত্যাখ্যান কবিযা অতনুপ্ত না হয? সাক্ষাৎ ইন্দ্রও এইৰূপ সম্বন্ধ প্রত্যাখ্যান করিযা অনুতপ্ত হন ॥৭৮॥

এই সন্তানটী মহাকুলসম্ভূত বাজা উপবিচবেব; যিনি কৌলীন্যপ্রভৃতি গুণে আপনাদেবই সমকক্ষ এবং যাঁহাব ঔবসে উৎকৃষ্ট নাবী এই সত্যবতী জন্মিযাছেন ॥৭৯॥

বাবা। সেই উপবিচব বাজা বহুবাব আমাব নিকট আপনাব পিতাব বর্ণনা কবিযা বলিযাছেন যে, ধার্ম্মিক বাজা সেই শান্তনুই সত্যবতীকে বিবাহ কবিবাব যোগ্য ॥৮০॥

তাব পব, দেবর্ষি অসিতও সত্যবতীব বিশেষপ্রার্থী হইয়াছিলেন। তিনি ভূমণ্ডলেব ঋবিগণ অপেক্ষা প্রধানই ছিলেন; তথাপি তাঁহাকে আমি প্রত্যাখ্যান কবিয়াছি ॥৮১॥

(৭৯) অপত্যঞ্চ তদার্য্যস্য···। (৮০) ··বোঢ়ুং সর্ব্ববাজসু ভাবত।।
(৮১) ভৃশং হ্যর্থী স হি ব্রহ্মর্ষিসত্তমঃ। (৮২)···কন্যাকৃতে তু কিঞ্চিত্তু।

যস্য হি ত্বং সপত্নঃ স্যা গন্ধর্ব্বস্যাসুরস্য বা।
ন স জাতু সুখং জীবেত্ত্বয়ি ক্রুদ্ধে পরন্তপ। ॥৮৩॥
এতাবানত্র দোষো হি নান্যঃ কশ্চন পার্থিব।।
এতজ্জানীহি ভদ্রং তে দানাদানে পরন্তপ। ॥৮৪॥

বৈশম্পায়ন উবাচ।

এবমুক্তস্তু গাঙ্গেয়স্তদ্যুক্তং প্রত্যভাষত।
শৃণ্বতাং ভূমিপালানাং পিতুরর্থায় ভারত! ॥৮৫॥
ইদং মে ব্রতমাদৎস্ব সত্যং সত্যবতাং বর।।
নৈব জাতো ন চাজাত ঈদৃশং বক্তুমুৎসহেৎ ॥৮৬॥

ভারতকৌমুদী

নন্বু কোঽসৌ সপত্ন ইত্যাহ—যস্যেতি। সপত্নঃ শত্রুঃ। জাতু কদাচিৎ ॥৮৩॥

এতাবানিতি। দানে এতৎ বলবৎসপত্নত্বাভাবরূপং কারণম্, অদানে চ এতৎ বলবৎসপত্নত্ব-রূপং কারণম্। দানাদানে ইতি সমাহারদ্বন্দ্বৈকবদ্ভাবঃ ॥৮৪॥

এবমিতি। তস্য দাসরাক্যস্য যুক্তং যোগ্যম্। ভূমিপালানাং সহচরাণাং ক্ষত্রিয়াণাং মধ্যে ॥৮৫॥

ইদমিতি। সত্যং সত্যরূপং ব্রতম্, আদৎস্ব কর্ণাভ্যাং গৃহাণ শৃণ্বিত্যর্থঃ। জাত উৎপন্নঃ। এতেনাতীতবর্ত্তমানযোরুভয়োরপি গ্রহণম্। অজাত উৎপৎস্যমানো জনঃ। উৎসহেৎ শক্নুয়াৎ ॥৮৬॥

কিন্তু রাজকুমার। কন্যার পিতা বলিয়া আমি আপনাকে কিছু বলিব। আমি এই বিবাহে একমাত্র দোষ দেখিতেছি যে, প্রবল শত্রু দাঁড়াইবে ॥৮২॥

কারণ, আপনি শত্রু হইয়া যাহার প্রতি ক্রুদ্ধ হইবেন, সে গন্ধর্ব্বই হউক, আর অসুরই হউক, কখনও সুখে জীবনযাপন করিতে পারিবে না ॥৮৩॥

শত্রুতাপক রাজকুমার! এ বিবাহে এই মাত্র দোষ, অন্য কোন দোষ নাই, সুতরাং সত্যবতীকে দেওয়া বা না দেওয়া সম্বন্ধে ইহাই কারণ জানিবেন। আপনার মঙ্গল হউক” ॥৮৪॥

বৈশম্পায়ন বলিলেন—মহারাজ! দাসরাজ এইরূপ বলিলে, গাঙ্গেয় আপন পিতার জন্য দাসরাজের কথার উপযুক্ত প্রত্যুত্তরই করিলেন. তাহা সঙ্গী ক্ষত্রিয়েরা শুনিতে লাগিলেন—॥৮৫॥

“হে সত্যবাদিশ্রেষ্ঠ দাসরাজ! আপনি আমার এই সত্য প্রতিজ্ঞা শ্রবণ করুন। অতীতে কোনও লোক এইরূপ বলিতে সমর্থ হয় নাই। বর্ত্তমান অথবা ভাবী আর কোন লোকই এরূপ বলিতে সমর্থ হইবে না ॥৮৬॥

---

(৮৩) ন স জাতু চিরং জীবেৎ...।

এবমেতৎ করিষ্যামি যথা ত্বমনুভাষসে।
যোঽস্যাং জনিষ্যতে পুত্রঃ স নো রাজা ভবিষ্যতি ॥৮৭॥
ইত্যুক্তঃ পুনরেবাথ তং দাসঃ প্রত্যভাষত।
চিকীর্ষুর্দুষ্করং কর্ম্ম রাজ্যার্থে ভরতর্ষভ ! ॥৮৮॥
ত্বমেব নাথঃ পর্য্যাপ্তঃ শান্তনোরমিতদ্যুতেঃ।
কন্যায়াশ্চৈব ধর্ম্মাত্মন্ ! প্রভুর্দানায় চেশ্বরঃ ॥৮৯॥
ইদন্তু বচনং সৌম্য ! কার্য্যঞ্চৈব নিবোধ মে !
কৌমারিকাণাং শীলেন বক্ষ্যাম্যহমরিন্দম ! ॥৯০॥
যত্ত্বয়া সত্যবত্যর্থে সত্যধর্ম্মপরায়ণ ! ।
রাজমধ্যে প্রতিজ্ঞাতমনুরূপং তবৈব তৎ ॥৯১॥
নান্যথা তন্মহাবাহো ! সংশয়োঽত্র ন কশ্চন।
তবাপত্যং ভবেদ্‌যত্তু তত্র নঃ সংশযো মহান্ ॥৯২॥

ভারতকৌমুদী

এবমিতি। অস্যাং সত্যবত্যাম্। নঃ অস্মাকম্ ॥৮৭॥

ইতীতি। তং গাঙ্গেযম্। সত্যবতীপুত্রস্য রাজ্যার্থে ॥৮৮॥

ত্বমিতি। পূর্ব্বার্দ্ধং প্রাগ্‌ব্যাখ্যাতম্। কন্যাযাঃ সত্যবত্যাঃ, প্রভুস্ত্বমেব নিযোক্তা, অতএব তস্যা দানায চ ত্বমেব ঈশ্বরঃ সমর্থঃ। অতঃ স্বপিত্রে বা অন্যস্মৈ বা তাং দাতুমর্হসীতি ভাবঃ ॥৮৯॥

ইদমিতি। কৌমারিকাণাং কুমার্য্যা সংস্পৃষ্টানাং তৎপিত্রাদীনাম্, শীলেন স্বভাবেন ॥৯০॥

যদিতি। সত্যবত্যর্থে পিতুস্তল্লাভার্থে। রাজ্ঞাং সহচরক্ষত্রিযাণাং মধ্যে ॥৯১॥

আপনি যেরূপ বলিলেন, তদনুসারে আমি এইরূপই ইহা করিব যে, সত্যবতীর গর্ভে যে পুত্র জন্মিবে, সে-ই আমাদের রাজা হইবে" ॥৮৭॥

গাঙ্গেয় এই কথা বলিলে, সত্যবতীপুত্রের রাজ্যের জন্য দাসরাজ দুষ্কর কার্য্য করিবার ইচ্ছা করিয়া পুনরায় গাঙ্গেয়কে বলিলেন—॥৮৮॥

"হে ধার্ম্মিক ! আপনি, অসাধারণ প্রভাবশালী শান্তনু রাজার উপযুক্ত অবলম্বন ত আছেনই, এখন এই সত্যবতীরও প্রভু হইলেন ; সুতরাং এখন আপনিই উহাকে দান করিতে সমর্থ ॥৮৯॥

কিন্তু হে সৌম্যমূর্ত্তি ! আপনি আমার এই অবশ্যবক্তব্য কথাটা শুনুন। হে অরিন্দম ! আমি ইহা কন্যাপক্ষীয়ের স্বভাব অনুসারেই বলিব ॥৯০॥

হে সত্যধর্ম্মপরায়ণ ! আপনি সত্যবতীর জন্য রাজগণের মধ্যে যে প্রতিজ্ঞা করিয়াছেন, তাহা আপনারই অনুরূপ হইয়াছে ॥৯১॥

---

(৯২)···মহাবাহো···ভবেদ্‌যস্তু···।

বৈশম্পায়ন উবাচ।

তস্যৈতন্মতমাজ্ঞায় সত্যধর্ম্মপরায়ণঃ।
প্রত্যজানাত্তদা রাজন্! পিতুঃ প্রিয়চিকীর্ষয়া ॥৯৩॥

গাঙ্গেয় উবাচ।

দাসরাজ! নিবোধেদং বচনং মে নরোত্তম!।
শৃণ্বতাং ভূমিপালানাং যদ্‌ব্রবীমি পিতুঃ কৃতে ॥৯৪॥
রাজ্যং তাবৎ পূর্ব্বমেব ময়া ত্যক্তং নরাধিপাঃ!।
অপত্যহেতোরপি চ করিষ্যেঽহ্য বিনিশ্চয়ম্ ॥৯৫॥
অদ্য প্রভৃতি মে দাস! ব্রহ্মচর্য্যং ভবিষ্যতি।
অপুত্রস্যাপি মে লোকা ভবিষ্যন্ত্যক্ষয়া দিবি ॥৯৬॥

ভারতকৌমুদী

নেতি। তত্তব প্রতিজ্ঞাবচনম্, অন্যথা মিথ্যা ন ভবিষ্যতি। অপত্যং পুত্রঃ ॥৯২॥

তস্যেতি। তস্য দাসরাজস্য। সত্যধর্ম্মপরায়ণো গাঙ্গেয়ঃ। প্রত্যজানাৎ প্রতিজ্ঞাতবান্ ॥৯৩॥

দাসেতি। শৃণ্বতাং ভূমিপালানাং ক্ষত্রিয়াণাং মধ্যে। কৃতে নিমিত্তে ॥৯৪॥

রাজ্যমিতি। ত্যক্তং "যোঽস্যাং জনিষ্যতে পুত্রঃ" ইত্যাদিনা প্রতিজ্ঞাকরণাদিতি ভাবঃ ॥৯৫॥

অদ্যেতি। ব্রহ্মচর্য্যং পুত্রোৎপত্তিনিবৃত্তয়ে মৈথুনবর্জনম্। অতএব বিবাহাকরণম্। সমানেষ্বেব প্রসহ্য কন্যাহরণনিয়মাৎ প্রজাপীড়নবৈমুখ্যাচ্চ প্রসহ্য সত্যবতীমহৃত্বা ব্রহ্মচর্য্যপ্রতিজ্ঞাকরণমিতি বোধ্যম্ ॥৯৬॥

সুতরাং হে মহাবীর! আপনার এ প্রতিজ্ঞা কখনও মিথ্যা হইবে না; অতএব এ বিষয়ে আমাদের কোন সন্দেহ নাই; কিন্তু আপনার যে পুত্র হইবে, তাহার উপরেই আমাদের গুরুতর সন্দেহ" ॥৯২॥

বৈশম্পায়ন বলিলেন—মহারাজ! সত্যধর্ম্মপরায়ণ গাঙ্গেয় দাসরাজের সেইরূপ অভিপ্রায় বুঝিয়া, পিতার প্রিয় কার্য্য করিবার ইচ্ছায় তখন আবার প্রতিজ্ঞা করিলেন ॥৯৩॥

গাঙ্গেয় বলিলেন—"দাসরাজ! শ্রবণপ্রবৃত্ত ক্ষত্রিয়গণের মধ্যে পিতার নিমিত্ত আমি যাহা বলিতেছি, আপনি আমার সেই বাক্য শ্রবণ করুন ॥৯৪॥

ক্ষত্রিয়গণ! আমি পূর্ব্বেই সমস্ত রাজ্য পরিত্যাগ করিয়াছি; এখন পুত্র না হওয়ার জন্যও দৃঢ় প্রতিজ্ঞা করিতেছি ॥৯৫॥

দাসরাজ! অদ্য হইতে আমার ব্রহ্মচর্য্য ব্রত হইবে; তাহাতে আমার পুত্র না হইলেও, স্বর্গলোকে অক্ষয় বাস হইবে" ॥৯৬॥

---

(৯৫) রাজ্যং তাবৎ পরিত্যক্তং ময়া পূর্ব্বং নরোত্তম!।

বৈশম্পায়ন উবাচ।

তস্যৈতদ্বচনং শ্রুত্বা সম্প্রহৃষ্টতনূরুহঃ।
দদানীত্যেব তং দাসো গাঙ্গেয়ং প্রত্যভাষত ॥৯৭॥
ততোঽন্তরীক্ষেঽপ্সরসো দেবাঃ পিতৃগণাস্তথা।
অভ্যবর্ষন্ত কুসুমৈর্ভীষ্মোঽয়মিতি চাব্রুবন্ ॥৯৮॥
ততঃ স পিতুরর্থায় তামুবাচ যশস্বিনীম্।
অধিরোহ রথং মাতঃ! গচ্ছাবঃ স্বগৃহানিতি ॥৯৯॥
এবমুক্ত্বা তু ভীষ্মস্তাং রথমারোপ্য ভাবিনীম্।
আগম্য হাস্তিনপুরং শান্তনোঃ সংন্যবেদয়ৎ ॥১০০॥
তস্য তদ্দুষ্করং কর্ম্ম প্রশশংসুর্নরাধিপাঃ।
সমেতাশ্চ পৃথক্ চৈব ভীষ্মোঽয়মিতি চাব্রুবন্ ॥১০১॥

ভারতকৌমুদী

তস্যেতি। সম্প্রহৃষ্টতনূরুহো রোমাঞ্চিতগাত্রঃ। দদানি সত্যবতীমিতি শেষঃ ॥৯৭॥

তত ইতি। ভীষ্মো ভীষ্মনামা ভবতু; ঈদৃশদুষ্করপ্রতিজ্ঞায়াং মুনিগণোঽপি বিভেত্যস্মাদিতি ব্যুৎপত্তেরিতি ভাবঃ। অতএবেতঃ পরং ভীষ্মনাম্নাপ্যুল্লেখঃ পূর্ব্বন্তু নেতি দ্রষ্টব্যম্। ভীষ্ম ইতি "ভীমাদযোঽপাদানে" ইতি নিপাতঃ ॥৯৮॥

তত ইতি। যশস্বিনীং সৌন্দর্য্যেণ পূর্ব্বং পরাশরস্য ইদানীঞ্চ শান্তনোরাকর্ষণাদিতি ভাবঃ ॥৯৯॥

এবমিতি। ভাবঃ শান্তনাবনুরাগোঽস্যা অস্তীতি ভাবিনী তাম্ ॥১০০॥

ভারতভাবদীপঃ

বরং বরণীয়ম্ ॥৭৭—৮৯॥ কৌমারিকাণাং কুমারীস্নেহবতাম্ ॥৯০—৯৭॥ ভীষ্মোঽযং

বৈশম্পায়ন বলিলেন—গাঙ্গেয়ের এই কথা শুনিয়া দাসরাজের শরীর রোমাঞ্চিত হইল, তখন তিনি গাঙ্গেয়কে বলিলেন—"অবশ্যই আমি সত্যবতীকে দান করিব" ॥৯৭॥

তাহার পর, অপ্সরাগণ, দেবগণ ও পিতৃগণ আকাশ হইতে পুষ্পবৃষ্টি করিলেন এবং বলিলেন - ইহার নাম হইল—'ভীষ্ম' ॥৯৮॥

তাহার পর, ভীষ্ম যাইয়া পিতার জন্য সেই যশস্বিনী সত্যবতীকে বলিলেন—"মা! আপনি রথে উঠুন, চলুন আমরা নিজের গৃহে যাই" ॥৯৯॥

ভীষ্ম এই কথা বলিয়া, সত্যবতীকে রথে তুলিয়া লইয়া, হস্তিনাপুরে যাইয়া, শান্তনুর নিকট সমস্ত বৃত্তান্ত জানাইলেন ॥১০০॥

---

(৯৯) ইতঃ পরং 'বৈশম্পায়ন উবাচ' ইতি ক্বচিৎ পাঠঃ।

তচ্ছ্রুত্বা দুষ্করং কর্ম্ম কৃতং ভীষ্মেণ শান্তনুঃ।
স্বচ্ছন্দমরণং তুষ্টো দদৌ তস্মৈ মহাত্মনে ॥১০২॥
ন তে মৃত্যুঃ প্রভবিতা যাবজ্জীবিতুমিচ্ছসি।
ত্বত্তো হ্যনুজ্ঞাং সম্প্রাপ্য মৃত্যুঃ প্রভবিতাঽনঘ ! ॥১০৩॥
ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যামাদিপর্ব্বণি
সম্ভবে সত্যবতীলাভো নাম চতুর্নবতিতমোঽধ্যায়ঃ ॥০॥ *

—:※:—

ভারতকৌমুদী

তস্যেতি। সমেতাঃ সম্মিলিতাঃ, পৃথক্ প্রত্যেকতশ্চ। উক্তব্যুৎপত্তিযোগাৎ 'ভীষ্মোঽয়ম্' ইত্যব্রুবংশ্চ ॥১০১॥

তদিতি। দুষ্করং রাজ্যত্যাগনৈষ্ঠিকব্রহ্মচর্য্যয়োঃ প্রতিজ্ঞারূপত্বাদিতি ভাবঃ। স্বচ্ছন্দমরণং স্বেচ্ছয়ৈব মৃত্যুং তদ্রূপং বরমিত্যর্থঃ। "অভিপ্রায়শ্ছন্দ আশয়ঃ" ইত্যমরঃ ॥১০২॥

তদ্বরং—বিবৃণোতি নেতি। প্রভবিতা ভবিষ্যতি। ত্বত্তস্তব সকাশাৎ ॥১০৩॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারত-টীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়ামাদিপর্ব্বণি সম্ভবে চতুর্নবতিতমোঽধ্যায়ঃ ॥০॥

—:×:—

ভারতভাবদীপঃ

ভয়ঙ্করকর্ম্মকারিত্বাৎ ॥৯৮—১০৩॥

ইতি শ্রীমহাভারতে আদিপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে চতুর্নবতিতমোঽধ্যায়ঃ ॥৯৪॥

—:×:—

তখন রাজারা সম্মিলিতভাবে এবং পৃথক্ পৃথক্ ভাবে ভীষ্মের সেই দুষ্কর কার্য্যের প্রশংসা করিলেন এবং বলিলেন—"ইনি ভীষ্মই বটেন" ॥১০১॥

ভীষ্ম সেই দুষ্কর কার্য্য করিয়াছেন শুনিয়া শান্তনু রাজা সন্তুষ্ট হইয়া, মহাত্মা ভীষ্মকে ইচ্ছামৃত্যু বর দিলেন (এবং বলিলেন—) ॥১০২॥

"বৎস ! তুমি যত কাল জীবিত থাকিতে ইচ্ছা করিবে, তাহার মধ্যে তোমার মৃত্যু হইবে না ; তোমার অনুমতি পাইয়াই তোমার মৃত্যু আসিবে" ॥১০৩॥

—:※:—

---

(১০২) স্বচ্ছন্দমরণং তস্মৈ দদৌ তুষ্টঃ পিতা স্বয়ম্। ১০৩ শ্লোকঃ কচিন্নাস্তি।

* '..অষ্টনবতিতমোঽধ্যায়ঃ', '...শততমোঽধ্যায়ঃ', '..সপ্তাধিকশততমোঽধ্যায়ঃ' ইতি পাঠান্তরাণি।

পঞ্চনবতিতমোঽধ্যায়ঃ।

—ঃ*ঃ—

বৈশম্পায়ন উবাচ।

চেদিরাজসুতাং জ্ঞাত্বা দাসরাজেন বর্দ্ধিতাম্।
বিবাহং কারয়ামাস শাস্ত্রদৃষ্টেন কর্ম্মণা ॥১॥
ততো বিবাহে নির্ব্বৃত্তে স রাজা শান্তনুর্নৃপ!।
তাং কন্যাং রূপসম্পন্নাং স্বগৃহে সন্ন্যবেশয়ৎ ॥২॥
ততঃ শান্তনবো ধীমান্ সত্যবত্যামজায়ত।
বীরশ্চিত্রাঙ্গদো নাম বীর্য্যবান্ পুরুষেশ্বর! ॥৩॥
অথাপরং মহেষ্বাসং সত্যবত্যাং সুতং প্রভুঃ।
বিচিত্রবীর্য্যং রাজানং জনয়ামাস বীর্য্যবান্ ॥৪॥
অপ্রাপ্তবতি তস্মিংস্তু যৌবনং পুরুষর্ষভে।
স রাজা শান্তনুর্ধীমান্ কালধর্ম্মমুপেয়িবান্ ॥৫॥

ভারতকৌমুদী

চেদীতি। চেদিরাজস্য উপরিচরস্য সুতাম্, জ্ঞাত্বা দাসরাজাদেবাবগম্য ॥১॥
তত ইতি। নির্ব্বৃত্তে নিষ্পন্নে। তাং সত্যবতীং নাম উপরিচরস্য কন্যাম্ ॥২॥
তত ইতি। হে পুরুষেশ্বর। জনমেজয়।। শান্তনবঃ শান্তনোঃ পুত্রঃ ॥৩॥
অথেতি। মহেষ্বাসং মহাধনুর্দ্ধরম্। প্রভুঃ শান্তনুঃ। বিচিত্রবীর্য্যং নাম ॥৪॥
অপ্রাপ্তেতি। তস্মিন্ বিচিত্রবীর্য্যে। কালধর্ম্মং মৃত্যুম্, উপেয়িবান্ প্রাপ্তবান্ ॥৫॥

বৈশম্পায়ন বলিলেন—সত্যবতী উপরিচর রাজার কন্যা, কিন্তু দাসরাজ তাঁহাকে কেবল বর্দ্ধিত করিয়াছেন—ইহা জানিতে পারিয়া ভীষ্ম, আপন পিতা শান্তনুর সহিত যথাবিধানে সেই সত্যবতীর বিবাহ করাইলেন ॥১॥

বিবাহ নিষ্পন্ন হইলে, শান্তনু রাজা সেই সুন্দরী সত্যবতীকে আপন ভবনে প্রবেশ করাইলেন ॥২॥

মহারাজ। তাহার পর সত্যবতীর গর্ভে শান্তনুর একটী পুত্র জন্মে, তাহার নাম হইয়াছিল—'চিত্রাঙ্গদ'। সেই চিত্রাঙ্গদ যথাসময়ে বুদ্ধিমান্, তেজস্বী ও মহাবীর হইয়াছিলেন ॥৩॥

তাহার পর আবার শান্তনু রাজা সত্যবতীর গর্ভে আর একটী পুত্র উৎপাদন করেন; তাহার নাম হইয়াছিল—'বিচিত্রবীর্য্য'। সেই বিচিত্রবীর্য্যও যথাসময়ে মহাধনুর্দ্ধর হইয়াছিলেন ॥৪॥

---

১ পদ্যং কুত্রচিন্ন দৃশ্যতে। (৩)…'পুরুষেশ্বরঃ' ইতি সবিসর্গঃ পাঠঃ ক্বচিৎ।

স্বর্গতে শান্তনৌ ভীষ্মশ্চিত্রাঙ্গদমবিন্দমম্।
স্থাপয়ামাস বৈ রাজ্যে সত্যবত্যা মতে স্থিতঃ ॥৬॥
স তু চিত্রাঙ্গদঃ শৌর্য্যাৎ সর্ব্বাংশ্চিক্ষেপ পার্থিবান্।
মনুষ্যং নহি মেনে স কঞ্চিৎ সদৃশমাত্মনঃ ॥৭॥
তং ক্ষিপন্তং সুরাংশ্চৈব মানুষানসুরাংস্তথা।
গন্ধর্ব্বরাজো বলবাংস্তুল্যনামাঽভ্যয়াত্তদা ॥৮॥

গন্ধর্ব্ব উবাচ।

ত্বং বৈ সদৃশনামাসি যুদ্ধং দেহি নৃপাত্মজ।।
নাম বান্যৎ প্রগৃহ্লীস্ব যদি যুদ্ধং ন দাস্যসি ॥৯॥
ত্বয়াহং যুদ্ধমিচ্ছামি ত্বৎসকাশন্তু নামতঃ।
আগতোঽস্মি বৃথাভাষ্য ন গচ্ছেন্নাম তে মম ॥১০॥

ভারতকৌমুদী

স্বর্গত ইতি। আত্মনো রাজ্যত্যাগাৎ পরযোস্ত চিত্রাঙ্গদস্যৈব জ্যেষ্ঠত্বাদিত্যাশয়ঃ ॥৬॥
স ইতি। চিক্ষেপ পরাজিগ্যে। সদৃশং শৌর্য্যে তুল্যম্ ॥৭॥
তমিতি। ক্ষিপন্তং বলমদেন তিরস্কুর্ব্বন্তম্। তুল্যনামা চিত্রাঙ্গদাখ্যঃ ॥৮॥
ত্বমিতি। বলমদ এবাস্য যুদ্ধস্য কারণম্, নামসাদৃশ্যপ্রদর্শনন্তু ছলমাত্রম্ ॥৯॥

ভারতভাবদীপঃ

তত ইতি ॥১—৩॥ কালধর্ম্মং মৃত্যুম্ ॥৪—৭॥ তুল্যনামা চিত্রাঙ্গদনামা ॥৮—১৩॥ অন্তায

পুরুষশ্রেষ্ঠ বিচিত্রবীর্য্য যৌবনে পদার্পণ করিবার পূর্ব্বেই সেই বুদ্ধিমান্ শান্তনু রাজা লোকান্তরে গমন করেন ॥৫॥

শান্তনু রাজা স্বর্গারোহণ করিলে, ভীষ্ম সত্যবতীর মতানুসারে শত্রুবিজয়ী চিত্রাঙ্গদকে রাজপদে স্থাপন করেন ॥৬॥

সেই চিত্রাঙ্গদ আপন বাহুবলে পৃথিবীর সমস্ত রাজাকে পরাস্ত করিয়াছিলেন এবং কোন মানুষকেই তিনি বীরত্বে নিজের তুল্য বলিয়া মনে করিতেন না ॥৭॥

চিত্রাঙ্গদ আপন বলগর্ব্বে সর্ব্বদাই দেবগণ, অসুরগণ ও মনুষ্যগণের নিন্দা করিতেন ; তখন বলবান্ গন্ধর্ব্বরাজ চিত্রাঙ্গদ তাঁহার নিকট উপস্থিত হইলেন ॥৮॥

গন্ধর্ব্বরাজ বলিলেন—"রাজপুত্র! আপনার নাম আমার নামেরই তুল্য ; অতএব আমার সহিত যুদ্ধ করুন, যদি যুদ্ধ না করেন, তবে অন্য নাম গ্রহণ করুন ॥৯॥

৯—১০ শ্লোকৌ দাক্ষিণাত্যপুস্তকে বর্ত্তেতে।

ইত্যুক্ত্বা গর্জ্জমানৌ তৌ হিরণ্মত্যাস্তটং গতৌ ।
তেনাস্য সুমহদ্‌যুদ্ধং কুরুক্ষেত্রে বভূব হ ॥১১॥
তয়োর্বলবতোস্তত্র গন্ধর্ব্বকুরুমুখ্যয়োঃ ।
নদ্যাস্তীরে হিরণ্মত্যাঃ সমাস্তিস্রোঽভবদ্রণঃ ॥১২॥
তস্মিন্ বিমর্দ্দে তুমুলে শস্ত্রবর্ষসমাকুলে ।
মায়াধিকোঽবধীদ্বীরং গন্ধর্ব্বঃ কুরুনন্দনম্ ॥১৩॥
স হত্বা তু নরশ্রেষ্ঠং চিত্রাঙ্গদমরিন্দমম্ ।
অন্তায় কৃত্বা গন্ধর্ব্বো দিবমাচক্রমে ততঃ ॥১৪॥
তস্মিন্ পুরুষশার্দ্দূলে নিহতে ভূরিতেজসি ।
ভীষ্মঃ শান্তনবো রাজন্ । প্রেতকার্য্যাণ্যকারয়ৎ ॥১৫॥

ভারতকৌমুদী

ত্বয়েতি। ত্বয়া সহ। নামতো নামসাদৃশ্যাৎ। আভাষ্য যুদ্ধায ত্বাং সম্বোধ্য, বৃথা অলমিত্যর্থঃ। অতএব ক্ত্বাপ্রত্যয আর্ষঃ। তে তব নাম মম নামসাদৃশ্যং ন গচ্ছেৎ ॥১০॥

ইতীতি। হিরণ্মত্যাস্তদাখ্যায়া নদ্যাঃ। তেন গন্ধর্ব্বেণ সহ, অস্য চিত্রাঙ্গদস্য ॥১১॥

তয়োরিতি। সমা বৎসরান্। অধিককালপ্রদর্শনার্থমিদম্ ॥১২॥

তস্মিন্নিতি। বিমর্দ্দে যুদ্ধে। মায়াধিকঃ কূটযুদ্ধে অধিকনিপুণঃ। অস্য যুদ্ধস্য বলপরীক্ষার্থমাত্রত্বাদ্ভীষ্মো ভ্রাতুঃ সাহায্যায নাগচ্ছদিতি গন্ধর্ব্বেণ চিত্রাঙ্গদো হতঃ ॥১৩॥

স ইতি। অন্তায চিত্রাঙ্গদনাশায, মায়াং কৃত্বা। আচক্রমে জগাম ॥১৪॥

পরস্পর নামের সাদৃশ্য রহিয়াছে বলিয়াই আমি আপনার নিকট আসিযাছি এবং আপনার সহিত যুদ্ধ করিবার ইচ্ছা করিতেছি। কেন না, আপনার নাম আমার নামের তুল্য থাকিতে পারিবে না” ॥১০॥

এই কথা বলার পরে, তাঁহারা দুইজন গর্জ্জন করিতে করিতে হিরণ্মতী নদীর তীরে চলিযা গেলেন ; তার পর সেই হিরণ্মতী নদীর তীরে কুরুক্ষেত্রে গন্ধর্ব্বরাজ চিত্রাঙ্গদের সহিত কুরুরাজ চিত্রাঙ্গদের গুরুতর যুদ্ধ হইল ॥১১॥

সেই কুরুক্ষেত্রে হিরণ্মতী নদীর তীরে বলবান্ গন্ধর্ব্বরাজ ও বলবান্ কুরুরাজের তিন বৎসর পর্য্যন্ত যুদ্ধ হইয়াছিল ॥১২॥

অস্ত্রবৃষ্টিতে পরিব্যাপ্ত সেই তুমুল যুদ্ধে অধিক কূটকৌশলী গন্ধর্ব্বরাজ, মহাবীর কুরুরাজকে বধ করিলেন ॥১৩॥

গন্ধর্ব্বরাজ কুরুরাজকে বধ করিবার জন্যই মায়া করিয়া তাহার বলে মনুষ্যশ্রেষ্ঠ ও শত্রুবিজয়ী সেই কুরুরাজ চিত্রাঙ্গদকে বধ করিয়া, তাহার পর স্বর্গে চলিয়া গেলেন ॥১৪॥

---

(১৩)···কুরুসত্তমম্। (১৫)···ভূরিবর্চ্চসি।

বিচিত্রবীর্য্যঞ্চ তদা বালমপ্রাপ্তযৌবনম্।
কুরুরাজ্যে মহাবাহুরভ্যষিঞ্চদনন্তরম্ ॥১৬॥
বিচিত্রবীর্য্যঃ স তদা ভীষ্মস্য বচনে স্থিতঃ।
অন্বশাসন্মহারাজ! পিতৃপৈতামহং পদম্ ॥১৭॥
স ধর্ম্মশাস্ত্রকুশলং ভীষ্মং শান্তনবং নৃপঃ।
পূজয়ামাস ধর্ম্মেণ স চৈনং প্রত্যপালয়ৎ ॥১৮॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যামাদিপর্ব্বণি সম্ভবে চিত্রাঙ্গদবধো নাম পঞ্চনবতিতমোঽধ্যায়ঃ ॥০॥ *

—:*:—

ভারতকৌমুদী

তস্মিন্নিতি। প্রেতকার্য্যাণি পিণ্ডদানাদ্যেকোদ্দিষ্টাদীনি, অকারয়ৎ বিচিত্রবীর্য্যেণ ॥১৫॥

বিচিত্রেতি। অপ্রাপ্তযৌবনম্, অতএব বালং কিশোরম্ ॥১৬॥

বিচিত্রেতি। পদম্ অধিকারং রাজ্যমিতি যাবৎ ॥১৭॥

স ইতি। স বিচিত্রবীর্য্যঃ। স চ ভীষ্মশ্চ, এনং বিচিত্রবীর্য্যম্ ॥১৮॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়ামাদিপর্ব্বণি সম্ভবে পঞ্চনবতিতমোঽধ্যায়ঃ ॥০॥

—:*:—

ভারতভাবদীপঃ

কৃত্বা অন্তং কর্তুং যুদ্ধং কৃত্বেত্যর্থঃ ॥১৪—১৮॥

ইতি শ্রীমহাভারতে আদিপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে পঞ্চনবতিতমোঽধ্যায়ঃ ॥৯৫॥

—:*:—

মহারাজ! মহাবীর পুরুষশ্রেষ্ঠ চিত্রাঙ্গদ নিহত হইলে, শান্তনুনন্দন ভীষ্ম বিচিত্রবীর্য্য দ্বারা তাঁহার প্রেতকার্য্যগুলি করাইলেন ॥১৫॥

তাহার পর, মহাবীর ভীষ্ম কিশোরবয়স্ক বিচিত্রবীর্য্যকে কুরুরাজ্যে অভিষিক্ত করিলেন ॥১৬॥

বিচিত্রবীর্য্যও তখন ভীষ্মের উপদেশে চলিতে থাকিয়া, পৈতৃকরাজ্য শাসন করিতে থাকিলেন ॥১৭॥

বিচিত্রবীর্য্য রাজা, ধর্ম্মশাস্ত্রনিপুণ ভীষ্মকে সম্মান করিয়া চলিতেন, ভীষ্মও তাঁহার রক্ষণাবেক্ষণ করিতেন ॥১৮॥

—:*:—

(১৭)···সম্প্রাপ্তঃ স মহারাজ। পিতৃপৈতমহং পদম্। * '··নবনবতিতমোঽধ্যায়ঃ', '···শততমোঽধ্যায়ঃ', '·একাধিকশততমোঽধ্যায়ঃ', '···অষ্টাধিকশততমোঽধ্যায়ঃ' ইতি পাঠভেদাঃ।

ষণ্ণবতিতমোঽধ্যায়ঃ ।

—ঃ*ঃ—

বৈশম্পায়ন উবাচ ।

হতে চিত্রাঙ্গদে ভীষ্মো বালে ভ্রাতরি কৌরব ! ।
পালয়ামাস তদ্রাজ্যং সত্যবত্যা মতে স্থিতঃ ॥১॥
সম্প্রাপ্তযৌবনং দৃষ্ট্বা ভ্রাতরং ধীমতাং বরম্ ।
ভীষ্মো বিচিত্রবীর্য্যস্য বিবাহায়াকরোন্মতিম্ ॥২॥
অথ কাশিপতের্ভীষ্মঃ কন্যাস্তিস্রোঽপ্সরোপমাঃ ।
শুশ্রাব সহিতা রাজন্ ! বৃণ্বানা বৈ স্বয়ংবরম্ ॥৩॥
ততঃ স রথিনাং শ্রেষ্ঠো রথেনৈকেন শত্রুজিৎ ।
জগামানুমতে মাতুঃ পুরীং বারাণসীং প্রতি ॥৪॥
তত্র রাজ্ঞঃ সমুদিতান্ সর্ব্বতঃ সমুপাগতান্ ।
দদর্শ কন্যাস্তাশ্চৈব ভীষ্মঃ শান্তনুনন্দনঃ ॥৫॥

ভারতকৌমুদী

হত ইতি । সত্যবত্যা মতে স্থিত ইত্যনেন ভীষ্মস্য রাজ্যগ্রহণাভাবো দর্শিতঃ ॥১॥
সম্প্রাপ্তেতি । ধীমতাং বুদ্ধিমতামপি মধ্যে, বরং প্রধানীভূতং দৃষ্ট্বা ॥২॥
অথেতি । অপ্সরোপমা ইতি সকারলোপ আর্ষঃ । সহিতাঃ সম্মিলিতা এব ॥৩॥
তত ইতি । স ভীষ্মঃ । মাতুঃ সত্যবত্যা অনুমতে অনুমতৌ সতি ॥৪॥
তত্রেতি । সমুদিতান্ সম্মিলিতান্, সর্ব্বতঃ সর্ব্বেভ্যো দেশেভ্যঃ ॥৫॥

বৈশম্পায়ন বলিলেন—জনমেজয় ! বালক ভ্রাতা চিত্রাঙ্গদ নিহত হইলে, ভীষ্ম সত্যবতীর মত অনুসরণ করিয়া সেই রাজ্য পালন করিতে লাগিলেন ॥১॥

তাহার পর, বিচিত্রবীর্য্য যৌবনে পদার্পণ করিয়াছেন এবং বুদ্ধিমান্দের মধ্যেও প্রধান হইয়া উঠিয়াছেন—ইহা দেখিয়া ভীষ্ম তাঁহাকে বিবাহ করাইবার ইচ্ছা করিলেন ॥২॥

মহারাজ ! তাহার পর ভীষ্ম শুনিতে পাইলেন যে, অপ্সরার ন্যায় সুন্দরী কাশীরাজের তিনটী কন্যাই একসঙ্গে স্বয়ংবরা হইবে ॥৩॥

তদনন্তর, শত্রুবিজয়ী রথিশ্রেষ্ঠ ভীষ্ম, মাতা সত্যবতীর অনুমতিক্রমে একমাত্র রথে আরোহণ করিয়া বারাণসীনগরে গমন করিলেন ॥৪॥

শান্তনুনন্দন ভীষ্ম সেখানে যাইয়া দেখিলেন—সকল দেশ হইতে আসিয়া রাজারা সভায় সমবেত হইয়াছেন, সেই কন্যা তিনটীও আসিয়াছে ॥৫॥

---

(২)…পশ্যন্ ভ্রাতরং ধীমতাং বরঃ । (৪)…বারাণসীং প্রভুঃ ।

কীর্ত্ত্যমানেষু রাজ্ঞান্তু তদা নামসু সর্ব্বশঃ।
একাকিনং তদা ভীষ্মং বৃদ্ধং শান্তনুনন্দনম্ ॥৬॥
সোদ্বেগা ইব তং দৃষ্ট্বা কন্যাঃ পরমশোভনাঃ।
অপাক্রামন্ত তাঃ সর্ব্বা বৃদ্ধ ইত্যেব চিন্তয়া ॥৭॥ (যুগ্মকম্)
বৃদ্ধঃ পরমধর্ম্মাত্মা বলীপলিতধারণঃ।
কিং কারণমিহায়াতো নির্লজ্জো ভরতর্ষভ! ॥৮॥
মিথ্যাপ্রতিজ্ঞো লোকেষু কিং বদিষ্যতি ভারত!।
ব্রহ্মচারীতি ভীষ্মো হি বৃথৈব প্রথিতো ভুবি ॥৯॥

বৈশম্পায়ন উবাচ।

ইত্যেবং প্রব্রুবন্তস্তে হসন্তি স্ম নৃপাধমাঃ।
ক্ষত্রিয়াণাং বচঃ শ্রুত্বা ভীষ্মশ্চুক্রোধ ভারত! ॥১০॥
ভীষ্মস্তদা স্বয়ং রাজন্ বরয়ামাস তাঃ প্রভুঃ।
উবাচ চ মহীপালান্ রাজন্! জলদনিস্বনঃ ॥১১॥

ভারতকৌমুদী

কীর্ত্ত্যমানেম্বিতি। কীর্ত্ত্যমানেষু পরিচয়ায়োচ্চার্য্যমানেষু। সর্ব্বশঃ সর্ব্বেষাম্। ভীষ্মো বৃদ্ধ ইতি চিন্তয়ৈব, অপাক্রামন্ত তৎসকাশাদপসৃতবত্যঃ ॥৬—৭॥

অথ ভরতর্ষভ ভারত ইত্যেতাভ্যাং জনমেজয়মেব সম্বোধ্য বৈশম্পায়ন এব রাজগণকৃতং ভীষ্মোপহাসমনুবদতি বৃদ্ধ ইত্যাদিদ্বাভ্যাম্। বলীর্মাংসতরঙ্গান্ পলিতং জরসা শৌক্ল্যঞ্চ ধারয়তীতি সঃ ॥৮॥

মিথ্যেতি। বৃথৈব বিবাহোদ্যোগাৎ বিবাহস্য চ মৈথুনোদ্দেশ্যকত্বাদিতি ভাবঃ ॥৯॥

ইতীতি। নৃপাধমাঃ ভীষ্মাদ্দেশ্যমবুদ্ধৈব তন্নিন্দাকরণাদিত্যাশয়ঃ ॥১০॥

তখন পরিচয়ের জন্য রাজাদের নাম কীর্ত্তন করিতে লাগিলে, সেই পরমসুন্দরী কন্যারা, শান্তনুপুত্র ভীষ্মকে বৃদ্ধ ও একাকী দেখিয়া, 'ইনি বৃদ্ধ' ইহা ভাবিয়া উদ্বিগ্ন হইয়াই যেন তাঁহার নিকট হইতে সরিয়া গেল ॥৬—৭॥

"ভীষ্ম পরম ধার্ম্মিক, তাহাতে আবার বৃদ্ধ হইয়াছেন, শরীরের মাংসগুলি শিথিল হইয়া পড়িয়াছে এবং চুল পাকিয়াছে; তথাপি এ নির্লজ্জ এখানে আসিয়াছে কেন!" ॥৮॥

মিথ্যাপ্রতিজ্ঞ বলিয়া জগতে সকলে ইহাকে কি বলিবে; আর, এই ভীষ্ম অনর্থক ব্রহ্মচারী বলিয়া জগতে প্রসিদ্ধ হইয়াছে" ॥৯॥

বৈশম্পায়ন বলিলেন—নিকৃষ্ট রাজগণ পরস্পর এইরূপ বলিতে থাকিয়া হাস্য করিতে লাগিলেন, তখন ভীষ্ম তাঁহাদের কথা শুনিয়া ক্রুদ্ধ হইলেন ॥১০॥

রথমারোপ্য তাঃ কন্যা ভীষ্মঃ প্রহরতাং বরঃ।
আহূয় দানং কন্যানাং গুণবদ্ভ্যঃ স্মৃতং বুধৈঃ ॥১২॥
অলঙ্কৃত্য যথাশক্তি প্রদায় চ ধনান্যপি।
প্রযচ্ছন্ত্যপরে কন্যাং মিথুনেন গবামপি ॥১৩॥ (বিশেষকম্)
বিত্তেন কথিতেনান্যে বলেনান্যেহনুমান্য চ।
প্রমত্তামুপযান্ত্যন্যে স্বয়মন্যে চ বিন্দতে ॥১৪॥
আর্ষং বিধিং পুরস্কৃত্য দারান্ বিন্দন্তি চাপরে।
অষ্টমং তমথো বিত্ত বিবাহং কবিভির্বৃতম্ ॥১৫॥

ভারতকৌমুদী

ভীষ্ম ইতি। বরযামাস প্রার্থযামাস। রাজন্ বীরতেজসা দীপ্যমানঃ, জলদনিস্বনো মেঘবদ্গম্ভীর-কণ্ঠস্বরঃ। আহূয় বরানেব। যথাশক্তি কন্যা অলঙ্কৃত্য, যথাশক্তি ধনান্যপি প্রদায চ, গুণবদ্ভ্যো বরেভ্যঃ, কন্যানাং দানম্, ব্রাহ্মবিবাহত্বেন বুধৈঃ স্মৃতম্। বরদত্তেন গবাং মিথুনেন দ্বযেন সহৈব কন্যাং প্রযচ্ছন্তি। অযন্তু আর্ষো বিবাহঃ ॥১১—১৩॥

বিত্তেনেতি। অন্যে জনাঃ, কথিতেন পূর্ব্বনির্দ্ধারিতেন, বিত্তেন ধনেন তদ্গ্রহণেনেত্যর্থঃ কন্যাং প্রযচ্ছন্তীতি পূর্ব্বানুকর্ষঃ। অযমাসুরঃ। অন্যে বরাঃ, বলেন বিন্দতে কন্যাং লভন্তে। অযং রাক্ষসঃ। অন্যে চ বরাঃ, অনুমান্য কন্যামনুমতাং কারযিত্বা বিন্দতে। অযং গান্ধর্ব্বঃ। অন্যে বরাঃ, প্রমত্তাং নিদ্রাদিনা অসাবধানাং কন্যামুপযান্তি। অযং পৈশাচঃ। অন্যে যজ্ঞস্থাশ্চ স্বযং কন্যা বিন্দতে। অযং দৈবঃ ॥১৪॥

আর্ষমিতি। অপরে চ, আর্ষং বিধিম্ "সহধর্ম্মং চরতম্" ইতি ঋষিপ্রণীতং বিধানম্,

ভারতভাবদীপঃ

হৃতে ইতি ॥১—১১॥ আহূয়েতি ব্রাহ্মঃ ॥১২॥ মিথুনেন গৃহীতেনেত্যার্ষঃ ॥১৩॥ বিত্তে-নেত্যাসুরঃ। বলেনেতি রাক্ষসঃ। অনুমান্যেতি গান্ধর্ব্বঃ। প্রমত্তামিতি পৈশাচঃ। স্বয-মন্যে ইতি প্রাজাপত্যঃ ॥১৪॥ আর্ষং বিধিং যজ্ঞম্, তেন দৈব উক্তঃ। এতেহষ্টৌ বিবাহাঃ

মহারাজ! তখন প্রভাবশালী ভীষ্ম নিজেই সেই কন্যা কয়টীকে প্রার্থনা করিলেন এবং তাহাদিগকে রথে তুলিয়া লইয়া, বীরতেজে দীপ্তি পাইতে থাকিয়া, জলদগম্ভীর-স্বরে রাজগণকে বলিতে লাগিলেন—"রাজগণ! গুণবান্ বরকে আহ্বান করিয়া আনিয়া কন্যাকে শক্তি অনুসারে অলঙ্কৃত করিয়া এবং ক্ষমতা অনুসারে যৌতুক দিয়া অনেকে সেই কন্যা দান করিয়া থাকেন। অন্য লোকেরা বরদত্ত দুইটী গরুর সহিত কন্যা দান করিয়া থাকেন ॥১১—১৩॥

কেহ কেহ নির্দ্দিষ্ট ধন লইয়া কন্যা দান করেন, অন্য দল বলপূর্ব্বক কন্যা হরণ করেন, অপর লোকেরা কন্যাকে সম্মত করিয়া বিবাহ করেন; অন্য কেহ কেহ অসতর্ক অবস্থায় বরণ করিয়া সেই কন্যা লাভ করেন এবং অন্য লোকেরা যজ্ঞে প্রবৃত্ত থাকিয়া কন্যা গ্রহণ করেন ॥১৪॥

স্বয়ংবরন্তু রাজন্যাঃ প্রশংসন্ত্যুপযান্তি চ।
প্রমথ্য তু হৃতামাহুর্জ্জ্যায়সীং ধর্ম্মবাদিনঃ ॥১৬॥
তা ইমাঃ পৃথিবীপালাঃ। জিহীর্ষামি বলাদিতঃ।
তে যতধ্বং পরং শক্ত্যা বিজয়ায়েতরায় বা ॥১৭॥
স্থিতোঽহং পৃথিবীপালাঃ। যুদ্ধায় কৃতনিশ্চয়ঃ।
এবমুক্ত্বা মহীপালান্ কাশীরাজঞ্চ ভারত। ॥১৮॥
সর্ব্বাঃ কন্যা মহারাজ। রথমারোপ্য চ স্বযম্।
আমন্ত্র্য চ স তান্ প্রায়াচ্ছীঘ্রং কন্যাঃ প্রগৃহ্য তাঃ ॥১৯॥ (যুগ্মকম্)
ততস্তে পার্থিবাঃ সর্ব্বে সমুৎপেতুরমর্ষিতাঃ।
সংস্পৃশন্তঃ স্বকান্ বাহূন্ দশতো দশনচ্ছদান্ ॥২০॥

ভারতকৌমুদী

পুরস্কৃত্য, দারান্, বিন্দন্তি লভন্তে। কবিভিঃ পণ্ডিতৈঃ, বৃতং বিবৃতম্, তমষ্টমং বিবাহম্, বিত্ত জানীত। এষ প্রাজাপত্যো বিবাহঃ। অযং ক্রমো নাদর্ত্তব্যঃ পুরাণাপেক্ষযা স্মৃতের্বলবত্ত্বাৎ ॥১৫॥

স্বযমিতি। রাজন্যাঃ ক্ষত্রিয়াঃ। জ্যায়সীং ভার্য্যান্তরাপেক্ষযা ক্ষত্রিযপক্ষে শ্রেষ্ঠাম্ ॥১৬॥

তা ইতি। তা ইমাঃ কন্যাঃ। জিহীর্ষামি হর্ত্তুমিচ্ছামি। তে যূযম্। পরমত্যন্তম্ ॥১৭॥

স্থিত ইতি। অহং ভীষ্মঃ। আমন্ত্র্য যুদ্ধাযাহূয। প্রাযাৎ প্রাতিষ্ঠত ॥১৮—১৯॥

"তোমরা দুইজনে দাম্পত্য ধর্ম্ম আচরণ কর" এই বলিয়া কন্যা দান করিলে, সেই আর্য বিধান অনুসরণ করিয়া কেহ কেহ ভার্য্যা লাভ করেন। পণ্ডিতবর্ণিত সেই বিবাহকেই অষ্টম বিবাহ বলিয়া জানিবে ॥১৫॥

কিন্তু ক্ষত্রিয়েরা স্বয়ংবরেরই প্রশংসা করেন এবং তাহাই করিয়া থাকেন। কেন না, ধর্ম্মবাদীরা বলেন যে, বিপক্ষদিগকে পরাভূত করিয়া যে কন্যা হরণ করা হয়, সেই ভার্য্যাই ক্ষত্রিয়ের পক্ষে প্রশস্ত ॥১৬॥

অতএব হে রাজগণ! আমি বলপূর্ব্বক এই কন্যা কয়টীকে এখান হইতে হরণ করিতে ইচ্ছা করি, আপনারা শক্তি অনুসারে জয় বা পরাজয়ের জন্য বিশেষ চেষ্টা করুন ॥১৭॥

রাজগণ! আমি যুদ্ধের জন্য কৃতনিশ্চয় হইয়া রহিলাম"। ভীষ্ম অন্যান্য রাজাকে এবং কাশীরাজকে এইরূপ বলিয়া, নিজেই কন্যা কয়টীকে রথে তুলিয়া লইয়া, পুনরায় রাজগণকে আহ্বান করিয়া, সেই কন্যাগুলিকে লইয়া সত্বর প্রস্থান করিতে লাগিলেন ॥১৮—১৯॥

---

(১৯) সর্ব্বাঃ কন্যাঃ কৌরব্যো রথমারোপ্য চ স্বকম্।

তেষামাভরণান্যাশু ত্বরিতানাং বিমুঞ্চতাম্‌ ।
আমুঞ্চতাঞ্চ বর্ম্মাণি সম্ভ্রমঃ সুমহানভূৎ ॥২১॥
তারাণামিব সম্পাতো বভূব জনমেজয় ! ।
ভূষণানাঞ্চ সর্ব্বেষাং কবচানাঞ্চ সর্ব্বশঃ ॥২২॥
সবর্ম্মভির্ভূষণৈশ্চ প্রকীর্য্যদ্ভিবিতস্ততঃ ।
সক্রোধামর্ষজিহ্মভ্রূ-কষায়ীকৃতলোচনাঃ ॥২৩॥
সূতোপক৯প্তান্‌ রুচিরান্‌ সদশ্বৈরুপকল্পিতান্‌ ।
রথানাস্থায তে বীবাঃ সর্ব্বপ্রহবণান্বিতাঃ ॥২৪॥

ভারতকৌমুদী

তত ইতি। অমর্ষিতাঃ সঞ্জাতক্রোধাঃ। সংস্পৃশন্তো নিজকবৈবেব মর্দ্দযন্তঃ। দশনচ্ছদান্‌ ওষ্ঠান্‌। সমুৎপেতুঃ সভাযা উত্তস্থুঃ ॥২০॥

তেষামিতি। আভবণানি বিবাহার্থধৃতানলঙ্কাবান্‌। আমুঞ্চতাং পবিদধতাম্‌ ॥২১॥

তারাণামিতি। হে জনমেজয। পবিত্যজ্যমানানাং সর্ব্বেষাং ভূষণানাং ভূতলে সম্পাতঃ, পবিধীযমানানাং কবচানাঞ্চ অঙ্গেষু সম্পাতঃ সংসক্তিঃ, তাবাণাং নক্ষত্রাণাং সম্পাতঃ সঞ্চলনমিব সর্ব্বশঃ সর্ব্বথা, বভূব, সর্ব্বেষাং সমানচাকচিক্যশালিত্বাদিত্যাশযঃ ॥২২॥

সেতি। ইতস্ততো ভূতলেষু অঙ্গেষু চ, প্রকীর্য্যদ্ভির্নিক্ষিপ্যমাণৈঃ পরিধীযমানৈশ্চ। কর্ম্মণি শতৃঙ্‌আর্ষঃ। সবর্ম্মভির্ভূষণৈরুপলক্ষিতাঃ। সক্রোধৈবমর্ষৈঃ অধৈর্য্যৈর্জিহ্মে কুটিলে ভ্রুবৌ যেষাং তে চ তে কষাযীকৃতানি ক্রোধেনাবক্তীকৃতানি লোচনানি যেষাং তে চেতি তথোক্তাঃ, সর্ব্বপ্রহবণান্বিতাস্তে বীরাঃ, সূতৈঃ সাবথিভিঃ উপক৯প্তান্‌ সজ্জীতান্‌, সদশ্বৈরুপ-

ভাবতভাবদীপঃ

প্রাগ্‌ব্যাখ্যাতাঃ। অষ্টমং বাক্ষসং বিবাহম্‌ ॥১৫॥ প্রশংসন্তি স্বযং ববমিতি ॥১৬—২২॥

তাহাব পব, সেই সকল বাজাই ক্রুদ্ধ হইয়া, আপন আপন বাহু মর্দ্দন কবিয়া, ওষ্ঠ দংশন কবিতে থাকিযা, সভা হইতে উঠিয়া পড়িলেন ॥২০॥

তাঁহাবা ব্যস্ত হইয়া অলঙ্কাবগুলি পবিত্যাগ কবিতে থাকিলেন এবং বর্ম্ম পবিধান কবিতে লাগিলেন, সুতবাং তৎকালে তাঁহাদেব গুরুতব অধীবতা আসিয়া পড়িল ॥২১॥

মহাবাজ! পবিত্যাগেব সময সেই অলঙ্কাবগুলি এবং পবিধানেব সময় সেই কবচগুলি, নক্ষত্রসমূহের ন্যায় চকমক করিতে লাগিল ॥২২॥

বাজাবা আপন আপন অলঙ্কাব ইতস্ততঃ নিক্ষেপ করিয়া বর্ম্ম পবিধান কবিতে লাগিলেন; ক্রোধে ও অধৈর্য্যে তাঁহাদেব ভ্রূযুগল কুটিল হইয়া উঠিল এবং নয়নযুগল বক্তবর্ণ হইল, এই অবস্থায় তাঁহাবা, সারথিসজ্জিত এবং উৎকৃষ্ট অশ্বযুক্ত সুন্দব সুন্দব বথে আরোহণ কবিয়া, অস্ত্র উত্তোলনপূর্ব্বক, একাকী দ্রুতগামী ভীষ্মেব পশ্চাৎ পশ্চাৎ ধাবিত হইলেন। তাহার পব,

প্রযান্তমেকং কৌরব্যমনুসংক্রুদায়ুধাঃ।
ততঃ সমভবদ্যুদ্ধং তেষাং তস্য চ ভারত। ॥২৫॥
একস্য চ বহূনাঞ্চ তুমুলং লোমহর্ষণম্।
তে ত্বিষূন্ দশ সাহস্রাংস্তস্মিন্ যুগপদাক্ষিপন্ ॥২৬॥ (কলাপকম্)
অপ্রাপ্তাংশ্চৈব তানাশু ভীষ্মঃ সর্ব্বানথান্তরা।
অচ্ছিনচ্ছরবর্ষেণ মহতা লোমবাহিনা ॥২৭॥
ততস্তে পার্থিবাঃ সর্ব্বে সর্ব্বতঃ পর্য্যবারয়ন্।
ববৃষুঃ শরবর্ষেণ বর্ষেণাদ্রিমিবাম্বুদাঃ ॥২৮॥
স তং বাণময়ং বর্ষং শরৈরেবাবার্য্য সর্ব্বশঃ।
ততঃ সর্ব্বান্ মহীপালান্ পর্য্যবিধ্যৎস্ত্রিভিস্ত্রিভিঃ ॥২৯॥
একৈকস্তু ততো ভীষ্মং রাজন্। বিব্যাধ পঞ্চভিঃ।
স চ তান্ প্রতিবিব্যাধ দ্বাভ্যাং দ্বাভ্যাং পরাক্রমী ॥৩০॥

ভারতকৌমুদী

কল্পিতান্ সংযুক্তান্, রুচিরান্ রথান্, আস্থায় আরুহ্য, উদায়ুধাঃ সন্তঃ, প্রযান্তমেকং কৌরব্যং ভীষ্মম্, অনুসংক্রুঃ অনুধাবিতবন্তঃ। তেষাং বহূনাঞ্চ, একস্য তস্য ভীষ্মস্য চ। ইষূন্ বাণান্। তস্মিন্ ভীষ্মে ॥২৩—২৬॥

অপ্রাপ্তানিতি। অপ্রাপ্তান্ অনুপস্থিতানেব। অন্তরা মধ্যে। লোমবাহিনা কঙ্কপত্রযুক্তেন ॥২৭॥

তত ইতি। পর্য্যবারয়ন্ পরিবেষ্টিতবন্তঃ। অদ্রিং পর্ব্বতম্। অম্বুদা মেঘাঃ ॥২৮॥

স ইতি। স ভীষ্মঃ। আবার্য্য নিবার্য্য। ত্রিভিস্ত্রিভিঃ শরৈঃ ॥২৯॥

একৈক ইতি। একৈকো রাজা। পঞ্চভিরিতি বীপ্সা শরৈরিত্যনুবৃত্তিশ্চ জ্ঞেয়া ॥৩০॥

বহুসংখ্যক রাজগণের সঙ্গে একমাত্র ভীষ্মের তুমুল ও লোমহর্ষণ যুদ্ধ আরম্ভ হইল। প্রথমে রাজারা ভীষ্মের প্রতি একদা দশ হাজার বাণ নিক্ষেপ করিলেন ॥২৩—২৬॥

তদনন্তর, ভীষ্ম সেই বাণগুলি উপস্থিত না হইতেই লোমশালী বিশাল বাণবৃষ্টি দ্বারা মধ্যপথেই সেগুলিকে কাটিয়া ফেলিলেন ॥২৭॥

তাহার পর, সেই রাজারা সকলে সম্মিলিত হইয়া, সকল দিক হইতে ভীষ্মকে পরিবেষ্টন করিলেন এবং মেঘ যেমন পর্ব্বতের উপরে জলবর্ষণ করে, সেইরূপ ভীষ্মের উপরে শরবর্ষণ করিতে লাগিলেন ॥২৮॥

তদনন্তর, ভীষ্ম আপন বাণ দ্বারা বিপক্ষদিগের বাণবৃষ্টি সর্ব্বপ্রকারে নিবারণ করিয়া, তিন তিনটী বাণ দ্বারা সকল রাজাকে বিদ্ধ করিলেন ॥২৯॥

---

(২৬)···তস্মৈ যুগপৎ···। (২৮) ববর্ষুঃ শরবর্ষেণ···।

তদ্যুদ্ধমাসীত্তুমুলং ঘোরং দেবাসুরোপমম্ ।
পশ্যতাং লোকবীরাণাং শরশক্তিসমাকুলম্ ॥৩১॥
স ধনূংষি ধ্বজাগ্রাণি বর্ম্মাণি চ শিরাংসি চ ।
চিচ্ছেদ সমরে ভীষ্মঃ শতশোঽথ সহস্রশঃ ॥৩২॥
তস্যাতিপুরুষং কর্ম্ম লাঘবং রথচারিণঃ ।
রক্ষণঞ্চাত্মনঃ সংখ্যে শত্রবোঽপ্যভ্যপূজয়ন্ ॥৩৩॥
তান্ বিনির্জ্জিত্য তু রণে সর্ব্বশস্ত্রবিশারদঃ ।
কন্যাভিঃ সহিতঃ প্রায়াদ্ভারতো ভারতান্ প্রতি ॥৩৪॥
ততস্তং পৃষ্ঠতো রাজন্ ! শাল্বরাজো মহারথঃ ।
অভ্যগচ্ছদমেয়াত্মা ভীষ্মং শান্তনবং রণে ॥৩৫॥

ভারতকৌমুদী

তদিতি। লোকা বীরভিন্না জনাশ্চ বীরাশ্চ তেষাম্, ঘোরং ভয়ঙ্করম্ ॥৩১॥
স ইতি। ধনুরাদীনি বিপক্ষাণাম্ ॥৩২॥
তস্যেতি। অতিপুরুষং মানুষাতিক্রান্তম্। লাঘবম্ অস্ত্রক্ষেপে শীঘ্রতাম্। সংখ্যে যুদ্ধে ॥৩৩॥
তানিতি। ভারতো ভরতবংশীয়ো ভীষ্মঃ, ভারতান্ বিচিত্রবীর্য্যাদীন্ ॥৩৪॥

ভারতভাবদীপঃ

প্রবীর্য্যাদ্ভির্ভূর্যৈনৈকপলক্ষিতা অনুসস্রুরিতি তৃতীয়েনান্বয়ঃ ॥২৩—৩১॥ অন্যান্ প্রতি তস্য রথচারিণো লাঘবং শৈঘ্র্যং পরধ্বজাদিচ্ছেদে যৎ, তৎ শত্রবোঽপ্যপূজয়ন্নিতি সম্বন্ধঃ

তাহার পর, প্রত্যেক রাজা পাঁচ পাঁচটী বাণ দ্বারা ভীষ্মকে বিদ্ধ করিলেন; মহাশক্তিশালী ভীষ্মও দুই দুইটী বাণ দ্বারা তাঁহাদিগকে প্রতিবিদ্ধ করিলেন ॥৩০॥

শর ও শক্তিপ্রভৃতি অস্ত্রসমাচ্ছন্ন সেই তুমুল যুদ্ধ দেবাসুরযুদ্ধের ন্যায় প্রত্যক্ষদর্শী জনসাধারণের ও বীরগণের ভয় জন্মাইতে লাগিল ॥৩১॥

তাহার পর ভীষ্ম বিপক্ষদিগের শত-সহস্র ধনু, ধ্বজ, বর্ম্ম ও মস্তক ছেদন করিয়া ফেলিলেন ॥৩২॥

সেই যুদ্ধে শত্রুগণও রথচারী ভীষ্মের আত্মরক্ষা ও লঘুহস্ততাপ্রভৃতি অমানুষিক কর্ম্ম দেখিয়া, তাঁহার প্রশংসা করিতে লাগিল ॥৩৩॥

তদনন্তর, সর্ব্বশস্ত্রনিপুণ ভীষ্ম বিপক্ষগণকে পরাভূত করিয়া, কন্যাগণের সহিত হস্তিনাপুরের দিকে প্রস্থান করিলেন ॥৩৪॥

(৩৩)…তস্যাতিপুরুষানন্যান্…। (৩৪)…সর্ব্বশস্ত্রভৃতাং বরঃ…। (৩৫)…শাল্বরাজো মহাবলঃ…।

বারণং জঘনে ভিন্দন্ দন্তাভ্যামপরো যথা।
বাসিতামনুসংপ্রাপ্তো যূথপো বলিনাং বরঃ ॥৩৬॥
স্ত্রীকামস্তিষ্ঠ তিষ্ঠেতি ভীষ্মমাহ স পার্থিবঃ।
শাল্বরাজো মহাবাহুরমর্ষেণ প্রচোদিতঃ ॥৩৭॥
ততঃ স পুরুষব্যাঘ্রো ভীষ্মঃ পরবলার্দ্দনঃ।
তদ্বাক্যাকুলিতঃ ক্রোধাদ্বিধূমোঽগ্নিরিব জ্বলন্ ॥৩৮॥
বিততেষুধনুষ্পাণির্বিকুঞ্চিতললাটভৃৎ।
ক্ষত্রধর্ম্মং সমাস্থায় ব্যপেতভয়সম্ভ্রমঃ।
নিবর্ত্তয়ামাস রথং শাল্বং প্রতি মহারথঃ ॥৩৯॥ (যুগ্মকম্)

ভারতকৌমুদী

তত ইতি। অমেয়ঃ পরিমাতুমশক্য আত্মা শক্তৌ স্বরূপং যস্য সঃ ॥৩৫॥

উক্তার্থে উপমামাহ—বারণমিতি। যথা অপরো বলিনাং বরো যূথপো হস্তিযূথপতিঃ, দন্তাভ্যাম্, জঘনে, বারণং বাসিতামেব পূর্ব্বমনুসরন্তমন্যং হস্তিনম্, ভিন্দন্ আঘাতেন বিদারয়ন্ সন্, বাসিতাং হস্তিনীম্, অনুসংপ্রাপ্তঃ অনুসৃতো ভবতি; তথা শাল্বো ভীষ্মং পৃষ্ঠতোঽভ্যগচ্ছদিত্যর্থঃ। যচ্ছব্দস্য পরবাক্যগতত্বান্ন তচ্ছব্দাপেক্ষা, "আত্মা জানাতি, যৎ পাপম্" ইতি সাহিত্যদর্পণোদাহরণবৎ। "বাসিতা করিণীনার্য্যোর্বাসিতং ভাবিতে রুতে" ইতি মেদিনী ॥৩৬॥

স্ত্রীতি। স্ত্রীকামঃ, অতএব অমর্ষেণ ক্রোধেন, প্রচোদিতো ব্যাপারিতঃ ॥৩৭॥

তত ইতি। তস্য শাল্বস্য বাক্যেন আকুলিতো বিহ্বলীকৃতঃ। বিধূমো ধূমশূন্যঃ। বিততঃ সংহিত ইষুর্বাণো যত্র তত্তাদৃশং ধনুঃ পাণৌ যস্য সঃ। পরপদ্যং ষট্পাদম্ ॥৩৮—৩৯॥

ভারতভাবদীপঃ

॥৩২—৩৪॥ বাসিতাং করিণীং প্রাপ্তং বারণং যথাপরোঽনুপ্রাপ্তো জঘনে ভিন্দন্নিতি সম্বন্ধঃ।

মহারাজ! তাহার পর, অসাধারণ শক্তিশালী মহারথ শাল্বরাজ, শান্তনুনন্দন ভীষ্মের পশ্চাৎ পশ্চাৎ ধাবিত হইলেন ॥৩৫॥

একটা হস্তী হস্তিনীর পিছনে যাইতে লাগিলে, অপর প্রবল হস্তী যেমন দন্ত দ্বারা তাহার পশ্চাদ্ভাগে আঘাত করিয়া নিজেই সেই হস্তিনীর পিছনে যায় (শাল্বও তেমন ভীষ্মকে আঘাত করিয়া কন্যাগুলির পিছনে যাইবার ইচ্ছা করিলেন) ॥৩৬॥

মহাবাহু শাল্বরাজ স্ত্রীলাভ করিবার ইচ্ছা করিয়াছিলেন; সুতরাং তিনি ক্রোধ-প্রণোদিত হইয়া ভীষ্মকে বলিলেন—"থাম, থাম" ॥৩৭॥

তাহার পর, শত্রুবিজয়ী পুরুষশ্রেষ্ঠ মহারথ ভীষ্ম শাল্বরাজের বাক্যে উত্তেজিত হইয়া, ধূমহীন অগ্নির ন্যায় ক্রোধে জ্বলিতে থাকিয়া, উন্মুক্ত বাণ ও

নিবর্ত্তমানং তং দৃষ্ট্বা রাজানঃ সর্ব্ব এব তে।
প্রেক্ষকাঃ সমপদ্যন্ত ভীষ্মশাল্বসমাগমে ॥৪০॥
তৌ বৃষাবিব নর্দ্দন্তৌ বলিনৌ বাসিতান্তরে।
অন্যোন্যমভ্যবর্ত্তেতাং বলবিক্রমশালিনৌ ॥৪১॥
ততো ভীষ্মং শান্তনবং শরৈঃ শতসহস্রশঃ।
শাল্বরাজো নরশ্রেষ্ঠঃ সমবাকিরদাশুগৈঃ ॥৪২॥
পূর্ব্বমভ্যর্দ্দিতং দৃষ্ট্বা ভীষ্মং শাল্বেন তে নৃপাঃ।
বিস্মিতাঃ সমপদ্যন্ত সাধু সাধ্বিতি চাব্রুবন্ ॥৪৩॥
লাঘবং তস্য তে দৃষ্ট্বা সমবে সর্ব্বপার্থিবাঃ।
অপূজয়ন্ত সংহৃষ্টা বাগ্‌ভিঃ শাল্বং নরাধিপম্ ॥৪৪॥

ভারতকৌমুদী

নিবর্ত্তমানমিতি। তং ভীষ্মম্। প্রেক্ষকা দর্শকাঃ, সমপদ্যন্ত সঞ্জাতাঃ ॥৪০॥
তাবিতি। বাসিতান্তরে স্ত্রীগবীপ্রাপ্ত্যব সরে তন্নিমিত্ত ইত্যর্থঃ। তৌ ভীষ্মশাল্বৌ ॥৪১॥
তত ইতি। শতসহস্রশো বহুতরৈরিত্যর্থঃ, আশুগৈঃ শীঘ্রগামিভিঃ শরৈঃ ॥৪২॥
পূর্ব্বমিতি। অভ্যর্দ্দিতং প্রহৃতম্। সমপদ্যন্ত সঞ্জাতাঃ ॥৪৩॥
লাঘবমিতি। লাঘবং লঘুহস্ততাং শীঘ্রাস্ত্রক্ষেপযোগ্যতামিতি যাবৎ ॥৪৪॥

ভারতভাবদীপঃ

"বাসিতা স্ত্রীকরেণ্বোশ্চ" ইত্যমরঃ ॥৩৫—৪০॥ বৃষৌ রেতঃসেককামৌ গজৌ ; গোবৃষাবেব

ধনু ধারণপূর্ব্বক ললাট কুঞ্চিত করিয়া, ক্ষত্রিয়ের ধর্ম্ম অনুসারে নির্ভয়ে ও স্থিরচিত্তে শাল্বরাজের দিকে নিজের রথ ফিরাইলেন ॥৩৮—৩৯॥

ভীষ্ম ফিরিয়া দাঁড়াইয়াছেন দেখিয়া সেই রাজারা সকলেই, (যুদ্ধের জন্য) ভীষ্ম ও শাল্বের সম্মিলনে দর্শকশ্রেণীভুক্ত হইলেন ॥৪০॥

একটা গাভীর জন্য দুইটী বলবান্ বৃষ যেমন গর্জ্জন করিতে থাকিয়া, পরস্পর অভিমুখীন হয়, সেইরূপ বল ও বিক্রমশালী ভীষ্ম ও শাল্ব পরস্পর অভিমুখীন হইলেন ॥৪১॥

তাহার পর, নরশ্রেষ্ঠ শাল্বরাজ, শীঘ্রগামী বহুসংখ্যক বাণ দ্বারা শান্তনুনন্দন ভীষ্মকে আচ্ছন্ন করিয়া ফেলিলেন ॥৪২॥

প্রথমে শাল্বরাজই ভীষ্মকে প্রহার করিয়াছেন—ইহা দেখিয়া সেই বিপক্ষ রাজারা বিস্মিত হইয়া, 'সাধু সাধু' এই কথা বলিয়া উঠিলেন ॥৪৩॥

সেই সকল রাজগণ যুদ্ধে শাল্বরাজের লঘুহস্ততা দেখিয়া, আনন্দিত হইয়া, বাক্য দ্বারা শাল্বরাজের প্রশংসা করিতে লাগিলেন ॥৪৪॥

(৪২) শাল্বরাজো নরশ্রেষ্ঠম্ ··। (৪৪)···সংযুগে সর্ব্বপার্থিবাঃ।

ক্ষত্রিয়াণাং তদা বাচঃ শ্রুত্বা পবপুরঞ্জয়ঃ।
ক্রুদ্ধঃ শান্তনবো বীরস্তিষ্ঠ তিষ্ঠেত্যভাষত ॥৪৫॥
সাবথিঞ্চাব্রবীৎ ক্রুদ্ধো যাহি যত্রৈষ পার্থিবঃ।
যাবদেনং নিহন্ম্যদ্য ভুজঙ্গমিব পক্ষিরাট্ ॥৪৬॥
ততোঽস্ত্রং বারুণং সম্যগ্ যোজয়ামাস কৌরবঃ।
তেনাশ্বাংশ্চতুবোঽমৃদ্নাচ্ছাল্বরাজস্য ভূপতে! ॥৪৭॥
অস্ত্রৈরবস্ত্রাণি সংবার্য্য শাল্ববাজস্য কৌববঃ।
ভীষ্মো নৃপতিশার্দ্দূল। ন্যবধীত্তস্য সারথিম্ ॥৪৮॥
অস্ত্রেণ চাপ্যথৈন্দ্রেণ ন্যবধীত্তুরগোত্তমান্।
কন্যাহেতোর্নবশ্রেষ্ঠো ভীষ্মঃ শান্তনবস্তদা ॥৪৯॥
জিত্বা বিসর্জ্জয়ামাস জীবন্তং নৃপসত্তমম্।
ততঃ শাল্বঃ স্বনগবং প্রযযৌ ভরতর্ষভ। ॥৫০॥

ভাবতকৌমুদী

ক্ষত্রিষাণামিতি। বাচঃ শাল্ববাজস্য সাধুবাদান্। পবপুবঞ্জযঃ শত্রুনগববিজযী ॥৪৫॥
সাবথিমিতি। ক্রুদ্ধো ভীষ্মঃ। এষ পার্থিবঃ শাল্ববাজঃ। পক্ষিবাড়্ গরুডঃ ॥৪৬॥
তত ইতি। হে ভূপতে। জনমেজয়।। অমৃদ্নাৎ দুর্ব্বলীকৃতবান্ ॥৪৭॥
অস্ত্রৈবিতি। সংবার্য্য নিবার্য্য। তস্য শাল্ববাজস্য ॥৪৮॥
অস্ত্রেণেতি। কন্যাহেতোঃ কাশীরাজস্য কন্যাত্রযহবণার্থম্ ॥৪৯॥
জিত্বেতি। নৃপসত্তমং তং শাল্বম্। বিসর্জ্জযামাস মুমোচ ॥৫০॥

তখন শত্রুনগববিজয়ী ভীষ্ম বিপক্ষ বাজগণেব সেই সকল কথা শুনিয়া, ক্রুদ্ধ হইয়া বলিলেন—'থাক থাক' ॥৪৫॥

পবে, তিনি ক্রুদ্ধ অবস্থাতেই সাবথিকে বলিলেন—"যেখানে ঐ শাল্ববাজ বহিয়াছেন, সেইখানে যাও, গরুড় যেমন সর্পবধ কবেন, আমি আজ তেমন ভাবেই এই শাল্বরাজকে বধ কবিব" ॥৪৬॥

মহাবাজ! তাহাব পব ভীষ্ম বারুণাস্ত্র সন্ধান কবিলেন এবং তাহাব আঘাতে শাল্ববাজেব চাবিটী ঘোড়াকেই দুর্ব্বল কবিয়া দিলেন ॥৪৭॥

এবং অস্ত্র দ্বাবা শাল্ববাজেব অস্ত্রগুলিকে নিবাবণ কবিযা, তাঁহাব সাবথিকে বধ কবিলেন ॥৪৮॥

তাহাব পব, নবশ্রেষ্ঠ শান্তনুনন্দন ভীষ্ম কন্যা কয়টীকে হরণ কবিবাব জন্য তখনই ঐন্দ্র অস্ত্র দ্বাবা শাল্ববাজেব ঘোড়াগুলিকে মারিয়া ফেলিলেন ॥৪৯॥

ভীষ্ম এইভাবে জয় কবিয়া, শাল্বরাজের জীবনমাত্র অবশিষ্ট বাখিয়া,

---

(৪৫) ক্ষত্রিয়াণাং ততো বাচঃ ···। (৪৯) অস্ত্রেণ চাপ্যথৈকেন ···।

স্বরাজ্যমন্বশাচ্চৈব ধর্ম্মেণ নৃপতিস্তদা ।
রাজানো যে চ তত্রাসন্ স্বয়ংবরদিদৃক্ষবঃ ॥৫১॥
স্বান্যেব তেঽপি রাষ্ট্রানি জগ্মুঃ পরপুরঞ্জয় । ।
এবং বিজিত্য তাঃ কন্যা ভীষ্মঃ প্রহরতাং বরঃ ॥৫২॥
প্রযযৌ হাস্তিনপুরং যত্র রাজা স কৌরবঃ ।
বিচিত্রবীর্য্যো ধর্ম্মাত্মা প্রশাস্তি বসুধামিমাম্ ॥৫৩॥ (বিশেষকম্)
যথা পিতাস্য কৌরব্যঃ শান্তনুর্নৃপসত্তমঃ ।
অচিরেণৈব কালেন সোঽত্যক্রামদরাধিপ । ॥৫৪॥
বনানি সরিতশ্চৈব শৈলাংশ্চ বিবিধান্ দ্রুমান্ ।
অক্ষতঃ ক্ষপয়িত্বারীন্ সংখ্যেঽসংখ্যেয়বিক্রমঃ ॥৫৫॥

ভারতকৌমুদী

স্বেতি । নৃপতিঃ স শাল্বঃ । স্বান্যেব স্বকীযান্যেব। প্রহরতাং বীরাণাং বরঃ । যত্র হাস্তিনপুরে তিষ্ঠন্নিতি শেষঃ । প্রশাস্তীত্যধ্যাহর্ত্তব্যস্মপদযোগবিবক্ষয়া বর্ত্তমানা ॥৫১—৫৩॥

যথেতি । অস্য বিচিত্রবীর্য্যস্য, পিতা শশাসেতি শেষঃ । অত্রাপি যচ্ছব্দস্য পরবাক্যগতত্বান্ন তচ্ছব্দাপেক্ষা । স বিচিত্রবীর্য্যঃ, অত্যক্রামদ্‌গুণেন তং পিতরমিতি শেষঃ ॥৫৪॥

বনানীতি । ন সংখ্যাতুম্ ইয়ত্তয়া পরিমাতুং শক্য ইত্যসংখ্যেযো বিক্রমো যস্য সঃ, ধর্ম্মাত্মা সঃ, সাগরগা গঙ্গা তস্যাঃ সুতো ভীষ্মঃ, সংখ্যে যুদ্ধে, স্বয়মক্ষতস্তিষ্ঠন্নেব, অরীন্

ভারতভাবদীপঃ

বা। তৎসাহচর্য্যাৎ বাসিতা পুষ্পিণী গৌস্তদন্তরে তন্নিমিত্তম্ ॥৫১—৪৭॥ জীবন্তং প্রাণমাত্রা-

তাঁহাকে ছাড়িয়া দিলেন। তাহার পর শাল্ব আপন রাজধানীতে চলিয়া গেলেন ॥৫০॥

তিনি সেখানে যাইয়া ধর্ম্মানুসারে আপন রাজ্য শাসন করিতে লাগিলেন। এদিকে স্বয়ংবর দেখিবার ইচ্ছায় যে সকল রাজা সেখানে ছিলেন, তাঁহারাও আপন আপন রাজ্যে চলিয়া গেলেন। মহাবীর ভীষ্ম এইভাবে সেই কন্যাগণকে জয় করিয়া হস্তিনানগরে চলিয়া গেলেন ; যে হস্তিনানগরে থাকিয়া ধার্ম্মিক রাজা বিচিত্রবীর্য্য এই পৃথিবী শাসন করিতেছিলেন ॥৫১—৫৩॥

বিচিত্রবীর্য্যের পিতা রাজশ্রেষ্ঠ শান্তনু যেভাবে রাজ্য শাসন করিয়াছিলেন, (বিচিত্রবীর্য্যও সেই ভাবেই রাজ্য শাসন করিতেছিলেন)। বিচিত্রবীর্য্য আপন গুণে অল্পকালের মধ্যেই পিতা শান্তনুকে অতিক্রম করিয়াছিলেন ॥৫৪॥

এদিকে অসাধারণবিক্রমী ধর্ম্মাত্মা ভীষ্ম নিজে অক্ষত শরীর থাকিয়া, যুদ্ধে শত্রুদিগকে পরাভূত করিয়া, নানাবিধ বন, নদী, পর্ব্বতও বৃক্ষসমূহকে

(৫৩) প্রযাতো হাস্তিনপুরম্··· । (৫৫) অক্ষয়ঃ ক্ষযিত্বারীন্··· ।

আনয়ামাস কাশ্যস্য সুতাঃ সাগরগাসুতঃ।
স্নুষা ইব স ধর্ম্মাত্মা ভগিনীরিব চানুজাঃ ॥৫৬॥ (যুগ্মকম্)
যথা দুহিতরশ্চৈব পরিগৃহ্য যযৌ কুরূন্।
আনিন্যে স মহাবাহুর্ভ্রাতুঃ প্রিয়চিকীর্ষয়া ॥৫৭॥
তাঃ সর্ব্বগুণসম্পন্না ভ্রাতা ভ্রাত্রে যবীয়সে।
ভীষ্মো বিচিত্রবীর্য্যায় প্রদদৌ বিক্রমাহৃতাঃ ॥৫৮॥
এবং ধর্ম্মেণ ধর্ম্মজ্ঞঃ কৃত্বা কর্ম্মাতিমানুষম্।
ভ্রাতুর্বিচিত্রবীর্য্যস্য বিবাহায়োপচক্রমে।
সত্যবত্যা সহ মিথঃ কৃত্বা নিশ্চয়মাত্মবান্ ॥৫৯॥
বিবাহং কারয়িষ্যন্তং ভীষ্মং কাশীপতেঃ সুতা।
জ্যেষ্ঠা তাসামিদং বাক্যমব্রবীদ্ধসতী তদা ॥৬০॥

ভারতকৌমুদী

ক্ষপয়িত্বা বিনাশ্য, বনাদীন্যতিক্রম্য, কাশ্যস্য কাশীরাজস্য, সুতাঃ, স্নুষাঃ পুত্রবধূরিব, অনুজা ভগিনীরিব চ, নিস্পৃহং সস্নেহঞ্চেতি ভাবঃ, আনযামাস আর্ষোঽয়ং প্রয়োগঃ ॥৫৫—৫৬॥

যথেতি। যথা দুহিতর আত্মজাস্তিষ্ঠন্তি, তথৈব তাঃ কন্যাঃ পরিগৃহ্যেত্যর্থঃ ॥৫৭॥

তা ইতি। তাস্তিস্র এব কন্যাঃ। যবীয়সে কনিষ্ঠায ॥৫৮॥

এবমিতি। ধর্ম্মজ্ঞো ভীষ্মঃ। মিথঃ পরস্পরম্। আত্মবান্ যত্নবান্ সন্। "আত্মা যত্নো ধৃতি-র্বুদ্ধিঃ স্বভাবো ব্রহ্ম বর্ষ্ম চ" ইত্যমরঃ। ষট্পদোঽয়ং শ্লোকঃ ॥৫৯॥

বিবাহমিতি। তাসাং কন্যানাং মধ্যে জ্যেষ্ঠা। হসতী হসন্তী ॥৬০॥

অতিক্রম করিয়া, পুত্রবধূর ন্যায় এবং কনিষ্ঠা ভগিনীর ন্যায় কাশীরাজের কন্যাগণকে লইয়া আসিলেন ॥৫৫—৫৬॥

আপন কন্যা যেমন ভাবে থাকে, তেমন ভাবেই মহাবীর ভীষ্ম সেই কন্যাগণকে লইয়া কুরুদেশে গেলেন এবং ভ্রাতা বিচিত্রবীর্য্যের সন্তোষের জন্য তাহাদিগকে রাজধানীতেই নিয়া আসিলেন ॥৫৭॥

তাহার পর ভীষ্ম, বিক্রম প্রকাশ করিয়া আনীত সর্ব্বগুণসম্পন্না সেই তিনটী কন্যাকেই কনিষ্ঠ ভ্রাতা এক বিচিত্রবীর্য্যের হস্তে দান করিবার ইচ্ছা করিলেন ॥৫৮॥

ধার্ম্মিক ভীষ্ম ধর্ম্মানুসারে এইরূপ অলৌকিক কার্য্য করিয়া, বিমাতা সত্যবতীর সহিত পরস্পর পরামর্শপূর্ব্বক স্থির করিয়া, বিশেষ যত্নসহকারে ভ্রাতা বিচিত্রবীর্য্যের বিবাহের উপক্রম করিলেন ॥৫৯॥

---

(৫৭)···প্রতিগৃহ্য যযৌ নৃপ!। আনিন্যে রথমারোপ্য···।

ময়া সৌভপতিঃ পূর্ব্বং মনসাভিবৃতঃ পতিঃ।
তেন চাস্মি বৃতা পূর্ব্বমেষ কামশ্চ মে পিতুঃ ॥৬১॥
ময়া বরয়িতব্যোঽভূচ্ছাল্বস্তস্মিন্ স্বয়ংবরে।
এতদ্বিজ্ঞায় ধর্ম্মজ্ঞ ! ধর্ম্মতত্ত্বং সমাশ্রয় ॥৬২॥
এবমুক্তস্তয়া ভীষ্মঃ কন্যয়া বিপ্রসংসদি।
চিন্তামভ্যগমদ্বীরো যুক্তাং তস্যৈব কর্ম্মণঃ ॥৬৩॥
বিনিশ্চিত্য স ধর্ম্মজ্ঞো ব্রাহ্মণৈর্ব্বেদপারগৈঃ।
অনুজজ্ঞে তদা জ্যেষ্ঠামম্বাং কাশিপতেঃ সুতাম্ ॥৬৪॥
অম্বিকাম্বালিকে ভার্য্যে প্রাদাদ্ভ্রাত্রে যবীয়সে।
ভীষ্মো বিচিত্রবীর্য্যায় বিধিদৃষ্টেন কর্ম্মণা ॥৬৫॥

ভারতকৌমুদী

ময়েতি। সৌভপতিঃ শাল্বঃ। তেন সৌভপতিনা চ। কামোঽভিলাষঃ ॥৬১॥
ময়েতি। মনসা বরণাৎ শাল্বভার্য্যৈবাহং বিচিত্রবীর্য্যায় ন দাতব্যেতি ভাবঃ ॥৬২॥
এবমিতি। তস্যৈব কর্ম্মণো জ্যেষ্ঠায়া বিবাহস্য যুক্তাং ন্যায্যাম্। অভ্যগমদকার্ষীৎ ॥৬৩॥
বিনিশ্চিত্যেতি। বিনিশ্চিত্য আলোচনয়া কর্ত্তব্যমবধার্য্য। অনুজজ্ঞে শাল্বরাজমেব গত্বা বরয়িতুমনুমোদিতবান্; তদ্বরণে সর্ব্বসম্মতিশ্রবণাদিতি ভাবঃ ॥৬৪॥

ভারতভাবদীপঃ

ভারতকৌমুদী

রেখেতি। পরং পারত্রিকফলম্, অপরম্ ঐহিকফলম্। প্রণিহিতা দৃঢ়ং ন্যস্তা ॥৩৮॥

তস্মাদিতি। ধর্ম্মং কারণমুদ্দিশ্য, ন পুনঃ কামম্। সনাতনং চিরব্যবহৃতম্ ॥৩৯॥

ভ্রাতুরিতি। মিত্রাবরুণযোস্তদাখ্যয়োর্দেবয়োঃ। তে দেব্যৌ বিচিত্রবীর্য্যমহিষ্যৌ। সংবৎসরং যাবৎ যথান্যায়ং ব্রতং চরেতাম্। উপেয়াৎ রমণায়োপগন্তুং শক্নুয়াৎ ॥৪০—৪১॥

সদ্য ইতি। প্রপদ্যেতে প্রাপ্নুতঃ। দেবতা চ ন প্রসীদতীতি শেষঃ ॥৪২॥

বেদব্যাস বলিলেন—"মা সত্যবতী! আপনি ঐহিক ও পারত্রিক দ্বিবিধ ধর্ম্মই জানেন এবং আপনার বুদ্ধি সর্ব্বদা ধর্ম্মেই নিবিষ্ট রহিয়াছে ॥৩৮॥

অতএব আমি আপনার আদেশ অনুসারে কেবল ধর্ম্ম উদ্দেশ্য করিয়াই আপনার অভীষ্ট সম্পাদন করিব। কেন না, এইরূপ ঘটনা ত চিরদিনই দেখিয়া আসিতেছি ॥৩৯॥

আমি, ভ্রাতা বিচিত্রবীর্য্যের জন্য, মিত্র ও বরুণ দেবতার তুল্য পুত্র উৎপাদন করিব। অতএব আমি যেমন নির্দ্দেশ করি, তেমন ভাবে সেই রাণীরা দুই জন এক বৎসর যাবৎ যথানিয়মে ব্রত আচরণ করুন, তাহার পর তাঁহারা দুই জন শুদ্ধ হইবেন। ব্রত আচরণ না করিলে, কোন রমণীই আমার নিকট আসিতে পারে না" ॥৪০—৪১॥

সত্যবতী বলিলেন—"বৎস! রাণীরা যাহাতে সদ্যই গর্ভ ধারণ করেন, তুমি তাহাই কর। কারণ, অরাজক রাজ্যে বৃষ্টি হয় না এবং দেবতাও প্রসন্ন হন না ॥৪২॥

---

(৪২) যথা সদ্যঃ প্রপদ্যেতাং তে গর্ভং ত্বং তথা কুরু··· , যথা সদ্যঃ প্রপদ্যেত দেবী গর্ভং তথা কুরু· । (৪৩) কথঞ্চারাজকম্··· ।

ব্যাস উবাচ।

যদি পুত্রঃ প্রদাতব্যো ময়া ক্ষিপ্রমকালিকঃ।
বিরূপতাং মে সহতাং তয়োরেতৎ পরং ব্রতম্ ॥৪৪॥
যদি মে সহতে গন্ধং রূপং বেশং তথা বপুঃ।
অদ্যৈব গর্ভং কৌশল্যা বিশিষ্টং প্রতিপদ্যতাম্ ॥৪৫॥

বৈশম্পায়ন উবাচ।

এবমুক্ত্বা মহাতেজা ব্যাসঃ সত্যবতীং তদা।
সমাগমনমাকাঙ্ক্ষন্নিতি সোঽন্তর্হিতো মুনিঃ ॥৪৬॥
ততোঽভিগম্য সা দেবী স্নুষাং রহসি সঙ্গতাম্।
ধর্ম্ম্যমর্থসমাযুক্তমুবাচ বচনং হিতম্ ॥৪৭॥
কৌশল্যে! ধর্ম্মতন্ত্রত্বাদ্ যদ্‌ব্রবীতি নিবোধ তৎ।
ভরতানাং সমুচ্ছেদো ব্যক্তং মদ্ভাগ্যসংক্ষয়াৎ ॥৪৮॥

ভাবতকৌমুদী

কথমিতি। প্রভো! তপঃপ্রভাবসম্পন্ন!। ধাবয়িতুং রক্ষিতুম্। সমাধৎস্ব জনয় ॥৪৩॥
যদীতি। অকালিকঃ অযথার্থকালোৎপাদ্যঃ। তয়োর্বিচিত্রবীর্য্যভার্য্যযোঃ ॥৪৪॥
বিরূপতামেব বিবৃণোতি—যদীতি। কৌশল্যা কাশীরাজকন্যা অম্বিকা, তস্য তদানীং কোশল-দেশস্যাপি রাজত্বাৎ ॥৪৫॥
এবমিতি। সমাগমনং বিচিত্রবীর্য্যভার্য্যযোঃ সঙ্গমম্ ॥৪৬॥
তত ইতি। দেবী সত্যবতী, স্নুষাং পুত্রবধূম্। ধর্ম্ম্যং ধর্ম্মাদনপেতম্ ॥৪৭॥

দ্বৈপায়ন! আমরাই বা কি করিয়া অরাজক রাজ্য রক্ষা করিতে পারিব। অতএব তুমি শীঘ্রই রাণীদের গর্ভ উৎপাদন কর; ভীষ্ম সেই সন্তানদিগকে বর্দ্ধিত করিবেন" ॥৪৩॥

বেদব্যাস বলিলেন—"মা! যদি সত্বরই আমার অকালে পুত্র উৎপাদন করিতে হয়, তবে রাণীরা আমার বিকৃত রূপ যেন সহ্য করেন; তাঁহাদের ইহাই প্রধান ব্রত হইবে ॥৪৪॥

অম্বিকাদেবী যদি আমার শরীরের গন্ধ, রূপ, বেশ এবং এই বিকৃত দেহ সহ্য করিতে পারেন, তবে অদ্যই তিনি উৎকৃষ্ট গর্ভ ধারণ করিবেন" ॥৪৫॥

বৈশম্পায়ন বলিলেন—তেজস্বী বেদব্যাস সত্যবতীকে এইরূপ বলিয়া, রাণীদের সহিত সঙ্গম করিবার ইচ্ছা করিয়া তখন অন্তর্হিত হইলেন ॥৪৬॥

তাহার পর, সত্যবতী নির্জ্জনে পুত্রবধূর নিকট যাইয়া, তাঁহার নিকট হিতকর এবং ধর্ম্ম ও যুক্তিসঙ্গত কথা বলিতে লাগিলেন—॥৪৭॥

(৪৪)…ভ্রাতুরকালিকঃ। (৪৭) উভয়ার্দ্ধয়োর্মধ্যে "শয়নে সা চ কৌশল্যা শুচিবস্ত্রা স্বলঙ্কৃতা" ইতি পাদদ্বয়ং ক্বচিৎ। তত্র চ সমাগমনমাকাঙ্ক্ষেদিতি পাঠঃ।

ব্যথিতং মাঞ্চ সম্প্রেক্ষ্য পিতৃবংশঞ্চ পীড়িতম্ ।
ভীষ্মো বুদ্ধিমদান্মহ্যং কুলস্যাস্য বিবৃদ্ধয়ে ॥৪৯॥
সা চ বুদ্ধিস্ত্বয্যধীনা পুত্রি ! প্রাপয় মাং তথা ।
নষ্টঞ্চ ভারতং বংশং পুনরেব সমুদ্ধর ॥৫০॥
পুত্রং জনয় সুশ্রোণি ! দেবরাজসমপ্রভম্ ।
স হি রাজ্যধুরং গুর্বীমুদ্বক্ষ্যতি কুলস্য নঃ ॥৫১॥
সা ধর্ম্মতোঽনুনীয়ৈনাং কথঞ্চিদ্ধর্ম্মচারিণীম্ ।
ভোজয়ামাস বিপ্রাংশ্চ দেবর্ষীনতিথীংস্তথা ॥৫২॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যামাদিপর্ব্বণি
সম্ভবে সত্যবত্যুপদেশে নবনবতিতমোঽধ্যায়ঃ ॥০॥ *

ভারতকৌমুদী

কৌশল্য ইতি। ধর্ম্মতন্ত্রত্বাৎ ধর্ম্মাধীনত্বাৎ ধর্ম্মসঙ্গতত্বাদিত্যর্থঃ। ব্যক্তং ধ্রুবম্ ॥৪৮॥

ব্যথিতমিতি। পিতৃবংশং পিতৃবংশীয়লোকঞ্চ, পীড়িতং দুঃখার্ত্তম্। অদাদ্দত্তবান্ ॥৪৯॥

সেতি। ত্বয্যধীনা সফলতায়াং ত্বং প্রযোজ্যা। তথা অভীষ্টবিষয়েণ সহ মাং প্রাপয় যোজয় ॥৫০॥

অথ কোঽসৌ তবাভীষ্টবিষয় ইত্যাহ—পুত্রমিতি। রাজ্যধুরং রাজ্যশাসনভারম্ ॥৫১॥

সেতি। সা সত্যবতী, ধর্ম্মচারিণীং বৈধব্যাদ্ব্রহ্মচর্য্যব্রতকারিণীম্, এনামম্বিকাম্, কথঞ্চিৎ কষ্টসৃষ্ট্যা, ধর্ম্মতো ধর্ম্মমেব প্রদর্শ্য, অনুনীয় অনুনয়েন পুরুষান্তরসংসর্গে সম্মতীকৃত্য, বিপ্রান্,

ভারতভাবদীপঃ

ধর্ম্মং প্রবৃত্তিরূপম্, আমুষ্মিকমৈহিকমিতি বা ॥৩৭—৩৯॥ দেব্যৌ রাজভার্য্যে ॥৪০—৪৯॥ যথা ভীষ্মেণোক্তং তথা মাং প্রাপয় ইষ্টার্থেন যোজয় ॥৫০॥ উদ্বক্ষ্যতি ধুরং ধুর উদ্বহনং কবি-

"অম্বিকা! আমি তোমার নিকট যে ধর্ম্মসঙ্গত কথা বলিতেছি, তাহা তুমি শোন। আমার ভাগ্য নষ্ট হইয়াছে বলিয়া নিশ্চয়ই ভরতবংশের উচ্ছেদ উপস্থিত হইয়াছে ॥৪৮॥

ভীষ্ম, আমাকে এবং পিতৃবংশীয় লোকদিগকে শোকার্ত্ত দেখিয়া, এই ভরতবংশের বৃদ্ধির জন্য, আমাকে উপযুক্ত বুদ্ধিই দিয়াছেন ॥৪৯॥

কিন্তু বৎসে! সে বুদ্ধি তোমারই আয়ত্ত; অতএব তুমি আমার অভীষ্ট সম্পাদন কর এবং বিনষ্ট ভরতবংশের পুনরায় উদ্ধার কর ॥৫০॥

সুন্দরি! তুমি, ইন্দ্রের তুল্য পুত্র প্রসব কর, সেই পুত্রই আমাদের বংশের এবং রাজ্যের বিশাল ভার বহন করিবে ॥৫১॥

(৫০) প্রাপয় মাং তথা। * '...ত্র্যধিকশততমোঽধ্যায়ঃ', '...চতুরধিকশততমোঽধ্যায়ঃ', '...পঞ্চাধিকশততমোঽধ্যায়ঃ', '...চতুর্দ্দশাধিকশততমোঽধ্যায়ঃ' ইতি পাঠান্তরাণি।

শততমোঽধ্যায়ঃ ।

—৹৵৹—

বৈশম্পায়ন উবাচ ।

ততঃ সত্যবতী কালে বধূং স্নাতামৃতৌ তদা ।
সংবেশয়ন্তী শয়নে শনৈর্বচনমব্রবীৎ ॥১॥
কৌশল্যে ! দেবরস্তেঽস্তি সোঽদ্য ত্বামনুবেক্ষ্যতি ।
অপ্রমত্তা প্রতীক্ষৈনং নিশীথে হ্যাগমিষ্যতি ॥২॥

ভারতকৌমুদী

দেবাশ্চ ঋষয়শ্চ তান্, তথা অতিথীংশ্চ, মঙ্গলার্থং ভোজয়ামাস। অহো! সত্যবত্যাঃ খল্বিয়ং কুট্টিনীরীতিঃ ॥৫২॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়ামাদিপর্ব্বণি সম্ভবে নবনবতিতমোঽধ্যায়ঃ ॥০॥

—৹*৹—

তত ইতি। কালে ব্যাসনির্দ্দিষ্টদিনে। শয়নে শয়নগৃহে। শনৈর্মৃদুস্বরম্ ॥১॥

কৌশল্য ইতি। দেবরঃ স্বামিভ্রাতা। ত্বামনু লক্ষ্যীকৃত্য, বেক্ষ্যতি প্রবেক্ষ্যতি। অপ্রমত্তা সাবধানা সতী, এনং দেবরম্, প্রতীক্ষ প্রতীক্ষস্ব। নিশীথে অর্দ্ধরাত্রে ॥২॥

ভারতভাবদীপঃ

স্মৃতি ॥৫১॥ এনাং পুরুষান্তরস্পর্শমনিচ্ছন্তীমিতি সূচয়তি—কথঞ্চিদিতি ॥৫২॥

ইতি শ্রীমহাভারতে আদিপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে নবনবতিতমোঽধ্যায়ঃ ॥৯৯॥

—৹*৹—

তত ইতি ॥১॥ অনুপ্রবেক্ষ্যতি পুত্ররূপেণ তবোদরমাগমিষ্যতি ॥২॥ সা অচিন্তয়দিত্য-নেন গর্ভধারণকালে যং পুরুষং স্ত্রী চিন্তয়তি তাদৃগ্গুণঃ পুত্রো ভবতীতি সূচিতম্ ॥৩॥

সত্যবতী, ব্রহ্মচারিণী অম্বিকাকে ধর্ম্ম দেখাইয়া, অনুনয়সহকারে কোন প্রকারে সম্মত করিয়া, দেবতা, মুনি, ব্রাহ্মণ ও অতিথিদিগকে ভোজন করাইলেন ॥৫২॥

—৹৵৹—

বৈশম্পায়ন বলিলেন—তাহার পর সত্যবতী, যথাসময়ে ঋতুস্নাতা পুত্রবধূ অম্বিকাকে শয়নগৃহে প্রবেশ করাইতে থাকিয়া মৃদুস্বরে এই কথা বলিলেন—॥১॥

"অম্বিকা! তোমার একটি দেবর আছে; সে আজ তোমাকে লক্ষ্য করিয়া এই গৃহে প্রবেশ করিবে. অতএব তুমি সাবধান হইয়া তাহার প্রতীক্ষা করিতে থাক; সে রাত্রি দ্বিতীয় প্রহরের সময় আসিবে" ॥২॥

শ্বশ্র্বাস্তদ্বচনং শ্রুত্বা শয়ানা শয়নে শুভে।
সাহচিন্তয়ত্তদা ভীষ্মমন্যাংশ্চ কুরুপুঙ্গবান্ ॥৩॥
ততোঽম্বিকায়াং প্রথমং নিযুক্তঃ সত্যবাগৃষিঃ।
দীপ্যমানেষু দীপেষু শয়নং প্রবিবেশ হ ॥৪॥
তস্য কৃষ্ণস্য কপিলাং জটাং দীপ্তে চ লোচনে।
বভ্রূণি চৈব শ্মশ্রূণি দৃষ্ট্বা দেবী ন্যমীলয়ৎ ॥৫॥
সংবভূব তয়া সার্দ্ধং মাতুঃ প্রিয়চিকীর্ষয়া।
ভয়াৎ কাশীসুতা তন্তু নাশক্নোদভিবীক্ষিতুম্ ॥৬॥
ততো নিষ্ক্রান্তমাগম্য মাতা পুত্রমুবাচ হ।
অপ্যস্যাং গুণবান্ পুত্র! রাজপুত্রো ভবিষ্যতি ॥৭॥

ভারতকৌমুদী

শ্বশ্রূ ইতি। শয়নে শয্যায়াম্। ভীষ্মং দেবরত্বাৎ, অন্যাংশ্চ দেবরস্থানপাতিনঃ ॥৩॥

তত ইতি। নিযুক্তঃ সত্যবত্যা ব্যাপারিতঃ। শয়নম্ অম্বিকায়াঃ শয়নগৃহম্ ॥৪॥

তস্যেতি। কৃষ্ণস্য গাঢকৃষ্ণবর্ণস্য তস্য ব্যাসস্য। কপিলাং পিঙ্গলবর্ণাম্। দীপ্তে তীব্রোজ্জ্বলে। বভ্রূণি পিঙ্গলবর্ণানি। ন্যমীলয়ত্তয়েন নয়নদ্বয়ং মুদ্রিতবতী ॥৫॥

সংবভূবেতি। তয়া অম্বিকয়া। সংবভূব রমণপ্রবৃত্তো জাতঃ, ব্যাস ইতি শেষঃ ॥৬॥

তত ইতি। মাতা সত্যবতী, পুত্রং ব্যাসম্, নিষ্ক্রান্তং নির্গতম্। অপিশব্দঃ প্রশ্নে ॥৭॥

অম্বিকা, শাশুড়ীর সেই কথা শুনিয়া, মনোহর শয্যায় শয়ন করিয়া, দেবর ভীষ্মকে এবং দেবরস্থানীয় অন্যান্য কুরুবংশীয় প্রধান পুরুষকে চিন্তা করিতে লাগিলেন ॥৩॥

তাহার পর, অম্বিকার জন্যই প্রথম নিযুক্ত সত্যবাদী বেদব্যাস আসিয়া সেই গৃহে প্রবেশ করিলেন, তখন সে গৃহে বহুতর দীপ জ্বলিতেছিল ॥৪॥

বেদব্যাসের জটা ও শ্মশ্রুযুগল পিঙ্গলবর্ণ এবং চক্ষু দুইটী উজ্জ্বল দেখিয়া অম্বিকা ভয়ে নয়নদ্বয় মুদ্রিত করিলেন ॥৫॥

সেই অবস্থাতেই বেদব্যাস মাতা সত্যবতীর প্রিয় কার্য্য করিবার ইচ্ছায় অম্বিকা-দেবীর সহিত রমণে প্রবৃত্ত হইলেন, কিন্তু অম্বিকা তখন ভয়ে বেদব্যাসের দিকে একবারও দৃষ্টিপাত করিতে পারিলেন না ॥৬॥

তাহার পর, বেদব্যাস নির্গত হইয়া আসিলে, মাতা সত্যবতী আসিয়া তাঁহাকে জিজ্ঞাসা করিলেন—"বৎস। ইহার গর্ভে গুণবান্ রাজপুত্র হইবে ত?" ॥৭॥

---

৩ শ্লোকাৎ পরং চত্বারঃ শ্লোকাঃ ক্বচিদধিকা দৃশ্যন্তে। (৪)…শয়নং প্রবিবেশ হ।

নিশম্য তদ্বচো মাতুর্ব্যাসঃ সত্যবতীসুতঃ।
প্রোবাচাতীন্দ্রিয়জ্ঞানো বিধিনা সম্প্রচোদিতঃ ॥৮॥
নাগাযুতসমপ্রাণো বিদ্বান্ রাজর্ষিসত্তমঃ।
মহাভাগো মহাবীর্য্যো মহাবুদ্ধির্ভবিষ্যতি ॥৯॥
অস্য চাপি শতং পুত্রা ভবিষ্যন্তি মহাত্মনঃ।
কিন্তু মাতুঃ স বৈগুণ্যাদন্ধ এব ভবিষ্যতি ॥১০॥
তস্য তদ্বচনং শ্রুত্বা মাতা পুত্রমথাব্রবীৎ।
নান্ধঃ কুরূণাং নৃপতিরনুরূপস্তপোধন। ॥১১॥
জ্ঞাতিবংশস্য গোপ্তারং পিতৄণাং বংশবর্দ্ধনম্।
দ্বিতীয়ং কুরুবংশস্য রাজানং দাতুমর্হসি ॥১২॥
স তথেতি প্রতিজ্ঞায় নিশ্চক্রাম মহাযশাঃ।
সাপি কালেন কৌশল্যা সুষুবেঽন্ধং তমাত্মজম্ ॥১৩॥

ভারতকৌমুদী

নিশম্যেতি। অতীন্দ্রিয়জ্ঞানঃ, অতএবাস্য ভবিষ্যদ্বিষয়োক্তিযোগ্যত্বমিতি ভাবঃ ॥৮॥
নাগেতি। নাগাযুতসমপ্রাণো দশসহস্রহস্তিতুল্যবলঃ। মহাবীর্য্যো মহোৎসাহী ॥৯॥
অস্যেতি। মাতুরম্বিকায়াঃ, বৈগুণ্যাৎ রমণকালে নয়নমুদ্রণদোষাৎ ॥১০॥
তস্যেতি। তস্য ব্যাসস্য। মাতা সত্যবতী। পুত্রং ব্যাসম্ ॥১১॥
জ্ঞাতীতি। জ্ঞাতিবংশস্য ভরতকুলস্য, গোপ্তারং রক্ষিতারম্ ॥১২॥
স ইতি। স ব্যাসঃ। কৌশল্যা অম্বিকা। তং ব্যাসোৎপাদিতম্ ॥১৩॥

ত্রিকালজ্ঞ বেদব্যাস মাতা সত্যবতীর সেই কথা শুনিয়া দৈবপ্রেরিত হইয়া বলিলেন—॥৮॥

"মা! এই বালকটী দশ হাজার হস্তীর তুল্য বলবান্, বিদ্বান্, রাজর্ষিশ্রেষ্ঠ, অত্যন্ত ভাগ্যবান্, অত্যন্ত উৎসাহী এবং বিশেষ বুদ্ধিমান্ হইবে ॥৯॥

এই মহাত্মারও একশত পুত্র হইবে; কিন্তু মাতার দোষে এ বালক অন্ধই হইবে" ॥১০॥

বেদব্যাসের সেই কথা শুনিয়া মাতা সত্যবতী পুত্র বেদব্যাসকে বলিলেন—"তপোধন! অন্ধ লোক কুরুবংশের উপযুক্ত রাজা হইবে না ॥১১॥

অতএব যে ভরতবংশের রক্ষা এবং পিতৃবংশের বৃদ্ধি করিতে পারিবে, এমন আর একটি কুরুবংশের রাজা জন্মাইয়া দাও" ॥১২॥

"তাহাই হইবে" এই কথা বলিয়া যশস্বী বেদব্যাস নির্গত হইয়া গেলেন। এদিকে সেই অম্বিকাদেবীও যথাকালে একটী অন্ধ পুত্র প্রসব করিলেন ॥১৩॥

পুনরেব তু সা দেবী পবিভাষ্য স্নুষাং ততঃ।
ঋষিমাবাহযৎ সত্যা যথাপূর্ব্বমবিন্দম ! ॥১৪॥
ততস্তেনৈব বিধিনা মহর্ষিস্তামপদ্যত।
অম্বালিকাপি তং দৃষ্ট্বা তং দীপ্তশ্মশ্রুজটেক্ষণম্ ॥১৫॥
বিবর্ণা পাণ্ডুসঙ্কাশা সমপদ্যত ভাবত ।।
তাং ভীতাং পাণ্ডুসঙ্কাশাং বিবর্ণাং প্রেক্ষ্য ভাবত ! ॥১৬॥
ব্যাসঃ সত্যবতীপুত্র ইদং বচনমব্রবীৎ।
যস্মাৎ পাণ্ডুত্বমাপন্না বিরূপং প্রেক্ষ্য মামসি ॥১৭॥
তস্মাদেষ সুতস্তে বৈ পাণ্ডুবেব ভবিষ্যতি।
নাম চাস্যৈতদেবেহ ভবিষ্যতি শুভাননে ! ॥১৮॥ (কলাপকম্)
ইত্যুক্ত্বা স নিবক্রামৎ সত্যবাগৃষিসত্তমঃ।
ততো নিষ্ক্রান্তমালক্ষ্য সত্যা পুত্রমথাব্রবীৎ ॥১৯॥

ভাবতকৌমুদী

পুনবিতি। সা সত্যা সত্যবতী। স্নুষাং দ্বিতীযাং পুত্রবধূমম্বালিকাম্, পবিভাষ্য উক্ত্বা ॥১৪॥
তত ইতি। তেনৈব বিধিনা বিকৃতাকাবাদিনা। তামম্বালিকাম্, অপদ্যত বমণাযাগৃহ্লাৎ। পাণ্ডুসঙ্কাশা শুক্লপীতমিশ্রিতবর্ণা, অতএব বিবর্ণা স্বাভাবিকেতববর্ণা, সমপদ্যত ভযাদজাযত। আপন্না প্রাপ্তাসি। পাণ্ডুবেব পাণ্ডুবর্ণ এব ॥১৫—১৮॥
ইতীতি। আলক্ষ্য দৃষ্ট্বা, সত্যা সত্যবতী, পুত্রং বেদব্যাসম্ ॥১৯॥

তাহাব পব, সত্যবতীদেবী, পুত্রবধূ অম্বালিকাকে পূর্ব্বেব ন্যায বলিয়া কহিযা সম্মত করিয়া পুনবায বেদব্যাসকে আহ্বান কবিলেন ॥১৪॥

তাহাব পব, বেদব্যাস পূর্ব্বেব মতই বিকৃত আকাবে আসিযা অম্বালিকাকে ধবিলেন ; অম্বালিকাও তাঁহাব পিঙ্গলবর্ণ দাঁড়ি, জটা ও নয়নযুগল দেখিয়া ভযে পাণ্ডুবর্ণ হইয়া গেলেন। তখন বেদব্যাস তাঁহাকে ভীত ও পাণ্ডুবর্ণ দেখিয়া এই কথা বলিলেন—"সুন্দবি। আমাকে বিকৃত মূর্ত্তি দেখিযা তুমি যখন পাণ্ডুবর্ণ হইয়া গিয়াছ, তখন তোমাব এই পুত্র পাণ্ডুবর্ণই হইবে এবং উহাব 'পাণ্ডু' এই নামই হইবে" ॥১৫—১৮॥

সত্যবাদী মহর্ষি বেদব্যাস এই কথা বলিয়া সেই গৃহ হইতে নির্গত হইলেন। তাহাব পব, সত্যবতী বেদব্যাসকে নির্গত দেখিযা বলিলেন—॥১৯॥

(১৫)···অম্বালিকামথাভ্যাগাদৃষিং দৃষ্ট্বা চ সাপি তম্। (১৭)···মামিহ।
(১৯)···ততো নিষ্ক্রান্তমালোক্য···।

কুমারো ব্রূহি মে পুত্র । অপ্যত্র ভবিতা শুভঃ ।
শশংস স পুনর্মাত্রে তস্য বালস্য পাণ্ডুতাম্ ॥২০॥
ভবিষ্যতি সুবিক্রান্তঃ কুমারো দিক্ষু বিশ্রুতঃ ।
পাণ্ডুত্বং বর্ণতস্তস্য মাতৃদোষাদ্ভবিষ্যতি ॥২১॥
তস্য পুত্রা মহেষ্বাসা ভবিষ্যন্তীহ পঞ্চ বৈ ।
ইত্যুক্ত্বা মাতরং তত্র সোঽভিবাদ্য জগাম হ ॥২২॥
তং মাতা পুনরেবান্যমেকং পুত্রমযাচত ।
তথেতি চ মহর্ষিস্তাং মাতরং প্রত্যভাষত ॥২৩॥
ততঃ কুমারং সা দেবী প্রাপ্তকালমজীজনৎ ।
পাণ্ডুং লক্ষণসম্পন্নং দীপ্যমানমিব শ্রিয়া ॥২৪॥
যস্য পুত্রা মহেষ্বাসা জজ্ঞিরে পঞ্চ পাণ্ডবাঃ ।
ঋতুকালে ততো জ্যেষ্ঠাং বধূং তস্মৈ ন্যযোজয়ৎ ॥২৫॥

ভারতকৌমুদী

কুমার ইতি। হে পুত্র! ব্যাস!। অপি প্রশ্নে। স ব্যাসঃ, শশংস উবাচ ॥২০॥
ভবিষ্যতীতি। মাতুর্দোষাৎ রমণকালে ভয়েন পাণ্ডুবর্ণধারণরূপাৎ ॥২১॥
তস্যেতি। মহেষ্বাসা মহাধনুর্দ্ধরাঃ। স ব্যাসঃ, জগাম গন্তুং প্রববৃতে ॥২২॥
তমিতি। অযাচত, দ্বিতীয়পুত্রস্যাপি পাণ্ডুতাদোষাদিত্যাশয়ঃ। গচ্ছন্ প্রত্যভাষত ॥২৩॥
তত ইতি। প্রাপ্তঃ কালো দশমমাসো যেন তম্। লক্ষণসম্পন্নং রাজচিহ্নান্বিতম্ ॥২৪॥

"পুত্র! আমার নিকট বল—এই গর্ভে সুলক্ষণসম্পন্ন পুত্র হইবে ত?"। তখন বেদব্যাস সেই বালকটীর পাণ্ডুবর্ণের কথা পুনরায় মাতার নিকট বলিলেন ॥২০॥

(আরও বলিলেন যে)—"এই বালক যথাকালে অত্যন্ত বিক্রমশালী ও জগদ্বিখ্যাত হইবে; কিন্তু উহার মাতার দোষে পাণ্ডুবর্ণ হইবে ॥২১॥

সেই বালকের আবার মহাধনুর্দ্ধর পাঁচটী পুত্র হইবে"। বেদব্যাস মাতাকে এই কথা বলিয়া নমস্কার করিয়া তখন প্রস্থান করিবার উপক্রম করিলেন ॥২২॥

তখন মাতা সত্যবতী বেদব্যাসের নিকট পুনরায় আর একটী পুত্র প্রার্থনা করিলেন; বেদব্যাসও চলিতে থাকিয়া মাতাকে বলিলেন—"তাহাই হইবে" ॥২৩॥

তাহার পর, অম্বালিকাদেবী যথাসময়ে পাণ্ডুবর্ণ এবং সমস্ত রাজলক্ষণান্বিত একটী পুত্র প্রসব করিলেন; সে বালক আপন কান্তিতে যেন জ্বলিতেছিল ॥২৪॥

---

২২ শ্লোকঃ কতিপয়পুস্তকে নাস্তি। (২৪)···পাণ্ডুলক্ষণসম্পন্নম্···।

সা তু রূপঞ্চ গন্ধঞ্চ মহর্ষেঃ প্রতিচিন্ত্য তম্।
নাকরোদ্বচনং দেব্যা ভয়াৎ সুরসুতোপমা ॥২৬॥
ততঃ স্বৈর্ভূষণৈর্দাসীং ভূষয়িত্বাপ্সরোপমাম্।
প্রেষয়ামাস কৃষ্ণায় ততঃ কাশীপতেঃ সুতা ॥২৭॥
সা তমৃষিমনুপ্রাপ্তং প্রত্যুদ্গম্যাভিবাদ্য চ।
সংবিবেশাভ্যনুজ্ঞাতা সৎকৃত্যোপচচার হ ॥২৮॥
বাগ্ভাবোপপ্রদানেন গাত্রসংস্পর্শনেন চ।
কামোপভোগেন রহস্তস্যাং তুষ্টিমগাদৃষিঃ ॥২৯॥
তয়া সহোষিতো রাজন্। মহর্ষিঃ প্রীয়মাণয়া।
উত্তিষ্ঠন্নব্রবীচ্চৈনামভুজিষ্যা ভবিষ্যসি ॥৩০॥

ভারতকৌমুদী

যস্যেতি। জ্যেষ্ঠাং বধূমম্বিকাম্, তস্মৈ ব্যাসায, ন্যযোজযৎ প্রৈরযৎ ॥২৫॥

সেতি। তং রূপঞ্চ তং গন্ধঞ্চ। দেব্যাঃ সত্যবত্যাঃ। নাকরোন্নাপালযৎ ॥২৬॥

তত ইতি। কৃষ্ণায ব্যাসায। ততঃ স্থানাৎ। কাশীপতেঃ সুতা অম্বিকা ॥২৭॥

সেতি। সা দাসী। অনুপ্রাপ্তমুপস্থিতম্। সংবিবেশ রমণগৃহে। সৎকৃত্য বিশেষেণাদৃত্য, উপচচার বাতব্যজনাদিনা শুশ্রূষিতবতী ॥২৮॥

বাগিতি। বাচা ভাবোপপ্রদানেন অনুরাগজ্ঞাপনেন, গাত্রসংস্পর্শনেন স্তনমর্দ্দনেন চ ॥২৯॥

ভারতভাবদীপঃ

শরণং·গৃহম্। "শরণং গৃহরক্ষিত্রোঃ" ইত্যমরঃ ॥৪—১৪॥ সত্যা সত্যবতী ॥১৫—৩০॥

যাঁহার পাণ্ডরনামধারী মহাধনুর্দ্ধর পাঁচটী পুত্র জন্মিযাছিল। তাহার পর, সত্যবতী আবার ঋতুকালে জ্যেষ্ঠা বধূ অম্বিকাকে বেদব্যাসের জন্য নিযুক্ত করিলেন ॥২৫॥

কিন্তু সেই দেবকন্যাতুল্যা অম্বিকা, বেদব্যাসের সেই বিকট আকৃতি এবং শরীরের বিকৃত গন্ধ মনে করিয়া, শাশুড়ীর আদেশ পালন করিলেন না ॥২৬॥

কিন্তু অপ্সরার ন্যায় পরমসুন্দরী আপন দাসীটীকে আপনারই অলঙ্কারে সাজাইয়া দিয়া, তাহাকেই সেখান হইতে বেদব্যাসের নিকট পাঠাইয়া দিলেন ॥২৭॥

বেদব্যাস উপস্থিত হইলে, সেই দাসী তাঁহার প্রত্যুদ্গমন করিয়া অভিবাদন করিল; পরে তাঁহার অনুমতিক্রমে রমণগৃহে প্রবেশ করিয়া তাঁহার যথেষ্ট আদর ও পরিচর্য্যা করিল ॥২৮॥

বেদব্যাস নির্জ্জনস্থানে সেই দাসীর নিকট মৌখিক অনুরাগ জানাইয়া এবং তাহার অঙ্গস্পর্শ ও কামসম্ভোগ করিয়া সন্তুষ্ট হইলেন ॥২৯॥

(২৯) প্রথমার্দ্ধং কতিপযপুস্তকে নাস্তি। (৩০)·· মহর্ষিঃ সংশিতব্রতঃ।

অযঞ্চ তে শুভে। গর্ভঃ শ্রেয়ানুদরমাগতঃ।
ধর্ম্মাত্মা ভবিতা লোকে সর্ব্ববুদ্ধিমতাং বরঃ ॥৩১॥
স জজ্ঞে বিদুরো নাম কৃষ্ণদ্বৈপায়নাত্মজঃ।
ধৃতরাষ্ট্রস্য বৈ ভ্রাতা পাণ্ডোশ্চৈব মহাত্মনঃ ॥৩২॥
ধর্ম্মো বিদুররূপেণ শাপাত্তস্য মহাত্মনঃ।
মাণ্ডব্যস্যার্থতত্ত্বজ্ঞঃ কামক্রোধবিবর্জ্জিতঃ ॥৩৩॥
কৃষ্ণদ্বৈপায়নোঽপ্যেতৎ সত্যবত্যৈ ন্যবেদয়ৎ।
প্রলম্ভমাত্মনশ্চৈব শূদ্রায়াং পুত্রজন্ম চ ॥৩৪॥
স ধর্ম্মস্যানৃণো ভূত্বা পুনর্মাত্রা সমেত্য চ।
তস্মৈ গর্ভং সমাবেদ্য তত্রৈবান্তরধীয়ত ॥৩৫॥

ভাবতকৌমুদী

তযেতি। উষিতো বহুসময়মবস্থিতঃ। অভুজিষ্যা মদনুগ্রহাদদাসী ॥৩০॥
অযমিতি। হে শুভে। শুভলক্ষণান্বিতে। কথমন্যথা মৎসমাগমং লভেথা ইত্যাশয়ঃ ॥৩১॥
স ইতি। ভ্রাতা, ত্রয়াণামেককৃষ্ণদ্বৈপায়নাত্মজত্বাদেবেতি ভাবঃ ॥৩২॥
ধর্ম্ম ইতি। অর্থতত্ত্বজ্ঞো বাজনীতেঃ সূক্ষ্মবিষযাভিজ্ঞঃ। বিদুররূপেণ জজ্ঞে ॥৩৩॥
কৃষ্ণেতি। প্রলম্ভং দাসীপ্রেরণেনাম্বিকাযাঃ প্রতাবণাম্ ॥৩৪॥
স ইতি। স ব্যাসঃ, ধর্ম্মস্য সম্বন্ধে অনৃণো ভূত্বা, অসকৃন্মাতুবাদেশপালনাদিত্যাশয়ঃ ॥৩৫॥

ভাবতভাবদীপঃ

অভুজিষ্যা অদাসী ॥৩১॥ ভ্রাতা ভুজিষ্যাপুত্রস্যাপি ভ্রাতৃত্বং পিত্রৈক্যাৎ ॥৩২—৩৩॥ প্রলম্ভ-

---

মহাবাজ! বেদব্যাস সেই আনন্দমগ্না দাসীব সহিত সহবাস করিযা উঠিবাব সময়ে তাহাকে বলিলেন—"তুমি আমাব অনুগ্রহে আজ হইতে আব দাসী থাকিবে না ॥৩০॥

আব; হে শুভলক্ষণে! কোন শ্রেষ্ঠ পুরুষই এই গর্ভরূপে তোমাব উদবে আসিয়াছেন। ইনি ধার্ম্মিক এবং জগতে সমস্ত বুদ্ধিমানেব মধ্যে শ্রেষ্ঠ হইবেন" ॥৩১॥

বেদব্যাসেব সেই পুত্রই 'বিদুর' নামে বিখ্যাত হইয়াছিলেন এবং মহাত্মা ধৃতবাষ্ট্র ও পাণ্ডুব ভ্রাতা বলিয়া পবিচিত ছিলেন ॥৩২॥

মহাত্মা মাণ্ডব্যমুনিব অভিসম্পাতে স্বয়ং ধর্ম্ম আসিয়া, বাজনীতিজ্ঞ এবং কাম-ক্রোধ শূন্য হইয়া বিদুররূপে জন্মিয়াছিলেন ॥৩৩॥

বেদব্যাসও অম্বিকাব প্রতাবণা এবং শূদ্রাব গর্ভে নিজেব পুত্রোৎপত্তি ইত্যাদি সমস্ত বৃত্তান্ত সত্যবতীকে জানাইলেন ॥৩৪॥

এতে বিচিত্রবীর্য্যস্য ক্ষেত্রে দ্বৈপায়নাদপি।
জজ্ঞিরে দেবগর্ভাভাঃ কুরুবংশবিবর্দ্ধনাঃ ॥৩৬॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যামাদিপর্ব্বণি সম্ভবে বিচিত্রবীর্য্যসুতোৎপত্তির্নাম শততমোঽধ্যায়ঃ ॥০॥ *

—*—

একাধিকশততমোঽধ্যায়ঃ।

—*—

জনমেজয় উবাচ।

কিং কৃতং কর্ম্ম ধর্ম্মেণ যেন শাপমুপেয়িবান্।
কস্য শাপাচ্চ ব্রহ্মর্ষেঃ শূদ্রযোনাবজায়ত ॥১॥

ভারতকৌমুদী

এত ইতি। এতেন তস্যা দাস্যা অপি বিচিত্রবীর্য্যস্য ভোগ্যতয়া ক্ষেত্রত্বং সূচিতম্ ॥৩৬॥

ইতি মহামহোপাধ্যায-ভারতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়ামাদিপর্ব্বণি সম্ভবে শততমোঽধ্যায়ঃ ॥০॥

—*—

কিমিতি। উপেয়িবান্ প্রাপ্তবান্। নামাবগমেঽপি তদিতরাবগমায় কস্যেতি প্রশ্নঃ ॥১॥

ভারতভাবদীপঃ

মাতৃস্থানে দাসীনিয়োজনম্ ॥৩৪—৩৫॥ এত ইতি ক্ষেত্রত্বং দাস্যা অপীত্যনেনৈব গম্যত ইতি কেচিৎ ॥৩৬॥

ইতি শ্রীমহাভারতে আদিপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে শততমোঽধ্যায়ঃ ॥১০০॥

—*—

বেদব্যাস এইভাবে ধর্ম্মের নিকট অনৃণী হইয়া, পুনরায় মাতার সহিত সাক্ষাৎ করিয়া, তাঁহাকে গর্ভের বিষয় জানাইয়া সেইখানেই অন্তর্হিত হইলেন ॥৩৫॥

বেদব্যাসের ঔরসে বিচিত্রবীর্য্যের ভার্য্যাদের গর্ভে দেববালকতুল্য এবং কুরুবংশের বৃদ্ধিকারী এইরূপে তিনটী বালক জন্মিয়াছিল ॥৩৬॥

—*—

জনমেজয় বলিলেন—"ধর্ম্মরাজ কি দুষ্কার্য্য করিয়াছিলেন যে, অভিশাপগ্রস্ত হইলেন? কেন ব্রহ্মর্ষির অভিসম্পাতেই বা তিনি শূদ্রযোনিতে জন্মিয়াছিলেন?" ॥১॥

* '...চতুরধিকশততমোঽধ্যায়ঃ', '... পঞ্চাধিকশততমোঽধ্যায়ঃ', '...ষডধিকশততমোঽধ্যায়ঃ', '...পঞ্চদশাধিকশততমোঽধ্যায়ঃ' ইতি পাঠভেদাঃ।

বৈশম্পায়ন উবাচ।

বভূব ব্রাহ্মণঃ কশ্চিন্মাণ্ডব্য ইতি বিশ্রুতঃ।
ধৃতিমান্ সর্ব্বধর্ম্মজ্ঞঃ সত্যে তপসি চ স্থিতঃ ॥২॥
স আশ্রমপদদ্বারি বৃক্ষমূলে মহাতপাঃ।
ঊর্দ্ধবাহুর্ম্মহাযোগী তস্থৌ মৌনব্রতে স্থিতঃ ॥৩॥
তস্য কালেন মহতা তস্মিংস্তপসি বর্ত্ততঃ।
তমাশ্রমমনুপ্রাপ্তা দস্যবো লোপ্ত্রহারিণঃ ॥৪॥
অনুসার্য্যমাণা বহুভী রক্ষিভির্ভরতর্ষভ!।
তে তস্যাবসথে লোপ্ত্রং নিদধুঃ কুরুসত্তম! ॥৫॥
নিধায় চ ভয়াল্লীনাস্তত্রৈবানাগতে বলে।
তেষু লীনেষ্বথো শীঘ্রং ততস্তদ্রক্ষিণাং বলম্ ॥৬॥
আজগাম ততোঽপশ্যংস্তমৃষিং তস্করানুগাঃ।
তমপৃচ্ছংস্ততো রাজন্। তথা বৃত্তং তপোধনম্ ॥৭॥ (যুগ্মকম্)

ভাবতকৌমুদী

বভূবেতি। ধৃতিমান্ ধৈর্য্যশীলঃ। সত্যে সত্যব্যবহারে সত্যবচনে চ ॥২॥

স ইতি। স মাণ্ডব্যঃ, আশ্রমপদম্ আশ্রমাত্মকং স্থানং তস্য দ্বারি ॥৩॥

তস্যেতি। লোপ্ত্রং চোরিতং ধনং হরন্তীতি তে। "লোপ্ত্রন্তু তদ্ধনম্" ইত্যমরঃ ॥৪॥

অন্বিতি। তে দস্যবঃ, তস্য মাণ্ডব্যস্য, আবসথে আশ্রমে, লোপ্ত্রং চোরিতধনম্ ॥৫॥

নিধায়েতি। বলে রক্ষিসৈন্যে, অনাগতে সতি, লোপ্ত্রং নিধায় চ তে দস্যবো ভয়াত্তত্রৈবাশ্রমে, লীনা লুক্কায়িতাঃ স্থিতাঃ। তস্করানুগা রক্ষিণঃ। বৃত্তং স্থিতম্ ॥৬—৭॥

বৈশম্পায়ন বলিলেন—ধৈর্য্যশীল, সর্ব্বধর্ম্মজ্ঞ, সত্যপরায়ণ ও তপস্বী মাণ্ডব্য নামে বিখ্যাত কোন ব্রাহ্মণ ছিলেন ॥২॥

মহাযোগী ও মহাতপস্বী সেই মাণ্ডব্যমুনি আপন আশ্রমের দ্বারে বৃক্ষমূলে থাকিয়া ঊর্দ্ধবাহু হইয়া, মৌনাবলম্বন করিয়া অবস্থান করিতেছিলেন ॥৩॥

তিনি দীর্ঘকাল যাবৎ সেইরূপ তপস্যায় ব্রতী ছিলেন; সেই সময়ে কতকগুলি চোর চুরিকরা ধন লইয়া আসিয়া সেই আশ্রমে উপস্থিত হইল ॥৪॥

মহারাজ! বহুতর রক্ষিসৈন্য তাহাদের পিছনে আসিতেছিল; এই অবস্থায় সেই চোররা মাণ্ডব্যের আশ্রমে সেই চুরিকরা ধন আনিয়া রাখিল ॥৫॥

রক্ষিসৈন্যেরা উপস্থিত হইবার পূর্ব্বেই সেই চোরেরা কোথাও চুরি করা

---

(২)…ব্রাহ্মণঃ পূর্ব্বম্…। (৪)…তমাশ্রমপদং প্রাপ্তাঃ। (৫)…দস্যবঃ কুরুসত্তম।।

কতমেন পথা যাতা দস্যবো দ্বিজসত্তম !।
তেন গচ্ছামহে ব্রহ্মন্‌! পথা শীঘ্রতরং বয়ম্‌ ॥৮॥
তথা তু রক্ষিণাং তেষাং ব্রুবতাং স তপোধনঃ।
ন কিঞ্চিদ্বচনং রাজন্নব্রবীৎ সাধ্বসাধু বা ॥৯॥
ততস্তে রাজপুরুষা বিচিন্বানাস্তমাশ্রমম্‌।
দদৃশুস্তত্র সংলীনাংস্তাংশ্চৌরান্‌ দ্রব্যমেব চ ॥১০॥
ততঃ শঙ্কা সমভবদ্রক্ষিণাং তং মুনিং প্রতি।
সংযম্যৈনং ততো রাজ্ঞে দস্যূংশ্চৈব ন্যবেদয়ন্‌ ॥১১॥

ভারতকৌমুদী

কিমপৃচ্ছন্নিত্যাহ—কতমেনেতি। গচ্ছামহে গচ্ছামস্তান্‌ ধর্ত্তুমিতি শেষঃ ॥৮॥
তথেতি। অত্র সন্তীতি সত্যতয়া সাধু, ন দৃষ্টা ইত্যসত্যতয়া চাসাধু ॥৯॥
তত ইতি। বিচিন্বানা অন্বিষ্যন্তঃ। দ্রব্যং চৈরপহৃতং ধনঞ্চ ॥১০॥
তত ইতি। অয়মপি চৌরো ভবেৎ, কথমন্যথা অস্যাশ্রমে তদ্ধনং চৌরাশ্চেত্যতঃ শঙ্কা ॥১১॥

ভারতভাবদীপঃ

কিং কৃতমিতি ॥১—৪॥ লোপ্ত্রং লুপ্যত ইতি ব্যুৎপত্ত্যা চৌরাপহৃতং ধনম্‌ ॥৫—১০॥

ধন রাখিয়া ভয়ে সেই আশ্রমেই লুকাইয়া থাকিল; তাহারা লুকাইলে পর সেই রক্ষিসৈন্যেরা আসিল; তাহার পর তাহারা সেই মাণ্ডব্যমুনিকে দেখিতে পাইল এবং তিনি সেই অবস্থায় থাকিলেও তাঁহার নিকট চোরদিগের কথা জিজ্ঞাসা করিল—॥৬—৭॥

"ব্রাহ্মণশ্রেষ্ঠ! চোরেরা কোন্‌ পথ দিয়া গিয়াছে? আমরাও সত্বর সেই পথ দিয়া যাইব" ॥৮॥

মহারাজ! কিন্তু রক্ষিগণ সেইরূপ জিজ্ঞাসা করিলে, মহর্ষি মাণ্ডব্য ভালমন্দ কোন কথাই বলিলেন না ॥৯॥

তাহার পর, সেই রাজপুরুষেরা সেই আশ্রমেই অন্বেষণ করিতে থাকিয়া সেই-খানেই লুক্কায়িত চোরদিগকে এবং অপহৃত ধনগুলিকে দেখিতে পাইল ॥১০॥

তাহার পর, সেই মাণ্ডব্যমুনির প্রতিও রক্ষিগণের চোর বলিয়া সন্দেহ জন্মিল; তাহাতেই তাহারা চোরদের সঙ্গেই মাণ্ডব্যমুনিকেও বন্ধন করিয়া নিয়া রাজাকে জানাইল ॥১১॥

---

(৮) কতরেণ পথা…গচ্ছেমহি ব্রহ্মন্‌!…। (১০)…বিচিন্বস্তুস্তম্‌…।

তং রাজা সহ তৈশ্চৌরৈরন্বশাদ্বধ্যতামিতি।
স রক্ষিভিস্তৈরজ্ঞাতঃ শূলে প্রোতো মহাতপাঃ ॥১২॥
ততস্তে শূলমারোপ্য তং মুনিং রক্ষিণস্তদা।
প্রতিজগ্মুর্মহারাজ! ধনান্যাদায় তান্যথ ॥১৩॥
শূলস্থঃ স তু ধর্ম্মাত্মা কালেন মহতা ততঃ।
নিরাহারোঽপি বিপ্রর্ষির্মরণং নাভ্যপদ্যত ॥১৪॥
ধারয়ামাস চ প্রাণানৃষীংশ্চ সমুপানয়ৎ।
শূলাগ্রে তপ্যমানেন তপস্তেন মহাত্মনা।
সন্তাপং পরমং জগ্মুর্মুনয়স্তপসান্বিতাঃ ॥১৫॥
তে রাত্রৌ শকুনা ভূত্বা সন্নিপত্য তু ভারত!।
দর্শয়ন্তো যথাশক্তি তমপৃচ্ছন্ দ্বিজোত্তমম্ ॥১৬॥

ভারতকৌমুদী

তমিতি। অন্বশাৎ বিচার্য্য নিরূপিতবান্। অজ্ঞাতো মুনিতয়া অনবগতঃ ॥১২॥

তত ইতি। তানি অপহৃতানি ধনানি, আদায় রাজকোষ এব রক্ষিতুম্ ॥১২॥

শূলস্থ ইতি। মরণং নাভ্যপদ্যত ন প্রাপ্নোৎ, তপোবলাদিতি ভাবঃ ॥১৪॥

ধারয়ামাসেতি। ঋষীন্ প্রণয়াস্পদীভূতান্ অপরান্ মুনীন্, স্মরণেনৈব সমুপানয়ৎ। তেন মহাত্মনা হেতুনা। মুনয়ো নবাগতাঃ। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥১৫॥

ত ইতি। তে মুনয়ঃ, শকুনাঃ পক্ষিণঃ, সন্নিপত্য আগত্য, স্বং স্বং রূপং দর্শয়ন্তঃ ॥১৬॥

ভারতভাবদীপঃ

সংযম্য চোররন্নিগৃহ্য ॥১১—১৪॥ ঋষীন্ বেদান্ সমুপানয়ৎ স্বাধীনানকরোৎ; চিরং বেদনার্ত্তোঽপি বেদান্ ন বিস্মৃতবানিত্যর্থঃ। যদ্বা ঋষীন্ মুনীন্ স্বসমীপে উপানয়দিত্যুক্তং

রাজা বিচার করিয়া, চোরদের সহিত মাণ্ডব্যমুনিকেও বধ করিবার আদেশ দিলেন, সুতরাং রক্ষিপুরুষেরা তপস্বী বলিয়া না জানিয়াই মাণ্ডব্যমুনিকেও শূলে চড়াইয়া দিল ॥১২॥

তদনন্তর, রক্ষিগণ মাণ্ডব্যমুনিকে শূলে চড়াইয়া দিয়া, সেই অপহৃত ধনগুলি লইয়া চলিয়া গেল ॥১৩॥

ধর্ম্মাত্মা মাণ্ডব্য দীর্ঘকাল শূলের উপরে থাকিয়া আহার না করিয়াও, তপোবলে মৃত্যুমুখে পতিত হইলেন না ॥১৪॥

প্রাণ ধারণ করিয়াই রহিলেন এবং স্মরণ করিয়া অন্যান্য মুনিগণকে আনয়ন করিলেন, তাঁহারা আসিয়া, মাণ্ডব্যকে শূলের উপরে থাকিয়াই তপস্যা করিতে দেখিয়া অত্যন্ত দুঃখিত হইলেন ॥১৫॥

(১৫)…তপস্তেপে মহাত্মনা…।

শ্রোতুমিচ্ছামহে ব্রহ্মন্ ! কিং পাপং কৃতবানসি ।
যেনেহ সমনুপ্রাপ্তং শূলে দুঃখভয়ং মহৎ ॥১৭॥
ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যামাদিপর্ব্বণি
সম্ভবে অণীমাণ্ডব্যোপাখ্যানে একাধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥ *

—ঃ*ঃ—

দ্ব্যধিকশততমোঽধ্যায়ঃ ।

—ঃ*ঃ—

বৈশম্পায়ন উবাচ ।
ততঃ স মুনিশার্দ্দূলস্তানুবাচ তপোধনান্ ।
দোষতঃ কং গমিষ্যামি নহি মেঽন্যোঽপরাধ্যতি ॥১॥

ভারতকৌমুদী

শ্রোতুমিতি । দুঃখং কষ্টং তেন যুক্তং ভয়ং মরণভয়ং তৎ, মধ্যপদলোপী সমাসঃ ॥১৭॥
ইতি মহামহোপাধ্যায-ভারতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতাযাং মহাভারতটীকাযাং ভারতকৌমুদীসমাখ্যাযামাদিপর্ব্বণি সম্ভবে একাধিকশততমোঽধ্যাযঃ ॥০॥

—ঃ*ঃ—

তত ইতি । দোষতো দোষেণ, কং জনম্, গমিষ্যামি প্রাপ্স্যামি, কস্মিন্ জনে দোষমিমমর্পযিষ্যামীত্যর্থঃ, অপি তু স্বদোষাদেব মমেযং যাতনেতি ভাবঃ ॥১॥

ভারতভাবদীপঃ

তদেব বিবৃণোতি—শূলাগ্র ইত্যাদিনা ॥১৫॥ দর্শযন্তঃ স্বানি রূপাণি প্রকাশযন্তঃ ॥১৬—১৭॥
ইতি শ্রীমহাভারতে আদিপর্ব্বণি নৈলকণ্ঠীযে ভারতভাবদীপে একাধিকশততমোঽধ্যাযঃ ॥১০১॥

—ঃ*ঃ—

সেই মুনিরা রাত্রিতে পক্ষী হইয়া আসিয়া শক্তি অনুসারে আপন রূপ প্রকাশ করিয়া মাণ্ডব্যকে জিজ্ঞাসা করিলেন—॥১৬॥

"ব্রাহ্মণ ! আমরা শুনিতে ইচ্ছা করি, আপনি কি পাপ করিয়াছেন, যাহার ফলে শূলের উপর থাকিয়া গুরুতর কষ্ট ও মৃত্যুভয় ভোগ করিতেছেন" ॥১৭॥

—ঃ*ঃ—

বৈশম্পায়ন বলিলেন—তাহার পর, মুনিশ্রেষ্ঠ মাণ্ডব্য সেই তপস্বীদিগকে বলিলেন—"কাহার উপরে দোষারোপ করিব ; অন্য কেহই আমার নিকট অপরাধী নহে" ॥১॥

(১৭)...দুঃখতরং মহৎ । * '...পঞ্চাধিকশততমোঽধ্যায়ঃ', '...ষড়ধিকশততমোঽধ্যায়ঃ', '...সপ্তাধিকশততমোঽধ্যায়ঃ', '...ষোড়শাধিকশততমোঽধ্যায়ঃ' ইতি পাঠান্তরাণি ।

তং দৃষ্ট্বা রক্ষিণস্তত্র তথা বহুতিথেঽহনি।
ন্যবেদয়ংস্তথা রাজ্ঞে যথাবৃত্তং নরাধিপ! ॥২॥
রাজা চ তমৃষিং শ্রুত্বা নিষ্ক্রম্য সহ বন্ধুভিঃ।
প্রসাদয়ামাস তদা শূলস্থমৃষিসত্তমম্ ॥৩॥

রাজোবাচ।

যন্ময়াপকৃতং মোহাদজ্ঞানাদৃষিসত্তম!।
প্রসাদয়ে ত্বাং তত্রাহং ন মে ত্বং ক্রোদ্ধুমর্হসি ॥৪॥

বৈশম্পায়ন উবাচ।

এবমুক্তস্ততো রাজ্ঞা প্রসাদমকরোন্মুনিঃ।
কৃতপ্রসাদং রাজা তং ততঃ সমবতারয়ৎ ॥৫॥

ভারতকৌমুদী

তমিতি। বহুতিথে বহূনাং পূরণীভূতে। যথাবৃত্তং শূলোপরি স্থিতম্ ॥২॥
রাজেতি। ঋষিং মাণ্ডব্যম্, তং তদবস্থম্। নিষ্ক্রম্য রাজভবনান্নির্গত্য ॥৩॥
যদিতি। অজ্ঞানাদৃষিত্বেন জ্ঞানাভাবাৎ, মোহাৎ সাধাবপি চৌরভ্রমাৎ। তত্রাপকারে ॥৪॥
এবমিতি। ততঃ শূলাৎ। সমবতারয়দিতি অডাগমাভাব আর্ষঃ ॥৫॥

ভারতভাবদীপঃ

তত ইতি। দোষতো ন কমপি দোষিণং কথয়ামি, স্বকৃতমেব ভুঙ্ক্তে ইত্যর্থঃ ॥১—৫॥

মহারাজ! নগররক্ষীরা বহু দিনের পরেও মাণ্ডব্যমুনিকে সেই শূলের উপরেই থাকিতে দেখিয়া, যেমন অবস্থায় তিনি ছিলেন, তেমন অবস্থাই যাইয়া রাজাকে জানাইল ॥২॥

রাজাও মাণ্ডব্যের সেই অবস্থা শুনিয়া, তখনই বন্ধুগণের সহিত রাজভবন হইতে নির্গত হইয়া, শূলস্থিত মাণ্ডব্যমুনিকে প্রসন্ন করিবার চেষ্টা করিতে লাগিলেন ॥৩॥

রাজা বলিলেন—"মুনিশ্রেষ্ঠ! আমি না জানিয়া ভ্রমবশতঃ আপনার প্রতি যে দুর্ব্যবহার করিয়াছি, সে বিষয়ে এখন ক্ষমা চাহিতেছি; আপনি ক্রুদ্ধ হইবেন না" ॥৪॥

বৈশম্পায়ন বলিলেন—রাজা এইরূপ বলিলে, মাণ্ডব্যমুনি প্রসন্ন হইলেন। তাহার পর রাজা তাঁহাকে শূল হইতে নামাইলেন ॥৫॥

---

২ শ্লোকঃ কতিপয়পুস্তকে নাস্তি। (৩) শ্রুত্বা চ বচনং তেষাং নিশ্চিত্য সহ বন্ধুভিঃ...।

অবতার্য্য চ শূলাগ্রাত্তচ্ছূলং নিশ্চকর্ষ হ।
অশক্নুবংশ্চ নিষ্ক্রষ্টুং শূলং মূলে স চিচ্ছিদে ॥৬॥
স তথান্তর্গতেনৈব শূলেন ব্যচরন্মুনিঃ।
তেনাতিতপসা লোকান্ বিজিগ্যে দুর্লভান্ পরৈঃ ॥৭॥
অণীমাণ্ডব্য ইতি চ ততো লোকেষু গীয়তে।
স গত্বা সদনং বিপ্রো ধর্ম্মস্য পরমার্থবিৎ ॥৮॥
আসনস্থং ততো ধর্ম্মং দৃষ্ট্বোপালভত প্রভুঃ।
কিন্নু তদ্দুষ্কৃতং কর্ম্ম ময়া কৃতমজানতা ॥৯॥
যস্যেয়ং ফলনির্বৃত্তিরীদৃশ্যাসাদিতা ময়া।
শীঘ্রমাচক্ষ্ব মে তত্ত্বং পশ্য মে তপসো বলম্ ॥১০॥ (বিশেষকম্)

ভারতকৌমুদী

অবেতি। তচ্ছূলম্ অবতারণকালীনদোলনেন ভগ্নতচ্ছূলখণ্ডম্। নিশ্চকর্ষ বহিষ্কর্তুং চিচেষ্টে। মূলে প্রবিষ্টভাগান্তিকভাগে, চিচ্ছিদে ছিন্নবান্ ॥৬॥

স ইতি। ব্যচরৎ তপোনিমিত্তং নানাদেশং বিচরিতবান্। লোকান্ স্বর্গবিশেষান্ ॥৭॥

অণীতি। অণী শূলাগ্রং তেন যুক্তো মাণ্ডব্য ইত্যণীমাণ্ডব্যঃ, মধ্যপদলোপী সমাসঃ। "অণি-রাণিবদক্ষাগ্রকীলাশ্রিসীমস্থ দ্বযোঃ" ইতি মেদিনী। ধর্ম্মস্য দেবস্য। উপালভত তিরস্কৃতবান্। দুষ্কৃতং পাপজনকম্। ফলনির্বৃত্তিঃ ফলনিষ্পত্তিঃ, আসাদিতা প্রাপ্তা তত্ত্বং যথার্থম্ ॥৮—১০॥

ভারতভাবদীপঃ

মূলে দেহান্তঃপ্রবিষ্টশূলভাগস্যান্তিকে। "মূলং বিত্তেঽন্তিকে" ইতি মেদিনী ॥৬॥ ব্যচরৎ

শূল হইতে নামাইয়া, সেই শূলের ভগ্ন খণ্ড বাহির করিবার চেষ্টা করিলেন; কিন্তু তাহা বাহির করিতে না পারিয়া, তাহার বাহিরের ভাগ কাটিয়া দিলেন ॥৬॥

মাণ্ডব্যমুনি অন্তর্গত সেই শূলখণ্ড লইয়াই তপস্যার জন্য নানা দেশে বিচরণ করিলেন এবং সেই তপস্যার প্রভাবে অন্যের দুর্লভ বহুতর স্বর্গ জয় করিলেন ॥৭॥

সেই কারণেই জগতে মাণ্ডব্যকে 'অণীমাণ্ডব্য' বলিয়া থাকে। তাহার পর, তত্ত্ববিৎ মাণ্ডব্যমুনি ধর্ম্মরাজের বাড়ী যাইয়া, তাঁহাকে আসনে উপবিষ্ট দেখিয়া তিরস্কারের ভঙ্গীতে বলিলেন—"ধর্ম্মরাজ! আমি না জানিয়া এমন কি দুষ্কর্ম্ম করিয়াছিলাম, যাহার ফলে এইরূপ যাতনা ভোগ করিলাম। আপনি

---

(৬) অশক্নুবংশ্চ নিষ্কর্তুং...।

ধর্ম্ম উবাচ।

পতঙ্গকানাং পুচ্ছেষু ত্বয়েষীকা প্রবেশিতা।
কর্ম্মণস্তস্য তে প্রাপ্তং ফলমেতত্তপোধন। ॥১১॥
স্বল্পমেব যথা দত্তং দানং বহুগুণং ভবেৎ।
অধর্ম্ম এবং বিপ্রর্ষে! বহুদুঃখফলপ্রদঃ ॥১২॥ ৭

অণীমাণ্ডব্য উবাচ।

কস্মিন্ কালে ময়া তত্তু কৃতং ব্রূহি যথাতথম্।
তেনোক্তো ধর্ম্মরাজেন বালভাবে ত্বয়া কৃতম্ ॥১৩॥

অণীমাণ্ডব্য উবাচ।

বালো হি দ্বাদশাদ্বর্ষাজ্জন্মতো যৎ করিষ্যতি।
ন ভবিষ্যত্যধর্ম্মোঽত্র ন প্রজ্ঞাস্যন্তি বৈ দিশঃ ॥১৪॥

ভাবতকৌমুদী

পতঙ্গকানামিতি। পতঙ্গকানাং ক্ষুদ্রশলভানাম্। ঈষীকা তৃণবিশেষঃ। তে ত্বয়া ॥১১॥
স্বল্পমিতি। দত্তং বিহিতম্। অধর্ম্মঃ পাপম্, এবং তথা ॥১২॥
কস্মিন্নিতি। বালভাবে বাল্যে। উক্তো মাণ্ডব্য ইতি শেষঃ ॥১৩॥
বাল ইতি। জন্মতো দ্বাদশাদ্বর্ষাৎ পূর্ব্বম্। দিশো যুষ্মদাদয়ো দিগ্‌দেবতাঃ, ন প্রজ্ঞাস্যন্তি তৎ কর্ম্ম পাপজনকতয়া ন গ্রহীষ্যন্তি, মদ্ব্যবস্থাপনাদেবেতি ভাবঃ ॥১৪॥

ভারতভাবদীপঃ

আচরৎ তপ ইতি শেষঃ ॥৭॥ অণী শূলাগ্রং তদ্‌যুক্তো মাণ্ডব্যঃ ॥৮॥ উপালভত গর্হিতবান্

সত্বর ইহার যথার্থ উত্তর করুন; তাহার পর আমার তপস্যার প্রভাব দেখুন” ॥৮—১০॥

ধর্ম্মরাজ বলিলেন—“আপনি ফড়িং-এর পুচ্ছে নলখাগড়া প্রবেশ করাইয়া দিয়াছিলেন, তাহার ফলেই এই দুঃখভোগ করিযাছেন ॥১১॥

ব্রহ্মর্ষি! অল্প দান করিলেও যেমন তাহার বহু গুণ ফল হয়, তেমন অল্প পাপ করিলেও সে বহু গুণ দুঃখ দিয়া থাকে” ॥১২॥

অণীমাণ্ডব্য বলিলেন—“আমি কোন্ বয়সে সেই পাপ করিয়াছিলাম, তাহা যথার্থ বলুন।” ধর্ম্মরাজ বলিলেন—“আপনি বাল্যকালে করিয়াছিলেন” ॥১৩॥

অণীমাণ্ডব্য বলিলেন—“বালক জন্ম হইতে বার বৎসর বয়সের মধ্যে যে কার্য্য করিবে, তাহাতে তাহার পাপ হইবে না এবং দেবতারাও তাহাকে পাপ বলিয়া মনে করিবেন না ॥১৪॥

---

(১১) পতঙ্গিকানাং··· । ৭ দ্বাদশশ্লোকাদারভ্য চতুর্দ্দশশ্লোকপর্য্যন্তো ভাগঃ পুস্তকবিশেষে নাস্তি।

অল্পেঽপবাধেঽপি মহান্ মম দণ্ডস্ত্বয়া কৃতঃ।
গবীয়ান্ ব্রাহ্মণবধঃ সর্ব্বভূতবধাদপি ॥১৫॥
শূদ্রযোনাবতো ধর্ম্ম! মানুষঃ সম্ভবিষ্যসি।
মর্য্যাদাং স্থাপয়াম্যদ্য লোকে কর্ম্মফলোদয়াৎ ॥১৬॥
আচতুর্দ্দশকাদ্বর্ষান্ন ভবিষ্যতি পাতকম্।
পরতঃ কুর্ব্বতামেবং দোষ এব ভবিষ্যতি ॥১৭॥
বৈশম্পায়ন উবাচ।
এতেন ত্বপরাধেন শাপাত্তস্য মহাত্মনঃ।
ধর্ম্মো বিদুররূপেণ শূদ্রযোনাবজায়ত ॥১৮॥

ভারতকৌমুদী

অল্প ইতি। কুতো মহান্ দণ্ডঃ কৃত ইত্যাহ—গবীয়ানিতি। ক্ষুদ্রপতঙ্গবধোত্থমস্য দণ্ডরূপেণ ব্রাহ্মণস্যৈব মম বধোত্থমস্ত্বয়া কৃত ইত্যেতন্মহদনুচিতমিতি ভাবঃ ॥১৫॥

তৎফলমাহ—শূদ্রেতি। কর্ম্মণী সৎকার্য্যং দুষ্কার্য্যঞ্চ তযোঃ ফলে ধর্ম্মাধর্ম্মৌ তযোরুদযমুৎপত্তি-মাশ্রিত্যেতি ল্যব্লোপে পঞ্চমী। মর্য্যাদাং বযঃসীমাম্ ॥১৬॥

অথ কাসৌ মর্য্যাদেত্যাহ—আচতুর্দ্দশকাদিতি। পাতকং ন ভবিষ্যতি, দুষ্কার্য্যকরণেঽপীত্যাশয়ঃ। এবং দুষ্কার্য্যম্। ননু "বালো হি দ্বাদশাদ্বর্ষাৎ" ইত্যাদিনা পূর্ব্ববচনেন সহাস্য বিরোধ ইতি চেৎ সত্যম্, পূর্ব্ববচনেন প্রাচীনমতং দর্শিতম্, অনেন চ স্বমতম্। অতএব পূর্ব্ববচনে "মর্য্যাদাং স্থাপয়াম্যদ্য" ইত্যাত্মনির্দ্দেশো বর্ত্তমানকালনির্দ্দেশশ্চ। ইত্থঞ্চ দ্বাদশবর্ষাৎ পরম্ ধর্ম্মাধর্ম্মাজ্ঞানোদযে পাপম্, চতুর্দ্দশবর্ষাৎ পরন্তু ধর্ম্মাধর্ম্মজ্ঞানোদযে তদনুদযে বাপি পাপং ভবিষ্যতি, পূর্ব্ববচনে বালপদস্য ধর্ম্মাধর্ম্মজ্ঞানশূন্য এব তাৎপর্য্যাৎ ॥১৭॥

ভারতভাবদীপঃ

॥৯—১৩॥ দিশো দেশনাঃ ধর্ম্মশাস্ত্রাণি, যতো ন প্রজ্ঞাস্যন্তি বালত্বাৎ ॥১৪॥ ব্রাহ্মণবধো ব্রাহ্মণপীডনম্ ॥১৫॥ মর্য্যাদামিতি। বালো হীতি হেতূপন্যাসপূর্ব্বকং দ্বাদশবর্ষপর্য্যন্তং কৃতাকৃতপ্রত্যবাযো নাস্তীত্যুৎসর্গ উক্তঃ স্বযন্তু বর্ষদ্বয়ং তত্রাধিকং প্রচিক্ষেপ ॥১৬॥ চতুর্দ্দশাদূর্দ্ধং পাপমস্তীতি পৌরাণং মতমিদম্। বস্তুতস্তু উক্তহেতোঃ পুণ্যাপাপবিভাগজ্ঞানপর্য্যন্তমেব

ধর্ম্মরাজ! আপনি আমার অল্প অপরাধেও গুরুতর দণ্ড বিধান করিয়াছেন। কেন না, সমস্ত প্রাণিবধ অপেক্ষাও ব্রাহ্মণবধ গুরুতর ॥১৫॥

অতএব ধর্ম্মরাজ! আপনি আমার অভিসম্পাতে মানুষ হইয়া শূদ্রযোনিতে জন্মগ্রহণ করিবেন। আর, আজ আমি জগতে ধর্ম্ম ও অধর্ম্মোৎপত্তির বিষয়ে মানুষের বয়সের সীমা নির্দ্দেশ করিয়া দিতেছি ॥১৬॥

মানুষ চতুর্দ্দশ বৎসর বয়সের মধ্যে যে দুষ্কার্য্য করিবে, তাহাতে তাহার পাপ হইবে না; তাহার পরে দুষ্কার্য্য করিলেই তাহার পাপ হইবে" ॥১৭॥

---

(১৬)…ধর্ম্মফলোদয়াৎ। (১৭)…কুর্ব্বতামেব…।

ধর্ম্মে চার্থে চ কুশলো লোভক্রোধবিবর্জ্জিতঃ।
দীর্ঘদর্শী শমপরঃ কুরূণাঞ্চ হিতে রতঃ ॥১৯॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যামাদিপর্ব্বণি সম্ভবে মাণ্ডব্যোপাখ্যানং নাম দ্ব্যধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥ *

—০:০—

ত্র্যধিকশততমোঽধ্যায়ঃ।

—০:০—

বৈশম্পায়ন উবাচ।

তেষু ত্রিষু কুমারেষু জাতেষু কুরুজাঙ্গলম্।
কুরবোঽথ কুরুক্ষেত্রং ত্রয়মেতদবর্দ্ধত ॥১॥

ভারতকৌমুদী

এতেনেতি। এতেন অল্পাপরাধে গুরুদণ্ডবিধানাত্মকেন। তস্য মাণ্ডব্যস্য ॥১৮॥

বিদুরং বিশিনষ্টি—ধর্ম্ম ইতি। দীর্ঘদর্শী সর্ব্বকার্য্য এব বিচক্ষণঃ, শমপরঃ শক্রতাশূন্যঃ ॥১৯॥

ইতি মহামহোপাধ্যায-ভারতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়ামাদিপর্ব্বণি সম্ভবে দ্ব্যধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥

—০:০—

তেষ্বিতি। কুরুজাঙ্গলং দেশবিশেষঃ, কুরবো দেশাঃ, কুরুক্ষেত্রমপি দেশবিশেষ এব ॥১॥

ভারতভাবদীপঃ

পাপানুৎপত্তিঃ। তেন পঞ্চবর্ষাভ্যন্তর এব দোষো নাস্তীত্যাদিবচনং বিদ্বদভিপ্রায়ম্। অন্যথা কলিশেষে অল্পায়ুষ্ট্বেন পাপাভাবপ্রসঙ্গঃ স্যাৎ ॥১৭—১৮॥ দীর্ঘদর্শী সর্ব্বকালপরামর্শী। শমপরো নির্বৈরঃ ॥১৯॥

ইতি শ্রীমহাভারতে আদিপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে দ্ব্যধিকশততমোঽধ্যায়ঃ ॥১০২॥

—০:০—

বৈশম্পায়ন বলিলেন—এই অপরাধেই মহাত্মা মাণ্ডব্যের অভিসম্পাতে ধর্ম্মরাজ আসিয়া বিদুররূপে শূদ্রযোনিতে জন্মিয়াছিলেন ॥১৮॥

বিদুর ধর্ম্মনীতি ও অর্থনীতিতে নিপুণ ছিলেন; তাঁহার লোভ বা ক্রোধ ছিল না এবং তিনি বিচক্ষণ, শান্তিপরায়ণ ও কুরুবংশের হিতসাধনে রত ছিলেন ॥১৯॥

—০:০—

বৈশম্পায়ন বলিলেন—সেই তিনটী কুমার জন্মিলে পর, কুরুজাঙ্গল, কুরু এবং কুরুক্ষেত্র—এই তিনটি দেশই উন্নতি লাভ করিয়াছিল ॥১॥

(১৯)·· সমপরঃ···। * '·· ষডধিকশততমোঽধ্যায়ঃ', '·· সপ্তাধিকশততমোঽধ্যায়ঃ', '···অষ্টাধিকশততমোঽধ্যায়ঃ', '···সপ্তদশাধিকশততমোঽধ্যায়ঃ' ইতি পাঠান্তরাণি।

ঊর্দ্ধশস্যাভবদ্ভূমিঃ শস্যানি রসবন্তি চ।
যথর্ত্তুবর্ষী পর্জ্জন্যো বহুপুষ্পফলা দ্রুমাঃ ॥২॥
বাহনানি প্রহৃষ্টানি মুদিতা মৃগপক্ষিণঃ।
গন্ধবন্তি চ মাল্যানি রসবন্তি ফলানি চ ॥৩॥
বণিগ্‌ভিশ্চানুকীর্ণানি নগরাণ্যথ শিল্পিভিঃ।
শূরাশ্চ কৃতবিদ্যাশ্চ সন্তশ্চ সুখিনোঽভবন্ ॥৪॥
নাভবন্ দস্যবঃ কেচিন্নাধর্ম্মরুচয়ো জনাঃ।
প্রদেশেষ্বপি রাষ্ট্রাণাং কৃতং যুগমবর্ত্তত ॥৫॥
ধর্ম্মক্রিয়া যজ্ঞশীলাঃ সত্যব্রতপরায়ণাঃ।
অন্যোন্যপ্রীতিসংযুক্তা ব্যবর্দ্ধন্ত প্রজাস্তদা ॥৬॥
মানক্রোধবিহীনাশ্চ নরা লোভবিবর্জ্জিতাঃ।
অন্যোন্যমভ্যনন্দন্ত ধর্ম্মোত্তরমবর্ত্তত ॥৭॥

ভারতকৌমুদী

ঊর্দ্ধেতি। ঊর্দ্ধশস্যা উন্নতশস্যা। রসবন্তি স্বাদূনি। যথর্ত্তুবর্ষী যথাকালবর্ষী ॥২॥
বাহনানীতি। বাহনানি হস্ত্যশ্বাদীনি। মাল্যানি মাল্যঘটকানি পুষ্পাণি ॥৩॥
বণিগ্‌ভিরিতি। অনুকীর্ণানি ব্যাপ্তানি। অভবন্ সর্ব্বে জনা ইতি শেষঃ ॥৪॥
নেতি। কৃতং যুগমবর্ত্তত দ্বাপর-কল্যোঃ সন্ধাবপি সত্যং যুগমজায়তেব, ধর্ম্মপূর্ণত্বাৎ ॥৫॥
ধর্ম্মেতি। ধর্ম্মা এব ক্রিয়াঃ কার্য্যাণি যেষাং তে। ব্যবর্দ্ধন্ত বিশেষেণোন্নতিমলভন্ত ॥৬॥

ভারতভাবদীপঃ

তেম্বিতি। কুরুজাঙ্গলং দেশঃ, কুরবঃ পুরুষাঃ, কুরুক্ষেত্রং তেষাং বাসস্থানম্ ॥১॥ দেশম্

ভূমিতে প্রচুর পরিমাণে শস্য জন্মিত; সে শস্যগুলি আবার সুস্বাদুই হইত: মেঘ যথাসময়ে বর্ষণ করিত এবং বৃক্ষের ফল ও ফুল বহুপরিমাণে জন্মিত ॥২॥

হস্তী ও অশ্বপ্রভৃতি বাহন, এমন কি সমস্ত পশু ও পক্ষী পর্য্যন্ত আনন্দিত ছিল; পুষ্প সকল সৌরভযুক্ত এবং ফলসমূহ সুস্বাদু হইত ॥৩॥

নগরগুলি বণিক্ ও শিল্পিগণে পরিপূর্ণ থাকিত এবং প্রায় সকল লোকই বীর, কৃতবিদ্য, সচ্চরিত্র ও সুখী হইয়াছিল ॥৪॥

রাজ্যের কোন স্থানেই চোর ছিল না এবং লোকের মন পাপের দিকে যাইত না। এই সকল কারণে তখন বোধ হইত যে, সত্যযুগই যেন চলিতেছে ॥৫॥

তখন প্রজারা যজ্ঞ ও অন্যান্য ধর্ম্মকার্য্যে নিরত ছিল, সত্য ও ব্রতপরায়ণ থাকিত এবং পরস্পর পরস্পরের প্রতি আনন্দিত থাকিয়া বৃদ্ধি পাইয়াছিল ॥৬॥

---

(৪) বণিগ্‌ভিশ্চানুকীর্ণানি · শূরাশ্চ কৃতবীর্য্যাশ্চ···।

তন্মহোদধিবৎ পূর্ণং নগরং বৈ ব্যরোচত ।
দ্বার তোরণ-নির্য্যূহৈর্যুক্তমভ্রচয়োপমৈঃ ।
প্রাসাদশতসংবাধং মহেন্দ্রপুরসন্নিভম্ ॥৮॥
নদীষু বনষণ্ডেষু বাপী-পল্বল-সানুষু ।
কাননেষু চ রম্যেষু বিজহ্রুর্মুদিতা জনাঃ ॥৯॥
উত্তরৈঃ কুরুভিঃ সার্দ্ধং দক্ষিণাঃ কুরবস্তথা ।
বিস্পর্দ্ধমানা ব্যচরংস্তদা সিদ্ধর্ষিচারণৈঃ ॥১০॥
নাভবৎ কৃপণঃ কশ্চিন্নাভবন্ বিধবাঃ স্ত্রিয়ঃ ।
তস্মিন্ জনপদে রম্যে কুরুভির্বহুলীকৃতে ॥১১॥

ভারতকৌমুদী

মানেতি। মানোঽহঙ্কারঃ। ধর্ম্ম এবোত্তরঃ প্রধানো যস্মিংস্তত্তাদৃশং লোকচরিত্রম্ ॥৭॥

তদিতি। প্রাসাদশতেন সংবাধং নিরবকাশীকৃতম্, মহেন্দ্রপুরসন্নিভম্ অমরাবতীতুল্যম্, অভ্রচয়োপমৈর্যথাযোগ্যমেঘসমূহতুল্যৈঃ, দ্বারৈস্তোরণৈঃ নির্য্যূহৈর্নাগদন্তাপরপর্য্যায়ৈর্ভিত্তি-বহির্গতকাষ্ঠৈশ্চ যুক্তম্, লোকৈঃ পূর্ণং তন্নগরম্, মহোদধিবৎ, ব্যরোচত। "নির্য্যাসে শেখরে দ্বারি নির্য্যূহো নাগদন্তকে" ইতি রুদ্রঃ। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥৮॥

নদীষ্বিতি। বনানাং ষণ্ডেষু সমূহেষু, বাপীপল্বলসানুষু দীর্ঘিকাক্ষুদ্রজলাশয়সমতলদেশেষু ॥৯॥

উত্তরৈরিতি। দক্ষিণাঃ কুরবঃ শান্তনুশাসিতদেশস্থা জনাঃ, উত্তরৈঃ কুরুভিঃ উত্তরকুরুদেশ-বাসিভিঃ সিদ্ধর্ষিচারণৈর্দেবযোনিবিশেষৈঃ সার্দ্ধম্, বিস্পর্দ্ধমানাঃ সন্তো ব্যচরন্ ॥১০॥

নেতি। কুরুভিঃ কুরুবংশীয়ৈঃ, বহুলীকৃতে বিজিত্য পরিবর্দ্ধিতে ॥১১॥

লোকের অহঙ্কার, ক্রোধ বা লোভ ছিল না, পরস্পর পরস্পরকে আদর করিত এবং তাহাদের চরিত্রে ধর্ম্মই প্রধান থাকিত ॥৭॥

অসংখ্য অট্টালিকায় পরিপূর্ণ, যথাযোগ্য মেঘসমূহতুল্য দ্বার, তোরণ ও নাগদন্ত-(হুল) যুক্ত এবং অসংখ্য লোকপূর্ণ সেই অমরাবতীতুল্য হস্তিনারাজধানী তখন মহা-সমুদ্রের ন্যায় শোভা পাইত ॥৮॥

নাগরিক লোকেরা নদী, সুন্দর সুন্দর বন ও উপবন, দীঘী, ক্ষুদ্রজলাশয় এবং সমতল ভূমিতে আনন্দিত চিত্তে বিহার করিত ॥৯॥

তৎকালে দক্ষিণ-কুরুদেশবাসী লোকেরা উত্তর-কুরুদেশবাসী সিদ্ধ, ঋষি ও চারণ-গণের সহিত স্পর্দ্ধা করিয়া বিচরণ করিত ॥১০॥

কুরুবংশীয় নৃপতিগণকর্ত্তৃক পরিবর্দ্ধিত সেই মনোহর রাজ্যে তৎকালে কোন লোকই কৃপণ ছিল না এবং স্ত্রীলোকেরা বিধবা হইত না ॥১১॥

(৯) নদীষু বনখণ্ডেষু…।

কূপাবাম-সভা-বাপ্যো ব্রাহ্মণাবসথাস্তদা।
বভূবুঃ সর্ব্বর্দ্ধিযুতাস্তস্মিন্ বাষ্ট্রে সদোৎসবাঃ ॥১২॥
ভীষ্মেণ ধর্ম্মতো বাজন্! সর্ব্বতঃ পবিবক্ষিতে।
বভূব বমণীযশ্চ চৈত্যযূপশতাঙ্কিতঃ ॥১৩॥
স দেশঃ পববাষ্ট্রাণি বিমৃদ্যাভিপ্রবর্দ্ধিতঃ।
ভীষ্মেণ বিহিতং রাষ্ট্রে ধর্ম্মচক্রমবর্ত্তত ॥১৪॥ (যুগ্মকম্)
ক্রিযমাণেষু কৃত্যেষু কুমাবাণাং মহাত্মনাম্।
পৌবজানপদাঃ সর্ব্বে বভূবুঃ পরমোৎসুকাঃ ॥১৫॥
গৃহেষু কুরুমুখ্যানাং পৌবাণাঞ্চ নরাধিপ!।
দীযতাং ভুজ্যতাঞ্চেতি বাচোঽশ্রূযন্ত সর্ব্বশঃ ॥১৬॥
ধৃতরাষ্ট্রশ্চ পাণ্ডুশ্চ বিদুবশ্চ মহামতিঃ।
জন্মপ্রভৃতি ভীষ্মেণ পুত্রবৎ প্রতিপালিতাঃ ॥১৭॥

ভাবতকৌমুদী

কূপেতি। আবাম উপবনম্। আবসথো ভবনম্। সর্ব্বর্দ্ধিযুতাঃ সর্ব্বসম্পদ্যুক্তাঃ ॥১২॥

ভীষ্মেণেতি। বাজ্যে পবিবক্ষিতে সতি। চৈত্যানি যজ্ঞগৃহাণি যূপানি পশুবন্ধনস্তম্ভাশ্চ তেষাং শতেনাঙ্কিতঃ। বিমৃদ্য বিজিত্য। ধর্ম্মচক্রং যজ্ঞাদিধর্ম্মকার্য্যম্ ॥১৩—১৪॥

ক্রিযমাণেষ্বিতি। কৃত্যেষু নিষ্ক্রমণাদিসংস্কাবকার্য্যেষু। পবমোৎসুকা মহানন্দিতাঃ ॥১৫॥

গৃহেষ্বিতি। এতেনানববতমেব দানং ভোজনঞ্চ প্রবৃত্তমাসীদিতি সূচিতম্ ॥১৬॥

ভাবতভাবদীপঃ

উদ্ধেতি। ঊর্দ্ধশস্যা প্রচুবশস্যা ॥২—৩॥ কুর্ব্বন্ স্তৌতি—শূবাশ্চেতি ॥৪—৭॥ স্থানং স্তৌতি—তন্মহেতি ॥৮—১৩॥ বিসৃজ্য পববাষ্ট্রস্থা অপি সুখার্থিনোঽত্রৈব প্রবিষ্টা ইত্যর্থঃ ॥১৪—১৭॥

সেই বাজ্যে কূপ, উপবন, সভা, দীঘী এবং ব্রাহ্মণভবন সকল, সর্ব্বপ্রকাব সমৃদ্ধিসম্পন্ন ছিল এবং সে সকল স্থানে সর্ব্বদাই উৎসব চলিত ॥১২॥

মহাবাজ! ভীষ্ম ধর্ম্ম অনুসাবে সর্ব্বপ্রকাবে সেই বাজ্য বক্ষা কবিতে থাকিলে, সে দেশ অন্যান্য দেশকে জয কবিযা বিস্তৃত ও পবম সুন্দব হইযাছিল এবং শত শত যজ্ঞশালা ও শত শত যূপে চিহ্নিত হইযাছিল; আব, ভীষ্মেব বিধান অনুসাবে সেই বাজ্যে সর্ব্বদাই ধর্ম্মকার্য্যেব অনুষ্ঠান চলিযাছিল ॥১৩—১৪॥

ধৃতবাষ্ট্রপ্রভৃতি কুমাবগণেব সংস্কাবকার্য্য কবা হইলে, পুববাসী ও দেশবাসী লোকেবা সকলেই বিশেষ আনন্দিত হইল ॥১৫॥

মহাবাজ! তৎকালে প্রধান প্রধান কুরুবংশীযদিগেব ও পুববাসীদিগেব ঘবে সর্ব্বদাই 'দাও' 'খাও' ইত্যাকাব শব্দ শুনা যাইতেছিল ॥১৬॥

---

(১৪)···'বিসৃজ্যাভিপ্রবর্দ্ধিতঃ' ইতি নীলকণ্ঠসম্মতঃ পাঠঃ।

সংস্কারৈঃ সংস্কৃতাস্তে তু ব্রতাধ্যয়নসংযুতাঃ।
শ্রমব্যায়ামকুশলাঃ সমপদ্যন্ত যৌবনম্ ॥১৮॥
ধনুর্ব্বেদেঽশ্বপৃষ্ঠে চ গদাযুদ্ধেঽসিচর্ম্মণি।
তথৈব গজশিক্ষায়াং নীতিশাস্ত্রে চ পারগাঃ ॥১৯॥
ইতিহাসপুরাণেষু নানাশিক্ষাসু বোধিতাঃ।
বেদবেদাঙ্গতত্ত্বজ্ঞাঃ সর্ব্বত্র কৃতনিশ্চয়াঃ ॥২০॥
পাণ্ডুর্ধনুষি বিক্রান্তো নরেষ্বভ্যধিকোঽভবৎ।
অন্যেভ্যো বলবানাসীদ্ধৃতরাষ্ট্রো মহামতিঃ ॥২১॥
ত্রিষু লোকেষু ন ত্বাসীৎ কশ্চিদ্বিদুরসম্মিতঃ।
ধর্ম্মনিত্যস্তথা রাজন্! ধর্ম্মে চ পরমং গতঃ ॥২২॥

ভারতকৌমুদী

ধৃতেতি। জন্মৈব প্রভৃতিঃ অবধির্যস্মিন্ কর্ম্মণি তদ্‌যথা তথা ॥১৭॥

সংস্কারৈরিতি। সংস্কারৈরুপনয়নাদিভিঃ। ব্রতং ব্রহ্মচর্য্যম্। শ্রমো ধাবনাভ্যাসঃ ব্যায়ামো মল্লযুদ্ধাভ্যাসশ্চ তাভ্যাং কুশলাস্তেষ্বেব বিষয়েষু নিপুণাঃ ॥১৮॥

ধনুরিতি। অশ্বপৃষ্ঠে অশ্বপৃষ্ঠারোহণপূর্ব্বকযুদ্ধে। গজশিক্ষায়াং হস্তিযুদ্ধে ॥১৯॥

ইতীতি। ইতিহাসা রামায়ণাদয়ঃ পুরাণানি চ মার্কণ্ডেয়াদীনি তেষু, বোধিতাঃ শিক্ষকৈঃ শিক্ষিতাঃ। সর্ব্বত্র উক্তেতরেষু স্মৃত্যাদিষু, কৃতনিশ্চয়াঃ শিক্ষয়া অর্জ্জিতজ্ঞানাঃ ॥২০॥

পাণ্ডুরিতি। ধনুষি ধনুর্যুদ্ধে। বলবান্ দৈহিকশক্তিশালী ॥২১॥

ভারতভাবদীপঃ

শ্রমঃ শাস্ত্রাভ্যাসঃ। ব্যায়ামো বাহুযুদ্ধাভ্যাসঃ ॥১৮—২১॥ ধর্ম্মে চ পরমমাত্মদর্শনং গতঃ

ধৃতরাষ্ট্র, পাণ্ডু ও বিদুর—এই তিনটী বালককেই জন্মাবধি ভীষ্ম পুত্রের ন্যায় প্রতিপালন করিতেন ॥১৭॥

ধৃতরাষ্ট্রপ্রভৃতি কুমারগণের উপনয়নাদি সংস্কার হইয়া গেলে, তাঁহারা ব্রহ্মচারী হইয়া বেদ অধ্যয়ন করিলেন, বেগে গমন ও মল্লযুদ্ধাদি ব্যায়ামে নিপুণ হইয়া উঠিলেন, ক্রমে যৌবনবয়সে যাইয়া উপনীত হইলেন ॥১৮॥

ক্রমশঃ তাঁহারা ধনুর্ব্বেদ, অশ্বযুদ্ধ, গদাযুদ্ধ, অসি-চর্ম্মযুদ্ধ, হস্তিযুদ্ধ ও নীতিশাস্ত্রে পারদর্শী হইয়া উঠিলেন ॥১৯॥

ইতিহাস, পুরাণ এবং অন্যান্য নানা বিষয়ে জ্ঞান লাভ করিলেন, বেদ ও বেদাঙ্গ শিখিলেন এবং অন্যান্য শাস্ত্রেও অভিজ্ঞ হইলেন ॥২০॥

মানুষের মধ্যে পাণ্ডুই ধনুর্যুদ্ধে অধিক পরাক্রমশালী হইয়াছিলেন; আর, মহামতি ধৃতরাষ্ট্র অন্য অপেক্ষা দৈহিক বলে প্রধান ছিলেন ॥২১॥

(২০)·· নানাশিক্ষাসু বা বিভো··· ।

প্রনষ্টং শান্তনোর্বংশং সমীক্ষ্য পুনরুত্থিতম্ ।
ততো নির্ব্বচনং লোকে সর্ব্বরাষ্ট্রেষ্ববর্ত্তত ॥২৩॥
বীরসূনাং কাশিসুতে দেশানাং কুরুজাঙ্গলম্ ।
সর্ব্বধর্ম্মবিদাং ভীষ্মঃ পুরাণাং গজসাহ্বয়ম্ ॥২৪॥
ধৃতরাষ্ট্রস্ত্বচক্ষুষ্ট্বাদ্রাজ্যং ন প্রত্যপদ্যত ।
পারশবত্বাদ্বিদুরো রাজা পাণ্ডুর্বভূব হ ॥২৫॥
কদাচিদথ গাঙ্গেয়ঃ সর্ব্বনীতিমতাং বরঃ ।
বিদুরং ধর্ম্মতত্ত্বজ্ঞং বাক্যমাহ যথোচিতম্ ॥২৬॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যামাদিপর্ব্বণি সম্ভবে পাণ্ডুরাজ্যাভিষেকো নাম ত্র্যধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥ *

ভারতকৌমুদী

ত্রিষিতি। ধর্ম্ম এব নিত্যো নিত্যসেব্যো যস্য সঃ। ধর্ম্মে ন্যায়ে, পরমং জ্ঞানম্ ॥২২॥

প্রনষ্টমিতি। "নশো ডযতদাদেশেষু" ইতি ণত্বনিষেধঃ। উত্থিতম অভ্যুদিতম্। নির্ব্বচনং শান্তনুবংশস্যৈব প্রাধান্যেন নিরূপণম্ ॥২৩॥

বীরেতি। বীরসূনাং বীরপ্রসবিনীনাং নারীণাং মধ্যে, কাশিসুতে কাশীরাজদুহিতরৌ অম্বিকাম্বালিকে, প্রধানে আস্তাম্। দেশানাং মধ্যে কুরুজাঙ্গলম্, প্রধানমাসীৎ। সর্ব্বধর্ম্মবিদাং মধ্যে ভীষ্মঃ প্রধানঃ, পুরাণাং মধ্যে গজসাহ্বয়ং হস্তিনানগরঞ্চ প্রধানমাসীৎ ॥২৪॥

ধৃতেতি। অচক্ষুষ্ট্বাৎ জন্মান্ধত্বাৎ, রাজ্যং ন প্রত্যপদ্যত নালভত, "অনংশৌ ক্লীবপতিতৌ জাত্যন্ধবধিরৌ তথা" ইত্যাদিমনুবচনাদিতি ভাবঃ। পারশবত্বাৎ কামতঃ শূদ্রায়াং ব্রাহ্মণেন জাতত্বাৎ বিদুরোঽপি রাজ্যং ন প্রত্যপদ্যতেতি সম্বন্ধঃ। পারশবমাহ মনুঃ—"যং ব্রাহ্মণস্তু শূদ্রায়াং কামাদুৎপাদয়েৎ সুতম্। স পারয়ন্নেব শবস্তস্মাৎ পারশবঃ স্মৃতঃ ॥" ॥২৫॥

ভারতভাবদীপঃ

প্রাপ্তঃ। "অয়ন্তু পরমো ধর্ম্মো যদ্‌যোগেনাত্মদর্শনম্" ইতি যাজ্ঞবল্ক্যোক্তেঃ ॥২২॥ নির্ব্বচনং প্রশংসা ॥২৩—২৫॥ পারসবত্বাচ্ছূদ্রায়াং ব্রাহ্মণাজ্জাতত্বাৎ। করণত্বাচ্চেত্যপপাঠঃ; লক্ষণয়া

আর, মহারাজ! ত্রিভুবনের মধ্যে বিদুরের তুল্য ধার্ম্মিক ও ন্যায়পরায়ণ কেহই ছিল না ॥২২॥

লুপ্তপ্রায় শান্তনুর বংশ আবার উঠিয়াছে দেখিয়া, পৃথিবীর সকল রাজ্যেই শান্তনুবংশের প্রশংসাবাদ চলিয়াছিল ॥২৩॥

তৎকালে বীরপ্রসবিনী রমণীগণের মধ্যে কাশীরাজের কন্যা অম্বিকা ও অম্বালিকাই প্রধান হইয়াছিলেন, আর, দেশের মধ্যে কুরুজাঙ্গল, ধর্ম্মজ্ঞের মধ্যে ভীষ্ম এবং নগরের মধ্যে হস্তিনা শ্রেষ্ঠ হইয়াছিল ॥২৪॥

(২৩)…পুনরুদ্ধৃতম্। * '…সপ্তাধিকশততমোঽধ্যায়ঃ', '.. অষ্টাধিকশততমোঽধ্যায়ঃ', '..নবাধিকশততমোঽধ্যায়ঃ', ' অষ্টাদশাধিকশততমোঽধ্যায়ঃ' ইতি পাঠভেদাঃ।

চতুরধিকশততমোঽধ্যায়ঃ।

—:*:—

ভীষ্ম উবাচ।

গুণৈঃ সমুদিতং সর্ব্বৈবিদং নঃ প্রথিতং কুলম্।
অত্যন্যান্ পৃথিবীপালান্ পৃথিব্যামধিরাজ্যভাক্ ॥১॥
রক্ষিতং রাজভিঃ পূর্ব্বং ধর্ম্মবিদ্ভির্মহাত্মভিঃ।
নোৎসাদমগমচ্চেদং কদাচিদিহ নঃ কুলম্ ॥২॥
ময়া চ সত্যবত্যা চ কৃষ্ণেন চ মহাত্মনা।
সমবস্থাপিতং ভূয়ো যুষ্মাসু কুলতন্তুষু ॥৩॥

ভারতকৌমুদী

কদাচিদিতি। গাঙ্গেয়ো ভীষ্মঃ। আহ ব্রবীতি স্ম ॥২৬॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়ামাদিপর্ব্বণি সম্ভবে ত্র্যধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥

—:*:—

গুণৈরিতি। গুণৈঃ শৌর্য্যাদিভিঃ, সমুদিতং সম্পন্নম্। অতি অতিক্রম্য ॥১॥
রক্ষিতমিতি। উৎসাদং পরাভবাশঙ্কাদিনা অবসাদম্ অঙ্কুরাভাবাল্লোপং বা ॥২॥
ময়েতি। কৃষ্ণেন বেদব্যাসেন। সমবস্থাপিতং কুলমিতি পূর্ব্বানুকর্ষঃ ॥৩॥

ভারতভাবদীপঃ

রা তথা ব্যাখ্যেয়ম্। শূদ্রায়াং করণো বৈশ্যাদিতি তন্নির্ব্বচনাৎ ॥২৫—২৬॥
ইতি শ্রীমহাভারতে আদিপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে ত্র্যধিকশততমোঽধ্যায়ঃ ॥১০৩॥

—:*:—

ধৃতরাষ্ট্র জন্মান্ধ বলিয়া রাজ্য লাভ করেন নাই, বিদুরও শূদ্রার গর্ভজাত বলিয়া রাজত্ব পান নাই ; কিন্তু পাণ্ডুই রাজা হইয়াছিলেন ॥২৫॥

তাহার পর, নীতিজ্ঞপ্রধান ভীষ্ম কোন সময়ে ধর্ম্মতত্ত্বজ্ঞ বিদুরকে উপযুক্ত বাক্য বলিয়াছিলেন ॥২৬॥

—:*:—

ভীষ্ম বলিলেন— 'বিদুর! সমস্ত গুণসম্পন্ন ও জগৎপ্রসিদ্ধ আমাদের এই বংশটী পৃথিবীর অন্যান্য রাজাকে অতিক্রম করিয়া বিশাল রাজত্বের অধিকারী হইয়া আসিতেছে ॥১॥

উদারহৃদয় এবং ধর্ম্মজ্ঞ রাজারা পূর্ব্ব হইতেই রক্ষা করিতে থাকায় আমাদের এই বংশ কোন কালেই লুপ্ত হয় নাই ॥২॥

তস্মৈতদ্বৰ্দ্ধতে ভূয়ঃ কুলং সাগরবদ্‌যথা।
তথা ময়া বিধাতব্যং ত্বয়া চৈব বিশেষতঃ ॥৪॥
শ্রূয়তে যাদবী কন্যা স্বনুরূপা কুলস্য নঃ।
সুবলস্যাত্মজা চৈব তথা মদ্রেশ্বরস্য চ ॥৫॥
কুলীনা রূপবত্যশ্চ নাথবত্যশ্চ সর্ব্বশঃ।
উচিতাশ্চৈব সম্বন্ধে তেঽস্মাকং ক্ষত্রিয়র্ষভাঃ ॥৬॥
মন্যে বরয়িতব্যাস্তা ইত্যহং ধীমতাং বর!।
সন্তানার্থং কুলস্যাস্য যদ্বা বিদুর! মন্যসে ॥৭॥

বিদুর উবাচ।

ভবান্ পিতা ভবান্ মাতা ভবান্ নঃ পরমো গুরুঃ।
তস্মাৎ স্বয়ং কুলস্যাস্য বিচার্য্য কুরু যদ্ধিতম্ ॥৮॥

ভারতকৌমুদী

তদিতি। তদেতৎ কুলং যথা সাগরবদ্ভূয়ো বর্দ্ধতে, তথা ত্বয়া ময়া চ বিধাতব্যমিত্যন্বয়ঃ ॥৪॥
শ্রূয়ত ইতি। যাদবী যদুবংশীয়া কুন্তী। স্বনুরূপা সর্ব্বথা যোগ্যা ॥৫॥
কুলীনা ইতি। নাথবত্যঃ পিত্রাদ্যভিভাবকশালিন্যঃ। সম্বন্ধে বৈবাহিকসম্পর্কে ॥৬॥
মন্য ইতি। বরয়িতব্যা গ্রহণীয়া। হে বিদুর! ত্বং বা যন্মন্যসে, তদ্বদেতি শেষঃ ॥৭॥
ভবানিতি। পরমো গুরুঃ, জ্যেষ্ঠতাতত্বাৎ রক্ষকত্বাচ্চেতি ভাবঃ ॥৮॥

তার পর, মহাত্মা বেদব্যাস, দেবী সত্যবতী এবং আমি—আমরা এই তিন জনেই তোমাদের উপরেই এখন এই বংশরক্ষার ভার সংস্থাপন করিয়াছি। কেন না, এখন তোমরাই এই বংশের অঙ্কুর ॥৩॥

অতএব যাহাতে এই বংশ সমুদ্রের ন্যায় অত্যন্ত বৃদ্ধি লাভ করে, তাহা তোমার ও আমার বিশেষ ভাবে কর্ত্তব্য ॥৪॥

শুনিতে পাই—যদুবংশের একটী, গান্ধাররাজ সুবলের একটী এবং মদ্ররাজের একটী এই তিনটী কন্যা আছে, ইহারা সকলেই আমাদের বংশের সম্পূর্ণ যোগ্য ॥৫॥

কারণ, তাহারা সৎকুলোৎপন্না ও রূপবতী এবং তাহাদের সকল অভিভাবকও রহিয়াছে; আর, সেই ক্ষত্রিয়শ্রেষ্ঠগণও আমাদের বিবাহসম্পর্কে সর্ব্বপ্রকারে যোগ্য ॥৬॥

অতএব বিদুর! আমি মনে করি—এই বংশের বৃদ্ধির জন্য তিনটী কন্যাকেই আমাদের গ্রহণ করা উচিত; অথবা তুমি এবিষয়ে কি মনে কর?" ॥৭॥

---

(৬) কুলীনা রূপবত্যশ্চ তাঃ কন্যাঃ পুত্র! সর্ব্বশঃ…। (৭)…তা ইতি মে ধীয়তে মতিঃ…।

বৈশম্পায়ন উবাচ।

অথ শুশ্রাব বিপ্রেভ্যো গান্ধারীং সুবলাত্মজাম্।
আরাধ্য বরদং দেবং ভগনেত্রহরং হরম্ ॥৯॥
গান্ধারী কিল পুত্রাণাং শতং লেভে বরং শুভা।
ইতি শ্রুত্বা চ তত্ত্বেন ভীষ্মঃ কুরুপিতামহঃ ॥১০॥
ততো গান্ধাররাজস্য প্রেষয়ামাস ভারত!।
অচক্ষুরিতি তত্রাসীৎ সুবলস্য বিচারণা ॥১১॥ (বিশেষকম্)
কুলং খ্যাতিঞ্চ বৃত্তঞ্চ বুদ্ধ্যা তু প্রসমীক্ষ্য সঃ।
দদৌ তাং ধৃতরাষ্ট্রায় গান্ধারীং ধর্ম্মচারিণীম্ ॥১২॥
গান্ধারী ত্বথ শুশ্রাব ধৃতরাষ্ট্রমচক্ষুষম্।
আত্মানং দিৎসিতঞ্চাস্মৈ পিত্রা মাত্রা চ ভারত। ॥১৩॥

ভারতকৌমুদী

অথেতি। গান্ধারীং তদাখ্যাম্। ভগে চন্দ্রসূর্য্যাত্মকে নেত্রে পার্শ্বনয়নদ্বয়ং হরতি বহতীতি তম্। সার্ব্বলৌকিকত্বাৎ পার্শ্বনয়নদ্বয়স্যৈবোক্তিরিতি দিক্। "শ্রিয়াং যশসি সৌভাগ্যে যোনৌ কান্তৌ মহিম্নি চ। সূর্য্যে সংজ্ঞাবিশেষে চ শশাঙ্কে চ ভগশ্রুতিঃ॥" ইত্যনেকার্থধ্বনিমঞ্জরী। হরং শিবম্। কুরূণাং যুধিষ্ঠিরাদীনাং প্রসিদ্ধানাং পিতামহপর্য্যায়ত্বাদেব কুরুপিতামহঃ। প্রেষয়ামাস দূতম্। তত্র পাত্রে ধৃতরাষ্ট্রে ॥৯—১১॥

কুলমিতি। খ্যাতিং যশঃ। স সুবলঃ দদৌ দাতুমঙ্গীচকার ॥১২॥

ভারতভাবদীপঃ

গুণৈরিতি ॥১—৪॥ যাদবী—যাদবস্য শূরস্য কুন্তিভোজস্য বা অপত্যম ॥৫—১০॥

বিদুর বলিলেন—"আপনিই আমাদের পিতা, আপনিই আমাদের মাতা এবং আপনিই আমাদের পরম গুরু; অতএব আপনি নিজে বিবেচনা করিয়া, আমাদের বংশের যাহাতে মঙ্গল হয়, তাহা করুন" ॥৮॥

বৈশম্পায়ন বলিলেন—তাহার পর, ভীষ্ম ব্রাহ্মণগণের মুখে সুবলনন্দিনী গান্ধারীর সমস্ত বৃত্তান্ত শুনিলেন; আরও শুনিলেন যে, শুভলক্ষণা গান্ধারী চন্দ্রসূর্য্যনয়ন বরদাতা ভগবান্ মহাদেবের আরাধনা করিয়া শত পুত্রলাভের বর পাইয়াছেন। এই সমস্ত বৃত্তান্ত যথার্থরূপে শুনিয়া ভীষ্ম, গান্ধাররাজ সুবলের নিকটে দূত পাঠাইলেন। কিন্তু 'ধৃতরাষ্ট্র অন্ধ' এইটুকুমাত্রই তাঁহার বিষয়ে সুবলের বিবেচনা করিবার বিষয় ছিল ॥৯—১১॥

তাহার পর, সুবল আপন বুদ্ধিতেই ধৃতরাষ্ট্রের বংশ, যশ ও ব্যবসায়ের বিষয় পর্য্যালোচনা করিয়া, ধর্ম্মপরায়ণা গান্ধারীকে ধৃতরাষ্ট্রের হস্তেই সমর্পণ করিবার অঙ্গীকার করিলেন ॥১২॥

ততঃ সা পট্টমাদায় কৃত্বা বহুগুণং শুভা ।
ববন্ধ নেত্রে স্বে রাজন্ ! পতিব্রতপরায়ণা ।
নাতিশিয়ে পতিমহমিত্যেবং কৃতনিশ্চয়া ॥১৪॥
ততো গান্ধাররাজস্য পুত্রঃ শকুনিরভ্যগাৎ ।
স্বসারং পরয়া লক্ষ্ম্যা যুক্তামাদায় কৌরবান্ ॥১৫॥
তাং ততো ধৃতরাষ্ট্রায় দদৌ পরমসৎকৃতাম্ ।
ভীষ্মস্যানুমতে চৈব বিবাহং সমকারয়ৎ ॥১৬॥
দত্ত্বা স ভগিনীং বীরো যথার্হঞ্চ পরিচ্ছদম্ ।
পুনরায়াৎ স্বনগরং ভীষ্মেণ প্রতিপূজিতঃ ॥১৭॥
গান্ধার্য্যপি বরারোহা শীলাচারবিচেষ্টিতৈঃ ।
তুষ্টিং কুরূণাং সর্ব্বেষাং জনয়ামাস ভারত ! ॥১৮॥

ভারতকৌমুদী

গান্ধারীতি। আত্মানং স্বম্, দিৎসিতং দাতুমিষ্টম্ ॥১৩॥

তত ইতি। পট্টং বস্ত্রম্। বহবো গুণাঃ প্রাবৃত্তয়ো যত্র তৎ। অহং পতিং ন অতিশিয়ে রূপপ্রত্যক্ষকরণেনাতিক্রমিষ্যামি। ষট্পদমিদং পদ্যম্ ॥১৪॥

তত ইতি। পরয়া উত্তময়া, লক্ষ্ম্যা কান্ত্যা। কৌরবান্ অভি লক্ষ্যীকৃত্য, অগাৎ ॥১৫॥

তামিতি। পরমসৎকৃতাং বসনভূষণদানাদিভিরত্যাদৃতাম্। দদৌ শকুনিঃ ॥১৬॥

দত্ত্বেতি। স শকুনিঃ। যথার্হং যথাযোগ্যম্ ॥১৭॥

ভারতভাবদীপঃ

প্রেরয়ামাস দূতমিতি শেষঃ ॥১১-১২॥ দিৎসিতং দাতুমিষ্টম্ ॥১৩॥ বহুগুণং বহুধা গুণিতম্

তদনন্তর, গান্ধারী শুনিলেন যে, ধৃতরাষ্ট্র অন্ধ, অথচ পিতা ও মাতা তাঁহার হস্তেই আপনাকে দান করিবার ইচ্ছা করিয়াছেন ॥১৩॥

তাহার পর, 'আমি পতিকে অতিক্রম করিব না' এইরূপ মনে মনে নিশ্চয় করিয়া পতিব্রতার্থিনী গান্ধারী একখানি পট্টবস্ত্র লইয়া তাহাকে অনেক ভাঁজ করিয়া, তাহা দ্বারা নিজের নয়নযুগল বন্ধন করিলেন ॥১৪॥

তাহার পর, গান্ধাররাজ সুবলের পুত্র শকুনি, পরমসুন্দরী ভগিনী গান্ধারীকে লইয়া হস্তিনারাজধানীতে গেলেন ॥১৫॥

তদনন্তর, তিনি অত্যন্ত আদরপূর্ব্বক ভগিনীটীকে ধৃতরাষ্ট্রের হস্তে সমর্পণ করিলেন এবং ভীষ্মের অনুমতিক্রমে তাঁহাদের বিবাহ করাইলেন ॥১৬॥

এই ভাবে শকুনি উপযুক্ত পরিচ্ছদের সহিত ভগিনীকে দান করিয়া এবং ভীষ্মের নিকট বিশেষ সম্মানিত হইয়া আপন রাজধানীতে চলিয়া গেলেন ॥১৭॥

(১৪)···নাভ্যসূয়াং পতিমহম্··· ।

বৃত্তেনারাধ্য তান্ সর্ব্বান্ গুরূন্ পতিপরায়ণা।
বাচাপি পুরুষানন্যান্ সুব্রতা নান্বকীর্ত্তয়ৎ ॥১৯॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়ং বৈয়াসিক্যামাদিপর্ব্বণি সম্ভবে গান্ধারীবিবাহো নাম চতুরধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥ *

—০—

পঞ্চাধিকশততমোঽধ্যায়ঃ।

—০—

বৈশম্পায়ন উবাচ।

শূরো নাম যদুশ্রেষ্ঠো বসুদেবপিতাঽভবৎ।
তস্য কন্যা পৃথা নাম রূপেণাপ্রতিমা ভুবি ॥১॥

ভারতকৌমুদী

গান্ধারীতি। শীলং স্বভাবঃ, আচারো ব্যবহারঃ, বিচেষ্টিতং কার্য্যকরণঞ্চ তৈঃ ॥১৮॥

বৃত্তেনেতি। বৃত্তেন ব্যবহারেণ। নান্বকীর্ত্তয়ৎ নানুদিতবতী, লজ্জাশীলত্বাদিতি ভাবঃ ॥১৯॥

ইতি মহামহোপাধ্যায-ভারতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়ামাদিপর্ব্বণি সম্ভবে চতুরধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥

—০—

শূর ইতি। বসুদেবস্য প্রসিদ্ধতয়া তৎপিতৃত্বেন নির্দ্দেশঃ। কন্যা আসীদিতি শেষঃ ॥১॥

ভারতভাবদীপঃ

॥১৪॥ নাভ্যসূয়াং পত্যুরভিভবং ন কুর্য্যাম্ ॥১৫—১৮॥ নান্বকীর্ত্তয়ৎ ন প্রত্যুত্তরং দত্তবতী ॥১৯॥

ইতি শ্রীমহাভারতে আদিপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে চতুরধিকশততমোঽধ্যায়ঃ ॥১০৪॥

—০—

সুন্দরী গান্ধারীও স্বভাব, ব্যবহার এবং কার্য্য দ্বারা সমস্ত কুরুবংশীয় লোকের সন্তোষ জন্মাইতে লাগিলেন ॥১৮॥

পতিব্রতা গান্ধারী ব্যবহার দ্বারা সমস্ত গুরুজনকে সন্তুষ্ট করিতে থাকিয়াও অন্য পুরুষের সঙ্গে বাক্যালাপ করিতেন না ॥১৯॥

—০—

বৈশম্পায়ন বলিলেন—যদুবংশশ্রেষ্ঠ 'শূর' নামে এক ব্যক্তি, বসুদেবের পিতা ছিলেন; 'পৃথা' নামে তাঁহার একটী কন্যা জন্মিয়াছিল, জগতে তাহার রূপের তুলনা ছিল না ॥১॥

* '…অষ্টাধিকশততমোঽধ্যায়ঃ', '… নবাধিকশততমোঽধ্যায়ঃ', '…দশাধিকশততমোঽধ্যায়ঃ', '… একোনবিংশত্যধিকশততমোঽধ্যায়ঃ' ইতি পাঠভেদাঃ। (১)…রূপেণাসদৃশী ভুবি।

পিতৃস্বস্রীয়ায় স.তামনপত্যায় ভারত ! ।
অগ্র্যমগ্রে প্রতিজ্ঞায় স্বস্যাপত্যস্য বীর্য্যবান্ ॥২॥
অগ্রজামথ তাং কন্যাং শূরোঽনুগ্রহকাঙ্ক্ষিণে ।
প্রদদৌ কুন্তিভোজায় সখা সখ্যে মহাত্মনে ॥৩॥ (যুগ্মকম্)
সা নিযুক্তা পিতুর্গেহে দেবতাতিথিপূজনে ।
উগ্রং পর্য্যচরত্তত্র ব্রহ্মাণং সংশিতব্রতম্ ॥৪॥
নিগূঢ়নিশ্চয়ং ধর্ম্মে যং তং দুর্ব্বাসসং বিদুঃ ।
তমুগ্রং শংসিতাত্মানং সর্ব্বযত্নৈরতোষয়ৎ ॥৫॥
তস্মৈ স প্রদদৌ মন্ত্রমাপদ্ধর্ম্মান্ববেক্ষয়া ।
অভিচারাভিসংযুক্তমব্রবীচ্চৈব তাং মুনিঃ ॥৬॥

ভারতকৌমুদী

পিত্রিতি। বীর্য্যবান্ সখা স শূরঃ, অগ্রে অপত্যোৎপত্তেঃ পূর্ব্বমেব, স্বস্য অপত্যস্য মধ্যে, "দ্বন্দ্বঃ সামাসিকস্য চ" ইত্যাদিবন্নির্দ্ধারণে ষষ্ঠ্যেকবচনম্, অগ্র্যং প্রথমজাতমপত্যম্, পিতৃস্বস্রীযায অনপত্যায, অতএবানুগ্রহকাঙ্ক্ষিণে অপত্যদানেন যঃ শূরস্যানুগ্রহস্তদর্থিনে, মহাত্মনে সখ্যে কুন্তিভোজায রাজ্ঞে, প্রতিজ্ঞায দেযত্বেন প্রতিশ্রুত্য, অথ অগ্রজাং তাং পৃথানাম্নীং কন্যাং প্রদদৌ ॥২—৩॥

সেতি। সা পৃথা। পিতুঃ কুন্তিভোজস্য। উগ্রং কোপনস্বভাবম্, ব্রহ্মাণং ব্রাহ্মণম্ ॥৪॥

অথ কিংনামাসৌ ব্রহ্মেত্যাহ—নিগূঢ়েতি। নিগূঢ়নিশ্চয়ং জ্ঞাততত্ত্বম্ ॥৫॥

ভারতভাবদীপঃ

শূর ইতি ॥১॥ অগ্র্যং প্রথমম্। অগ্রে জন্মতঃ। পূর্ব্বং প্রতিজ্ঞায মযা প্রথমমপত্যং তুভ্যং দেযমিতি প্রতিশ্রুত্য ॥২—৪॥ ধর্ম্মে নিগূঢ়নিশ্চযং বহিঃ ক্রৌর্য্যদর্শনপরত্বাৎ ॥৫॥

ইতি মন্যতে লোকঃ স নো ধর্ম্ম ইতি সম্বন্ধঃ ॥৪৬॥ ধার্ম্মিকশ্চেত্যত্র হেতুমাহ—ধর্ম্মেণেতি। ধর্ম্মেণ স্ববিহিতেন লৌকিকবৈদিকাচারেণ ॥৪৭॥ উপচার আদরঃ, অভিচারো ব্যাখ্যাতঃ, তাভ্যাম্ ॥৪৮॥ ভর্ত্রা তথোক্তা সতী তথেত্যুক্তেতি যোজনা। প্রদক্ষিণমাজ্ঞানুকূলম্, অবর্ত্তত বর্ত্তনং কৃতবতী ॥৪৯॥

ইতি শ্রীমহাভারতে আদিপর্ব্বণি নৈলকণ্ঠীযে ভারতভাবদীপে ষোডশাধিকশততমোঽধ্যায়ঃ ॥১১৬॥

এবং সেই পুত্র কৌরবগণের মধ্যে ধার্ম্মিক হইবে, এ বিষয়ে কোন সন্দেহ নাই। কারণ, স্বয়ং ধর্ম্মরাজ যাহাকে উৎপাদন করিবেন, সে লোকের মন অধর্ম্মে প্রবৃত্ত হইতে পারে না ॥৪৭॥

অতএব কুন্তি! তুমি ধর্ম্মকেই দেবগণের মধ্যে প্রধান মনে করিয়া সংযত হইয়া, সেই মন্ত্র ও উপচার দ্বারা ধর্ম্মকেই আবাহন কর” ॥৪৮॥

---

* '...বিংশত্যধিকঃ...', '...একবিংশত্যধিকঃ...', '...দ্বাবিংশত্যধিকঃ...' ইতি পাঠভেদাঃ। ক্বচিদধ্যায়সমাপ্তির্নাস্তি।

সপ্তদশাধিকশততমোঽধ্যায়ঃ।

—ঃ*ঃ—

বৈশম্পায়ন উবাচ।

সংবৎসরধৃতে গর্ভে গান্ধার্য্যা জনমেজয়!।
আজুহাব ততো ধর্ম্মং কুন্তী গর্ভার্থমচ্যুতম্ ॥১॥
সা বলিং ত্বরিতা দেবী ধর্ম্মায়োপজহার হ।
জজাপ মন্ত্রং বিধিবদ্দত্তং দুর্ব্বাসসা পুরা ॥২॥
আজগাম ততো দেবো ধর্ম্মো মন্ত্রবলাত্ততঃ।
বিমানে সূর্য্যসঙ্কাশে কুন্তী যত্র জপস্থিতা ॥৩॥

ভারতকৌমুদী

সংবৎসরেতি। অচ্যুতং সঙ্কল্লাদভ্রষ্টং সত্যসঙ্কল্পমিত্যর্থঃ ॥১॥
সেতি। বলিং পূজোপহারম্। এতেন পূজানন্তরং জপঃ সূচিতঃ ॥২॥
আজগামেতি। সূর্য্যসঙ্কাশে সূর্য্যতুল্যোজ্জ্বলে, বিমানে আরুহ্যেতি শেষঃ ॥৩॥

ভারতভাবদীপঃ

সংবৎসরধৃতে ইতি ॥১॥ জপ্যং মন্ত্রং ধর্ম্মদেবতারূপম্ ॥২॥ বিমানে স্থিত্বা আজগামে-

---

বৈশম্পায়ন বলিলেন—পাণ্ডু এইরূপ বলিলে, কুন্তী "তাহাই হউক" এই কথা বলিয়া, পাণ্ডুকে অভিবাদন করিয়া, তাঁহার আদেশ অনুসারে কার্য্যে প্রবৃত্ত হইলেন ॥৪৯॥

—ঃ*ঃ—

বৈশম্পায়ন বলিলেন—জনমেজয়! গান্ধারী একবৎসর যাবৎ গর্ভ ধারণ করিয়া রহিয়াছেন, এমন সময়ে কুন্তী গর্ভ ধারণের জন্য ধর্ম্মকে আহ্বান করিয়াছিলেন ॥১॥

কুন্তীদেবী সত্বর হইয়া ধর্ম্মকে পূজার উপহার দিলেন এবং পূর্ব্বে দুর্ব্বাসা যে মন্ত্র দিয়াছিলেন, সেই মন্ত্র জপ করিলেন ॥২॥

তাহার পর, ধর্ম্মদেব সেই মন্ত্রের বলে সূর্য্যের তুল্য উজ্জ্বল বিমানে আরোহণ করিয়া, কুন্তী যেখানে থাকিয়া জপ করিয়াছিলেন, সেইখানে আসিয়া উপস্থিত হইলেন ॥৩॥

---

(১)…আহ্বয়ামাস বৈ কুন্তী গর্ভার্থে ধর্ম্মমব্যয়ম্। (২)…জজাপ বিধিবজ্জপ্যম্…।

বিহস্য তাং ততো ক্রয়াঃ কুন্তি! কিন্তে দদাম্যহম্।
সা তং বিহস্যমানাপি পুত্রং দেহ্যব্রবীদিদম্ ॥৪॥
তস্মিন্ বহুমৃগেঽরণ্যে শতশৃঙ্গে নগোত্তমে।
পাণ্ডোরর্থে মহাভাগা কুন্তী ধর্ম্মমুপাগমৎ ॥৫॥
ঋতুকালে শুচিঃ স্নাতা শুক্লবস্ত্রা যশস্বিনী।
শয্যাং জগ্রাহ সুশ্রোণী সহ ধর্ম্মেণ সুব্রতা ॥৬॥

ভারতকৌমুদী

বিহস্যেতি। ততো ধর্ম্মো বিহস্য, হে কুন্তি! অহং তে কিং দদামি তদ্ব্রূয়াঃ, ইতি তাম্, অব্রবীদিতি সম্বন্ধঃ। বিহস্যমানা আর্ষত্বাদ্বিহসন্তী, সা কুন্ত্যপি, তং ধর্ম্মম্, 'পুত্রং দেহি' ইদমব্রবীৎ ॥৪॥

তস্মিন্নিতি। নগোত্তমে পর্ব্বতশ্রেষ্ঠে শতশৃঙ্গে তদ্বর্ত্তিনীত্যর্থঃ। বহবো মৃগাঃ পশবো যত্র তস্মিন্। পাণ্ডোরর্থ ইত্যনেন তদুপাগমস্য কামমূলকত্বং নিরাকৃতম্ ॥৫॥

ঋত্বিতি। ঋতুকালে রজোদর্শনাবধিষোড়শদিনমধ্যে, "ষোড়শর্ত্তুনিশাঃ স্ত্রীণাম্" ইতি স্মৃতেঃ ॥৬॥

ভারতভাবদীপঃ

ত্যক্ষ্যঃ। জপস্থিতা জপনিষ্ঠা ॥৩॥ ততো বিহস্য তামব্রবীদিত্যপকৃষ্যতে। হে কুন্তি! কিন্তে দদামি তদ্ব্রূয়া ইতি সম্বন্ধঃ। ব্রূয়াদিত্যপপাঠঃ, লকারব্যত্যযো বা আর্ষঃ। বিহস্য-

---

তাহার পর, তিনি হাস্য করিয়া কুন্তীকে বলিলেন—"কুন্তি! আমি তোমাকে কি দিব, বল"। কুন্তীও হাস্য করিয়া ধর্ম্মকে বলিলেন—"পুত্র দান করুন" ॥৪॥

পর্ব্বতশ্রেষ্ঠ শতশৃঙ্গের উপরে বহুতর-পশু-সমাকীর্ণ বনেব ভিতরে মহাভাগা কুন্তীদেবী পাণ্ডুর জন্য ধর্ম্মেব সহিত সম্মিলিত হইলেন ॥৫॥

সুন্দরনিতম্বা পতিব্রতা যশস্বিনী কুন্তীদেবী ঋতুস্নান কবিযা, পবিত্র হইয়া, নির্ম্মল বস্ত্র পবিধানপূর্ব্বক ধর্ম্মেব সহিত শয্যা গ্রহণ করিলেন ॥৬॥

---

৩ ৪ ৫ ৬ শ্লোকাঃ কতিপয়পুস্তকে ন দৃশ্যন্তে।

ধর্ম্মেণ সহ সঙ্গম্য যোগমূর্ত্তিধরেণ সা।
লেভে পুত্রং বরারোহা সর্ব্বপ্রাণিহিতে রতম্ ॥৭॥
ঐন্দ্রে চন্দ্রসমাযুক্তে মুহূর্ত্তেঽভিজিতেঽষ্টমে।
দিবা মধ্যগতে সূর্য্যে তিথৌ পূর্ণেঽতিপূজিতে ॥৮॥
সমৃদ্ধযশসং কুন্তী সুষাব প্রবরং সুতম্।
জাতমাত্রে সুতে তস্মিন্ বাগুবাচাশরীরিণী ॥৯॥ (যুগ্মকম্)

ভারতকৌমুদী

ধর্ম্মেণেতি। যোগেন যোগবলেন মূর্ত্তিধরস্তেন, ধর্ম্মেণ দেবেন ॥৭॥

ঐন্দ্র ইতি। চন্দ্রসমাযুক্তে, ঐন্দ্রে জ্যেষ্ঠানক্ষত্রে, তস্যেন্দ্রদেবতাকত্বাৎ, অভিজিতে তদাখ্যে কুতপাপরপর্য্যায়ে, "অপরাহ্ণে তু সম্প্রাপ্তে অভিজিদ্রৌহিণোদয়ে" ইতি তিথিতত্ত্বধৃত-মৎস্যপুরাণাৎ, পঞ্চদশমুহূর্ত্তাত্মকদিবসস্য অষ্টমে মুহূর্ত্তে, দিবা দিবসে, সূর্য্যে গগনস্য মধ্যগতে, অতিপূজিতে পূর্ণতিথিষপি অতিপ্রশস্তে, পূর্ণে পূর্ণিমায়াং তিথৌ। সমৃদ্ধযশসং ভাবিবিপুল-যশসম্, প্রবরং জ্যেষ্ঠম্। জ্যৈষ্ঠমাসীয়পূর্ণিমায়ামেব জ্যেষ্ঠানক্ষত্রস্য স্থিতিসম্ভবাজ্জ্যৈষ্ঠমাস এব যুধিষ্ঠিরস্য জন্মাভূদিতি প্রতীয়তে। নীলকণ্ঠব্যাখ্যানন্তু চিন্ত্যং প্রমাণানুল্লেখাৎ। তিথি-শব্দস্য পুংস্ত্বমপি "তিথয়ো দ্বয়োঃ" ইত্যমরপ্রামাণ্যাদিতি সংক্ষেপঃ। অশরীরিণী অশরীরি-প্রয়োক্তৃকা ॥৮—৯॥

ভারতভাবদীপঃ

মানা ধর্ম্মেণ ॥৪—৭॥ ঐন্দ্রে জ্যেষ্ঠানক্ষত্রে। অষ্টমে সংবৎসরারম্ভাৎ। অভিজিতেঽভি-জিতি, ত্রিংশন্মুহূর্ত্তস্যাহ্নোঽষ্টমে মুহূর্ত্তে। দিবা শুক্লপক্ষে, মধ্যগতে তুলায়নগতে। তিথৌ পূর্ণে পূর্ণায়াং পঞ্চম্যাম্। অয়ং যোগঃ প্রায়েণাশ্বিনশুক্লপঞ্চম্যাং ভবতীতি তত্রৈব ধর্ম্মরাজস্য

সুন্দরনিতম্বা কুন্তীদেবী, যোগবলে শরীরধারী ধর্ম্মদেবের সহিত সঙ্গম করিয়া, সমস্ত প্রাণীর হিতসাধনে নিরত একটী পুত্র লাভ করিলেন ॥৭॥

জ্যৈষ্ঠমাসে, চন্দ্রযুক্ত জ্যেষ্ঠানক্ষত্রে, দিবাভাগে, 'অভিজিৎ' নামক অষ্টম মুহূর্ত্তে, সূর্য্য আকাশের মধ্যস্থানগত হইলে এবং অতিপ্রশস্ত পূর্ণিমাতিথিতে কুন্তীদেবী অত্যন্ত যশস্বী জ্যেষ্ঠ পুত্র প্রসব করিয়াছিলেন। সেই পুত্রটী জন্মিবা-মাত্রই আকাশবাণী এই কথাগুলি বলিয়াছিল—॥৮—৯॥

---

(৭) সংযুক্তা সা হি ধর্ম্মেণ…সর্ব্বপ্রাণভৃতাং হিতম্। (৮)…পুণ্যেঽতিপূজিতে, পূর্ণে হি পূজিতে।

অথ যুধিষ্ঠিরস্য জন্মপত্রিকা (কোষ্ঠী)।

—:*:—

কল্যব্দারম্ভাৎ পূর্ব্বাতীতাব্দাদয়ঃ ৭২।৭।২৯।

(অর্থাৎ অদ্য ১৮৫২ শকাব্দের ও ১৩৩৭ বঙ্গাব্দের ১৯শে অগ্রহায়ণ হইতে এবং ১৯৩০ খৃষ্টাব্দের ৫ ডিসেম্বর হইতে ৫১০৩ পাঁচ হাজার এক শত তিন বৎসর পূর্ব্বে জ্যৈষ্ঠমাসে পূর্ণিমা তিথিতে যুধিষ্ঠিরের জন্ম হইয়াছিল।) †

৫০৩১ এতদ্বর্ত্তমানকল্যব্দারম্ভাৎ পূর্ব্ববর্ত্তিনি ত্রিসপ্ততিতমে অব্দে, জ্যৈষ্ঠে মাসি, শুক্লে পক্ষে, পৌর্ণমাস্যাং তিথৌ, দিবা ষোড়শদণ্ডসময়ে, শুভসিংহলগ্নে, রবেঃ ক্ষেত্রে, উচ্চস্থে শনৌ, কেন্দ্রস্থেষু রবি-গুরু-বুধ-চন্দ্রেষু, ত্রিকোণস্থে ভৃগৌ কুজে চ, অষ্টোত্তরীয়মতে শনের্দশায়াম্, বিংশোত্তরীযমতে চ বুধস্য দশায়াং হস্তিনাধিপতি—মহারাজাধিরাজ-শ্রীযুক্ত-পাণ্ডুবর্ম্মণঃ শুভ-প্রথমকুমারো জাতবান্। রাক্ষসগণোঽয়ং বিপ্রবর্ণশ্চেতি।

রাশিচক্রম্। *

† আদিপর্ব্বের প্রথমে সন্নিবেশিত "যুধিষ্ঠিরের সময়" শীর্ষক প্রবন্ধে এই সময় নিরূপিত হইয়াছে।

* শ্রীমদ্ভাগবত-দশমস্কন্ধ-তৃতীয়াধ্যায়ের ৭-৮ শ্লোকের টীকায় বিশ্বনাথ চক্রবর্ত্তী "খমাণিক্য" নামক জ্যোতিষগ্রন্থ হইতে একটী বচন উদ্ধৃত করিয়াছেন, তাহাতে শ্রীকৃষ্ণের জন্মকালীন রাশিচক্রের গ্রহসংস্থান জানা যায়। যথা—

"উচ্চস্থাঃ শশি-ভৌম-চান্দ্রি-শনয়ো লগ্নং বৃষো লাভগো জীবঃ সিংহ-তুলালিষু ক্রমবশাৎ পূষোশনোরাহবঃ।
নৈশীথঃ সময়োঽষ্টমী বুধদিনং ব্রহ্মর্ক্ষমত্র ক্ষণে শ্রীকৃষ্ণাভিধমম্বুজেক্ষণমভূদাবিঃ পরং ব্রহ্ম তৎ॥"

যুধিষ্ঠিরের কোষ্ঠীব ফল।

—০৪৪০—

[বৃহৎপারাশব-হোবাপ্রভৃতি গ্রন্থ হইতে সংগৃহীত]

১। অসাধাবণ ধার্ম্মিক, ধীর, মিতভাষী, বন ও পর্ব্বতচারী, জ্ঞানী, সুশীল এবং রাজা বা প্রসিদ্ধ লোক হয।

২। ধনবান্ অথ চ পুত্রহীন (পরাশরসংহিতা ১০৪ শ্লোক)।

৩। ভ্রাতৃগণ উৎকৃষ্ট এবং অনুকূল, কিন্তু অধিক বয়সে ভ্রাতৃহানি।

৪। মানসিক অশান্তি, শেষ বযসে মঙ্গলেব দশায় বাজ্যলাভ, বিষ্ণুভক্তি এবং বাহুবলে বিত্ত লাভ।

৫। বিদ্বান্, বুদ্ধিমান্ এবং বংশহীন।

৬। আত্মীযস্বজনেব সহিত দীর্ঘকালব্যাপী বৈরভাব।

৭। দেব-দ্বিজপ্রীতিকারিণী পত্নী, বিশিষ্ট বুদ্ধি, পিতৃ-পিতামহাদি অপেক্ষা শ্রেষ্ঠত্ব, বিনয়, মন্ত্রণানৈপুণ্য, শত্রুজয এবং ধার্ম্মিকতা।

৮। দীর্ঘ আয়ু ও দেবলোকপ্রাপ্তি (পরাশরসংহিতা ১০১ শ্লোক)।

৯। প্রবল রাজযোগ, অতিকষ্টে ভাগ্যোদয, বহু ভ্রাতা, বিক্রম, উদ্যম এবং ভাগ্যোন্নতিকালে বন্ধুজন হইতে সাহায্য লাভ।

১০। সমস্ত চেষ্টা সফল, প্রিয়জনবিচ্ছেদ, সমাজনীতি, রাজনীতি এবং দণ্ডনীতি বিষয়ে প্রতিষ্ঠা, বীরত্ব, কৌলীন্য, ধন, যশ, পরস্বাপহবণ, জিগীষা, মনুষ্যমধ্যে প্রাধান্য এবং সেনাপতিত্ব।

১১। সৌভাগ্য, বিদ্যা, সৌন্দর্য্য, পুত্রনাশ, চতুর সত্যবাদিতা, চতুর ধার্ম্মিকতা, রাজপূজা এবং স্বধর্ম্মনিষ্ঠা।

১২। যজ্ঞাদিকার্য্যে ও দেবদ্বিজপ্রীত্যর্থে বহু ব্যয, সর্ব্বদাই ধর্ম্মকার্য্যে প্রবৃত্তি এবং এই সকল কারণে সর্ব্বত্র প্রশংসা লাভ।

এই রাশিচক্র অত্যন্ত প্রমাণিত এবং হিন্দুস্থানীর প্রত্যেক জন্মপত্রিকার উপরে ইহা অদ্যাপি লিখিত হইয়া থাকে। এদিকে শ্রীকৃষ্ণ হইতে যুধিষ্ঠির এক বৎসর, দুই মাস আট দিনের বযোজ্যেষ্ঠ, ভীম চারি মাস দশ দিনের বয়োজ্যেষ্ঠ এবং অর্জ্জুন ছয় মাসের বয়ঃকনিষ্ঠ। ইহা মহাভাবতের বচন হইতেই জানা যায, তাহা 'যুধিষ্ঠিবের সময' শীর্ষক প্রবন্ধে প্রথমেই লিখিত হইয়াছে, সুতরাং যুধিষ্ঠিবপ্রভৃতির রাশিচক্রে গ্রহসন্নিবেশ করা নিতান্ত দুরূহ হয় নাই। তার পর, যুধিষ্ঠিরাদির জন্ম সম্বন্ধে মাস, তিথি, নক্ষত্র এবং লগ্ন উপবি উপরি উক্ত মহাভারতের বচনেই পাওয়া যাইতেছে। এই সমস্ত পর্য্যালোচনা করিয়া সুপণ্ডিত ও সুপ্রসিদ্ধ জ্যোতিষী শ্রীযুক্ত দেবেন্দ্রমোহন জ্যোতিঃশাস্ত্রী মহাশয এই রাশিচক্রপ্রভৃতি সঙ্কলন করিয়াছেন এবং প্রবীণ জ্যোতির্বিৎ শ্রীযুক্ত রোহিণীকান্ত বিদ্যাভূষণ এবং কলিকাতা রিপণকলেজের সুযোগ্য অধ্যাপক প্রাচ্য ও পাশ্চাত্য জ্যোতির্বিৎ শ্রীযুক্ত সুরেন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায এম্, এ মহাশয় এই কোষ্ঠী কয়খানি পরীক্ষা কবিযা মনোনীত করিয়াছেন।

এষ ধর্ম্মভৃতাং শ্রেষ্ঠো ভবিষ্যতি নরোত্তমঃ।
বিক্রান্তঃ সত্যবাক্ চৈব রাজা পৃথ্ব্যাং ভবিষ্যতি ॥১০॥
যুধিষ্ঠির ইতি খ্যাতঃ পাণ্ডোঃ প্রথমজঃ সুতঃ।
ভবিতা প্রথিতো রাজা ত্রিষু লোকেষু বিশ্রুতঃ ॥১১॥
যশসা তেজসা চৈব বৃত্তেন চ সমন্বিতঃ।
ধার্ম্মিকং তং সুতং লব্ধ্বা পাণ্ডুস্তাং পুনরব্রবীৎ ॥১২॥
আহুঃ ক্ষত্রং বলজ্যেষ্ঠং বলশ্রেষ্ঠং সুতং বৃণু।
ততস্তথোক্তা ভর্ত্রা তু বায়ুমেবাজুহাব সা ॥১৩॥
ততস্তামাগতো বায়ুর্ম্মৃগারূঢ়ো মহাবলঃ।
কিন্তে কুন্তি! দদাম্যদ্য ব্রূহি যত্তে হৃদি স্থিতম্ ॥১৪॥
সা সলজ্জা বিহস্যাহ পুত্রং দেহি সুরোত্তম!।
বলবন্তং মহাকায়ং সর্ব্বদর্পপ্রভঞ্জনম্ ॥১৫॥

ভারতকৌমুদী

তামশরীরিণীং বাচমেবানুবদতি এষ ইত্যাদিসার্দ্ধদ্বয়েন। বিক্রান্তো বিক্রমশালী ॥১০॥

যুধীতি। যুধি যুদ্ধে স্থির ইতি যুধিষ্ঠিরঃ, "বনেবন্বজাদীনি রূঢ়ৌ" ইত্যলুক্সপ্তমীতৎ-পুরুষে "গবিযুধিভ্যাং স্থিরস্য" ইতি ষত্বম্ ॥১১॥

যশসেতি। বৃত্তেন সচ্চরিত্রেণ। তাং কুন্তীম্ ॥১২॥

আহুরিতি। ক্ষত্রং ক্ষত্রিয়ম্, বলেন জ্যেষ্ঠং শ্রেষ্ঠমাহুর্লোকাঃ। অতএব কুতোঽপি দেবাৎ, বলশ্রেষ্ঠং সুতং বৃণু। সা কুন্তী। বায়ুম্, দেবেষু তস্যাধিকবলত্বাদিতি ভাবঃ ॥১৩॥

তত ইতি। ঈদৃশো বায়ুরাগতঃ সন্, তাং কুন্তীমিদমব্রবীদিতি শেষঃ ॥১৪॥

"এই বালকটী ধার্ম্মিকের মধ্যে শ্রেষ্ঠ, মনুষ্যের মধ্যে প্রধান, বিক্রমশালী, সত্যবাদী এবং পৃথিবীর রাজা হইবে ॥১০॥

পাণ্ডুর এই প্রথম পুত্রের নাম হইবে—'যুধিষ্ঠির'। ইনি ত্রিভুবনবিখ্যাত রাজা হইবেন ॥১১॥

এবং যশ, তেজ ও সচ্চরিত্রসম্পন্ন হইবেন।" পাণ্ডু সেই ধার্ম্মিক পুত্র লাভ করিয়া পুনরায় কুন্তীকে বলিলেন—॥১২॥

"কুন্তি! লোকে বলে যে, ক্ষত্রিয়জাতি বলে সর্ব্বপ্রধান। অতএব তুমি বলে সর্ব্বপ্রধান একটী পুত্র বরণ করিয়া লও।" পাণ্ডু এই কথা বলিলে, কুন্তী বায়ুকে আহ্বান করিলেন ॥১৩॥

তাহার পর, অত্যন্ত বলবান্ বায়ুদেব মৃগে আরোহণ করিয়া আসিয়া কুন্তীকে বলিলেন—"কুন্তি! আমি তোমাকে কি দিব, তোমার অভীষ্ট কি, তাহা বল" ॥১৪॥

তস্মাজ্জজ্ঞে মহাবাহুর্ভীমো ভীমপরাক্রমঃ।
তমপ্যতিবলং জাতং বাগুবাচাশরীরিণী ॥১৬॥
সর্ব্বেষাং বলিনাং শ্রেষ্ঠো জাতোঽয়মিতি ভারত!।
ইদমত্যদ্ভুতঞ্চাসীজ্জাতমাত্রে বৃকোদরে ॥১৭॥
যদঙ্কাৎ পতিতো মাতুঃ শিলাং গাত্রৈরচূর্ণয়ৎ।
কুন্তী ব্যাঘ্রভয়োদ্বিগ্না সহসোৎপতিতা কিল ॥১৮॥
নান্ববুধ্যত তং সুপ্তমুৎসঙ্গে স্বে বৃকোদরম্।
ততঃ স বজ্রসংঘাতঃ কুমারো ন্যপতদ্গিরৌ ॥১৯॥

ভারতকৌমুদী

সেতি। পুত্রপ্রার্থনয়ৈব রতিপ্রার্থনায়া অপি জ্ঞাপনাৎ সলজ্জত্বম্ ॥১৫॥

তস্মাদিতি। তস্মাদ্বায়োঃ। জাতং শিশুং লক্ষ্যীকৃত্যেতি শেষঃ ॥১৬॥

যদুবাচ তদনুবদতি—সর্ব্বেষামিতি। জাতোঽযং শিশুঃ সর্ব্বেষাং বলিনাং শ্রেষ্ঠো ভবিতেত্যুবাচ ॥১৭॥

কিং নামাত্যদ্ভুতমিত্যাহ—যদিতি। ননূপবিষ্টায়া অঙ্কাৎ পতনে আঘাতানাধিক্যাৎ কথং শিলাচূর্ণনমিত্যাহ—কুন্তীতি। ব্যাঘ্রগর্জ্জনশ্রবণেনৈব ব্যাঘ্রভয়োদ্বিগ্না ॥১৮॥

নেতি। ব্যাঘ্রভয়াকুলত্বাদেব কুন্তী নান্ববুধ্যত। বজ্রসংঘাতো বজ্র ইব দৃঢশরীরঃ ॥১৯॥

ভারতভাবদীপঃ

জন্মেত্যর্থঃ ॥৮—১০॥ প্রথিতো মহান্। বিশ্রুতঃ কীর্ত্তিমান্ ॥১১—১৭॥ অঙ্কাৎ পতনে হেতু-

---

কুন্তী হাস্য করিয়া লজ্জিতভাবে বলিলেন—"দেবশ্রেষ্ঠ! বিশালদেহ এবং সকল বীরের দর্পহারী হইতে পারে, এমন একটী বলবান্ পুত্র দান করুন" ॥১৫॥

সেই বায়ুদেব হইতে ভয়ঙ্কর পরাক্রমশালী মহাবীর ভীমসেন জন্মগ্রহণ করিয়াছিলেন। তখন তাঁহাকে লক্ষ্য করিয়াও দৈববাণী এই কথা বলিয়াছিল—॥১৬॥

"এই বালকটী সমস্ত বলবানের মধ্যে শ্রেষ্ঠ হইবে"। মহারাজ! ভীমসেন জন্মিবামাত্র এই একটী অত্যন্ত আশ্চর্য্য ঘটনা ঘটিয়াছিল ॥১৭॥

সেই বালক মাতার ক্রোড় হইতে পতিত হইয়া একখানা পাথরকে চূর্ণ করিয়াছিল। কারণ, কুন্তী ব্যাঘ্রের গর্জন শুনিয়া ভয়ে ব্যস্ত হইয়া হঠাৎ দাঁড়াইয়াছিলেন ॥১৮॥

তখন নিজের কোলে যে সেই বালক ঘুমাইয়াছিল, তাহা কুন্তীর ধারণা

---

(১৯) নান্ববুধ্যত সংসুপ্তম্…।

পততা তেন শতধা শিলা গাত্রৈর্বিচূর্ণিতা।
তাং শিলাং চূর্ণিতাং দৃষ্ট্বা পাণ্ডুর্বিস্ময়মাগতঃ ॥২০॥
যস্মিন্নহনি ভীমস্তু জজ্ঞে ভরতসত্তম।।
দুর্য্যোধনোঽপি তত্রৈব প্রজজ্ঞে বসুধাধিপ ! ॥২১॥
মঘে চন্দ্রমসা যুক্তে সিংহে চাভ্যুদিতে গুরৌ।
দিবা মধ্যগতে সূর্য্যে তিথৌ পুণ্যে ত্রয়োদশে।
পিত্র্যে মুহূর্ত্তে সা কুন্তী সুষুবে ভীমমচ্যুতম্ ॥২২॥

ভারতকৌমুদী

পততেতি। তেন শিশুনা। ইয়ং শিলৈবাত্যন্তজীর্ণা; বায়ুদেবপ্রভাবাদ্বা তচ্চূর্ণনম্ ॥২০॥

যস্মিন্নিতি। অত্র পাঠক্রমাৎ পূর্ব্বং ভীমজন্ম, পরঞ্চ দুর্য্যোধনজন্মেতি প্রত্যেতব্যম্। এবঞ্চ গদাপর্ব্বণি ধার্ম্মিকেণৈব জ্যেষ্ঠেন ভীমেন কনিষ্ঠস্য দুর্য্যোধনস্য শিরসি রোষাদ্বামপাদস্পর্শনং কৃতমিতি বক্ষ্যতি। অন্যথা তৎ কৃতং ন স্যাৎ। কিঞ্চ দুর্য্যোধনস্য স্বভাবপর্য্যালোচনয়া তদ্দিবসীয়রাত্রৌ তুলায়াং জন্মেত্যপি বোধ্যম্ ॥২১॥

অথ কীদৃশে সময়ে ভীমো জাত ইত্যাহ—মঘ ইতি। মঘে মঘানক্ষত্রে, অতএব চন্দ্রমসা যুক্তে সিংহে সিংহরাশিস্থচন্দ্র ইতি তাৎপর্য্যম্, মঘানক্ষত্রস্য সিংহরাশিঘটকত্বাৎ। গুরৌ বৃহস্পতৌ চ অভ্যুদিতে, ন বালে ন বৃদ্ধে ন চাস্তমিত ইত্যর্থঃ। পুণ্যে পুণ্যজনকে। এতেন শুক্লপক্ষীয়ত্বং সূচিতম্, দেবকার্য্যে কৃষ্ণপক্ষাপেক্ষয়া তস্যাধিকপুণ্যজনকত্বাৎ। শুক্লপক্ষীয়ত্রয়োদশ্যাং তিথাবিত্যর্থঃ। "তিথয়ো দ্বয়োঃ" ইত্যমরপ্রামাণ্যাৎ তিথিশব্দস্য পুংস্ত্বমপি। পিত্র্যে কুতপাখ্যে অষ্টম এব মুহূর্ত্তে, "দৌহিত্রঃ কুতপঃ কালঃ" ইতি স্মৃত্যা কুতপস্যৈকোদ্দিষ্টকালত্বাৎ। অচ্যুতং সাহসাদভ্রষ্টম্। এতেন চৈত্রমাসোঽপি প্রতীয়তে, মঘাশেষে ত্রয়োদশীস্পর্শেন চিত্রান্তে পৌর্ণমাসীস্পর্শসম্ভবাৎ। ফাল্গুনস্তু ন, পূর্ব্বজ্যেষ্ঠপৌর্ণমাস্যাং যুধিষ্ঠিরপ্রসবেন পর-ফাল্গুনশুক্লত্রয়োদশ্যাং নবমমাসস্যাপ্যপূর্ত্ত্যা গর্ভপূর্ত্ত্যসম্ভবাৎ। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥২২॥

ছিল না, তাহাতেই বজ্রতুল্য দৃঢ় শরীর সেই বালকটী পাথরের উপরে পড়িয়া গিয়াছিল ॥১৯॥

সেই বালক পড়িয়া যাইয়া অঙ্গের আঘাতে নীচের পাথরখানাকে শত খণ্ডে চূর্ণ করিয়াছিল; পাথরখানাকে চূর্ণ করিয়াছে দেখিয়া পাণ্ডু বিস্ময়াপন্ন হইয়াছিলেন ॥২০॥

মহারাজ। যে দিনে ভীম জন্মিয়াছিলেন, দুর্য্যোধনও সেই দিনেই জন্মিয়াছিলেন ॥২১॥

চৈত্রমাসে, শুক্লপক্ষে, ত্রয়োদশী তিথিতে, বৃহস্পতির উদয়কালে, মঘানক্ষত্রে, সিংহস্থ চন্দ্রে, দিনে, সূর্য্য আকাশের মধ্যবর্ত্তী হইলে এবং অষ্টম মুহূর্ত্ত সময়ে কুন্তীদেবী অত্যন্ত সাহসী ভীমকে প্রসব করিয়াছিলেন ॥২২॥

---

(২২) অয়ং শ্লোকো দাক্ষিণাত্যপুস্তক এব বর্ত্ততে।

অথ ভীমসেনস্য জন্মপত্রিকা (কোষ্ঠী)।

—ঃ৹ঃ—

কল্যব্দারম্ভাৎ পূর্ব্বাতীতাব্দাদয়ঃ ৭১।১০।২।

(অর্থাৎ অদ্য ১৮৫২ শকাব্দের ও ১৩৩৭ বঙ্গাব্দের ১৯শে অগ্রহায়ণ হইতে এবং ১৯৩০ খৃষ্টাব্দের ৫ ডিসেম্বর হইতে ৫১০২ পাঁচ হাজার এক শত দুই বৎসর পূর্ব্বে চৈত্রমাসের শুক্লপক্ষের ত্রয়োদশী তিথিতে দিনে ষোল দণ্ড সময়ে মঘানক্ষত্রে ভীমসেনের জন্ম হইয়াছিল।)

৫০৩১ এতদ্বর্ত্তমানকল্যব্দারম্ভাৎ পূর্ব্ববর্ত্তিনি দিনদ্বয়াধিকদশমাসাধিকৈকসপ্ততিতমে অব্দে চৈত্রে মাসি শুক্লে পক্ষে ত্রয়োদশ্যাং তিথৌ মঘানক্ষত্রাশ্রিতসিংহরাশৌ চন্দ্রে শুভমিথুনলগ্নে কেন্দ্রস্থেষু রবি-গুরু-শুক্রেষু কোণস্থে বুধে কুজে চ উচ্চস্থে শনৌ শুক্রে চ অষ্টোত্তরীয়মতে কুজস্য দশায়াং বিংশোত্তরীয়মতে কেতোর্দশায়াং হস্তিনাধিপতি-মহারাজাধিরাজ-শ্রীযুক্ত-পাণ্ডুবর্ম্মণঃ শুভদ্বিতীয়কুমারো জাতবান্। ক্ষত্রিয়বর্ণে রাক্ষসগণে চাস্য জন্মেতি।

রাশিচক্রম্।

ভীমসেনের কোষ্ঠীর ফল।

১। ক্ষমাহীন, অসহিষ্ণু, ক্ষিপ্রকারী, উগ্রস্বভাব, বিশালবদন, পিঙ্গলনয়ন, স্ত্রীবিদ্বেষী, আমিষভোজনপ্রিয়, বন ও পর্ব্বতবিহারী, অত্যন্ত ক্রোধী, ক্ষুধা-তৃষ্ণায় কাতর, অভিমানী, মাতৃভক্ত, অল্পবুদ্ধি ও বিমাতৃক হয়।

২। মহাবিক্রমশালী।

৩। সহোদর হইতে সুখী, গর্ব্বিত, কৃপণ, অল্পবুদ্ধি, দয়াহীন ও বলবান্।

৪। উৎকৃষ্ট বন্ধুযুক্ত, বিশেষ বিদ্বান্ নহে।

৫। পুত্র হয়; কিন্তু স্থায়ী হয় না।

৬। অত্যন্ত বলবান্, নিঃশেষে শত্রুনাশক এবং মাতুল ও পিতৃব্য দ্বারা বিপন্ন।

৭। "কান্তাসুতপ্রীতিবিবর্জ্জিতশ্চ" স্ত্রী ও পুত্রের প্রতি আসক্তিশূন্য।

৮। দীর্ঘায়ু পাওবার পরে বন বা পার্ব্বত্যদেশে মৃত্যু।

৯। ধার্ম্মিক, সরল স্বভাব, গুরুজনভক্ত, শতায়ু, লব্ধপ্রতিষ্ঠ, লোকদুঃখহর্ত্তা, স্বয়ং ক্লেশ-সহিষ্ণু, গর্ব্বিত এবং কলহপ্রিয়।

১০। পিতা ও অগ্রজ হইতে শ্রেষ্ঠ, বংশমধ্যে সর্ব্বাপেক্ষা প্রতাপশালী, আশ্রিত-প্রতি-পালক এবং প্রার্থীর প্রার্থনাপূরক।

১১। প্রিয়বিচ্ছেদদুঃখী, রাজমান্য, কীর্ত্তিমান্ ও বীর্য্যবান্।

১২। মাতুল দ্বারা বিপন্ন, সদ্ব্যয়ী এবং যুদ্ধে শত্রুহন্তা হয়।

("যস্মিন্নহনি ভীমস্তু জজ্ঞে ভরতসত্তম।।
দুর্য্যোধনোঽপি তত্রৈব প্রজজ্ঞে বসুধাধিপ।।"
ইত্যেতদধ্যায়গতৈকবিংশশ্লোকানুসারেণ—)

অথ দুর্য্যোধনস্য জন্মপত্রিকা (কোষ্ঠী)।

—ঃ*ঃ—

কল্যব্দারম্ভাৎ পূর্ব্বাতীতাব্দাদয়ঃ ৭১।১০।২।

(অর্থাৎ অদ্য ১৮৫২ শকাব্দের ও ১৩৩৭ বঙ্গাব্দের ১৯শে অগ্রহায়ণ হইতে এবং ১৯৩০ খৃষ্টাব্দের ৫ ডিসেম্বর হইতে ৫১০২ পাঁচ হাজার এক শত দুই বৎসর পূর্ব্বে চৈত্রমাসের শুক্ল-পক্ষের ত্রয়োদশী তিথিতে রাত্রি ছয় দণ্ড সময়ে পূর্ব্বফল্গুনীনক্ষত্রে দুর্য্যোধনের জন্ম হইয়া-ছিল।)

৫০৩১ এতদ্বর্ত্তমানকল্যব্দারম্ভাৎ পূর্ব্ববর্ত্তিনি দিনদ্বয়াধিক-দশমাসাধিকৈকসপ্ততিতমে অব্দে চৈত্রে মাসি শুক্লে পক্ষে ত্রয়োদশ্যাং তিথৌ রাত্রৌ ষষ্ঠদণ্ডসময়ে শুভতুলালগ্নে পূর্ব্বফল্গুনী-নক্ষত্রাশ্রিতসিংহরাশৌ চন্দ্রে কেন্দ্রস্থে কুজে কোণস্থে বুধে উচ্চস্থে শনৌ শুক্রে চ অষ্টোত্তরীয়-মতে কুজস্য দশায়াং বিংশোত্তরীয়মতে ভৃগোর্দশায়াং শ্রীযুক্তধৃতরাষ্ট্রবর্ম্মণঃ শুভপ্রথমকুমারো জাতবান্। অয়ং ক্ষত্রিয়বর্ণো নরগণশ্চেতি।

রাশিচক্রম্‌।

দুর্য্যোধনের কোষ্ঠীর ফল।

১। সুখের সম্ভাবনা থাকিলেও বিষাদী, খলস্বভাব, বিবাদশীল, শঠ, কলহপ্রিয়, শোক-তপ্ত, পাপে নিরত, নিষ্ঠুরভাষী, অসৎ লোকের প্রতি অনুরক্ত এবং সিংহতুল্য পরাক্রমী।

২। মিথ্যাবাদী, নির্ভয়, নিষ্ঠুরভাষী এবং আত্মীয়গণের কণ্টকস্বরূপ।

৩। সহোদরপতি স্বক্ষেত্রে পূর্ণবলশালী বলিয়া বহু সহোদরযুক্ত।

৪। চতুর্থপতি উচ্চস্থ বলিয়া ধনবান্‌, যানবাহনশালী এবং উত্তম গৃহবাসী।

৫। বিদ্বান্‌, ধনার্জ্জনে চাতুর্য্যশালী, কপটতাযুক্ত, মন্ত্রণানিপুণ, মারণবশীকরণাদি অভিচারজ্ঞ, মায়াবী, খল এবং পুত্রদুঃখী।

৬। জ্ঞাতিশত্রু দ্বারা উৎপীড়িত, চিরশত্রুযুক্ত, নিজ কুমন্ত্রণাদোষে সন্তপ্ত, গুরুজনদ্বেষী, শত্রুর শমনসদৃশ এবং মহাবলশালী। "ষষ্ঠেশে রিপুভাবস্থে স্বজ্ঞাতিঃ শত্রুবদ্ভবেৎ" ইত্যাদি।

৭। পত্নী দ্বারা সুখী হয় না।

৮। মধ্যায়ু; স্বজন, জ্ঞাতি, আত্মীয়বিরহ ও বিবাদে মৃত্যু।

৯। প্রবলভাগ্যশালী।

১০। ইহার আরব্ধ কার্য্য নষ্ট হয়।

১১। লাভস্থান অতি শুভ, অসাধারণ বিত্তশালী।

১২। বহু লোকের প্রতিপালক হয়।

জাতে বৃকোদরে পাণ্ডুরিদং ভূয়োঽন্বচিন্তয়ৎ।
কথং নু মে বরঃ পুত্রো লোকশ্রেষ্ঠো ভবেদিতি ॥২৩॥
দৈবে পুরুষকারে চ লোকোঽয়ং সম্প্রতিষ্ঠিতঃ।
তত্র দৈবন্তু বিধিনা কালযুক্তেন লভ্যতে ॥২৪॥
ইন্দ্রো হি রাজা দেবানাং প্রধান ইতি নঃ শ্রুতম্।
অপ্রমেয়বলোৎসাহো বীর্য্যবানমিতদ্যুতিঃ ॥২৫॥
তং তোষয়িত্বা তপসা পুত্রং লপ্স্যে মহাবলম্।
যং দাস্যতি স মে পুত্রং স বরীয়ান্ ভবিষ্যতি ॥২৬॥
অমানুষান্ মানুষাংশ্চ সংগ্রামে স হনিষ্যতি।
কর্ম্মণা মনসা বাচা তস্মাত্তপ্স্যে মহত্তপঃ ॥২৭॥

ভারতকৌমুদী

জাত ইতি। বরঃ শ্রেষ্ঠঃ। লোকশ্রেষ্ঠো বীরজনানামগ্রগামী, "শ্রেষ্ঠোঽগ্রগে" ইতি নিপাতনাৎ ॥২৩॥

দৈব ইতি। বিধিনা কর্ম্মণা পুরুষকারেণেত্যর্থঃ। অতঃ পুরুষকারস্যাবশ্যকতেতি ভাবঃ ॥২৪॥

তেন চ তপোরূপং পুরুষকারং কর্ত্তুং তদুদ্দেশ্যং দেবং নিরূপয়তি—ইন্দ্র ইতি। বলং দৈহিকম্ ॥২৫॥

তমিতি। স ইন্দ্রঃ। বরীয়ান্ বীরশ্রেষ্ঠঃ ॥২৬॥

অমানুষানিতি। স ইন্দ্রদত্তো মৎপুত্রঃ। তপ্স্যে করিষ্যামি ॥২৭॥

ভারতভাবদীপঃ

মাহ—কুন্তীতি ॥১৮॥ সংস্পৃষ্টং যেন শিলাপি চূর্ণীভূতা তাদৃশেঽপ্যাঘাতে সতি যস্য নিদ্রা-

ভীম জন্মিলে পর, পাণ্ডু পুনরায় এইরূপ চিন্তা করিলেন—'লোকশ্রেষ্ঠ এবং বীরগণের অগ্রগণ্য আমার আর একটী পুত্র কি প্রকারে হইতে পারে ॥২৩॥

এই জগৎটা দৈব ও পুরুষকার—এই উভয়ের উপরেই রহিয়াছে; তাহার মধ্যে পুরুষকার দ্বারাই যথা সময়ে দৈব পাওয়া যায় ॥২৪॥

এদিকে আমাদের শুনা আছে যে, ইন্দ্র দেবগণের রাজা এবং তাঁহাদের মধ্যে প্রধান; আর, তাঁহার বল ও উৎসাহের ইয়ত্তা করা যায় না এবং তেজ ও সাহস অসাধারণ ॥২৫॥

তপস্যা দ্বারা তাঁহাকে সন্তুষ্ট করিয়া একটী মহাবীর পুত্র লাভ করিব। কেন না, তিনি আমাকে যে পুত্র দান করিবেন, সে পুত্র বীরশ্রেষ্ঠই হইবে ॥২৬॥

(২৩)…লোকশ্রেষ্ঠঃ…। (২৬)…স গরীয়ান্…। (২৭) পূর্ব্বার্দ্ধং কতিপয়পুস্তকে নাস্তি।

ততঃ পাণ্ডুর্মহাবাজ ! মন্ত্রয়িত্বা মহর্ষিভিঃ ।
দিদেশ কুন্ত্যাঃ কৌরব্যো ব্রতং সাংবৎসরং শুভম্ ॥২৮॥
আত্মনা চ মহাবাহুরেকপাদস্থিতোঽভবৎ ।
উগ্রং তপঃ স আস্থায় পরমেণ সমাধিনা ॥২৯॥
আরিরাধয়িষুর্দেবং ত্রিদশানাং তমীশ্বরম্ ।
ভার্য্যয়া সহ ধর্ম্মাত্মা পর্য্যতপ্যত ভারত ! ॥৩০॥
তন্তু কালেন মহতা বাসবঃ প্রত্যপদ্যত ।

শক্র উবাচ ।

পুত্রং তব প্রদাস্যামি ত্রিষু লোকেষু বিশ্রুতম্ ॥৩১॥
ব্রাহ্মণানাং গবাঞ্চৈব সুহৃদাঞ্চার্থসাধকম্ ।
দুর্হৃদাং শোকজননং সর্ব্ববান্ধবনন্দনম্ ॥৩২॥
সুতং তেঽগ্র্যং প্রদাস্যামি সর্ব্বামিত্রবিনাশনম্ ।
ইত্যুক্তঃ কৌরবো রাজা বাসবেন মহাত্মনা ॥৩৩॥ (বিশেষকম্)

ভারতকৌমুদী

তত ইতি । সাংবৎসরং সংবৎসরব্যাপি । দিদেশ কর্ত্তুমাদিষ্টবান্ ॥২৮॥

আত্মনেতি । স পাণ্ডুঃ, আত্মনা স্বয়ম্ । সমাধিনা ঐকাগ্র্যেণ । আস্থায়াবলম্ব্য ॥২৯॥

আরীতি । আরিরাধয়িষুঃ আরাধয়িতুমিচ্ছুঃ । ভার্য্যয়া কুন্ত্যা সহ ॥৩০॥

তমিতি । তং পাণ্ডুম্ । বাসব ইন্দ্রঃ, প্রত্যপদ্যত প্রাপ্নোৎ । অর্থসাধকং প্রয়োজন-

ভারতভাবদীপঃ

ভঙ্গোঽপি ন জাতো নির্বেদনত্বাৎ বজ্রশরীরাদিত্যর্থঃ । উৎসঙ্গে সমীপে ॥১৯—২৮॥ সমাধিনা

এবং সে পুত্র যুদ্ধে মানুষ ও অসুর প্রভৃতিকে বধ করিবে ; অতএব কার্য্য, মন ও বাক্য দ্বারা গুরুতর তপস্যা করিব' ॥২৭॥

মহারাজ ! তাহার পর, পাণ্ডু মহর্ষিগণের সহিত পরামর্শ করিয়া কুন্তীকে এক বৎসর যাবৎ একটী মাঙ্গলিক ব্রত করিবার জন্য আদেশ করিলেন ॥২৮॥

পাণ্ডু নিজে অত্যন্ত একাগ্রতার সহিত ঘোরতর তপস্যা অবলম্বন করিয়া এক চরণে অবস্থান করিতে লাগিলেন ॥২৯॥

তিনি দেবরাজের আরাধনা করিবার জন্য কুন্তীর সহিত গুরুতর তপস্যা করিতে থাকিলেন ॥৩০॥

বহু কালের পর, ইন্দ্র আসিয়া তাঁহাকে বলিলেন—"আমি তোমাকে এমন একটী পুত্র দান করিব যে,' সে ত্রিভুবনবিখ্যাত হইবে, ব্রাহ্মণ, গরু ও বন্ধুবর্গের

(২৮)···সংবৎসরং শুভম্ । (২৯)···তপঃ স আতস্থে··· । (৩০)···সূর্য্যেণ সহ ধর্ম্মাত্মা··· ।

উবাচ কুন্তীং ধর্ম্মাত্মা দেবরাজবচঃ স্মরন্।
উদর্কস্তব কল্যাণি! তুষ্টো দেবগণেশ্বরঃ ॥৩৪॥
দাতুমিচ্ছতি যে পুত্রং যথা সঙ্কল্পিতং হৃদা।
অতিমানুষকর্ম্মাণং যশস্বিনমরিন্দমম্ ॥৩৫॥
নীতিমন্তং মহাত্মানমাদিত্যসমতেজসম্।
দুরাধর্ষং ক্রিয়াবন্তমতীবাদ্ভুতদর্শনম্ ॥৩৬॥
পুত্রং জনয় সুশ্রোণি! ধাম ক্ষত্রিয়তেজসাম্।
লব্ধঃ প্রসাদো দেবেন্দ্রাত্তমাহ্বয় শুচিস্মিতে! ॥৩৭॥ (বিশেষকম্)

বৈশম্পায়ন উবাচ।

এবমুক্তা ততঃ শক্রমাজুহাব যশস্বিনী।
অথাজগাম দেবেন্দ্রো জনয়ামাস চার্জ্জুনম্ ॥৩৮॥

ভারতকৌমুদী

সম্পাদকম্। দুর্হৃদাং শত্রূণাম্। সর্ব্বেষাং বান্ধবানাং নন্দনমানন্দজনকম্। অগ্র্যং শ্রেষ্ঠম্, সর্ব্বেষাম্ অমিত্রাণাং শত্রূণাং বিনাশনম্। ইত্যুক্তঃ পরক্ষান্তর্হিতমিত্যর্থঃ ॥৩১—৩৩॥

উবাচেতি। উদর্কো ভাবি ফলম্, শুভমিতি শেষঃ। "উদর্কঃ ফলমুত্তরম্" ইত্যমরঃ ॥৩৪॥

দাতুমিতি। ইচ্ছতি দেবেন্দ্র এব। দুরাধর্ষম্ অন্যৈদুর্নিগ্রহম্, ক্রিয়াবন্তং সৎকার্য্যান্বিতম্। ধাম আশ্রয়ম্। প্রসাদঃ অনুগ্রহঃ ॥৩৫—৩৭॥

ভারতভাবদীপঃ

ধ্যানেন। পরমেণানন্যবৃত্তিনা ॥২৯॥ সূর্য্যেণ সহ উদয়াদস্তময়াবধি ॥৩০—৪০॥ আভাষ্য

কার্য্য সাধন করিবে, শত্রুগণের শোক জন্মাইবে এবং সমস্ত আত্মীয়গণের আনন্দ উৎপাদন করিবে, এহেন সর্ব্বশত্রুনাশক উৎকৃষ্ট একটী পুত্র তোমাকে দান করিব"। মহাত্মা দেবরাজ কুরুরাজ পাণ্ডুকে এই কথা বলিয়া অন্তর্হিত হইলেন ॥৩১—৩৩॥

ধর্ম্মাত্মা পাণ্ডু দেবরাজের ঐ কথা স্মরণ করিয়া কুন্তীকে বলিলেন—"কল্যাণি! দেবরাজ সন্তুষ্ট হইয়াছেন, সুতরাং ভাবী ফল ভালই হইবে ॥৩৪॥

তিনি আমাকে ইচ্ছানুরূপ পুত্র দান করিতে ইচ্ছা করিয়াছেন; অতএব সুন্দরি! তুমি এমন একটী পুত্র উৎপাদন কর যে, সে অলৌকিক কার্য্য করিতে পারে, যশস্বী, শত্রুদমনকারী, নীতিজ্ঞ, উদারচেতা, সূর্য্যের তুল্য তেজোবান্, অন্যের অজেয়, সৎক্রিয়ান্বিত, অদ্ভুতাকৃতি এবং ক্ষত্রিয়তেজের একমাত্র আশ্রয় হয়। আমরা যখন দেবরাজের অনুগ্রহ লাভ করিয়াছি, তখন তাঁহাকেই তুমি আহ্বান কর" ॥৩৫—৩৭॥

(৩৫) যে পুত্রং যথা সঙ্কল্পিতং হৃদা... ।

উত্তরাভ্যান্তু পূর্ব্বাভ্যাং ফল্গুনীভ্যাং ততো দিবা।
জাতস্তু ফাল্গুনে মাসি তেনাসৌ ফাল্গুনঃ স্মৃতঃ ॥৩৯॥

ভারতকৌমুদী

এবমিতি। যশস্বিনী কুন্তী। অর্জ্জুনং ভবিষ্যদর্জ্জুননামানং কুন্ত্যা গর্ভম্ ॥৩৮॥

অথাসৌ কদা জাত ইত্যাহ—উত্তরাভ্যামিতি। ততঃ পরম্। দিবা দিবসে। প্রথম-তুশব্দশ্চার্থে। উত্তরাভ্যাং পূর্ব্বাভ্যাঞ্চ ফল্গুনীভ্যাং নক্ষত্রাভ্যাং করণাভ্যাম্, প্রত্যেকং দ্বিত্ব-বিশিষ্টত্বাদ্দ্বিবচনম্, পূর্ব্বফল্গুন্যুত্তরফল্গুন্যোর্নক্ষত্রয়োঃ সন্ধিক্ষণ ইত্যর্থঃ। ইদন্তু স্থূলগণন-য়োক্তম্, সূক্ষ্মগণনয়া তু একতরনিরূপণসম্ভবাৎ। জন্মতিথিঃ পুনরস্যাপি পৌর্ণমাসীতি সম্ভাব্যম্, "অন্ত্যোপান্ত্যৌ ত্রিভৌ জ্ঞেয়ৌ ফাল্গুনশ্চ ত্রিভো মতঃ। শেষা মাসা দ্বিভা জ্ঞেয়াঃ কৃত্তিকাদিব্যবস্থয়া॥" ইতি জ্যোতিষাৎ। অস্য তাবজ্জীবনফলপর্য্যালোচনয়া কর্কটলগ্নে জন্মাসীদিতি প্রতীয়তে। অথ বক্ষ্যমাণবিরাটপর্ব্বীয়ে প্রায়েণৈতাদৃশ্যেব বচনে "জাতো হিমবতঃ পৃষ্ঠে" ইতি তৃতীয়চরণপাঠঃ, অত্র তু শতশৃঙ্গে পর্ব্বত ইতি প্রাগুক্তমিতি বিরোধ ইতি চেন্ন শতশৃঙ্গস্য হিমবত একাংশবিশেষত্বাৎ ॥৩৯॥

বৈশম্পায়ন কহিলেন—পাণ্ডু এইরূপ বলিলে, কুন্তী ইন্দ্রকে আহ্বান করি-লেন। তাহার পর, ইন্দ্র আসিলেন এবং কুন্তীর গর্ভ উৎপাদন করিলেন ॥৩৮॥

তাহার পর, ফাল্গুনমাসে, দিনের বেলায়, পূর্ব্বফল্গুনী ও উত্তরফল্গুনী নক্ষত্রের সন্ধিক্ষণে একটী বালক জন্মিল। ফাল্গুনমাসে ও ফল্গুনীনক্ষত্রে জন্মিয়াছিল বলিয়া ঐ বালকটীর নাম হইয়াছিল—'ফাল্গুন' ॥৩৯॥

(৩৯) অয়ং শ্লোকো দাক্ষিণাত্যপুস্তক এব দৃশ্যতে।

অথ অর্জ্জুনস্য জন্মপত্রিকা (কোষ্ঠী)। *

—:*:—

কল্যব্দারম্ভাৎ পূর্ব্বাতীতাব্দাদয়ঃ ৭০।১০।২৯।

(অর্থাৎ অদ্য ১৮৫২ শকাব্দের ও ১৩৩৭ বঙ্গাব্দের ১৯শে অগ্রহায়ণ হইতে এবং ১৯৩০ খৃষ্টাব্দের ৫ ডিসেম্বর হইতে ৫১০১ পাঁচ হাজার এক শত এক বৎসর পূর্ব্বে ফাল্গুন মাসের পূর্ণিমা তিথিতে দিনে একবিংশতিতম দণ্ড সময়ে অর্জ্জুনের জন্ম হইয়াছিল।)

৫০৩১ এতদ্বর্ত্তমানকল্যব্দারম্ভাৎ পূর্ব্ববর্ত্তিনি ঊনত্রিংশদ্দিনাধিকদশমাসাধিকসপ্ততিতমে অব্দে ফাল্গুনে মাসি শুক্লে পক্ষে পৌর্ণমাস্যাং তিথৌ দিবা একবিংশতিতমদণ্ডসময়ে শুভকর্কট-লগ্নে উত্তরফল্গুনীনক্ষত্রাশ্রিতসিংহরাশৌ চন্দ্রে উচ্চস্থে শনৌ শুক্রে চ স্বক্ষেত্রস্থে গুরৌ ভৌমে চ কেন্দ্রস্থেষু মঙ্গল-বুধ-শনিষু ত্রিকোণস্থে গুরৌ শুক্রে চ অষ্টোত্তরীয়মতে মঙ্গলস্য দশায়াং বিংশোত্তরীয়মতে চ রবের্দশায়াং হস্তিনাধিপতি-মহারাজাধিরাজ শ্রীযুক্তপাণ্ডুবর্ম্মণঃ শুভ-তৃতীয়কুমারো জাতবান্। ক্ষত্রিয়বর্ণে নরগণে চাস্য জন্মেতি।

* কলিকাতা রিপণ কলেজের সুযোগ্য অধ্যাপক প্রাচ্য ও পাশ্চাত্য জ্যোতির্ব্বিৎ শ্রীযুক্ত সুরেন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায় এম, এ মহাশয় কর্ত্তৃক সঙ্কলিত।

রাশিচক্রম্।

অর্জ্জুনের কোষ্ঠীর ফল।

—:o:—

১। সাধুজনসংসর্গপ্রিয়, বিনয়ী, বলবান্, দয়ালু, দেবদ্বিজভক্ত, দাতা, লোকমান্য, অতি ধীর, বিদেশগামী, সাহসী, রণপ্রিয় ও শত্রুহন্তা হয়।

২। রাজ্যের মধ্যে শ্রেষ্ঠ, ধনবান্, দীর্ঘজীবী, সৎকার্য্যপরায়ণ এবং সুদৃঢ় দেহ হইয়া থাকে।

৩। (বশিষ্ঠজাতকমতে কল্পবৃক্ষযোগ এবং তাহার ফল) অসাধারণ প্রতাপশালী, যুদ্ধবিশারদ এবং যোদ্ধা বলিয়া বিখ্যাত হয়। আর, ইহার স্ত্রী সর্ব্বগুণসম্পন্না হয়।

৪। সর্ব্বপ্রকার বিদ্যার অধিকারী, সর্ব্বপ্রকার যানচর্য্যায় সুনিপুণ এবং মাতৃকুলের সুখজনক হয়। আর, স্ত্রীর বান্ধবপক্ষ দ্বারা বিশেষ সাহায্য লাভ করে।

৫। অসাধারণ গুণসম্পন্ন বীরপুত্র লাভ করে, আবার সেই পুত্রের মৃত্যুতে দারুণ শোক পায়; কিন্তু বংশহীন হয় না।

৬। প্রাণ্ডল প্রবল শত্রু এবং বহু শত্রু হয়, কিন্তু পরে সেই শত্রু সমূলে বিনষ্ট হয়।

৭। (সর্ব্বার্থচিন্তামণিগ্রন্থমতে) উৎকৃষ্ট বহু স্ত্রী লাভ করে।

৮। বন ও পর্ব্বতচারী হয় এবং পরিশেষে ইহার পার্ব্বত্যপ্রদেশে মৃত্যু হইয়া থাকে।

৯। (বৃহৎসংহিতামতে) তীর্থগামী, পবিত্র স্বভাব, ধর্মপরায়ণ এবং জগদ্বিখ্যাতকীর্ত্তি

জাতমাত্রে কুমারে তু তস্মিন্ বাগশরীরিণী।
মহাগম্ভীরনির্ঘোষা নভো নাদয়তী তদা ॥৪০॥
শৃণ্বতাং সর্ব্বভূতানাং তেষামাশ্রমবাসিনাম্।
কুন্তীমাভাষ্য বিস্পষ্টমুবাচেদং শুচিস্মিতাম্ ॥৪১॥ (যুগ্মকম্)
কার্ত্তবীর্য্যসমঃ কুন্তি। শিবতুল্যপরাক্রমঃ।
এষ শক্র ইবাজেয়ো যশস্তে প্রথয়িষ্যতি ॥৪২॥
অদিত্যা বিষ্ণুনা প্রীতির্যথাঽভূদভিবর্দ্ধিতা।
তথা বিষ্ণুসমঃ প্রীতিঃ বর্দ্ধয়িষ্যতি তেঽর্জ্জুনঃ ॥৪৩॥
এষ মদ্রান্ বশে কৃত্বা কুরূংশ্চ সহ সোমকৈঃ।
চেদি-কাশি-করূষাংশ্চ কুরুলক্ষ্মীং প্রধাস্যতি ॥৪৪॥

ভাবতকৌমুদী

জাতেতি। নাদয়তী নাদয়ন্তী। সর্ব্বভূতানাং সমীপে। আভাষ্য সম্বোধ্য ॥৪০—৪১॥
কার্ত্তেতি। কার্ত্তবীর্য্যসমঃ উৎসাহে তেজসি চ কার্ত্তবীর্য্যার্জ্জুনতুল্যঃ ॥৪২॥
অদিত্যা ইতি। বিষ্ণুনা বামনরূপিণা। অর্জ্জুনো ভাব্যর্জ্জুননামা ॥৪৩॥
এষ ইতি। কুরুলক্ষ্মীং কুরুবংশীয়রাজশ্রিয়ম্, প্রধাস্যতি প্রকর্ষেণ জনয়িষ্যতি ॥৪৪॥

সেই বালকটী জন্মিবামাত্র আকাশমণ্ডল শব্দিত করিয়া মহাগম্ভীর স্বরে একটা দৈববাণী হইল; সেই দৈববাণী কুন্তীকে সম্বোধন করিযা সেই আশ্রম-বাসী সমস্ত প্রাণীর সমক্ষে সুস্পষ্টভাবে এই কথা বলিল—॥৪০—৪১॥

"কুন্তি! তোমার এই পুত্র কার্ত্তবীর্য্যার্জ্জুনের তুল্য তেজস্বী, শিবের তুল্য পরাক্রমী এবং ইন্দ্রের তুল্য অজেয় হইযা তোমার যশ বিস্তৃত করিবে ॥৪২॥

বামনরূপী নারায়ণ যেমন অদিতির আনন্দ বর্দ্ধন করিয়াছিলেন, নারায়ণের তুল্য এই বালকটীও তেমন তোমার আনন্দ বর্দ্ধন করিবে ॥৪৩॥

(৪৪)…কুরুলক্ষ্মীং বহিষ্যতি।

হইয়া থাকে। (জাতকাভরণমতে) অতিথি, গুরু এবং দেবতার অর্চ্চনাপরায়ণ ও মুনিব্রতাব-লম্বী, আর (বৃহজ্জাতকমতে) বহু গুণশালী, নিরহঙ্কার এবং উৎকৃষ্ট জ্ঞানসম্পন্ন হয়।

১০। (জ্যোতিষকল্পবৃক্ষমতে) শ্রেষ্ঠ সেনাপতি ও মনুষ্যপ্রধান, (বৃহৎপারাশরীযমতে) সমস্ত রাজন্যকর্ত্তৃক সম্মানিত এবং অল্প বয়সে অকস্মাৎ পিতৃবিয়োগে অত্যন্ত সন্তপ্ত হয়।

১১। (বৃহজ্জাতকমতে কেমদ্রুমযোগ ও তাহার ফল) বিদেশবাসী, অর্থাভাবে অত্যন্ত কষ্টভোগী, অন্যের আনুগত্যকারী এবং জ্যেষ্ঠ ভ্রাতার বিশেষ অনুগত হয়।

১২। কোন ভার্য্যা ইহার প্রতি শত্রুতা আচরণ করে এবং তাহাতে ইহার পরাভব হয়।

এতস্য ভুজবীর্য্যেণ খাণ্ডবে হব্যবাহনঃ।
মেদসা সর্ব্বভূতানাং তৃপ্তিং যাস্যতি বৈ পরাম্ ॥৪৫॥
গ্রামণীযান্ মহীপালানেষ জিত্বা মহাবলঃ।
ভ্রাতৃভিঃ সহিতো বীরস্ত্রীন্ মেধানাহরিষ্যতি ॥৪৬॥
জামদগ্ন্যসমঃ কুন্তি। বিষ্ণুতুল্যপরাক্রমঃ।
এষ বীর্য্যবতাং শ্রেষ্ঠো ভবিষ্যতি মহাযশাঃ ॥৪৭॥
এষ যুদ্ধে মহাদেবং তোষয়িষ্যতি শঙ্করম্।
অস্ত্রং পাশুপতং নাম তস্মাত্তুষ্টাদবাপ্স্যতি ॥৪৮॥
নিবাতকবচা নাম দৈত্যা বিবুধবিদ্বিষঃ।
শক্রাজ্ঞয়া মহাবাহুস্তান্ বধিষ্যতি তে সুতঃ ॥৪৯॥

ভারতকৌমুদী

এতস্যেতি। খাণ্ডবে বনে। হব্যবাহনো বহ্নিঃ। মেদসা শরীরধাতুবিশেষেণ ॥৪৫॥

গ্রামেতি। গ্রামণ্য এব গ্রামণীয়াস্তান্ শ্রেষ্ঠান্, "গ্রামণীর্নাপিতে পুংসি শ্রেষ্ঠে গ্রামাধিপে ত্রিষু" ইত্যমরঃ। মেধান্, অশ্বমেধান্ আহরিষ্যতি করিষ্যতি ॥৪৬॥

জামেতি। জামদগ্ন্যসম উৎসাহে পরশুরামতুল্যঃ ॥৪৭॥

এষ ইতি। তস্মাচ্ছঙ্করাৎ ॥৪৮॥

নিবাতেতি। বিবুধবিদ্বিষো দেবদ্বেষিণঃ। শক্রস্য পিতুরিন্দ্রস্যাজ্ঞয়া ॥৪৯॥

ভারতভাবদীপঃ

হে কুন্তি। ইতি সম্বোধ্য ॥৪১—৪৩॥ বহিষ্যতি পালয়িষ্যতি ॥৪৪—৪৫॥ মেধানশ্বমেধান্

এই বালক যথাসময়ে মদ্র, কুরু, সোমক, চেদি, কাশী ও করূষদেশীয় রাজগণকে বশে আনয়ন করিয়া কুরুবংশীয় রাজলক্ষ্মীকে বর্দ্ধিত করিবে ॥৪৪॥

অগ্নিদেব ইহারই বাহুবলে খাণ্ডববনে সমস্ত প্রাণীর মেদ ভক্ষণ করিয়া অত্যন্ত তৃপ্তি লাভ করিবেন ॥৪৫॥

এই বালক ভ্রাতৃগণের সহিত মিলিত হইয়া, প্রধান প্রধান রাজাকে জয় করিয়া তিনটী অশ্বমেধ যজ্ঞ সম্পাদন করিবে ॥৪৬॥

কুন্তি! বলবানের মধ্যে শ্রেষ্ঠ তোমার এই পুত্র পরশুরামের তুল্য উৎসাহী এবং বিষ্ণুর তুল্য পরাক্রমী হইয়া অত্যন্ত যশস্বী হইবে ॥৪৭॥

এই বালক যুদ্ধে মহাদেবকে সন্তুষ্ট করিবে এবং তাঁহার নিকট হইতে পাশুপত অস্ত্র লাভ করিবে ॥৪৮॥

তোমার এই পুত্র ইন্দ্রের আদেশে, দেবদ্বেষী নিবাতকবচনামক দৈত্যগণকে বধ করিবে ॥৪৯॥

---

(৪৬) গ্রামণীশ্চ মহীপালান্…। ৪৮—৪৯ শ্লোকৌ পুস্তকবিশেষে ন স্তঃ।

তথা দিব্যানি চাস্ত্রাণি নিখিলেনাহরিষ্যতি।
বিপ্রনষ্টাং শ্রিয়ঞ্চায়মাহর্ত্তা পুরুষর্ষভঃ ॥৫০॥
এতামত্যদ্ভুতাং বাচং কুন্তী শুশ্রাব সূতকে।
বাচমুচ্চারিতামুচ্চৈস্তাং নিশম্য তপস্বিনাম্ ॥৫১॥
বভূব পরমো হর্ষঃ শতশৃঙ্গনিবাসিনাম্।
তথা দেবরথানাঞ্চ সেন্দ্রাণাঞ্চ দিবৌকসাম্ ॥৫২॥
আকাশে দুন্দুভীনাঞ্চ বভূব তুমুলঃ স্বনঃ।
উদতিষ্ঠন্মহাঘোষ পুষ্পবৃষ্টিভিরাবৃতঃ ॥৫৩॥ (বিশেষকম্)
সমবেত্য চ দেবানাং গণাঃ পার্থমপূজয়ন্।
কাদ্রবেয়া বৈনতেয়া গন্ধর্ব্বাপ্সরসস্তথা।
প্রজানাং পতয়ঃ সর্ব্বে সপ্ত চৈব মহর্ষয়ঃ ॥৫৪॥
ভরদ্বাজঃ কশ্যপো গৌতমশ্চ বিশ্বামিত্রো জমদগ্নির্বশিষ্ঠঃ।
যশ্চোদিতো ভাস্করেঽভূৎ প্রনষ্টে সোঽপ্যত্রাত্রির্ভগবানাজগাম ॥৫৫॥

ভারতকৌমুদী

তথেতি। দিব্যানি অলৌকিকানি। নিখিলেন প্রকারেণ। বিপ্রনষ্টাং দুর্য্যোধনেন ॥৫০॥

এতামিতি। সূতকে তৎপুত্রপ্রসবে সতি। উচ্চৈরুচ্চারিতাং তাং বাচং নিশম্য শতশৃঙ্গনিবাসিনাং তপস্বিনাং পরমো হর্ষো বভূবেত্যন্বয়ঃ। দেবরথানাং বিমানাখ্যদেবরথস্থিতানাম্। স চ মহাঘোষঃ, পুষ্পবৃষ্টিভিঃ, আবৃতঃ সঙ্কীর্ণো বভূব ॥৫১—৫৩॥

সমেতি। সমবেত্য মিলিত্বা। কাদ্রবেয়াঃ সর্পাঃ, বৈনতেয়া গরুড়াদয়ঃ পক্ষিণঃ। পার্থং পৃথায়াস্তং পুত্রম্, অপূজয়ন্ অস্তুবন্নিত্যর্থঃ। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥৫৪॥

ভরদ্বাজ ইতি। প্রনষ্টে অস্তং গতে। অত্র অর্জ্জুনস্থানোপবিদেশে ॥৫৫॥

আর, তোমার এই পুত্র সকল দিব্য অস্ত্র লাভ করিবে এবং তাহাতেই সর্ব্বপ্রকারে পুরুষপ্রধান হইয়া শত্রুকর্ত্তৃক অপহৃত রাজলক্ষ্মীকে পুনরায় উদ্ধার করিবে” ॥৫০॥

সেই পুত্রটী জন্মিবামাত্র কুন্তী এই অদ্ভুত দৈববাণী শুনিতে পাইলেন এবং উচ্চ স্বরে উচ্চারিত সেই দৈববাণী শুনিয়া শতশৃঙ্গনিবাসী তপস্বীদিগের অত্যন্ত আনন্দ জন্মিল; আর, আকাশে বিমানারোহী ইন্দ্রাদি দেবগণের তুমুল দুন্দুভিধ্বনি হইতে থাকিল, সেই বিশাল শব্দ চারি দিকে ছড়াইয়া পড়িল এবং সঙ্গে সঙ্গে পুষ্পবৃষ্টি হইল ॥৫১—৫৩॥

আর, দেবগণ, সর্পগণ, গরুড়াদি পক্ষিগণ, গন্ধর্ব্বগণ, অপ্সরাগণ, সকল প্রজাপতিগণ এবং সপ্তর্ষিগণ অর্জ্জুনের স্তব করিতে লাগিলেন ॥৫৪॥

---

(৫১)…শুশ্রাব ভারত।…। (৫২) তথা দেবনিকায়ানাম্…।

মরীচিরঙ্গিরাশ্চৈব পুলস্ত্যঃ পুলহঃ ক্রতুঃ।
দক্ষঃ প্রজাপতিশ্চৈব গন্ধর্ব্বাপ্সরসস্তথা ॥৫৬॥
দিব্যমাল্যাম্বরধরাঃ সর্ব্বালঙ্কারভূষিতাঃ।
উপগায়ন্তি বীভৎসুং নৃত্যন্ত্যপ্সরসাং গণাঃ ॥৫৭॥
তথা মহর্ষয়শ্চাপি জেপুস্তত্র সমন্ততঃ।
গন্ধর্ব্বৈঃ সহিতঃ শ্রীমান্ প্রাগায়ত চ তুম্বুরুঃ ॥৫৮॥
ভীমসেনোগ্রসেনৌ চ ঊর্ণায়ুরনঘস্তথা।
গোপতির্ধৃতরাষ্ট্রশ্চ পূর্ণবর্চ্চাস্তথৈব চ ॥৫৯॥
যুগপস্তৃণপঃ কার্ষ্ণির্নন্দিশ্চিত্ররথস্তথা।
ত্রয়োদশঃ শালিশিরাঃ পর্জ্জন্যশ্চ চতুর্দ্দশঃ ॥৬০॥
কলিঃ পঞ্চদশশ্চাত্র নারদশ্চৈব ষোড়শঃ।
ঋত্বা বৃহত্বা বৃহকঃ করালশ্চ মহামনাঃ ॥৬১॥
ব্রহ্মচারী বহুগুণঃ সুবর্ণশ্চেতি বিশ্রুতঃ।
বিশ্বাবসুর্ভুমন্যুশ্চ সুচন্দ্রশ্চ শরুস্তথা ॥৬২॥

ভারতকৌমুদী

মরীচিরিতি। তথা আজগ্মুরিত্যর্থঃ ॥৫৬॥

দিব্যেতি। বীভৎসুমর্জ্জুনম্, উপ লক্ষ্যীকৃত্য, গায়ন্তি স্ম নৃত্যন্তি স্ম চ ॥৫৭॥

তথেতি। জেপুর্জাতকমঙ্গলায়েষ্টমন্ত্রম্। আগত আগতবান্ ॥৫৮॥

ভরদ্বাজ, কশ্যপ, গৌতম, বিশ্বামিত্র, জমদগ্নি, বশিষ্ঠ এবং সূর্য্য অস্ত হইলে যিনি উদিত হইয়া থাকেন, মাহাত্ম্যশালী সেই অত্রিও সেখানে আসিলেন ॥৫৫॥

মরীচি, অঙ্গিরা, পুলস্ত্য, পুলহ, ক্রতু, দক্ষপ্রজাপতি, অন্যান্য গন্ধর্ব্বগণ ও অপ্সরাগণ সেখানে আসিলেন ॥৫৬॥

স্বর্গীয় মাল্য ও বস্ত্রধারী এবং সমস্ত অলঙ্কারে অলঙ্কৃত অপ্সরাগণ অর্জ্জুনকে লক্ষ্য করিয়া গান ও নৃত্য করিতে লাগিল ॥৫৭॥

মহর্ষিরা সেখানে সকল দিকে থাকিয়া বালকের মঙ্গলের জন্য ইষ্টমন্ত্র জপ করিতে লাগিলেন এবং মনোহর মূর্ত্তি তুম্বুরু অন্যান্য গন্ধর্ব্বের সহিত পূর্ব্বেই সেখানে আসিলেন ॥৫৮॥

ভীমসেন, উগ্রসেন, ঊর্ণায়ু, অনঘ, গোপতি, ধৃতরাষ্ট্র, পূর্ণবর্চ্চা, যুগপ, তৃণপ, কার্ষ্ণি, নন্দি, চিত্ররথ, শালিশিরা, পর্জ্জন্য, কলি, নারদ, ঋত্বা, বৃহত্বা, বৃহক, করাল, ব্রহ্মচারী ও অত্যন্ত গুণবান্ বিখ্যাত সুবর্ণ, বিশ্বাবসু, ভূমন্যু,

---

(৫৮)···প্রাগায়ত্তুম্বুরুস্তথা। (৬১) ··ঋত্বা বৃহত্বা বৃহকঃ··· ।

গীতমাধুর্য্যসম্পন্নৌ বিখ্যাতৌ চ হাহাহুহূ ।
ইত্যেতে দেবগন্ধর্ব্বা জগুস্তত্র নরাধিপ ! ॥৬৩॥ (কুলকম্)
তথৈবাপ্সরসো হৃষ্টাঃ সর্ব্বালঙ্কারভূষিতাঃ ।
ননৃতুর্বৈ মহাভাগা জগুশ্চায়তলোচনাঃ ॥৬৪॥
অনূচানানবদ্যা চ গুণমুখ্যা গুণাবরা ।
অদ্রিকা চ তথা সোমা মিশ্রকেশী ত্বলম্বুষা ॥৬৫॥
মরীচিঃ শুচিকা চৈব বিদ্যুৎপর্ণা তিলোত্তমা ।
অম্বিকা লক্ষণা ক্ষেমা দেবী রম্ভা মনোরমা ॥৬৬॥
অসিতা চ সুবাহুশ্চ সুপ্রিয়া সুবপুস্তথা ।
পুণ্ডরীকা সুগন্ধা চ সুরসা চ প্রমাথিনী ।
কাম্যা সারস্বতী চৈব ননৃতুস্তত্র সংঘশঃ ॥৬৭॥ (বিশেষকম্)
মেনকা সহজন্যা চ কর্ণিকা পুঞ্জিকস্থলা ।
ঋতুস্থলা ঘৃতাচী চ বিশ্বাচী পূর্ব্বচিত্ত্যপি ॥৬৮॥
উম্লোচেতি চ বিখ্যাতা প্রম্লোচেতি চ তা দশ ।
উর্ব্বশ্যেকাদশী তাসাং জগুশ্চায়তলোচনাঃ ॥৬৯॥ (যুগ্মকম্)

ভাবতকৌমুদী

ভীমেতি। ভীমসেনাদীনি গন্ধর্ব্বনামানি। দেবসংসৃষ্টা গন্ধর্ব্বা দেবগন্ধর্ব্বাঃ ॥৫৯—৬৩॥

অথ নৃত্যগীতপ্রবৃত্তানামপ্সরসাং গণনার্থং পুনরপি তদাহ—তথেতি ॥৬৪॥

নম্বপ্সরসাং মধ্যে কা নাম ননৃতুরিত্যাহ—অনূচানেতি। অষ্টাবিংশতিরেতাঃ সংঘশঃ সম্মিলিতভাবেন ননৃতুরেব, ন তু জগুঃ। সপ্তষষ্টিতমঃ শ্লোকঃ ষট্‌পাদঃ ॥৬৫—৬৭॥

কাশ্চ জগুরিত্যাহ—মেনকেতি। এতা একাদশাপ্সরসো জগুরেব, ন তু ননৃতুঃ ॥৬৮—৬৯॥

সুচন্দ্র, শক্ৰ এবং মধুরগানকারী হাহা ও হুহু—এই সকল গন্ধর্ব্ব সেখানে গান করিতে লাগিল ॥৫৯—৬৩॥

এবং সমস্ত অলঙ্কারে অলঙ্কৃতা আয়তনয়না ভাগ্যবতী অপ্সরারা সেখানে নৃত্য ও গীতে প্রবৃত্ত হইল ॥৬৪॥

অনূচানা, অনবদ্যা, গুণমুখ্যা, গুণাবরা, অদ্রিকা, সোমা, মিশ্রকেশী, অলম্বুষা, মরীচি, শুচিকা, বিদ্যুৎপর্ণা, তিলোত্তমা, অম্বিকা, লক্ষণা, ক্ষেমা, দেবী, রম্ভা, মনোরমা, অসিতা, সুবাহু, সুপ্রিয়া, সুবপু, পুণ্ডরীকা, সুগন্ধা, সুরসা, প্রমাথিনী, কাম্যা ও সারস্বতী—এই আঠাইশ জন অপ্সরা সেখানে সম্মিলিতভাবে নৃত্য করিতে লাগিল ॥৬৫—৬৭॥

আর, মেনকা, সহজন্যা, কর্ণিকা, পুঞ্জিকস্থলা, ঋতুস্থলা, ঘৃতাচী, বিশ্বাচী,

---

(৬৫) অম্না চানবদ্যা চ প্রিয়মুখ্যা গুণাবরা ··শাচী মিশ্রকেশী ·· ।

ধাতার্য্যমা চ মিত্রশ্চ বরুণোংশো ভগস্তথা।
ইন্দ্রো বিবস্বান্ পূষা চ ত্বষ্টা চ সবিতা তথা ॥৭০॥
পর্জ্জন্যশ্চৈব বিষ্ণুশ্চ আদিত্যা দ্বাদশ স্মৃতাঃ।
মহিমানং পাণ্ডবস্য বর্দ্ধয়ন্তোঽম্বরে স্থিতাঃ ॥৭১॥ (যুগ্মকম্)
মৃগব্যাধশ্চ সর্পশ্চ নির্ঋতিশ্চ মহাযশাঃ।
অজৈকপাদহির্ব্রধ্নঃ পিনাকী চ পরন্তপ। ॥৭২॥
দহনোঽথেশ্বরশ্চৈব কপালী চ বিশাম্পতে।।
স্থাণুর্ভগশ্চ ভগবান্ রুদ্রাস্তত্রাবতস্থিরে ॥৭৩॥ (যুগ্মকম্)
অশ্বিনৌ বসবশ্চাষ্টৌ মরুতশ্চ মহাবলাঃ।
বিশ্বেদেবাস্তথা সাধ্যাস্তত্রাসন্ পরিসংস্থিতাঃ ॥৭৪॥
কর্কোটকোঽথ শেষশ্চ বাসুকিশ্চ ভুজঙ্গমঃ।
কচ্ছপশ্চাথ কুণ্ডশ্চ তক্ষকশ্চ মহোরগঃ ॥৭৫॥

ভারতকৌমুদী

ধাতেতি। সবিতা মঙ্গলকর্ত্তেতি ত্বষ্টুরেব বিশেষণম্। অন্যথা ত্রয়োদশসংখ্যাপত্তিঃ। পাঠান্তরে সবিতুরেবাহুল্লেখো দৃশ্যতে। পাণ্ডবস্য তদানীং জাতস্য পাণ্ডুপুত্রস্য মহিমানং বর্দ্ধয়ন্তঃ, তদভিনন্দনার্থমেবাগমনাদিতি ভাবঃ ॥৭০—৭১॥

মৃগেতি। অজৈকপাদেকঃ, অহিব্রধ্নশ্চাপরঃ। এতে একাদশ রুদ্রাঃ ॥৭২—৭৩॥

অশ্বিনাবিতি। মরুতো বাযবঃ তত্রোপরিদেশে ॥৭৪॥

পূর্ব্বচিত্তী, উম্লোচা, প্রম্লোচা এবং উর্ব্বশী—এই এগার জন আয়তনয়না অপ্সরা গান করিতে থাকিল ॥৬৮—৬৯॥

ধাতা, অর্য্যমা, মিত্র, বরুণ, অংশ, ভগ, ইন্দ্র, বিবস্বান্, পূষা, মঙ্গলজনক ত্বষ্টা, পর্জ্জন্য ও বিষ্ণু—এই বার জন আদিত্য তৃতীয় পাণ্ডবের অভিনন্দনার্থ উপস্থিত হইয়া, তাঁহার মহিমা বর্দ্ধন করিতে থাকিয়া, আকাশে অবস্থান করিতে লাগিলেন ॥৭০—৭১॥

মৃগব্যাধ, সর্প, নির্ঋতি, অজৈকপাদ, অহির্ব্রধ্ন, পিনাকী, দহন, ঈশ্বর, কপালী, স্থাণু ও ভগ—এই এগার জন রুদ্র আসিয়া সেখানে অবস্থান করিতে লাগিলেন ॥৭২—৭৩॥

অশ্বিনীকুমারদ্বয়, অষ্ট বসু, ঊনপঞ্চাশৎ বায়ু, বিশ্বেদেবগণ ও সাধ্যগণ তথায় উপস্থিত হইলেন ॥৭৪॥

(৭০—৭১)…পূষা চ পর্জ্জন্যো দশমঃ স্মৃতঃ। ততস্ত্বষ্টা ততো বিষ্ণুঃ…ইত্যেতে দ্বাদশাদিত্যাঃ…। (৭২)‥ অহির্বুধ্ন্যঃ…। (৭৫) কর্কটকোঽথ সর্পশ্চ…।

আযযুস্তপসা যুক্তা মহাক্রোধা মহাবলাঃ।
এতে চান্যে চ বহবস্তত্র নাগা ব্যবস্থিতাঃ ॥৭৬॥ (যুগ্মকম্)
তার্ক্ষ্যশ্চারিষ্টনেমিশ্চ গরুড়শ্চাসিতধ্বজঃ।
অরুণশ্চারুণিশ্চৈব বৈনতেয়া ব্যবস্থিতাঃ ॥৭৭॥
তাংশ্চ দিব্যান্ গণান্ সর্ব্বাংস্তপঃসিদ্ধা মহর্ষয়ঃ।
বিমান-গির্য্যগ্র-গতান্ দদৃশুর্নেতরে জনাঃ ॥৭৮॥
তদ্দৃষ্ট্বা মহদাশ্চর্য্যং বিস্মিতা মুনিসত্তমাঃ।
অধিকাং স্ম ততঃ প্রীতিমবর্ত্তন্ পাণ্ডবং প্রতি ॥৭৯॥
পাণ্ডুস্তু পুনরেবৈনাং পুত্রলোভান্মহাযশাঃ।
বক্তুমৈচ্ছদ্ধর্ম্মপত্নীং কুন্তী ত্বেনমথাব্রবীৎ ॥৮০॥

ভারতকৌমুদী

কর্কোটক ইতি। শেষঃ অনন্তঃ। আযযুরর্জ্জুনসভাজনায়েত্যর্থঃ ॥৭৫—৭৬॥

তার্ক্ষ্য ইতি। বৈনতেয়া বিনতাসন্তানাঃ ॥৭৭॥

তানিতি। তপঃসিদ্ধা মহর্ষয় এব, বিমানেষু গির্য্যগ্রেষু পর্ব্বতোপরিদেশেষু চ গতান্, তান্ সর্ব্বান্ দিব্যান্ স্বর্গীয়ান্, গণান্ দেবাদিসঙ্ঘান, দদৃশুঃ, পাণ্ডুপ্রভৃতয় ইতরে জনাস্তু ন ॥৭৮॥

তদিতি। পাণ্ডবং পাণ্ডোস্তৃতীয়পুত্রম্। অবর্ত্তন্ অলভন্তেত্যর্থঃ ॥৭৯॥

পাণ্ডুরিতি। বক্তুম্ অপরস্যাপি পুত্রস্যোৎপাদনায় প্ররোচয়িতুম্। এনং পাণ্ডুম্ ॥৮০॥

কর্কোটক, অনন্ত, বাসুকি, কচ্ছপ, কুণ্ড ও তক্ষকপ্রভৃতি তপস্বী, অত্যন্ত ক্রোধী ও অত্যন্ত বলবান্ নাগ এবং অন্যান্য বহুতর নাগ সেখানে অবস্থান করিতে লাগিলেন ॥৭৫—৭৬॥

তার্ক্ষ্য, অরিষ্টনেমি, গরুড়, অসিতধ্বজ, অরুণ ও আরুণি—এই বিনতা-সন্তানগণও সেখানে আসিয়া অবস্থান করিতে থাকিলেন ॥৭৭॥

সেই সকল স্বর্গবাসী লোকদিগের মধ্যে অনেকে বিমানে এবং অনেকে পর্ব্বতের উপরে অবস্থান করিতেছিলেন; তাঁহাদিগকে কেবল তপঃসিদ্ধ মহর্ষিরাই দেখিতে পাইয়াছিলেন; কিন্তু অন্য লোকেরা দেখিতে পাইয়াছিলেন না ॥৭৮॥

তপঃসিদ্ধ মহর্ষিরা সেই গুরুতর আশ্চর্য্য ঘটনা দেখিয়া বিস্মিত হইয়া অর্জ্জুনের প্রতি অতিরিক্ত আনন্দ লাভ করিলেন ॥৭৯॥

কিন্তু পাণ্ডু আরও পুত্র লাভ করিবার লোভে পুনরায় কুন্তীকে অনুরোধ করিবার ইচ্ছা করিলেন, অমনিই কুন্তী তাঁহাকে বলিলেন—॥৮০॥

---

(৭৯)...পাণ্ডবান্ প্রতি। (৮০) পাণ্ডুশ্চ পুনরেবৈতাম্...।

নাতশ্চতুর্থং প্রসবমাপৎস্বপি বদন্ত্যত।
অতঃ পরং স্বৈরিণী স্যাৎ পঞ্চমে বন্ধকী ভবেৎ ॥৮১॥
স ত্বং বিদ্বন্! ধর্ম্মমিমমধিগম্য কথং নু মাম্।
অপত্যার্থং সমুৎক্রম্য প্রমাদাদিব ভাষসে ॥৮২॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যামাদিপর্ব্বণি সম্ভবে পাণ্ডবোৎপত্তির্নাম সপ্তদশাধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥ *

—:*:—

ভারতকৌমুদী

নেতি। প্রসবং পুরুষান্তরোৎপাদিতগর্ভমোচনম্, ন বদন্তি মুনয়ঃ ॥৮১॥

স ইতি। হে বিদ্বন্! স ত্বমিমং ধর্ম্মমধিগম্য জ্ঞাত্বাপি, অপত্যার্থম্ অধিকপুত্রলাভার্থম্, সমুৎক্রম্য তং ধর্ম্মং বিলঙ্ঘ্য, প্রমাদাদিব কথং নু মামিদং ভাষসে ॥৮২॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়ামাদিপর্ব্বণি সম্ভবে সপ্তদশাধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥

—:*:—

ভারতভাবদীপঃ

॥৪৬—৫১॥ দেবনিকায়ানাং দেবতানিলয়ানাং বিমানানাম্, তেন তৎস্থানাং দেবানামিতি লক্ষ্যতে ॥৫২—৮২॥

ইতি শ্রীমহাভারতে আদিপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে সপ্তদশাধিকশততমোঽধ্যায়ঃ ॥১১৭॥

—:*:—

"ইহার পর বিপৎ কালেও এইভাবে চতুর্থ পুত্র উৎপাদন করা মুনিরা সঙ্গত' বলিয়া বলেন না। কারণ, তৃতীয়ের পর চতুর্থ পরপুরুষ-সংসর্গ করিলে সে স্ত্রী, স্বৈরিণী এবং পঞ্চম পরপুরুষ-সংসর্গ করিলে বন্ধকী বলিয়া গণ্য হয় ॥৮১॥

হে জ্ঞানী! আপনি এই ধর্ম্মের বিষয় জানিয়াও তাহা লঙ্ঘন করিয়া পুত্রের জন্য অনবধানতাবশতই যেন আমাকে তাহা বলিতেছেন কেন?" ॥৮২॥

—:*:—

*'...একবিংশত্যধিকঃ...', '...দ্বাবিংশত্যধিকঃ...', '...ত্রয়োবিংশত্যধিকঃ...', '...দ্বাত্রিংশদধিকঃ...' ইতি পাঠান্তরাণি।

অষ্টদশাধিকশততমোহধ্যায়ঃ।

—ঃ*ঃ—

বৈশম্পায়ন উবাচ।

কুন্তীপুত্রেষু জাতেষু ধৃতরাষ্ট্রাত্মজেষু চ।
মদ্ররাজসুতা পাণ্ডুং রহো বচনমব্রবীৎ ॥১॥
ন মেহস্তি ত্বয়ি সন্তাপো বিগুণেহপি পরন্তপ!।
নাবরত্বে বরার্হায়াঃ স্থিত্বা চানঘ। নিত্যদা ॥২॥
গান্ধার্য্যাশ্চৈব নৃপতে। জাতং পুত্রশতং তথা।
শ্রুত্বা ন মে তথা দুঃখমভবৎ কুরুনন্দন। ॥৩॥
ইদন্তু মে মহদ্দুঃখং তুল্যতায়ামপুত্রতা।
দিষ্ট্যা ত্বিদানীং ভর্ত্তুর্মে কুন্ত্যামপ্যস্তি সন্ততিঃ ॥৪॥

ভাবতকৌমুদী

কুন্তীতি। মদ্ররাজসুতা মাদ্রী। রহো নির্জ্জনে ॥১॥

নেতি। হে পরন্তপ! ত্বযি, মৃগমুনিশাপাদ্বিগতো গুণঃ পুত্রোৎপাদনশক্তির্যস্ত তস্মিন বিগুণে সত্যপি, মে সন্তাপো নাস্তি; তথা হে অনঘ। বরা উৎকৃষ্টা চাসৌ অর্হা পুত্রপ্রসব-যোগ্যা চেতি তস্যা অপি মে, নিত্যদা সর্ব্বদা, অবরত্বে সন্তানাভাবান্নিকৃষ্টত্বে স্থিত্বা চ, সন্তাপো নাস্তি, উভয়ত্রাপি ভাগ্যদোষাদিতি ভাবঃ ॥২॥

গান্ধার্য্যা ইতি। তথা মহৎ ॥৩॥

ইদমিতি। তুল্যতাযাং সপত্নীত্বেন কুন্ত্যাঃ সমানতায়াং সত্যামপি, মে মম যদপুত্রতা, তদিদমেব মহদ্দুঃখম্। কিন্তু দিষ্ট্যা ভাগ্যেন। সন্ততিরপত্যম্ ॥৪॥

বৈশম্পাযন বলিলেন—কুন্তী ও গান্ধারীর পুত্র জন্মিলে পর, একদিন মাদ্রী নির্জ্জন স্থানে পাণ্ডুকে এই সকল কথা বলিলেন—॥১॥

"মহারাজ! মৃগমুনির অভিশাপে আপনার পুত্রোৎপাদন শক্তি নষ্ট হইয়া থাকিলেও, আমার তাহাতে সেরূপ দুঃখ হয় নাই; তাব পর, আমি রাজ-কন্যা এবং পুত্র প্রসব কবিবার যোগ্যা হইয়াও যে সর্ব্বদাই এইরূপ নিকৃষ্ট অবস্থায বহিযাছি, তাহাতেও সেরূপ দুঃখ হয় নাই ॥২॥

তাব পব, গান্ধাবীব এক শত পুত্র জন্মিযাছে, ইহা শুনিয়াও আমাব তাদৃশ দুঃখ হয় নাই ॥৩॥

কিন্তু, কুন্তী ও আমি সমান; তাহাতে তাঁহার পুত্র হইল আমাব যে পুত্র হইল না, ইহাই আমাব গুরুতব দুঃখ। তবে, ভাগ্যবশতঃ কুন্তীর গর্ভে আপনাব পুত্র হইয়াছে ॥৪॥

যদি ত্বপত্যসন্তানং কুন্তিরাজসুতা ময়ি।
কুর্য্যাদনুগ্রহো মে স্যাত্তব চাপি হিতং ভবেৎ ॥৫॥
সংস্তম্ভো মে সপত্নীত্বাদ্বক্তুং কুন্তিসুতাং প্রতি।
যদি তু ত্বং প্রসন্নো মে স্বয়মেনাং প্রচোদয় ॥৬॥

পাণ্ডুরুবাচ।

মমাপ্যেষ সদা মাদ্রি! হৃদ্যর্থঃ পরিবর্ত্ততে।
ন তু ত্বাং প্রসহে বক্তুমিষ্টানিষ্টবিবক্ষয়া ॥৭॥
তব ত্বিদং মতং মত্বা প্রযতিষ্যাম্যতঃ পরম্।
মন্যে ধ্রুবং ময়োক্তা সা বচনং প্রতিপৎস্যতে ॥৮॥

ভারতকৌমুদী

যদীতি। যদি তু কুন্তিরাজসুতা ময়ি অপত্যসন্তানং তব পুত্রবৃদ্ধিং কুর্য্যাৎ, তদা মে অনুগ্রহঃ স্যাৎ, তব চাপি পুত্রবৃদ্ধ্যা হিতং ভবেৎ ॥৫॥

সংস্তম্ভ ইতি। সংস্তম্ভঃ স্তব্ধীভাবঃ। প্রচোদয় মহ্যমপি তং মন্ত্রং দাতুং প্রণোদয় ॥৬॥

মমেতি। অর্থো বিষয়ঃ। প্রসহে শক্নোমি। মম ইষ্টানিষ্টয়োর্বিবক্ষযা ত্বদীযকথনেচ্ছযা ॥৭॥

তবেতি। মত্বা অবগম্য। সা কুন্তী, ধ্রুবং প্রতিপৎস্যতে নিশ্চিতমঙ্গীকরিষ্যতি ॥৮॥

ভারতভাবদীপঃ

কুন্তীতি ॥১॥ বিগুণে প্রজোৎপাদনানধিকৃতে। অবরত্বে কনিষ্ঠত্বে, বরার্হায়াঃ কুন্ত্যা অপেক্ষয়া ॥২—৫॥ সংরম্ভঃ অভিমানঃ ॥৬॥ মমেতি। ইষ্টমনিষ্টং বা বক্ষ্যসীতি সন্দেহেন

এখন যদি কুন্তী আমার গর্ভে আপনার পুত্র বৃদ্ধি করিযা দেন, তবে আমার প্রতিও তাঁহার অনুগ্রহ করা হয় এবং আপনারও হিত করা হয় ॥৫॥

কিন্তু সপত্নী বলিয়া আমি নিজে কুন্তীকে কোন কথা বলিতে পারিতেছি না; তবে, আপনি যদি আমার প্রতি প্রসন্ন থাকেন, তাহা হইলে, আপনিই নিজে তাঁহাকে এ বিষয়ে অনুরোধ করুন" ॥৬॥

পাণ্ডু বলিলেন—"মাদ্রি! আমার মনেও সর্ব্বদাই এই বিষয় জাগিতেছে; অথচ আমি তোমাকে তাহা বলিতে পারিতেছি না। কারণ, তুমি আমার ইষ্ট বা অনিষ্ট—দুই ত বলিতে পার ॥৭॥

মাদ্রি! তোমারও ইহাই অভিপ্রেত ইহা জানিতে পারিয়া আমি এখন এবিষযে চেষ্টা করিব। কেন না, আমি মনে করি—আমি অনুরোধ করিলে অবশ্যই কুন্তী তাহা স্বীকার করিবেন" ॥৮॥

(৬)…সংরম্ভো মে…।

বৈশম্পায়ন উবাচ।

ততঃ কুন্তীং পুনঃ পাণ্ডুর্বিবিক্ত ইদমব্রবীৎ।
কুলস্য মম সন্তানং লোকস্য চ কুরু প্রিয়ম্ ॥৯॥
মম চাপিণ্ডনাশায় পূর্ব্বেষামপি চাত্মনঃ।
মৎপ্রিয়ার্থঞ্চ কল্যাণি! কুরু কল্যাণমুত্তমম্ ॥১০॥
যশসোঽর্থায় চৈব ত্বং কুরু কর্ম্ম সুদুষ্করম্।
প্রাপ্যাধিপত্যমিন্দ্রেণ যজ্ঞৈরিষ্টং যশোঽর্থিনা ॥১১॥
তথা মন্ত্রবিদো বিপ্রাস্তপস্তপ্ত্বা সুদুষ্করম্।
গুরূনভ্যুপগচ্ছন্তি যশসোঽর্থায় ভাবিনি ॥১২॥
তথা রাজর্ষয়ঃ সর্ব্বে ব্রাহ্মণাশ্চ তপোধনাঃ।
চক্রুরুচ্চাবচং কর্ম্ম যশসোঽর্থায় দুষ্করম্ ॥১৩॥

ভারতকৌমুদী

তত ইতি। বিবিক্তে নির্জ্জনস্থানে। মম কুলস্য সন্তানং বিস্তারম্ ॥৯॥

মমেতি। আত্মনঃ, মম পূর্ব্বেষাং পুরুষাণামপি চ, পিণ্ডস্যাভাবোঽপিণ্ডং পিণ্ডবিচ্ছেদস্তস্য নাশায় নিবৃত্তয়ে, বহুসন্তানোৎপত্তৌ একস্যাপি স্থিত্যবশ্যম্ভাবাদিতি ভাবঃ। কল্যাণং মাদ্র্যা অপি পুত্রোৎপাদনম্ ॥১০॥

অথ মৎপুত্রসত্ত্বে মাদ্রীপুত্রোৎপাদনে মম কিং প্রয়োজনমিত্যাহ—যশস ইতি। সিদ্ধেঽপি স্বপ্রয়োজনে যশোঽর্থমেব কর্ম্মান্তরকরণং লোকসিদ্ধমিত্যাশয়ঃ। ইষ্টমিতি যজের্ভাবে ক্তঃ ॥১১॥

তথেতি। অভ্যুপগচ্ছন্তি অঙ্গীকুর্ব্বন্তি ॥১২॥

ভারতভাবদীপঃ

ত্বাং বক্তুং ন প্রসহে ইত্যর্থঃ ॥৭॥ মত্বা জ্ঞাত্বা। প্রতিপৎস্যতে অঙ্গীকরিষ্যতি ॥৮॥ সন্তানমবিচ্ছেদম্। লোকস্য প্রিয়ং বলবৎপ্রজাত্বেন নির্ভরত্বম্ ॥৯॥ মম পূর্ব্বেষাঞ্চ অপিণ্ডবিনাশায় পিণ্ডবিনাশাভাবায়, বহুষু পুত্রেষু কস্যচিদপি পুত্রস্য সন্ততেরবিচ্ছেদসম্ভবাদিত্যর্থঃ।

বৈশম্পায়ন বলিলেন—তাহার পর, পাণ্ডু নির্জন স্থানে কুন্তীকে পুনরায় এই কথা বলিলেন—"কুন্তি! তুমি আমার বংশবিস্তার এবং লোকের প্রিয় কার্য্য কর ॥৯॥

কল্যাণি! তুমি আমার এবং আমার পূর্ব্বপুরুষগণের পিণ্ডলোপ-নিবৃত্তির জন্য এবং আমার সন্তোষের জন্য গুরুতর একটি মঙ্গলের কার্য্য কর ॥১০॥

তুমি কেবল যশের জন্যই সেই দুষ্কর কার্য্য কর। দেখ—ইন্দ্র স্বর্গের আধিপত্য লাভ করিয়াও কেবল যশের জন্যই আবার যজ্ঞ করিয়াছিলেন ॥১১॥

এবং মন্ত্রজ্ঞ ব্রাহ্মণগণ দুষ্কর তপস্যা করিয়াও কেবল যশের জন্যই আবার গুরুসেবা স্বীকার করিয়া থাকেন ॥১২॥

সা ত্বং মাদ্রীং প্লবেনেব তারয়েনামনিন্দিতে!।
অপত্যসংবিভাগেন পরাং কীর্ত্তিমবাপ্নুহি ॥১৪॥

কুন্ত্যুবাচ।

ধর্ম্মং বৈ ধর্ম্মশাস্ত্রোক্তং যথা বদসি তত্তথা।
তস্মাদনুগ্রহং তস্যাঃ করোমি কুরুনন্দন! ॥১৫॥

বৈশম্পায়ন উবাচ। *

এবমুক্তাঽব্রবীন্মাদ্রীং সকৃচ্চিন্তয় দৈবতম্।
তস্মাত্তে ভবিতাঽপত্যমনুরূপমসংশয়ম্ ॥১৬॥
ততো মাদ্রী বিচার্য্যৈবং জগাম মনসাঽশ্বিনৌ।
তাবাগম্য সুতৌ তস্যাং জনয়ামাসতুর্যমৌ ॥১৭॥

ভারতকৌমুদী

তথেতি। উচ্চাবচং নানাবিধম্, "উচ্চাবচং নৈকবিধম্" ইত্যমরঃ ॥১৩॥
সেতি। প্লবেনেব, অপত্যস্য সংবিভাগেন বিভজ্য দানেন ॥১৪॥
ধর্ম্মমিতি। ত্বং যথা বদসি, তথৈব ধর্ম্মশাস্ত্রোক্তং তদ্ধর্ম্মমিত্যন্বয়ঃ। তস্যা মাদ্র্যাঃ ॥১৫॥
এবমিতি। দৈবতং যং কঞ্চিদেকং দেবম্, সকৃদেকবারম্ ॥১৬॥
তত ইতি। অশ্বিনৌ অশ্বিনীকুমারদ্বয়ম্, মনসা জগাম চিন্তয়ামাস ॥১৭॥

ভারতভাবদীপঃ

কল্যাণং পুত্রাস্তবোৎপাদনম্ ॥১০॥ যশস ইতি। কৃতকৃত্যা অপি যশোঽর্থং দেবগুর্ব্বাত্মাবাধনং কুর্ব্বন্তীত্যর্থঃ ॥১৩—১৫॥ এবং পাণ্ডুং প্রত্যুক্ত্বা কুন্ত্যা মন্ত্রে কৃতে সতি কুন্তী মাদ্রীমব্র-

তার পর, সকল রাজর্ষি ও তপস্বী ব্রাহ্মণগণ কেবল যশের জন্যই নানাবিধ দুষ্কর কার্য্য করিয়া গিয়াছেন ॥১৩॥

অতএব কুন্তি! তুমিও, ভেলার ন্যায় সন্তান-বিভাগ দ্বারা এই মাদ্রীকে দুঃখসাগর হইতে উদ্ধার কর এবং পরম যশ লাভ কর" ॥১৪॥

কুন্তী বলিলেন—"মহারাজ। আপনি যেমন বলিলেন, ধর্ম্মশাস্ত্রোক্ত ধর্ম্ম সেই প্রকারই বটে। অতএব আমি মাদ্রীর উপরে অনুগ্রহ করিব" ॥১৫॥

বৈশম্পায়ন বলিলেন—পাণ্ডু পূর্ব্বোক্তরূপ বলিলে, কুন্তী মাদ্রীকে বলিলেন—"মাদ্রি! তুমি একবার মাত্র যে কোন দেবতাকে স্মরণ কর, তাঁহা হইতে নিশ্চয়ই তোমার উপযুক্ত পুত্র হইবে" ॥১৬॥

তাহার পর, মাদ্রী মনে মনে বিচার করিয়া অশ্বিনীকুমারদ্বয়কে চিন্তা করিলেন। তদনন্তর অশ্বিনীকুমারদ্বয় আসিয়া মাদ্রীর গর্ভে দুইটী যমজ পুত্র উৎপাদন করিলেন ॥১৭॥

* কুন্ত্যুবাচেত্যারভ্য ইত্যন্তঃ পাঠো দাক্ষিণাত্যপুস্তক এব দৃশ্যতে।

নকুলং সহদেবঞ্চ রূপেণাপ্রতিমৌ ভুবি।
তথৈব তাবপি যমৌ বাগুবাচাশরীরিণী ॥১৮॥
রূপসত্ত্বগুণোপেতাবেতাবত্যশ্বিনাবিতি
ভাসতস্তেজসাঽত্যর্থং রূপদ্রবিণসম্পদা ॥১৯॥
নামানি চক্রিরে তেষাং শতশৃঙ্গনিবাসিনঃ।
ভক্ত্যা চ কর্ম্মণা চৈব তথাশীর্ভির্বিশাংপতে! ॥২০॥
জ্যেষ্ঠং যুধিষ্ঠিরেত্যেবং ভীমসেনেতি মধ্যমম্।
অর্জ্জুনেতি তৃতীয়ঞ্চ কুন্তীপুত্রানকল্পয়ন্ ॥২১॥
পূর্ব্বজং নকুলেত্যেবং সহদেবেতি চাপরম্।
মাদ্রীপুত্রাবকথয়ংস্তে বিপ্রাঃ প্রীতমানসাঃ ॥২২॥
অনুসংবৎসরং জাতা অপি তে কুরুসত্তমাঃ।
পাণ্ডুপুত্রা ব্যরাজন্ত পঞ্চসংবৎসরা ইব।
মহাসত্ত্বা মহাবীর্য্যা মহাবলপরাক্রমাঃ ॥২৩॥

ভারতকৌমুদী

নকুলমিতি। ভাবিনি ভূতবদুপচারাদিদমপি নামদ্বয়মুক্তম্ ॥১৮॥
রূপেতি। অত্যশ্বিনৌ অশ্বিনীকুমারদ্বয়াদধিকৌ। রূপমেব দ্রবিণং ধনং তৎসম্পদা ॥১৯॥
নামানীতি। ভক্ত্যা স্নেহেন, কর্ম্মণা বেদোক্তনামকরণসংস্কারব্যাপারেণ ॥২০॥
জ্যেষ্ঠমিতি। অকল্পয়ন্ নামভিরিত্যর্থঃ ॥২১॥
পূর্ব্বজমিতি। অকথয়ন্ নাম্না ব্যক্তীকৃতবন্তঃ ॥২২॥
অন্বিতি। সংবৎসরাৎ সংবৎসরাদনু পশ্চাদিতি অনুসংবৎসরং কিঞ্চিৎকিঞ্চিন্ন্যূনৈকৈক

ভারতভাবদীপঃ

বীদিতি যোজনা ॥১৬—১৮॥ অত্যশ্বিনৌ অশ্বিভ্যামধিকৌ ॥১৯—২২॥ অনুসংবৎসরং

সেই নকুল ও সহদেব রূপে জগতে অতুলনীয় হইয়াছিলেন; তাঁহাদিগকে লক্ষ্য করিয়াও পূর্ব্বের মতই দৈববাণী এই কথা বলিয়াছিল—॥১৮॥

"রূপ, উৎসাহ ও শৌর্য্যাদিগুণযুক্ত এই দুইটী বালকও যথাসময়ে আপন রূপে ও তেজে অশ্বিনীকুমারদ্বয় অপেক্ষা অধিক হইবে" ॥১৯॥

তাহার পর, শতশৃঙ্গবাসী তপস্বীরা স্নেহবশতঃ নামকরণসংস্কার করিয়া সেই বালকগণের নামকরণ করিলেন এবং আশীর্বাদ করিলেন ॥২০॥

তাঁহারা জ্যেষ্ঠের নাম করিলেন—'যুধিষ্ঠির' মধ্যমের নাম করিলেন—'ভীমসেন' এবং তৃতীযের নাম করিলেন—'অর্জ্জুন' ॥২১॥

সেই ব্রাহ্মণগণ সন্তুষ্ট হইয়া মাদ্রীর পুত্র দুইটীর মধ্যে প্রথমটীর নাম করিলেন—'নকুল' এবং দ্বিতীয়টীর নাম করিলেন—'সহদেব' ॥২২॥

পাণ্ডুর্দৃষ্ট্বা সুতাংস্তাংস্তু দেবরূপান্ মহৌজসঃ।
মুদং পরমিকাং লেভে ননন্দ চ নরাধিপ ! ॥২৪॥
ঋষীণামপি সর্ব্বেষাং শতশৃঙ্গনিবাসিনাম্।
প্রিয়া বভূবুস্তাসাঞ্চ তথৈব মুনিযোষিতাম্ ॥২৫॥
কুন্তীমথ পুনঃ পাণ্ডুর্মাদ্র্যর্থে সমচোদয়ৎ।
তমুবাচ পৃথা রাজন্ ! রহস্যুক্তা সতী তদা ॥২৬॥
উক্তা সকৃদ্দ্বন্দ্বমেষা লেভে তেনাস্মি বঞ্চিতা।
বিভেম্যস্যা হ্যভিভবাৎ কুস্ত্রীণাং গতিরীদৃশী ॥২৭॥

ভারতকৌমুদী

বৎসবাৎ পরমিত্যর্থঃ। তচ্চ পূর্ব্বাধ্যাযগততত্তজ্জন্মমাসদর্শনাদূহনীয়ম্। এতত্তু কৌন্তেয়ানামেব, নকুলসহদেবয়োস্তু যমজত্বেন তুল্যবয়স্কত্বমেব; তযোবপার্জ্জুনাদেকবৎসবন্যূনবয়স্কত্বম্, "বীভৎসুর্ব্বৈ চতুর্দ্দশঃ। ত্রয়োদশাব্দৌ চ যমৌ" ইতি বক্ষ্যমাণবচনাৎ। পঞ্চসংবৎসরা ইব প্রত্যেকমেকৈকবৎসরবয়স্কা অপি তত্তৎকালে পঞ্চপঞ্চবৎসববয়স্কা ইব ব্যরাজন্ত। তত্র হেতুমাহ—মহেত্যাদি। সত্ত্বমধ্যবসাযঃ, বীর্য্যমুৎসাহঃ, বলং শরীরসামর্থ্যম্, পবাক্রমশ্চ মানসং বলম্। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥২৩॥

পাণ্ডুরিতি। পরমিকাং মহতীম্। ননন্দ চ তৎস্পর্শাদ্যানন্দং লেভে চ ॥২৪॥

ঋষীণামিতি। বভূবুঃ তে পাণ্ডবা ইতি শেষঃ ॥২৫॥

কুন্তীমিতি। মাদ্র্যর্থে মাদ্র্যাঃ পুত্রান্তরজননার্থে, সমচোদয়ৎ প্রণোদিতবান্ ॥২৬॥

উক্তেতি। সকৃচ্চিন্তয়েত্যুক্তা এষা মাদ্রী, দ্বন্দ্বম্ অশ্বিনীকুমারযুগলচিন্তনেন পুত্রযুগলম্।

পাণ্ডুর সেই পুত্রগণের মধ্যে প্রত্যেকেই এক এক বৎসর পরে জন্মিয়াছিল এবং প্রত্যেকে এক একবর্ষবয়স্ক হইয়াও পঞ্চপঞ্চবর্ষবয়স্কের ন্যায় শোভা পাইয়াছিল। কারণ, তাহাদের সকলেরই অত্যন্ত অধ্যবসায়, উৎসাহ, শারীরিক বল ও মানসিক বল হইয়াছিল ॥২৩॥

দেববালকের ন্যায় মহাতেজস্বী সেই পুত্র কয়টীকে দেখিয়া পাণ্ডু মনে মনে অত্যন্ত আনন্দ লাভ করিতেন এবং তাহাদের স্পর্শসুখও অনুভব করিতেন ॥২৪॥

পাণ্ডুর পুত্রগণ আপনাদের স্বভাবের গুণে শতশৃঙ্গবাসী মুনিগণের এবং মুনিপত্নীগণের বিশেষ প্রীতিভাজন হইয়াছিলেন ॥২৫॥

তাহার পর, পাণ্ডু পুনরায় মাদ্রীর পুত্র উৎপাদন করাইবার জন্য কুন্তীকে অনুরোধ করিলেন এবং নির্জ্জনে বহু কথা বলিলেন; তাহাতে কুন্তী পাণ্ডুকে কহিলেন—॥২৬॥

নাজ্ঞাসিষমহং মূঢ়া দ্বন্দ্বাহ্বানে ফলদ্বয়ম্।
তস্মান্নাহং নিযোক্তব্যা ত্বয়ৈষোঽস্তু বরো মম ॥২৮॥
এবং পাণ্ডোঃ সুতাঃ পঞ্চ দেবদত্তা মহাবলাঃ।
সম্ভূতাঃ কীর্ত্তিমন্তস্তে কুরুবংশবিবর্দ্ধনাঃ ॥২৯॥
শুভলক্ষণসম্পন্নাঃ সোমবৎ প্রিয়দর্শনাঃ.
সিংহদর্পা মহেষ্বাসাঃ সিংহবিক্রান্তগামিনঃ ॥৩০॥
সিংহোরস্কাঃ সিংহসত্ত্বাঃ সিংহাক্ষাঃ সিংহ ক্রমাঃ।
সিংহগ্রীবা মনুষ্যেন্দ্রা বভূবুর্দেববর্চ্চসঃ ॥৩১॥

ভারতকৌমুদী

পুনরপি মন্ত্রদানে পুনর্যন্ত্বেবমেব তাবেবাশ্বিনীকুমারাবাহ্বয়েত্তদা তত্রাপি পুত্রদ্বয়লাভেন মৎ-পুত্রাপেক্ষয়া পুত্রাধিক্যান্মাদ্রীতো মমাভিভবো দুর্নিবার এবেতি ভাবঃ ॥২৭॥

নেতি। নাজ্ঞাসিষং ন জ্ঞাতবতী। দ্বন্দ্বাহ্বানে যুগলাহ্বানে। এষঃ অনিয়োগরূপঃ ॥২৮॥

এবমিতি। কীর্ত্তিমন্তো যশস্বিনঃ, সম্ভূতাঃ স্বভাবগুণেন বভূবুঃ ॥২৯॥

শুভেতি। সোমবচ্চন্দ্রবৎ। মহেষ্বাসাস্তদানীমেব মহাধনুর্দ্ধরাঃ ॥৩০॥

সিংহেতি। সিংহস্যেব উরাংসি বক্ষাংসি যেষাং তে। সিংহসত্ত্বাঃ সিংহতুল্যাধ্যবসায়াঃ ॥৩১॥

ভারতভাবদীপঃ

সংবৎসরমনু পশ্চাজ্জাতা অপি দেবতাভাবাৎ সর্ব্বে পঞ্চসংবৎসরা ইবাদৃশ্যন্তেত্যর্থঃ। যদ্বা

"আমি মাদ্রীকে একবারমাত্র কোন দেবতাকে স্মরণ করিবার কথা বলিয়াছিলাম; তাহাতে মাদ্রী একবারেই দুইটী দেবতাকে স্মরণ করিয়া দুইটী পুত্র লাভ করিয়াছে। তাহাতে আমি প্রতারিত হইয়াছি; সুতরাং আমি উহার নিকট পরাভূত হইবার ভয় করি। কারণ, ধূর্ত্ত স্ত্রীলোকদিগের এইরূপই স্বভাব ॥২৭॥

আমি নির্ব্বোধ কি না, তাই বুঝিতে পারি নাই যে, দুই জনকে ডাকিলে দুইটী ফল হয়। অতএব আপনি আমাকে এবিষয়ে আর অনুরোধ করিবেন না; এই অনুরোধ না করাই আমার প্রতি আপনার বর দেওয়া হউক" ॥২৮॥

এই কারণে পাণ্ডুর পাঁচটী মাত্র পুত্রই থাকিয়া গেল। দেবতাপ্রদত্ত সেই পঞ্চ পুত্র ক্রমশঃ অত্যন্ত বলবান্ এবং স্বভাবের গুণে যশস্বী হইয়া উঠিল ॥২৯॥

তাহারা শুভলক্ষণযুক্ত, চন্দ্রের ন্যায় প্রিয়দর্শন, সিংহের ন্যায় দর্পশালী, তৎকালেই মহাধনুর্দ্ধর এবং সিংহের ন্যায় বিক্রমগামী হইতে লাগিল ॥৩০॥

তাহাদের বক্ষ সিংহের মত, অধ্যবসায় সিংহের মত, নয়ন সিংহের মত,

(৩১) ..বভূবুর্দেববিক্রমাঃ।

এখন আমি কেবল এই শরীরটা এবং নানাবিধ মহামূল্য অস্ত্র ও শস্ত্র অবশিষ্ট রাখিয়াছি ॥৩৯॥

অতএব দ্রোণ! আমার শরীর বা অস্ত্র অথবা শস্ত্র—এই তিনের মধ্যে আপনি কি প্রার্থনা করেন? আমি আপনাকে কি দিব, তাহা বলুন" ॥৪০॥

দ্রোণ বলিলেন—"হে ভৃগুনন্দন! প্রয়োগের সঙ্কেত ও মন্ত্র এবং উপসংহারের উপায়—এই সমস্তের সহিত সমস্ত অস্ত্র ও শস্ত্র আমাকে আপনি দান করুন" ॥৪১॥

"তাহাই হউক" এই কথা বলিয়া পরশুরাম সেইভাবে সমস্ত অস্ত্রশস্ত্র এবং সঙ্কেত, মন্ত্র ও নিয়মের সহিত সমগ্র ধনুর্ব্বেদ দ্রোণকে দান করিলেন ॥৪২॥

---

(৪০) ·শরীরং বা ররবৈতৎ সমুদ্যতম্, ররমেতন্ময়োদ্যতম্··। * 'অষ্টাবিংশত্যধিক···', 'ঊনত্রিংশদধিক ', '·ত্রিংশদধিক ', '··চত্বারিংশদধিক···' ইতি পাঠভেদাঃ।

সপ্তবিংশত্যধিকশততমোঽধ্যায়ঃ।

—ঃ*ঃ—

বৈশম্পায়ন উবাচ।

ততো দ্রুপদমাসাদ্য ভারদ্বাজঃ প্রতাপবান্।
অব্রবীৎ পার্থিবং রাজন্! সখায়ং বিদ্ধি মামিতি ॥১॥
ইত্যেবমুক্তঃ সখ্যা স প্রীতিপূর্ব্বং জনেশ্বরঃ।
ভারদ্বাজেন পাঞ্চাল্যো নামৃষ্যত বচোঽস্য তৎ ॥২॥
সক্রোধামর্ষজিহ্মভ্রূঃ কষায়ীকৃতলোচনঃ।
ঐশ্বর্য্যমদসম্পন্নো দ্রোণং রাজাঽব্রবীদিদম্ ॥৩॥

ভারতকৌমুদী

প্রতীতি। দ্বিজোত্তমো দ্রোণঃ, কৃতার্থঃ, অতএব সুপ্রীতঃ সন্ ॥৪৩॥

ইতি মহামহোপাধ্যায-ভারতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়ামাদিপর্ব্বণি সম্ভবে ষড়্বিংশত্যধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥

—ঃ*ঃ—

তত ইতি। ভারদ্বাজো দ্রোণঃ। হে রাজন্! মাং তব সখায়ং বিদ্ধি ইত্যব্রবীদিত্যন্বয়ঃ ॥১॥

ইতীতি। পাঞ্চাল্যঃ পাঞ্চালদেশাধিপতিঃ। ন অমৃষ্যত ন অসহত ॥২॥

সেতি। সক্রোধো যঃ অমর্ষঃ অসহিষ্ণুতা তেন জিহ্মে কুটিলে ভ্রুবৌ যস্য সঃ, কষায়ীকৃতে ক্রোধামর্ষাভ্যামেব লৌহিত্যাবিলীকৃতে লোচনে যস্য সঃ। রাজা দ্রুপদঃ ॥৩॥

ভারতভাবদীপঃ

স্থামশব্দসকারস্য তকারাদেশে অশ্বত্থামেতি ॥২৫—৪৩॥

ইতি শ্রীমহাভারতে আদিপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে ষড়্বিংশত্যধিকশততমোঽধ্যায়ঃ ॥১২৬॥

—ঃ*ঃ—

দ্রোণ সেই সমস্ত গ্রহণ করিয়া, চরিতার্থ ও অত্যন্ত সন্তুষ্ট হইয়া, প্রিয়সখা দ্রুপদ রাজার নিকট গমন করিলেন ॥৪৩॥

—ঃ*ঃ—

বৈশম্পায়ন বলিলেন—তাহার পর, প্রতাপশালী দ্রোণ দ্রুপদ রাজার নিকট উপস্থিত হইয়া তাঁহাকে বলিলেন—"রাজা! আমাকে সখা বলিয়া মনে কর" ॥১॥

সখা দ্রোণ প্রণয়পূর্ব্বক এইরূপ বলিলেও, পাঞ্চালাধিপতি দ্রুপদ কিন্তু তাঁহার ঐরূপ উক্তি সহ্য করিলেন না ॥২॥

দ্রুপদ উবাচ।

অকৃতেয়ং তব প্রজ্ঞা ব্রহ্মন্! নাতিসমঞ্জসা।
যন্মাং ব্রবীষি প্রসভং সখা তেঽহমিতি দ্বিজ! ॥৪॥
নহি রাজ্ঞামুদীর্ণানামেবম্ভূতৈন বৈঃ ক্বচিৎ।
সখ্যং ভবতি মন্দাত্মন্! শ্রিয়া হীনৈর্ধনচ্যুতৈঃ ॥৫॥
সৌহৃদান্যপি জীর্য্যন্তে কালেন পবিজীর্য্যতঃ।
সৌহৃদন্তু ত্বয়া হ্যাসীৎ পূর্ব্বং সামর্থ্যবন্ধনম্ ॥৬॥
ন সখ্যমজরং লোকে হৃদি তিষ্ঠতি কস্যচিৎ।
কালো বৈনং বিহরতি ক্রোধো বৈনং হরত্যুত ॥৭॥

ভারতকৌমুদী

অকৃতেতি। হে ব্রহ্মন্! ইয়ং তব প্রজ্ঞা বুদ্ধিঃ, অকৃতা গুরূপদেশাদিনা ন শিক্ষিতা, অতএব অতিসমঞ্জসা বিশেষেণ দেশসমাজরীত্যভিজ্ঞা ন। প্রসভং বলেন ॥৪॥

নহীতি। উদীর্ণানাং ধনসম্পদা উন্নতানাম্। শ্রিয়া ধননিবন্ধনবস্ত্রাদিশোভয়া ॥৫॥

সৌহৃদানীতি। কালেন পবিজীর্য্যতো জনস্য সৌহৃদান্যপি কালেনৈব জীর্য্যন্তে। সমানঃ অর্থঃ অধ্যয়নরূপং প্রয়োজনং যস্য স সমর্থস্তস্য ভাবঃ সামর্থ্যং তদেব বন্ধনং হেতুর্যস্য তৎ ॥৬॥

নেতি। অজরম্ অক্ষীণং সৎ। এনং সখ্যম্, বিহরতি বিনাশয়তি ॥৭॥

ভারতভাবদীপঃ

তত ইতি ॥১—২॥ কষায়ীকৃতে রক্তে লোচনে যস্য সঃ ॥৩॥ অকৃতা অসংস্কৃতা ॥৪—৫॥ সামর্থ্যেত্যনেনাসমর্থস্য সৌহৃদং জীর্য্যত ইত্যুক্তম্ ॥৬॥ এনং সখায়ং বিহরতি পৃথক্করোতি,

---

ক্রোধে ও অসহিষ্ণুতায় দ্রুপদের ভ্রূযুগল বক্রভাব ধারণ করিল এবং নয়নযুগল আরক্তবর্ণ হইল, তখন ঐশ্বর্য্যমদমত্ত দ্রুপদ দ্রোণকে এইরূপ বলিতে লাগিলেন ॥৩॥

দ্রুপদ বলিলেন—"ব্রাহ্মণ! শিক্ষা না পাওয়ায় তোমার বুদ্ধিটা পরিপক্ক হয় নাই; সুতরাং দেশের বা সমাজের রীতি জান না। যেহেতু, তুমি বলপূর্ব্বক আমাকে বলিলে যে, আমি তোমার সখা ॥৪॥

নির্বোধ! তোমার মত শ্রীহীন ও ধনহীন লোকের সহিত, ধনোন্নত রাজাদের কখনও সখিত্ব হইতে পারে না ॥৫॥

মানুষ কালে জীর্ণ হইয়া যায়, তাহার সখিত্বও কালে জীর্ণ হয়। (তাই বলিতেছি—) পূর্ব্বে একত্র অধ্যয়ন করিতাম বলিয়া তোমার সহিত আমার সখিত্ব ছিল ॥৬॥

কিন্তু জগতে কোন লোকেরই হৃদয়ে সখিত্ব অজর হইয়া থাকে না। কারণ, কাল তাহাকে নষ্ট করে, অথবা ক্রোধ তাহাকে নষ্ট করে ॥৭॥

মৈবং জীর্ণমুপাস্স্ব ত্বং সখ্যং ভবত্বুপাধিকৃৎ।
আসীৎ সখ্যং দ্বিজশ্রেষ্ঠ! ত্বয়া মেঽর্থনিবন্ধনম্ ॥৮॥
ন দরিদ্রো বসুমতো নাবিদ্বান্ বিদুষঃ সখা।
ন শূরস্য সখা ক্লীবঃ সখিপূর্ব্বং কিমিষ্যতে ॥৯॥
যয়োরেব সমং বিত্তং যয়োরেব সমং বলম্।
তয়োঃ সখ্যং বিবাদশ্চ ন তু পুষ্টবিপুষ্টয়োঃ ॥১০॥
নাশ্রোত্রিয়ঃ শ্রোত্রিয়স্য নাবথী রথিনঃ সখা।
নারাজা পার্থিবস্যাপি সখিপূর্ব্বং কিমিষ্যতে ॥১১॥

ভারতকৌমুদী

মেতি। হে দ্বিজশ্রেষ্ঠ! উপাধিকৃৎ স্বার্থসাধনায় সখ্যচ্ছলকারী ত্বম্, এবং কালেন, জীর্ণং ভবৎ, তৎ সখ্যম্, মা উপাস্স্ব জীর্ণত্বাদেব নাশ্রয়। কিঞ্চ ত্বয়া সহ মে মম তৎ সখ্যম্, অর্থনিবন্ধনম্, অধ্যয়নরূপপ্রয়োজনহেতুকমেবাসীৎ। ইদানীঞ্চ তৎপ্রয়োজনাভাবাদেব তৎ-সখ্যস্যাপ্যভাব ইতি ভাবঃ ॥৮॥

নেতি। বসুমতো ধনিনঃ। কিঞ্চ পূর্ব্বম্ অতীতম্, সখি সখিত্বম্, ইদানীং কিমিষ্যতে ॥৯॥

অথ নূতনমেবাস্তাং তর্হি সখিত্বমিত্যাহ—যযোবিতি। তযোস্তযোবেব। পুষ্টবিপুষ্টযোঃ ধনবিদ্যাদিনা প্রবলদুর্ব্বলয়োঃ। এবঞ্চাহং ধনী ত্বঞ্চ নিধন ইত্যাবয়োঃ সখ্যং ন সম্ভবতীতি ভাবঃ ॥১০॥

নন্বহং নির্ধন ইতি কথমবগম্যত ইত্যাহ—নেতি। ধনিত্বেঽপি ন রাজা, অতএব রাজ্ঞো

ভারতভাবদীপঃ

রহতি সখ্যাচ্চ্যাবয়তি ॥৭॥ মৈবমিতি। এবং জীর্ণং ভবৎ জীর্ণত্বং প্রাপ্নুবৎ সখ্যং মা উপাস্স্ব, তু পুনঃ অপাকৃধি দূরীকুরু। যদ্বা ভবতু জীর্ণং সখ্যং তৎ তু এবং পূর্ব্ববন্মা উপাস্স্ব কিন্ত্বপাকৃধি নাশয ত্যজেত্যর্থঃ। হিংসার্থস্য স্বাদিকৃঞো রূপম্। অত্রাপি হেতুঃ অর্থ-নিবন্ধনম্ ॥৮॥ এতদেব বিবৃণোতি—ন দবিদ্র ইত্যাদিনা পূর্ব্বং সখা ইতি সখিপূর্ব্বং জীর্ণং

হে ব্রাহ্মণশ্রেষ্ঠ! সে সখিত্ব এখন নাই, তথাপি আপনি তাহার ছল করিতেছেন। অতএব সেই জীর্ণ সখিত্ব এখন আর ধরিবেন না। তখন প্রয়োজনবশতই আপনার সহিত আমার সখিত্ব ছিল ॥৮॥

দরিদ্র ধনবানের, মূর্খ পণ্ডিতের এবং নপুংসক বীরের সখা হয় না। আর, আপনি সেই অতীত সখিত্ব এখন কেন চাহিতেছেন! ॥৯॥

যাহাদের সমান ধন থাকে এবং যাহাদের সমান শক্তি থাকে, তাহাদেরই পরস্পর সখিত্বও হয়, বিবাদও হয়; কিন্তু প্রবল ও দুর্ব্বলের সখিত্বও হয় না, বিবাদও হয় না ॥১০॥

(৮)·· সখ্যং ভবদপাকৃধি, সখ্যং ভবত্বপাকৃধি । (১০)···নাগপুরমাসাদ্য···।

বৈশম্পায়ন উবাচ।

দ্রুপদেনৈবমুক্তস্তু ভারদ্বাজঃ প্রতাপবান্।
মুহূর্ত্তং চিন্তয়িত্বা তু মন্যুনাভিপরিপ্লুতঃ ॥১২॥
স বিনিশ্চিত্য মনসা পাঞ্চাল্যং প্রতি বুদ্ধিমান্।
জগাম কুরুমুখ্যানাং নগরং নাগসাহ্বয়ম্ ॥১৩॥
স নাগপুরমাগম্য গৌতমস্য নিবেশনে।
ভারদ্বাজোঽবসত্তত্র প্রচ্ছন্নং দ্বিজসত্তমঃ ॥১৪॥
ততোঽস্য তনুজঃ পার্থান্ কৃপস্যানন্তরং প্রভুঃ।
অস্ত্রাণি শিক্ষয়ামাস নাবুধ্যন্ত চ তং জনাঃ ॥১৫॥

ভারতকৌমুদী

মম রাজেতরশ্চ ত্বং কথং সখা ভবিতুমর্হসীত্যাশয়ঃ। কিঞ্চ সখিপূর্ব্বং সখিত্বনিবন্ধনং কিমিষ্যতে ॥১১॥

দ্রুপদেনেতি। মন্যুনা ক্রোধেন, অভিপরিপ্লুতো ব্যাপ্তচিত্তঃ অভবৎ ॥১২॥

স ইতি। বুদ্ধিমান্ স দ্রোণঃ মনসা পাঞ্চাল্যং দ্রুপদং প্রতি কর্ত্তব্যং বিনিশ্চিত্য ॥১৩॥

স ইতি। গৌতমস্য কৃপস্য। প্রচ্ছন্নম্ অকৃতাত্মপরিচয়ং যথা স্যাত্তথা অবসৎ ॥১৪॥

তত ইতি। প্রভুঃ শিক্ষাদানসমর্থঃ, অস্য দ্রোণস্য তনুজঃ অশ্বত্থামা, কৃপস্য, অনন্তরং শিক্ষাদানাৎ পরম্, পার্থান্ কুন্তীপুত্রান্। এতেন স্ত্রীপুত্রসমেত এব দ্রোণ আগত ইতি প্রতীয়তে ॥১৫॥

ভারতভাবদীপঃ

সখ্যং তৎ কিমিষ্যতে? অপি তু নৈবেতি কাক্বা যোজ্যম্ ॥৯॥ বিপুষ্টঃ কৃশো নির্ধনো বা ॥১০—১১॥ দ্রুপদেনেতি। পাঞ্চাল্যং গর্ব্বিতং চিন্তয়িত্বা তৎপরাভবোপায়ং মনসা বিনিশ্চিত্য প্রতিবুদ্ধিঃ প্রতীপবুদ্ধিঃ শত্রুবুদ্ধিস্তদ্বান্ সন্ নাগসাহ্বয়ং জগামেতি দ্বয়োঃ সম্বন্ধঃ

আর, অব্রাহ্মণ ব্রাহ্মণের, অরথী রথীর এবং অরাজা রাজার সখা হয় না। বিশেষতঃ আপনি সখিত্বনিবন্ধন আমার নিকট কি চাহিতেছেন?" ॥১১॥

বৈশম্পায়ন বলিলেন—দ্রুপদ রাজা এইরূপ বলিলে, প্রতাপশালী দ্রোণ কিছু কাল চিন্তা করিয়া অত্যন্ত ক্রুদ্ধ হইলেন ॥১২॥

তাহার পর, বুদ্ধিমান্ দ্রোণ মনে মনে দ্রুপদরাজার প্রতি কর্ত্তব্য স্থির করিয়া কৌরবগণের হস্তিনানগরে গমন করিলেন ॥১৩॥

তিনি হস্তিনানগরে আসিয়া কৃপাচার্য্যের গৃহে প্রচ্ছন্নভাবে বাস করিতে লাগিলেন ॥১৪॥

তাহার পর, অস্ত্রশিক্ষাদানে সমর্থ দ্রোণনন্দন অশ্বত্থামা, কৃপাচার্য্যের

১৩ শ্লোকাৎ পরং ক্বচিদধ্যায়সমাপ্তির্দৃশ্যতে।

এবং স তত্র গূঢাত্মা কঞ্চিৎ কালমুবাস হ।
কুমারাস্ত্বথ নিষ্ক্রম্য সমেতা গজসাহ্বয়াৎ ॥১৬॥
ক্রীড়ন্তো বীটয়া তত্র বীরাঃ পর্য্যচরন্মুদা।
পপাত কূপে সা বীটা তেষাং বৈ ক্রীড়তাং তদা ॥১৭॥ (যুগ্মকম্)
ততস্তে যত্নমাতিষ্ঠন্ বীটামুদ্ধর্ত্তুমাদৃতাঃ।
ন চ তে প্রত্যপদ্যন্ত কর্ম্ম বীটোপলব্ধয়ে ॥১৮॥
ততোঽন্যোন্যমবৈক্ষন্ত ব্রীড়য়াঽবনতাননাঃ।
তস্যা যোগমবিন্দন্তো ভৃশঞ্চোৎকণ্ঠিতাভবন্ ॥১৯॥
তেঽপশ্যন্ ব্রাহ্মণং শ্যামমাপন্নপলিতং কৃশম্।
কৃত্যবন্তমদূরস্থমগ্নিহোত্রপুরস্কৃতম্ ॥২০॥

ভারতকৌমুদী

এবমিতি। স দ্রোণঃ, গূঢাত্মা কৃপেতরজনেভ্যঃ প্রচ্ছন্নরূপঃ। বীটা গোলাকারবস্ত্রগুটিকা বক্ষ্যমাণযা ঈষীকয়া ভেদনযোগ্যত্বাৎ, তযা। তেষাং কুমারাণাম্। অহো। তদিদানীন্তনী ঈদৃশী ক্রীড়া ন কেনচিদ্ভাবিতা ॥১৬—১৭॥

তত ইতি। তে কুমারাঃ। আতিষ্ঠন্ আশ্রিতবন্তঃ। প্রত্যপদ্যন্ত অজানন্ত ॥১৮॥

তত ইতি। তস্যা বীটায়াঃ, যোগং কূপাদুত্তোলনোপাযম্, অবিন্দন্ত অলভন্ত। উৎকণ্ঠিতাভবন্নিতি বিসর্গলোপেঽপি পুনঃ সন্ধিরার্ষঃ ॥১৯॥

ভারতভাবদীপঃ

॥১২—১৪॥ অস্য তনুজোঽশ্বত্থামা। নাবুধ্যন্ত দ্রোণপুত্রোঽয়মিতি ন জ্ঞাতবন্তঃ ॥১৫—১৬॥

শিক্ষাদানের পর যাইয়া কুন্তীর পুত্রদিগকে অস্ত্র শিক্ষা দিতেন; কিন্তু অন্যান্য লোক তখন তাঁহাকে চিনিত না ॥১৫॥

এইভাবে দ্রোণ কৃপাচার্য্যের গৃহে কিছু কাল প্রচ্ছন্ন অবস্থায় বাস করিলেন। তাহার পর একদিন কুমারগণ সম্মিলিত অবস্থায় হস্তিনানগর হইতে নির্গত হইযা, একটা মাঠে গুটি (বল) দিয়া খেলা করিতে থাকিয়া আনন্দে ছুটাছুটি করিতে লাগিলেন, তখন তাঁহাদের সেই গুটিটা এক কূপের ভিতরে যাইযা পড়িল ॥১৬—১৭॥

তাহার পর, তাঁহারা বিশেষ আগ্রহ সহকারে সেই গুটিটা তুলিবার জন্য চেষ্টা করিলেন; কিন্তু তাহা পাইবার কোন উপায খুঁজিযা পাইলেন না ॥১৮॥

তদনন্তর, তাঁহারা লজ্জায় অবনত মুখ হইযা পরস্পর পরস্পরের মুখের দিকে চাহিতে লাগিলেন এবং তাহা তুলিবার কোন উপায় না পাইযা অত্যন্ত উৎকণ্ঠিত হইলেন ॥১৯॥

(২০)...আকর্ণপলিতং কৃশম্, আপন্নং পলিতং কৃশম্।

তে তং দৃষ্ট্বা মহাত্মানমুপগম্য কুমারকাঃ।
ভগ্নোৎসাহকৃতাত্মানো ব্রাহ্মণং পর্য্যবারয়ন্ ॥২১॥
অথ দ্রোণঃ কুমারাংস্তান্ দৃষ্ট্বা কৃত্যবতস্তদা।
প্রহস্য মন্দং পৈশল্যাদভ্যভাষত বীর্য্যবান্ ॥২২॥
অহো বো ধিগ্ বলং ক্ষাত্রং ধিগেতাং বঃ কৃতাস্ত্রতাম্।
ভরতস্যান্বয়ে জাতা যে বীটাং নাধিগচ্ছত ॥২৩॥
বীটাঞ্চ মুদ্রিকাঞ্চৈনামহমেতদপি দ্বয়ম্।
উদ্ধরেয়মীষিকাভির্ভোজনং মে প্রদীয়তাম্ ॥২৪॥

ভারতকৌমুদী

ত ইতি। আপন্নং পলিতং জবসা কেশাদীনাং শৌক্ল্যং যস্য তম্। কৃত্যবন্তং হোমকার্য্যযুক্তম্। অগ্নিহোত্রং তদগ্নিঃ পুরস্কৃতং সম্মুখবর্ত্তি কৃতং যেন তম্ ॥২০॥

ত ইতি। ভগ্নেন উৎসাহেন হেতুনা কৃত আত্মা বীটোদ্ধাবে যত্নো যৈস্তে ॥২১॥

অথেতি। কৃত্যবতঃ কার্য্যশালিনঃ অসমাপ্তক্রীড়ানিত্যর্থঃ, অতএব তদ্বীটোদ্ধাবে তাবান্ যত্ন ইত্যাশয়ঃ। পৈশল্যাৎ অস্ত্রপ্রয়োগনৈপুণ্যাৎ, "চাবৌ দক্ষে চ পেশলঃ" ইত্যমরঃ ॥২২॥

অহো ইতি। বো যুষ্মাকম্, কৃতাস্ত্রতাং প্রাপ্তাস্ত্রশিক্ষাম্ ॥২৩॥

বীটামিতি। মুদ্রিকাম্ অঙ্গুলীস্থমঙ্গুরীযকম্। ঈষিকাভিস্তৃণবিশেষৈঃ ॥২৪॥

ভারতভাবদীপঃ

বীটয়া যবাকারেণ প্রাদেশমাত্রকাষ্ঠেন, যৎ হস্তমাত্রদণ্ডেন উপর্য্যুপরি কুমারাঃ প্রক্ষিপন্তি,

---

এই সময়ে তাঁহারা দেখিলেন—শ্যামবর্ণ, শুক্লকেশ এবং কৃশশরীর এক ব্রাহ্মণ অদূরে বসিয়া, অগ্নিহোত্রের অগ্নি সম্মুখে রাখিয়া হোম করিতেছেন ॥২০॥

ভগ্নোৎসাহ অথচ আগ্রহান্বিত সেই কুমারগণ সেই ব্রাহ্মণকে দেখিয়া, তৎক্ষণাৎ যাইয়া, তাঁহাকে পরিবেষ্টন করিয়া দাঁড়াইলেন ॥২১॥

তাহার পর, বালকগণের তখনও খেলা সমাপ্ত হয় নাই দেখিযা দ্রোণ মন্দ হাস্য করিযা, নিজের অস্ত্র নৈপুণ্য আছে বলিয়া বালকগণকে বলিলেন—॥২২॥

"ওহে! তোমাদের ক্ষত্রিযবলেও ধিক্ এবং তোমাদের এই অস্ত্রশিক্ষাতেও ধিক্; যে তোমরা ভরতের বংশে জন্মিযা এই গুটিটা তুলিতে পার নাই ॥২৩॥

আমি এই গুটি এবং আংটী—এই দুইটাকেই ঈষিকা (নলখাগড়া) দিয়া তুলিব, কিন্তু আমাকে এক সন্ধ্যার খাদ্য দিবে, বল" ॥২৪॥

---

(২২) •প্রহস্য মন্দং পৈশুন্যাৎ । (২৪) বীটাঞ্চ মুদ্রিকাঞ্চৈব হ্যহম্• ।

এবমুক্ত্বা কুমারাংস্তান্ দ্রোণঃ স্বাঙ্গুলিবেষ্টনম্ ।
কূপে নিরুদকে তস্মিন্নপাতয়দরিন্দমঃ ॥২৫॥
ততোঽব্রবীত্তদা দ্রোণং কুন্তীপুত্রো যুধিষ্ঠিরঃ ।
কৃপস্যানুমতে ব্রহ্মন্ ! ভিক্ষামাপ্নুহি শাশ্বতীম্ ॥২৬॥
এবমুক্তঃ প্রত্যুবাচ প্রহস্য ভরতানিদম্ ।
এষা মুষ্টিরৈষিকাণাং ময়াস্ত্রেণাভিমন্ত্রিতঃ ॥২৭॥
অস্য বীর্য্যং নিরীক্ষধ্বং যদন্যস্য ন বিদ্যতে ।
ভেৎস্যামীষিকয়া বীটাং তামীষিকাং তথান্যয়া ॥২৮॥
তামন্যয়া সমাযোগে বীটায়া গ্রহণং মম ।
ততো যথোক্তং দ্রোণেন তৎ সর্ব্বং কৃতমঞ্জসা ॥২৯॥ (যুগ্মকম্)
তদবেক্ষ্য কুমারাস্তে বিস্ময়োৎফুল্ললোচনাঃ ।
আশ্চর্য্যমিদমত্যন্তমিতি মত্বা বচোঽব্রুবন্ ॥৩০॥

ভারতকৌমুদী

এবমিতি। স্বাঙ্গুলিবেষ্টনং নিজমঙ্গুরীয়কম্। তৎপাতনং তদুদ্ধারেণাপি স্বদাক্ষ্যপ্রদর্শনার্থং ॥২৫॥

তত ইতি। অনুমতে অনুমতৌ সত্যাম্। শাশ্বতীং নিত্যাম্ ॥২৬॥

এবমিতি। প্রত্যুবাচ দ্রোণ ইত্যর্থঃ। অস্ত্রেণ অস্ত্রমন্ত্রেণ ॥২৭॥

অস্যেতি। অস্য ঈষিকামুষ্টেঃ। সমাযোগে বজ্জুবদুপরিপর্য্যন্তোত্থান ইত্যর্থঃ। অঞ্জসা শীঘ্রমেব। "স্রাগ্ ঝটিত্যঞ্জসাহ্নায় দ্রাঙ্ মংক্ষু সপদি দ্রুতে" ইত্যমরঃ ॥২৮—২৯॥

তদিতি। বিস্ময়েন উৎফুল্লানি বিকসিতানি লোচনানি যেষাং তে ॥৩০॥

দ্রোণ কুমারগণকে এই কথা বলিয়া, সেই জলশূন্য কূপের ভিতরে নিজের আংটীটাকে ফেলিয়া দিলেন ॥২৫॥

তখন যুধিষ্ঠির বলিলেন—"মহাশয়। কৃপাচার্য্যের অনুমতি হইলে, আপনি প্রত্যহই খাদ্য লাভ করিবেন" ॥২৬॥

যুধিষ্ঠির এইরূপ বলিলে, দ্রোণ হাস্য করিয়া বালকদিগকে বলিলেন—"আমি অস্ত্রমন্ত্র দ্বারা এই এক মুট ঈষিকাকে (নলখাগড়াকে) অভিমন্ত্রিত করিলাম ॥২৭॥

তোমরা ইহার ক্ষমতা দেখ, যে ক্ষমতা অন্যের নাই। প্রথমে একটা ঈষিকা দিয়া ঐ গুটিটাকে বিদ্ধ করিব, তার পর আর একটা দিয়া সেটাকে তৎপরে আর একটা দিয়া সেটাকে; এইভাবে ঈষিকা আসিয়া উপর পর্য্যন্ত উঠিলে, আমি তাহা ধরিয়া গুটিটাকে তুলিয়া আনিব।" তাহার পর, দ্রোণ যেমন বলিলেন, তেমনই সত্বর সে সমস্ত করিয়া ফেলিলেন ॥২৮—২৯॥

মুদ্রিকামপি বিপ্রর্ষে! শীঘ্রমেতাং সমুদ্ধর।
ততঃ সশরমাদায় ধনুর্দ্রোণো মহাযশাঃ ॥৩১॥
শরেণ বিদ্ধ্বা মুদ্রাং তামূর্দ্ধমাবাহয়ৎ প্রভুঃ।
সশরং সমুপাদায় কূপাদঙ্গুলিবেষ্টনম্ ॥৩২॥
দদৌ ততঃ কুমারাণাং বিস্মিতানামবিস্মিতঃ।
মুদ্রিকামুদ্ধৃতাং দৃষ্ট্বা তমাহুস্তে কুমারকাঃ ॥৩৩॥ (বিশেষকম্)
অভিবন্দামহে ব্রহ্মন্! নৈতদন্যেষু বিদ্যতে।
কোঽসি কস্যাসি জানীমো বয়ং কিং করবামহে ॥৩৪॥
এবমুক্তস্ততো দ্রোণঃ প্রত্যুবাচ কুমারকান্।
আচক্ষ্বধ্বঞ্চ ভীষ্মায় রূপেণ চ গুণৈশ্চ মাম্ ॥৩৫॥

ভারতকৌমুদী

মুদ্রিকামিতি। মুদ্রিকামঙ্গুরীয়কমপি। আবাহয়ৎ উদতোলয়ৎ। প্রভুঃ অস্ত্রপ্রয়োগে অলৌকিকশক্তিশালী। অঙ্গুলিবেষ্টনম্ অঙ্গুরীয়কম্। অবিস্মিতঃ তাদৃশব্যাপারস্যাত্মনা সর্ব্বদা সম্ভাব্যমানত্বাদিতি ভাবঃ ॥৩১—৩৩॥

অভীতি। এতৎ অস্ত্রদ্বারা অদ্ভুতব্যাপারপ্রদর্শনম্ ॥৩৪॥

এবমিতি। রূপেণ আকারেণ, গুণৈরিদানীমেব প্রত্যক্ষীকৃতক্ষমতাভিঃ ॥৩৫॥

ভারতভাবদীপঃ

লোহগুলিকয়েত্যন্তে ॥১৭—২১॥ পৈশল্যাৎ কৌশল্যাৎ ॥২২—২৩॥ মুদ্রিকাঞ্চ ময়া ত্যজ্য-

---

সেই ঘটনা দেখিয়া বিস্ময়ে বালকগণের নয়ন উৎফুল্ল হইল, তাহার পর তাহারা সকলেই 'এই ঘটনা অত্যন্ত আশ্চর্য্য' ইহা মনে করিয়া বলিল—॥৩০॥

"বিপ্রর্ষি। ঐ আংটীটাকেও সত্বর তুলুন"। তৎপরে, শক্তিশালী ও যশস্বী দ্রোণ ধনুর্ব্বাণ ধারণপূর্ব্বক বাণ দ্বারা সেই আংটীটাকে বিদ্ধ করিয়া উপরে তুলিলেন এবং বাণবিদ্ধ আংটীটাকে কূপ হইতে আনিয়া বালকদিগের নিকট দিলেন; তাহাতে বালকগণ বিস্মিত হইল, নিজে কিন্তু বিস্মিত হইলেন না। আংটীটাকেও তুলিয়াছেন দেখিয়া বালকগণ তাঁহাকে বলিল—॥৩১—৩৩॥

"ব্রাহ্মণ। আমরা আপনাকে অভিবাদন করি; কেন না, এরূপ ক্ষমতা অন্যের নাই। সে যাহা হউক, আমরা জানিতে চাহি আপনি কে? কাহার লোক? এবং আমরা আপনার কি করিব?" ॥৩৪॥

বালকগণ এইরূপ বলিলে, দ্রোণ তাহাদিগকে বলিলেন—"তোমরা আমার আকৃতি ও গুণের বিষয় প্রকাশ করিয়া ভীষ্মের নিকট আমার কথা বল ॥৩৫॥

---

(৩২)···উর্দ্ধমাহারয়ৎ প্রভুঃ ।(৩৪)· অভিবাদামহে ব্রহ্মন্!·।

স এব সুমহাতেজাঃ সাম্প্রতং প্রতিপৎস্যতে।
বৈশম্পায়ন উবাচ।
তথেত্যুক্ত্বা চ গত্বা তে ভীষ্মমূচুঃ কুমারকাঃ ॥৩৬॥
ব্রাহ্মণস্য বচস্তথ্যং তচ্চ কর্ম্ম বিশেষবৎ।
ভীষ্মঃ শ্রুত্বা কুমারাণাং দ্রোণং তং প্রত্যজানত ॥৩৭॥
যুক্তরূপঃ স হি গুরুরিত্যেবমনুচিন্ত্য চ।
অথৈনমানীয় তদা স্বয়মেব সুসংস্কৃতম্ ॥৩৮॥
পরিপপ্রচ্ছ নিপুণং ভীষ্মঃ শস্ত্রভৃতাং বরঃ।
হেতুমাগমনে তত্র দ্রোণঃ সর্ব্বং ন্যবেদয়ৎ ॥৩৯॥ * (যুগ্মকম্)
মহর্ষেরগ্নিবেশ্যস্য সকাশমহমচ্যুত!।
অস্ত্রার্থমগমং পূর্ব্বং ধনুর্ব্বেদজিঘৃক্ষয়া ॥৪০॥

ভারতকৌমুদী

স ইতি। সাম্প্রতং যুক্তম্, প্রতিপৎস্যতে জ্ঞাস্যতি। "যুক্তে দ্বে সাম্প্রতং স্থানে" ইত্যমরঃ ॥৩৬॥

ব্রাহ্মণস্যেতি। তথ্যং সত্যম্, তদনুরূপকার্য্যকরণাৎ বিশেষবৎ অন্যকৃতকর্ম্মভ্যো ভিন্ন-প্রকারম্, চমৎকারিত্বাৎ। প্রত্যজানত তদাকারগুণয়োর্বহুশঃ শ্রবণাৎ ॥৩৭॥

যুক্তেতি। গুরুঃ কুমারাণাম্। সুসংস্কৃতং দানমানাভ্যামাদৃতম্, এনং দ্রোণম্, আগমনে হেতুং পরিপপ্রচ্ছ। প্রচ্ছের্দ্বিকর্ম্মকত্বাৎ কর্ম্মদ্বয়ম্ ॥৩৮—৩৯॥

মহর্ষেরিতি। হে অচ্যুত! ধর্ম্মপ্রতিজ্ঞাভ্যামভ্রষ্ট!। ধনুর্ব্বেদস্য জিঘৃক্ষয়া গ্রহণেচ্ছয়া ॥৪০॥

ভারতভাবদীপঃ

মানাম্ ॥২৪—৩৫॥ সাম্প্রতং যুক্তম্। প্রতিপৎস্যতে জ্ঞাস্যতি ॥৩৬—৩৯॥ চিকীর্ষয়া

সেই মহাবীরই আমার পক্ষে কর্ত্তব্যের বিষয় বুঝিতে পারিবেন"। বৈশম্পায়ন বলিলেন—'তাহাই হউক' এই কথা বলিয়া তাহারা যাইয়া ভীষ্মের নিকট সমস্ত বিষয় বলিল ॥৩৬॥

(তাহারা আরও বলিল যে—) "সে ব্রাহ্মণের বাক্য এবং তিনি যে কার্য্য করিয়াছেন, তাহাও অলৌকিক"। ভীষ্ম কুমারগণের কথা শুনিয়া সে ব্রাহ্মণকে দ্রোণ বলিয়াই বুঝিতে পারিলেন ॥৩৭॥

তখন অস্ত্রধারিশ্রেষ্ঠ ভীষ্ম ভাবিলেন যে, দ্রোণই কুমারগণের উপযুক্ত গুরু। ইহা ভাবিয়া, তিনি তখনই দ্রোণকে আনয়ন করিয়া, নিজেই তাঁহার উপযুক্ত সম্মান ও আদর করিলেন এবং তাঁহার নিকট আগমনের কারণ জিজ্ঞাসা করিলেন। তখন দ্রোণ সমস্ত বিষয় বলিতে লাগিলেন—॥৩৮—৩৯॥

*ইতঃ পরম্ 'দ্রোণ উবাচ' ইতি ক্বচিৎ পাঠঃ।

ব্রহ্মচারী বিনীতাত্মা জটিলো বহুলাঃ সমাঃ।
অবসং সুচিরং তত্র গুরুশুশ্রূষণে রতঃ ॥৪১॥
পাঞ্চালরাজপুত্রশ্চ যজ্ঞসেনো মহাবলঃ।
ইষ্বস্ত্রহেতোর্ন্যবসত্তস্মিন্নেব গুরৌ প্রভুঃ ॥ ২॥
স মে তত্র সখা চাসীদুপকারী প্রিয়শ্চ মে।
তেনাহং সহ সঙ্গম্য বতবান্ সুচিবং প্রভো। ॥৪৩॥
বাল্যাৎ প্রভৃতি কৌরব্য। সহাধ্যয়নমেব চ।
স মে সখা সদা তত্র প্রিয়বাদী প্রিয়ঙ্কবঃ ॥৪৪॥
অব্রবীদিতি মাং ভীষ্ম। বচনং প্রীতিবর্দ্ধনম্।
অহং প্রিয়তমঃ পুত্রঃ পিতুর্দ্রোণ! মহাত্মনঃ ॥৪৫॥ (যুগ্মকম্)
অভিষেক্ষ্যতি মাং রাজ্যে স পাঞ্চাল্যো যদা তদা।
ত্বদ্ভোগ্যং ভবিতা রাজ্যং সখে! সত্যেন তে শপে ॥৪৬॥

ভারতকৌমুদী

ব্রহ্মেতি। বিনীতাত্মা সংযমিতমনাঃ। সমা বৎসবান্ ॥৪১॥
পাঞ্চালেতি। যজ্ঞসেনো দ্রুপদ এব। ইষ্বস্ত্রহেতোর্বাণাদ্যস্ত্রশিক্ষার্থম্ ॥৪২॥
স ইতি। স যজ্ঞসেনঃ। সঙ্গম্য মিলিত্বা, বতবান্ অস্ত্রশিক্ষাযামাসক্তোঽভবম্ ॥৪৩॥
বাল্যাদিতি। সহাধ্যযনং কুর্ব্বন্নিতি শেষঃ। কিং তদ্বচনমিত্যাহ—অহমিত্যাদি ॥৪৪—৪৫॥
অভীতি। পাঞ্চাল্যঃ পৃষতো নাম পাঞ্চালবাজঃ ॥৪৬॥

ভারতভাবদীপঃ

জিজ্ঞাসযা। জ্ঞ বিজ্ঞানে ইত্যস্য রূপম্ ॥৪০—৪২॥ সখা বযস্যঃ। উপকাবকর্তৃত্বাদেব

"হে সত্যপ্রতিজ্ঞ। আমি অস্ত্রশিক্ষা ও ধনুর্ব্বেদশিক্ষার জন্য পূর্ব্বে মহর্ষি অগ্নিবেশ্যের নিকট গমন করিয়াছিলাম ॥৪০॥

আমি সেখানে যাইযা, ব্রহ্মচারী, সংযতচিত্ত এবং জটাধারী হইযা, গুরুশুশ্রূষায রত থাকিয়া, বহু বৎসর বাস করিয়াছিলাম ॥৪১॥

তখন পাঞ্চালরাজের পুত্র মহাবল দ্রুপদও অস্ত্রশিক্ষার জন্য সেই গুরুর নিকটেই বাস করিয়াছিলেন ॥৪২॥

তিনি আমার সখা, উপকারী এবং প্রীতিভাজন ছিলেন; সুতরাং আমি তাঁহার সহিত মিলিত হইয়া দীর্ঘকাল অস্ত্রশিক্ষায় নিরত ছিলাম ॥৪৩॥

দেবব্রত! বাল্যকাল হইতেই একত্র অধ্যয়নকারী, প্রিয়ভাষী এবং প্রিয় কার্য্যকারী আমার সেই সখা দ্রুপদ সর্ব্বদাই সেখানে আমাকে এই প্রীতিবর্দ্ধক বাক্য বলিতেন যে, "দ্রোণ। আমি আমার পিতার প্রিয়তম পুত্র ॥৪ —৪৫॥

(৪১) ব্রহ্মচারী জিতাত্মা চ । (৪)·· বর্ত্তয়ন্ সুচিরং প্রভো!।

মম ভোগাশ্চ বিত্তঞ্চ ত্বদধীনং সুখানি চ।
এবমুক্ত্বাঽথ বব্রাজ কৃতাস্ত্রঃ পূজিতো ময়া ॥৪৭॥
তস্য বাক্যমহং নিত্যং মনসা ধারয়ংস্তদা।
সোঽহং পিতুর্নিযোগেন পুত্রলোভাদ্যশস্বিনীম্ ॥৪৮॥
নাতিকেশীং মহাপ্রজ্ঞামুপযেমে মহাব্রতাম্।
অগ্নিহোত্রে চ সত্রে চ দমে চ সততং রতাম্ ॥৪৯॥ (যুগ্মকম্)
অলভদ্গৌতমী পুত্রমশ্বত্থামানমৌরসম্।
ভীমবিক্রমকর্ম্মাণমাদিত্যসমতেজসম্ ॥৫০॥
পুত্রেণ তেন প্রীতোঽহং ভরদ্বাজো ময়া যথা।
গোক্ষীরং পিবতো দৃষ্ট্বা ধনিনস্তত্র পুত্রকান্।
অশ্বত্থামাঽরুদদ্বালস্তন্মে সম্মোহয়দ্দিশঃ ॥৫১॥

ভারতকৌমুদী

মমেতি। ভুজ্যন্ত ইতি ভোগা বথাশ্বাদয়ঃ। কৃতাস্ত্রঃ শিক্ষিতাস্ত্রঃ ॥৪৭॥

তস্যেতি। বাক্যম্ উক্তবিধমাশ্বাসবচনম্, ধারয়ন্ আশাবশাৎ। উপযেমে পরিণীতবান্। দমে ইন্দ্রিয়সংযমে। রতাং সম্পাদনায ব্যাপৃতাম্ ॥৪৮—৪৯॥

অলভদিতি। গৌতমী গোতমবংশোদ্ভবা সা মদ্ভার্য্যা কৃপী। ঔরসং ময়ৈবোৎপাদিতম্ ॥৫০॥

সুতরাং সেই পাঞ্চালরাজ যখন আমাকে রাজ্যে অভিষিক্ত করিবেন, তখন আমার রাজ্য তোমারই ভোগ্য হইবে; সখে। ইহা আমি তোমার নিকট সত্য শপথ করিলাম ॥৪৬॥

আর, আমার ভোগ্য বস্তু সকল, ধন ও সুখ ইত্যাদি সমস্তই তোমার আয়ত্ত থাকিবে"। এইরূপ বলিয়া অস্ত্রশিক্ষিত দ্রুপদ আমার নিকট সম্মানিত হইয়া চলিয়া গেলেন ॥৪৭॥

আমি সর্ব্বদাই তাঁহার সেই আশ্বাসবাক্য মনে রাখিয়া, পিতার আদেশ অনুসারে এবং পুত্রের লোভে অত্যন্ত বুদ্ধিমতী যশস্বিনী একটী কন্যার পাণিগ্রহণ করিলাম; কিন্তু আমার সেই পত্নীর মস্তকে অধিক পরিমাণে কেশ নাই, তবে তিনি বিশেষ ব্রতপরায়ণা এবং আমার অগ্নিহোত্র, বা অন্য যজ্ঞ, কিংবা ইন্দ্রিয়সংযম কার্য্যে সর্ব্বদাই সহায় থাকেন ॥৪৮—৪৯॥

গোতমবংশোদ্ভবা আমার সেই পত্নী আমার ঔরসে অশ্বত্থামা নামে একটী পুত্র লাভ করিয়াছেন; তাহার বিক্রম অতিভয়ঙ্কর এবং সে সূর্য্যের তুল্য তেজীয়ান্ হইয়া উঠিয়াছে ॥৫০॥

(৪৯)…অগ্নিহোত্রে চ সত্যে চ…। (৫১) ··তন্মে সন্দেহয়দ্দিশঃ।

ন স্নাতকোঽবসীদেত বর্ত্তমানঃ স্বকর্ম্মসু।
ইতি সঞ্চিন্ত্য মনসা তং দেশং বহুশো ভ্রমন্ ॥৫২॥
বিশুদ্ধমিচ্ছন্ গাঙ্গেয়! ধর্ম্মোপেতং প্রতিগ্রহম্।
অন্তাদন্তং পরিক্রম্য নাধ্যগচ্ছং পয়স্বিনীম্ ॥৫৩॥ (যুগ্মকম্)
অথ পিষ্টোদকেনৈনং লোভয়ন্তি কুমারকাঃ।
পীত্বা পিষ্টরসং বালঃ ক্ষীরং পীতং ময়াপি চ ॥৫৪॥
ননর্ত্তোত্থায় কৌরব্য! হৃষ্টো বাল্যাদ্বিমোহিতঃ।
তং দৃষ্ট্বা নৃত্যমানন্তু বালৈঃ পরিবৃতং সুতম্ ॥৫৫॥

ভাবতকৌমুদী

পুত্রেণেতি। ভরদ্বাজো মুনির্মৎপিতা। তং রোদনং কর্ত্তৃ, মে দিশঃ সম্মোহবৎ আসীৎ, দুঃখবৈধুর্য্যজনকত্বাদিতি ভাবঃ। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥৫১॥

নেতি। স্বকর্ম্মসু জীবিকানির্ব্বাহকেষু যাজনাধ্যাপনপ্রতিগ্রহব্যাপারেষু বর্ত্তমানঃ, স্নাতকো গৃহস্থো ব্রাহ্মণঃ, ন অবসীদেত নিন্দিতযাজনাদিনা ধর্ম্মান্ন ভ্রশ্যেৎ। বিশুদ্ধং নিষ্পাপম্। অন্তাদন্তং তস্য দেশস্য একস্মাৎ প্রান্তাদপরপ্রান্তপর্য্যন্তম্। পয়স্বিনীং গাম্, নাধ্যগচ্ছং ন প্রাপ্নুবম্ ॥৫২—৫৩॥

অথেতি। কুমারকাঃ প্রতিবেশিনো বালকাঃ, পিষ্টোদকেন জলযুক্ততণ্ডুলচূর্ণেন, এন-

ভাবতভাবদীপঃ

প্রিয়ো বল্লভশ্চ। বর্ত্তয়ন্ বসন্ ॥৪৩—৫০॥ দিশঃ সন্দেহবৎ দিঙ্মোহমজনবৎ। অভভাব আর্ষঃ, শত্রন্তং বা ॥৫১॥ স্নাতকো যঃ কশ্চিদল্পগোধনঃ স্বধর্ম্মলোপান্নাবসীদেত, অতো

আমার পিতা ভরদ্বাজ যেমন আমা দ্বারা সন্তুষ্ট হইয়াছিলেন, আমিও তেমন সেই পুত্র দ্বারা সন্তুষ্ট হইলাম তাহার পর, আমার সেই বালকপুত্র অশ্বত্থামা পাড়ার মধ্যে কোন ধনীর পুত্রদিগকে দুগ্ধ পান করিতে দেখিয়া আসিয়া রোদন করিতে লাগিল; সেই রোদন দেখিয়া আমার দারিদ্র্যদুঃখে দিগ্‌ভ্রম উপস্থিত হইল ॥৫১॥

তাহার পর, স্বধর্ম্মপরায়ণ গৃহস্থ ব্রাহ্মণ নিন্দিত প্রতিগ্রহ করিয়া কখনও ধর্ম্মভ্রষ্ট হইবেন না—এই ধর্ম্মোপদেশ স্মরণ করিয়া, সেই দেশে বহু বিচরণ করিলাম। এমন কি, নিষ্পাপ ও ধর্ম্মসঙ্গত প্রতিগ্রহ করিবার ইচ্ছায় সেই দেশের এক প্রান্ত হইতে অপর প্রান্তপর্য্যন্ত পর্য্যটন করিয়াও কুত্রাপি দুগ্ধবতী গাভী পাইলাম না ॥৫২—৫৩॥

তাহার পর, প্রতিবেশী বালকেরা পিটুলীর জল দিয়া অশ্বত্থামাকে লুব্ধ করিল; বালক অশ্বত্থামাও সেই পিটুলীর জল পান করিয়া 'আমিও দুগ্ধ পান করিয়াছি'

হাস্যতামুপসম্প্রাপ্তং কশ্মলং তত্র মেঽভবৎ ।
দ্রোণং ধিগস্ত্বধনিনং যো ধনং নাধিগচ্ছতি ॥৫৬॥ (বিশেষকম্)
পিষ্টোদকং সুতো যস্য পীত্বা ক্ষীবস্য তৃষ্ণয়া ।
নৃত্যতি স্ম মুদা যুক্তঃ ক্ষীবং পীতং ময়েতি চ ॥৫৭॥
ইতি সম্ভাষতাং বাচং শ্রুত্বা মে বুদ্ধিরচ্যবৎ ।
আত্মানঞ্চাত্মনা গর্হন্ মনসেদং ব্যচিন্তয়ম্ ॥৫৮॥
অপি চাহং পুরা বিপ্রৈর্বর্জ্জিতো গর্হিতো ভৃশম্ ।
পরোপসেবাং পাপিষ্ঠাং ন চ কুর্য্যাং ধনেপ্সযা ॥৫৯॥

ভারতকৌমুদী

অশ্বত্থামানং লোভযন্তি স্ম । ক্ষীবং পীতমিতি বিভাব্যেতি শেষঃ । বালৈরেব হাস্যতাম্ । কশ্মলং দুঃখজনিতমোহঃ ॥৫৪—৫৬॥

পিষ্টেতি । তৃষ্ণযা পিপাসযা ॥৫৭॥

ইতীতি সম্ভাষতাং সম্ভাষমাণানাং বালকানাম্ । অচ্যবৎ চ্যুতা অভবৎ ॥৫৮॥

অপীতি । বর্জ্জিতো গর্হিতশ্চ, ক্ষত্রিযবিদ্যাভ্যাসাৎ । অতএবেদানীং পরোপসেবাং ন কুর্য্যাম্ ॥৫৯॥

ভারতভাবদীপঃ

বহুগোধনবতো ব্রাহ্মণস্য প্রতিগ্রহমিচ্ছন্ ॥৫২॥ অন্তাদন্তং দেশাদ্দেশম্ ॥৫৩—৫৭॥ সম্ভাষতাং সম্ভাষমাণানাম্ । অচ্যবৎ ধর্ম্মচ্যুতাভূৎ । আত্মানং দরিদ্রদোষাদাত্মনা মানস গর্হন্ ইদং বক্ষ্যমাণম্ ॥৫৮॥ পুরা পূর্ব্বং দরিদ্রোঽহমিতি গর্হিতোঽপি বসে উপবাসং কুর্ব্বে, ন তু

ইহা ভাবিযা, শৈশবমুগ্ধতানিবন্ধন আনন্দিত হইযা উঠিয়া নৃত্য করিতে লাগিল । তখন সেই বালকেরা অশ্বত্থামাকে নৃত্য করিতে দেখিয়া আসিয়া তাহাকে পরিবেষ্টন করিয়া দাঁড়াইল এবং উপহাস করিতে থাকিল, তখন আমার দুঃখে মোহ উপস্থিত হইল । (সেই বালকেরা বলিতে লাগিল—) "দরিদ্র দ্রোণকে ধিক্, যে দ্রোণ ধন উপার্জ্জন করিতে পারে না ॥৫৪—৫৬॥

এবং যাহার পুত্র দুগ্ধ পান করিবার ইচ্ছায় পিটুলীর জল পান করিয়া 'আমি দুগ্ধ পান করিযাছি' ভাবিযা আনন্দিত হইয়া নৃত্য করিল" ॥৫৭॥

বালকগণের এইরূপ উক্তি শুনিয়া আমার বুদ্ধিভ্রংশ ঘটিল । তাহার পর, আমি আপনাকে আপনি নিন্দা করিতে থাকিয়া মনে মনে এইরূপ ভাবিলাম—॥৫৮॥

'আমি ক্ষত্রিযের বিদ্যা শিখিযাছিলাম বলিয়া প্রতিবেশী ব্রাহ্মণেরা পূর্ব্বে আমাকে অত্যন্ত নিন্দা করিয়া পরিত্যাগ করিয়াছিলেন, সুতরাং এখন আর আমি ধনলাভের আশায পাপজনক পরোপসেবা করিব না' ॥৫৯॥

(৫৯)…বর্জ্জিতো গর্হিতো বসে… ।

ইতি মত্বা প্রিযং পুত্রং ভীষ্মাদায ততো হ্যহম্।
পূর্ব্বস্নেহানুবাগিত্বাৎ সদাবঃ সৌমকিং গতঃ ॥৬০॥
অভিষিক্তন্তু শ্রুত্বৈব কৃতার্থোঽস্মীতি চিন্তয়ন্।
প্রিয়ং সখাযং সুপ্রীতো বাজ্যস্থং সমুপাগমম্ ॥৬১॥
সংস্মবন্ সঙ্গমঞ্চৈব বচনঞ্চৈব তস্য তৎ।
ততো দ্রুপদমাসাদ্য সখিপূর্ব্বমহং প্রভো! ॥৬২॥
অব্রুবং পুরুষব্যাঘ্র! সখাযং বিদ্ধি মামিতি।
উপস্থিতস্তু দ্রুপদং সখিবচ্চাপি সঙ্গতঃ ॥৬৩॥ (যুগ্মকম্)
স মাং নিরাকাবমিব প্রহসন্নিদমব্রবীৎ।
অকৃতেয়ং তব প্রজ্ঞা ব্রহ্মন্! নাতিসমঞ্জসা ॥৬৪॥

ভাবতকৌমুদী

ইতীতি। সৌমকিং সোমকবংশীযং দ্রুপদম্ ॥৬০॥

অভীতি। বাজ্যস্থং বাজত্বপদস্থিতম্ ॥৬১॥

সংস্মবন্নিতি। সঙ্গমম্ একত্র বাসম্, বচনং পূর্ব্বোক্তমাশ্বাসবাক্যম্। পূর্ব্বঃ সখা ইতি সখিপূর্ব্বস্তম্। উপস্থিতঃ সন্ সঙ্গত আলিঙ্গিতুং গতঃ ॥৬২—৬৩॥

স ইতি। নিবাকাবমিব কুষ্ঠবোগাদিনা ভ্রষ্টাকাবমিব। অকৃতেত্যাদি পূর্ব্বং ব্যাখ্যাতম্ ॥৬৪॥

ভাবতভাবদীপঃ

সেবাং কুর্য্যামিতি মত্বা নিশ্চিত্যাপি পুত্রস্য প্রিযত্বাৎ সৌমকিং দ্রুপদং গত ইতি সম্বন্ধঃ ॥৫৯—৬১॥ তৎ তস্য বচনং মম বাজ্যং ত্বদ্ভোগ্যং ভবিষ্যতীতি ॥৬২—৬৩॥ নিবাকাবং

দেবব্রত! মনে মনে এইরূপ স্থির কবিযা, প্রিয়তম পুত্র এবং পত্নীকে সঙ্গে লইযা, পূর্ব্বেব প্রণয স্মবণ কবিযা, সেখান হইতে দ্রুপদেব নিকট গমন কবিলাম ॥৬০॥

সেখানে যাইয়া শুনিলাম যে, দ্রুপদ রাজ্যে অভিষিক্ত হইযাছেন; ইহা শুনিযাই 'চবিতার্থ হইযাছি' এইরূপ ভাবিতে লাগিলাম এবং আনন্দিতচিত্তে প্রিয সখা দ্রুপদ-বাজার নিকট উপস্থিত হইলাম ॥৬১॥

তাহাব পর, একত্র বাস এবং দ্রুপদেব সেই আশ্বাসবাক্য স্মবণ কবিয়া পূর্ব্ব সখা সেই দ্রুপদের নিকট যাইযা আমি বলিলাম—"হে পুরুষশ্রেষ্ঠ! তুমি আমাকে সখা বলিযা মনে কব।" তৎপবে আবও নিকটে যাইযা সখাবই মত দ্রুপদকে আলিঙ্গন কবিতে গেলাম ॥৬২—৬৩॥

তখন দ্রুপদ হাস্য কবিয়া কুৎসিত লোকেব ন্যায় আমাকে এই কথাগুলি বলিল —"ব্রাহ্মণ! শিক্ষা না কবায তোমাব বুদ্ধি পবিপক্ব হয় নাই, তাই দেশেব বা সমাজেব বীতি জান না ॥৬৪॥

যদাত্থ মাং ত্বং প্রসভং সখা তেঽহমিতি দ্বিজ ।
সঙ্গতানীহ জীর্য্যন্তে কালেন পরিজীর্য্যতঃ ॥৬৫॥
সৌহৃদং মে ত্বয়া হ্যাসীৎ পূর্ব্বং সামর্থ্যবন্ধনম্ ।
নাশ্রোত্রিয়ঃ শ্রোত্রিয়স্য নারথী রথিনঃ সখা ॥৬৬॥
সাম্যাদ্ধি সখ্যং ভবতি বৈষম্যান্নোপপদ্যতে ।
ন সখ্যমজরং লোকে বিদ্যতে কস্যচিৎ ক্বচিৎ ॥৬৭॥
কালো বৈনং বিহরতি ক্রোধো বৈনং হরত্যুত ।
মৈবং জীর্ণমুপাস্স্ব ত্বং সখ্যং ভবত্নুপাধিকৃৎ ॥৬৮॥
আসীৎ সখ্যং দ্বিজশ্রেষ্ঠ ! ত্বয়া মেঽর্থনিবন্ধনম্ ।
ন হ্যনাঢ্যঃ সখাঢ্যস্য নাবিদ্বান্ বিদুষঃ সখা ॥৬৯॥

ভারতকৌমুদী

যদিতি । অমী শ্লোকাঃ প্রায়েণৈব পূর্ব্বং ব্যাখ্যাতাঃ । সঙ্গতানি সৌহৃদানি ॥৬৫॥

সৌহৃদমিতি । সমানোঽর্থঃ প্রয়োজনং যয়োস্তৌ সমর্থৌ তয়োর্ভাবঃ সামর্থ্যং তদেব বন্ধনং হেতুর্যস্য তৎ একত্রাধ্যয়ননিবন্ধনমিত্যর্থঃ ॥৬৬॥

সাম্যাদিতি । সাম্যাৎ ধনবিদ্যাদিনা তুল্যত্বাৎ, বৈষম্যাদিত্যপি তথৈব ॥৬৭॥

কাল ইতি । বিহরতি নাশয়তি । উপাধিকৃৎ ছলকারী ॥৬৮॥

আসীদিতি । অর্থনিবন্ধনম্ অধ্যয়নকর্ম্মৈকপ্রয়োজনহেতুকম্ ॥৬৯॥

ব্রাহ্মণ ! তুমি বলপূর্ব্বক আমাকে যে বলিলে—'আমি তোমার সখা ।' সে বিষয়ে শোন – মানুষ কালে জীর্ণ হয় ; সুতরাং তাহার সৌহার্দ্দও কালে জীর্ণ হইয়া থাকে ॥৬৫॥

পূর্ব্বে একত্র অধ্যয়ন করিতাম বলিয়া তোমার সহিত আমার সখ্য ছিল ; কিন্তু অব্রাহ্মণ ব্রাহ্মণের এবং অরথী রথীর সখা হয় না ॥৬৬॥

আর, পরস্পর সাম্য থাকিলেই সখ্য হয়, বৈষম্য থাকিলে হয় না। তার পর, জগতে কোথাও কাহারও সখ্য চিরকাল অক্ষয় হইয়া থাকে না ॥৬৭॥

হয়, কাল উহাকে নষ্ট করে, না হয় ক্রোধ তাহাকে নষ্ট করে। কোন কারণে তোমার সহিত আমার সখ্য হইয়াছিল, তাহা এখন জীর্ণ হইয়া গিয়াছে ; সুতরাং তুমি এখন আর তাহার আশ্রয় লইও না ॥৬৮॥

হে ব্রাহ্মণশ্রেষ্ঠ ! কোন প্রয়োজনবশতই আপনার সহিত আমার সখ্য ছিল ; কিন্তু বাস্তবিকপক্ষে দরিদ্রও ধনীর সখা হয় না এবং মূর্খও পণ্ডিতের সখা হয় না ॥৬৯॥

(৬৫) কালেন পরিজীর্য্যতা। (৬৮)...সখ্যং ভবদপাকৃধি]

ন শূবস্য সখা ক্লীবঃ সখিপূর্ব্বং কিমিষ্যতে।
নহি রাজ্ঞামুদীর্ণানামেবম্ভূতৈর্নবৈঃ ক্বচিৎ ॥৭০॥
সখ্যং ভবতি মন্দাত্মন্! শ্রিয়া হীনৈর্ধনচ্যুতৈঃ।
নাশ্রোত্রিয়ঃ শ্রোত্রিয়স্য নাবথী রথিনঃ সখা ॥৭১॥ (যুগ্মকম্)
নাবাজা পার্থিবস্যাপি সখিপূর্ব্বং কিমিষ্যতে।
অহং ত্বয়া ন জানামি বাজ্যার্থে সংবিদং কৃতাম্ ॥৭২॥
একরাত্রন্তু তে ব্রহ্মন্! কামং দাস্যামি ভোজনম্।
এবমুক্তস্ত্বহং তেন সদাবঃ প্রস্থিতস্তদা ॥৭৩॥
তাং প্রতিজ্ঞাং প্রতিজ্ঞায যাং কর্ত্তাঽস্ম্যচিবাদিব।
দ্রুপদেনৈবমুক্তোঽহং মন্যুনাভিপরিপ্লুতঃ ॥৭৪॥

ভাবতকৌমুদী

নেতি। পূর্ব্বং সখি সখিত্বম্। উদীর্ণানামুন্নতানাম্। শ্রিযা ধননিবন্ধনশোভযা। উত্তবার্দ্ধস্য দৃষ্টান্তার্থকত্বাৎ পূর্ব্বেণ সহাপৌনরুক্ত্যম্ ॥৭০—৭১॥

নেতি। সখিপূর্ব্বং সখিত্বপ্রযুক্তম্। সংবিদম্ অঙ্গীকারম্। এতেন সোঽঙ্গীকাবোঽপি দ্রোণেন জ্ঞাপিত ইতি বোধ্যম্। "সংবিদাগূঃ প্রতিজ্ঞানম্" ইত্যাত্মবঃ ॥৭২॥

একেতি। কামং যথেপ্সিতম্। সদাবঃ সভার্য্যঃ ॥৭৩॥

তামিতি। ইবশব্দ এবার্থে সম্ভাবনাযাং বা। মন্যুনা ক্রোধেন, অভিপবিপ্লুতো

ভাবতভাবদীপঃ

নিরস্তোত্তমরূপং হীনজনমিব। অকুতেত্যাদি প্রাগ্ব্যাখ্যাতম্ ॥৬৪—৭১॥ বাজ্যার্থে

আব, নপুংসকও বীরের সখা হইতে পাবে না। সে যাহা হউক, আপনি পূর্ব্বেব সে সখ্য চহিতেছেন কেন? হে নির্ব্বোধ! শ্রীহীন ও ধনহীন এইরূপ লোকেব সহিত কখনও উন্নত বাজাদেব সখ্য হইতে পাবে না; যেমন অব্রাহ্মণ ব্রাহ্মণেব এবং অবথী বথীব সখা হয় না ॥৭০—৭১॥

এবং যে ব্যক্তি বাজা নহে, সেও যেমন বাজাব সখা হয না। সে যাহা হউক, আপনি সখিত্বনিবন্ধন কি চাহিতেছেন?। আব আমি আপনাব সহিত কখনও বাজ্যেব বিষয়ে অঙ্গীকাব কবিয়াছি বলিয়া আমাব স্মবণ হইতেছে না ॥৭২॥

তবে, আমি আপনাকে এক সন্ধ্যাব উপযোগী ইচ্ছানুরূপ খাদ্য দান কবিব।" দ্রুপদ এইরূপ বলিলে আমি তখনই স্ত্রী ও পুত্রেব সহিত প্রস্থান কবিলাম ॥৭৩॥

এবং দ্রুপদ ঐরূপ বলিলে, আমি অত্যন্ত ক্রুদ্ধ হইয়া, যাহা অচিবকাল-মধ্যেই সফল কবিব, এমন এক প্রতিজ্ঞা কবিয়া, কুরুদেশে আসিলাম। ভীষ্ম!

অভ্যাগচ্ছং কুরূন্ ভীষ্ম ! শিষ্যৈরর্থী গুণান্বিতৈঃ ।
ততোঽহং ভবতঃ কামং সংবর্দ্ধয়িতুমাগতঃ ॥৭৫॥
ইদং নাগপুরং রম্যং ব্রূহি কিং করবাণি তে ।

বৈশম্পায়ন উবাচ ।

এবমুক্তস্তদা ভীষ্মো ভারদ্বাজমভাষত ॥৭৬॥ (বিশেষকম্)

ভীষ্ম উবাচ ।

অপজ্যং ক্রিয়তাং চাপং সাধ্বস্ত্রং প্রতিপাদয় ।
ভুঙ্ক্ষ্ব ভোগান্ ভৃশং প্রীতঃ পূজ্যমানঃ কুরুক্ষয়ে ॥৭৭॥
কুরূণামস্তি যদ্বিত্তং রাজ্যঞ্চেদং সরাষ্ট্রকম্ ।
ত্বমেব পরমো রাজা সর্ব্বে চ কুরবস্তব ॥৭৮॥
যচ্চ তে প্রার্থিতং ব্রহ্মন্ ! কৃতং তদিতি চিন্ত্যতাম্ ।
দিষ্ট্যা প্রাপ্তোঽসি বিপ্রর্ষে ! মহান্ মেঽনুগ্রহঃ কৃতঃ ॥৭৯॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যামাদিপর্ব্বণি সম্ভবে ভীষ্মদ্রোণসমাগমো নাম সপ্তবিংশত্যধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥ *

ভারতকৌমুদী

ব্যাপ্তচিত্তঃ । কুরূন্ কুরুদেশম্ । কামমভিলাষম্ । ইদং রম্যং নাগপুরং হস্তিনাম্, আগত ইতি সম্বন্ধঃ । ভারদ্বাজং দ্রোণম্ ॥৭৪—৭৬॥

অপেতি । হে দ্রোণ ! ত্বয়া চাপম্, অপজ্যম্ অনরোপিতগুণং ক্রিয়তাম্ । সাধু সম্যক্, অস্ত্রং প্রতিপাদয় কুরুকুমারেভ্যঃ প্রদেহি । কুরুক্ষয়ে কুরুগৃহে পূজ্যমানঃ, অতএব ভৃশং প্রীতঃ সন্, ভোগান্ ভুঙ্ক্ষ্ব । "নিলয়াপচয়ৌ ক্ষয়ৌ" ইত্যমরঃ ॥৭৭॥

কুরূণামিতি । সরাষ্ট্রকং দেশসহিতম্, রাজ্যং রাজত্বপদম্ । তত্র ত্বমেব পরমো রাজা ॥৭৮॥

তাহার পর, আমি গুণবান্ শিষ্যের প্রার্থী হইয়া এবং আপনার অভিলাষ পূর্ণ করিবার জন্য, এই মনোহর হস্তিনাপুরে আসিয়াছি। এখন বলুন আপনার কি করিব।"

বৈশম্পায়ন বলিলেন—দ্রোণ এইরূপ বলিলে, ভীষ্ম তাঁহাকে বলিলেন ॥৭৪—৭৬॥

ভীষ্ম বলিলেন—"মহাশয় ! আপনি ধনুর গুণ নামাইয়া ফেলুন, কুরুবালকদিগকে ভাল করিয়া অস্ত্রশিক্ষা দিন এবং কুরুগৃহে সম্মানিত ও বিশেষ সন্তুষ্ট থাকিয়া সমস্ত ভোগ্য বস্তু ভোগ করিতে থাকুন ॥৭৭॥

কৌরবগণের যে ধনসম্পদ, রাজত্বপদ এবং রাজ্য আছে, সে সমস্তের

---

* 'ঊনত্রিংশদধিক…', '…একত্রিংশদধিক…', '…একচত্বারিংশদধিক…' ইতি পাঠভেদাঃ ।

অষ্টাবিংশত্যধিকশততমোঽধ্যায়ঃ।

—:*:—

বৈশম্পায়ন উবাচ।

প্রতিজগ্রাহ তং ভীষ্মো গুরুং পাণ্ডুসুতৈঃ সহ।
পৌত্রানাদায় তান্ সর্ব্বান্ বসূনি বিবিধানি চ ॥১॥
শিষ্যা ইতি দদৌ রাজন্। দ্রোণায় বিধিপূর্ব্বকম্।
তদা দ্রোণোঽব্রবীদ্বাক্যং ভীষ্মং বুদ্ধিমতাং বরম্ ॥২॥ (যুগ্মকম্)

ভারতকৌমুদী

যদিতি। যচ্চ দ্রুপদনিগ্রহণম্। দিষ্ট্যা অস্মাকং ভাগ্যেন ॥৭৯॥

ইতি মহামহোপাধ্যায-ভারতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়ামাদিপর্ব্বণি সম্ভবে সপ্তবিংশত্যধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥

—:*:—

প্রতীতি। বসূনি ধনানি। শিষ্যা ইতি বিজ্ঞাপ্য, দদৌ দাতুমঙ্গীচকার, পরত্রাপি দদাবিত্যাদি-শ্রবণাৎ। বিধিপূর্ব্বকং লৌকিকরীত্যনুসরণপূর্ব্বকমিত্যর্থঃ ॥১—২॥

ভারতভাবদীপঃ

সংবিদং স্বস্তোগ্যং মম রাজ্যমিতি সঙ্কেতম্ ॥৭২—৭৬॥ প্রতিপাদয় অস্মৎকুমারেভ্য ইতি শেষঃ। কুরুক্ষয়ে কুরুগৃহে ॥৭৭—৭৯॥

ইতি শ্রীমহাভারতে আদিপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে সপ্তবিংশত্যধিকশততমোঽধ্যায়ঃ ॥১২৭॥

—:*:—

আপনিই যথার্থ রাজা থাকিবেন এবং কৌরবগণ সকলেই আপনার অধীন থাকিবে ॥৭৮॥

ব্রাহ্মণ! আপনার যাহা অভীষ্ট, তাহা করা হইয়া গিয়াছে বলিয়া মনে করুন। হে বিপ্রর্ষি! আপনি আমাদের ভাগ্যবশতই উপস্থিত হইয়াছেন এবং ইহা আমাদের প্রতি গুরুতর অনুগ্রহ করিয়াছেন" ॥৭৯॥

—:*:—

বৈশম্পায়ন বলিলেন—ভীষ্ম দ্রোণকে গুরু বলিয়া গ্রহণ করিলেন এবং অন্ন, বস্ত্র ও শয্যাপ্রভৃতি প্রয়োজনীয় বস্তু দান করিবার অঙ্গীকার করিয়া, পাণ্ডুর পুত্রগণের সহিত অন্যান্য সকল পৌত্রকে আনাইয়া, তাহাদিগকে শিষ্যরূপে দ্রোণের হস্তে যথারীতি সমর্পণ করিবার অঙ্গীকার করিলেন। তখন দ্রোণ, বুদ্ধিমান্ ভীষ্মকে বলিলেন—॥১—২॥

(১) প্রথমাদয়ঃ ষট্ শ্লোকা দক্ষিণাত্যপুস্তকে দৃশ্যন্তে।

কৃপস্তিষ্ঠতি চাচার্য্যঃ শস্ত্রজ্ঞঃ প্রাজ্ঞসম্মতঃ।
ময়ি তিষ্টতি চেদ্বিপ্রো বৈমনস্যং গমিষ্যতি ॥৩॥
যুষ্মান্ কিঞ্চিচ্চ যাচিত্বা ধনং সংগৃহ্য হর্ষিতঃ।
স্বমাশ্রমপদং রাজন্! গমিষ্যামি যথাগতম্ ॥৪॥
এবমুক্তে তু বিপ্রেন্দ্রং ভীষ্মঃ প্রহবতাং ববঃ।
অব্রবীদ্দ্রোণমাচার্য্যমুখ্যং শস্ত্রবিদাং বরম্ ॥৫॥
কৃপস্তিষ্ঠতু পূজ্যশ্চ ভর্ত্তব্যশ্চ ময়া সদা।
ত্বং গুরুর্ভব পৌত্রাণামাচার্য্যস্ত্বং মতো মম ॥৬॥

বৈশম্পায়ন উবাচ।

ততঃ সম্পূজিতো দ্রোণো ভীষ্মেণ দ্বিপদাং ববঃ।
বিশশ্রাম মহাতেজাঃ পূজিতঃ কুরুবেশ্মনি ॥৭॥

ভাবতকৌমুদী

কৃপ ইতি। তিষ্ঠতি চেৎ শিষ্যত্বেন কুমাববর্গঃ। বৈমনস্যমসন্তোষং ভগিনীপতিনা স্বভাগ-গ্রহণাৎ ॥৩॥

যুষ্মানিতি। রাজ্যপবিচালনশ্রবণাদেব রাজন্নিতি সম্বোধিতঃ ॥৪॥

এবমিতি। আচার্য্যমুখ্যং শিক্ষকপ্রধানম্ ॥৫॥

কৃপ ইতি। পূজ্যো গুরুত্বেন, ভর্ত্তব্যশ্চাবশ্যকধনাদিদানেন ॥৬॥

তত ইতি। দ্বিপদাং মনুষ্যাণাম্। পূজিতো গুরুত্বাদেব ভীষ্মেতবৈবপি লোকৈঃ ॥৭॥

"শস্ত্রজ্ঞ এবং অভিজ্ঞ লোকদিগেব সম্মত কৃপ আচার্য্য বহিয়াছেন; এ অবস্থায কুমাবগণকে যদি আমাব হস্তে সমর্পণ কবেন, তবে কৃপাচার্য্য অসন্তুষ্ট হইবেন ॥৩॥

অতএব আমি আপনাদেব নিকট প্রার্থনা কবিয়া কিছু ধন লইযা যেমন আসিয়াছিলাম, তেমনই আনন্দিত চিত্তে নিজেব আশ্রমে চলিয়া যাই" ॥৪॥

দ্রোণ এইরূপ বলিলে, বীরশ্রেষ্ঠ ভীষ্ম, অস্ত্রজ্ঞপ্রধান ও শিক্ষকশ্রেষ্ঠ দ্রোণকে বলিলেন—॥৫॥

"কৃপাচার্য্য থাকুন, আমি সর্ব্বদাই তাঁহাব সম্মানও কবিব এবং ভবণপোষণও কবিব। আপনি এখন পৌত্রগণেব শিক্ষক হউন। কেন না, আপনিই আমাব মতে উপযুক্ত শিক্ষক" ॥৬॥

বৈশম্পায়ন বলিলেন—তাহাব পব, ভীষ্ম ও অন্যান্য লোক, মহাবীব ও ব্রাহ্মণশ্রেষ্ঠ দ্রোণকে আচার্য্যরূপে সম্মান করিলে, তিনি কুরুগৃহে বিশ্রাম কবিতে লাগিলেন ॥৭॥

বিশ্রান্তেঽথ গুরৌ তস্মিন্ পৌত্রানাদায় কৌরবান্।
শিষ্যত্বেন দদৌ ভীষ্মো বসূনি বিবিধানি চ ॥৮॥
গৃহঞ্চ সুপরিচ্ছন্নং ধনধান্যসমাকুলম্।
ভারদ্বাজায় সুপ্রীতঃ প্রত্যপাদয়ত প্রভুঃ ॥৯॥
স তান্ শিষ্যান্ মহেষ্বাসঃ প্রতিজগ্রাহ কৌরবান্।
পাণ্ডবান্ ধার্ত্তরাষ্ট্রাংশ্চ দ্রোণো মুদিতমানসঃ ॥১০॥
প্রতিগৃহ্য চ তান্ সর্ব্বান্ দ্রোণো বচনমব্রবীৎ।
রহস্যেকঃ প্রতীতাত্মা কৃতোপসদনাংস্তদা ॥১১॥
কার্য্যং মে কাঙ্ক্ষিতং কিঞ্চিদ্‌হৃদি সম্পরিবর্ত্ততে।
কৃতাস্ত্রৈস্তৎ প্রদেয়ং মে তদৃতং বদতানঘাঃ। ॥১২॥

ভারতকৌমুদী

বিশ্রান্ত ইতি। তস্মিন্ দ্রোণে। বসূনি ধনানি ॥৮॥

গৃহমিতি। সুপরিচ্ছন্নং সুপরিষ্কৃতম্। প্রত্যপাদয়ত বাসায় প্রদদৌ, প্রভুর্ভীষ্মঃ ॥৯॥

স ইতি। মহান্ ইষ্বাসো ধনুর্যস্য স মহেষ্বাসো মহাধনুর্দ্ধর ইত্যর্থঃ ॥১০॥

প্রতীতি। রহসি নির্জ্জনে, একঃ শিষ্যেতররহিতঃ, প্রতীতাত্মা তেষাং দর্শনেনৈব সন্তুষ্টচিত্তঃ। কৃতোপসদনান্ শিক্ষাগ্রহণায় আসন্নীভূতান্ ॥১১॥

কার্য্যমিতি। হে অনঘাঃ। যুষ্মাভিঃ কৃতাস্ত্রৈঃ শিক্ষিতাস্ত্রৈঃ সদ্ভিঃ। ঋতং সত্যম্ ॥১২॥

ভারতভাবদীপঃ

প্রতীতি ॥১—৮॥ সুপরিচ্ছন্নং সুধাদ্যালিপ্তম্ ॥৯—১০॥ প্রতীতাত্মা হৃষ্টচিত্তঃ।

তাহার পর, দ্রোণাচার্য্য বিশ্রাম করিলে, ভীষ্ম যুধিষ্ঠির ও দুর্য্যোধনপ্রভৃতি পৌত্রগণকে আনিয়া শিষ্যরূপে দ্রোণাচার্য্যের হস্তে সমর্পণ করিলেন এবং তাঁহাকে নানাবিধ ধন দান করিলেন ॥৮॥

এবং শক্তিশালী ভীষ্ম ধন ও ধান্যে পরিপূর্ণ এবং অত্যন্ত পরিষ্কৃত একখানি বাড়ী দ্রোণাচার্য্যকে দান করিলেন ॥৯॥

তাহাতে সন্তুষ্ট হইয়া মহাধনুর্দ্ধর দ্রোণাচার্য্য পাণ্ডুর পুত্রগণ ও ধৃতরাষ্ট্রের পুত্রগণকে শিষ্যরূপে গ্রহণ করিলেন ॥১০॥

তাহার পর আনন্দিত চিত্ত দ্রোণাচার্য্য একাকী কোন নির্জ্জন স্থানে সেই শিষ্যগণকে লইয়া গেলেন এবং তাঁহারা নিকটবর্ত্তী হইলে এই কথা বলিলেন—॥১১॥

"হে নিষ্পাপ কুমারগণ! আমার মনে কোন একটী বাঞ্ছিত বিষয় রহিয়াছে; তোমরা অস্ত্রশিক্ষা করিয়া তাহা দান করিবে, ইহা সত্য বল" ॥১২॥

তচ্ছ্রুত্বা কৌরবেয়াস্তে তূষ্ণীমাসন্ বিশাম্পতে ।।
অর্জ্জুনস্তু ততঃ সর্ব্বং প্রতিজজ্ঞে পরন্তপঃ ॥১৩॥
ততোঽর্জ্জুনং তদা মূর্দ্ধ্নি সমাঘ্রায় পুনঃ পুনঃ ।
প্রীতিপূর্ব্বং পরিষ্বজ্য প্ররুরোদ মুদা তদা ॥১৪॥
অশ্বত্থামানমাহূয় দ্রোণো বচনমব্রবীৎ ।
সখায়ং বিদ্ধি তে পার্থং ময়া দত্তঃ প্রগৃহ্যতাম্ ॥১৫॥
সাধু সাধ্বিতি তং পার্থঃ পরিষ্বজ্যেদমব্রবীৎ ।
অদ্য প্রভৃতি বিপ্রেন্দ্র ! পরবানস্মি ধর্ম্মতঃ ॥১৬॥
শিষ্যোঽহং ত্বৎপ্রসাদেন জীবামি দ্বিজসত্তম ।।
ইত্যুক্ত্বা তু তদা পার্থঃ পাদৌ জগ্রাহ পাণ্ডবঃ ॥১৭॥
ততো দ্রোণঃ পাণ্ডুপুত্রান্ শস্ত্রাণি বিবিধানি চ ।
গ্রাহয়ামাস দিব্যানি মানুষাণি চ বীর্য্যবান্ ॥১৮॥

ভারতকৌমুদী

তদিতি। হে বিশাম্পতে। প্রজানাথ। জনমেজয়।। তূষ্ণীং নীরবাঃ॥১৩॥
তত ইতি। পরিষ্বজ্য আলিঙ্গ্য, দ্রোণ ইত্যনুকর্ষঃ॥১৪॥
অশ্বেতি। পার্থং পৃথাপুত্রমর্জ্জুনম্॥১৫॥
সাধ্বিতি। তম্ অশ্বত্থামানম্। পরবান্ তবাধীনঃ॥১৬॥
শিষ্য ইতি। পাদৌ অশ্বত্থাম্ন এব॥১৭॥
তত ইতি। গ্রাহয়ামাস শিক্ষয়ামাস। দিব্যানি স্বর্গীয়াণি॥১৮॥

মহারাজ! তাহা শুনিয়া অন্যান্য বালকেরা নীরব রহিল; কিন্তু শত্রুসন্তাপী অর্জ্জুন 'সমস্তই দিবেন' বলিয়া প্রতিজ্ঞা করিলেন॥১৩॥

তখন দ্রোণাচার্য্য স্নেহবশতঃ বার বার অর্জ্জুনের মস্তকাঘ্রাণ এবং আলিঙ্গন করিয়া, আনন্দাশ্রু মোচন করিলেন॥১৪॥

দ্রোণ অশ্বত্থামাকে ডাকিয়া এই কথা বলিলেন—"অর্জ্জুনকে তোমার সখা বলিয়া জানিবে; আমি ইহাকে দিলাম, তুমি সখা বলিয়া গ্রহণ কর"॥১৫॥

তখন অর্জ্জুন 'সাধু সাধু' বলিয়া অশ্বত্থামাকে আলিঙ্গন করিয়া এই কথা বলিলেন—"ব্রাহ্মণশ্রেষ্ঠ! আজ হইতে ধর্ম্মানুসারে আমি আপনার অধীন হইলাম॥১৬॥

ব্রাহ্মণশ্রেষ্ঠ! আমি আপনার শিষ্য; সুতরাং আপনার অনুগ্রহেই আমি জীবন ধারণ করিব।" এই বলিয়া অর্জ্জুন অশ্বত্থামার চরণযুগল ধারণ করিলেন॥১৭॥

১৫ ১৬ ১৭ শ্লোকা দাক্ষিণাত্যপুস্তক এব দৃশ্যন্তে।

রাজপুত্রাস্তথৈবান্যে সমেত্য ভরতর্ষভ।
অভিজগ্মুস্ততো দ্রোণমস্ত্রার্থে দ্বিজসত্তমম্ ॥১৯॥
বৃষ্ণয়শ্চান্ধকাশ্চৈব নানাদেশ্যাশ্চ পার্থিবাঃ।
সূতপুত্রশ্চ রাধেয়ো গুরুং দ্রোণমিয়াত্তদা ॥২০॥
স্পর্দ্ধমানস্তু পার্থেন সূতপুত্রোঽত্যমর্ষণঃ।
দুর্য্যোধনমুপাশ্রিত্য সোঽবমন্যত পাণ্ডবান্।
অভ্যযাৎ স ততো দ্রোণং ধনুর্ব্বেদচিকীর্ষয়া ॥২১॥
শিক্ষাভুজবলোদ্যোগৈস্তেষু সর্ব্বেষু পাণ্ডবঃ।
অস্ত্রবিদ্যানুরাগাচ্চ বিশিষ্টোঽভবদর্জ্জুনঃ ॥২২॥
তুল্যেষ্বস্ত্রপ্রয়োগেষু লাঘবে সৌষ্ঠবেষু চ।
সর্ব্বেষামেব শিষ্যাণাং বভূবাভ্যধিকোঽর্জ্জুনঃ ॥২৩॥

ভারতকৌমুদী

রাজেতি। অন্যে দুর্য্যোধনাদয়ঃ। অস্ত্রার্থে অস্ত্রশিক্ষার্থে ॥১৯॥
বৃষ্ণ্য ইতি। পার্থিবাঃ পার্থিবপুত্রা অভিজগ্মুরিত্যনুবৃত্তিঃ। ইয়াৎ অগচ্ছৎ ॥২০॥
স্পর্দ্ধেতি। পার্থেন অর্জ্জুনেন। অত্যমর্ষণঃ অতীবক্রোধনঃ। স সূতপুত্রঃ, ধনুর্ব্বেদস্তচ্ছিক্ষা তস্যাশ্চিকীর্ষয়া কর্ত্তুমিচ্ছয়া। ষট্‌পাদোঽয়ং শ্লোকঃ ॥২১॥
শিক্ষেতি। তেষু সর্ব্বেষু কুমারেষু মধ্যে, পাণ্ডবোঽর্জ্জুনঃ, বিশিষ্টঃ শ্রেষ্ঠঃ ॥২২॥

ভারতভাবদীপঃ

কৃতোপসদনান্ কৃতপাদগ্রহণান্ ॥১১—২০॥ ধনুর্ব্বেদস্য চিকীর্ষয়া জিজ্ঞাসয়া শিক্ষাদিভিঃ পাণ্ডবো দ্রোণমভ্যযাদভিগতঃ, তত্তুল্যোঽভবদিত্যর্থঃ ॥২১॥ অতএব তেষু বিশিষ্টঃ ॥২২॥

তাহার পর, শক্তিশালী দ্রোণ পাণ্ডুর পুত্রগণকে নানাবিধ দেবাস্ত্র ও মানুষাস্ত্র শিক্ষা দিতে লাগিলেন ॥১৮॥

দুর্য্যোধনপ্রভৃতি অন্যান্য রাজপুত্রগণও আসিয়া অস্ত্রশিক্ষার জন্য দ্রোণের আশ্রয় লইলেন ॥১৯॥

এবং বৃষ্ণিবংশীয়, অন্ধকবংশীয় ও নানাদেশীয় রাজপুত্রেরাও দ্রোণাচার্য্যের নিকট আসিলেন এবং সূতপুত্র কর্ণও আসিয়া দ্রোণাচার্য্যকে গুরু বলিয়া স্বীকার করিলেন ॥২০॥

অতিকোপনস্বভাব কর্ণ অর্জ্জুনের সহিত স্পর্দ্ধা করিতেন এবং দুর্য্যোধনকে অবলম্বন করিয়া পাণ্ডবগণকে অবজ্ঞা করিতেন, আর তিনি ধনুর্ব্বেদ শিক্ষা করিবার ইচ্ছায় দ্রোণের নিকট আসিতেন ॥২১॥

শিক্ষা, বাহুবল, উদ্‌যোগ এবং অস্ত্রবিদ্যার প্রতি অনুরাগবশতঃ অর্জ্জুনই সেই কুমারগণের মধ্যে শ্রেষ্ঠ হইয়া উঠিলেন ॥২২॥

ঐন্দ্রিমপ্রতিমং দ্রোণ উপদেশেষ্বমন্যত।
এবং সর্ব্বকুমারাণামিষ্বস্ত্রং প্রত্যপাদয়ৎ ॥২৪॥
কমণ্ডলুঞ্চ সর্ব্বেষাং প্রায়চ্ছচ্চিরকারণাৎ।
পুত্রায় চ দদৌ কুম্ভমবিলম্বনকারণাৎ ॥২৫॥
যাবত্তে নোপগচ্ছন্তি তাবদস্মৈ পরাং ক্রিয়াম্।
দ্রোণ আচষ্ট পুত্রায় তৎ কর্ম্ম জিষ্ণুরৌজিহৎ ॥২৬॥

ভারতকৌমুদী

অথ কেষু বিষয়েষু বিশিষ্টোঽভবদিত্যাহ—তুল্যেষ্বিতি। লাঘবে শীঘ্রতায়াম্, সৌষ্ঠবেষু কৌশলেষু ॥২৩॥

ঐন্দ্রিমিতি। ঐন্দ্রিম অর্জ্জুনম্, অপ্রতিমং নিরুপমম্, উপদেশেষু শিক্ষাসু ॥২৪॥

কমেতি। দ্রোণঃ, চিরকারণাৎ বিলম্বেনাগমনহেতোঃ, সর্ব্বেষামেব শিষ্যাণাং হস্তে, কমণ্ডলুং সূক্ষ্মমুখং জলপাত্রবিশেষম্, প্রায়চ্ছৎ জলং পূরয়িত্বানয়নায় দত্তবান্। তথা অবিলম্বনকারণাৎ শীঘ্রাগমনহেতোঃ, পুত্রায় অশ্বত্থাম্নে, কুম্ভং বিশালমুখং কলসম্, দদৌ জলং পূরয়িত্বানয়নায় অর্পিতবান্। অহো! গরীয়সী শঠতেয়মাচার্য্যস্য ॥২৫॥

যাবদিতি। তে শিষ্যাঃ, যাবৎ, ন উপগচ্ছন্তি সূক্ষ্মমুখকমণ্ডলুপূরণে বিলম্বাদিতি ভাবঃ। তাবৎ, অস্মৈ পুত্রায় অশ্বত্থাম্নে বিশালমুখং কুম্ভং পূরয়িত্বা সত্বরমাগতায়েত্যাশয়ঃ, দ্রোণঃ, পরাং ক্রিয়াম্ অস্ত্রপ্রয়োগসঙ্কেতম্, আচষ্ট উক্তবান্। জিষ্ণুরর্জ্জুনস্তু, তৎ কর্ম্ম, ঔজিহৎ মনসা তর্কিতবান্। "উহ বিতর্কে" ইত্যস্মাদ্ধাতত্যাঃ প্রয়োগোঽয়ম্ ॥২৬॥

ভারতভাবদীপঃ

এতদেবাহ—তুল্যেষ্বিতি ॥২৩॥ কমণ্ডলুং সূক্ষ্মমুখত্বাৎ বিলম্বেন পূরণীয়ম্ ॥২৪॥ কুম্ভং

একজাতীয় অস্ত্রপ্রয়োগেই লঘুহস্ততায় ও কৌশলে অর্জ্জুনই সেই শিষ্যগণের মধ্যে প্রধান হইয়া পড়িলেন ॥২৩॥

সুতরাং দ্রোণাচার্য্য অর্জ্জুনকেই শিক্ষার বিষয়ে অসাধারণ বলিয়া মনে করিতে লাগিলেন এবং সেইভাবেই তিনি সকল কুমারকে ধনুর্ব্বেদ শিক্ষা দিতে থাকিলেন ॥২৪॥

জলপূর্ণ করিয়া আনিতে বিলম্ব হইবার জন্য অন্যান্য শিষ্যের নিকট দ্রোণ এক একটী কমণ্ডলু দিতেন এবং সত্বর জলপূর্ণ করিয়া আনিবার জন্য তিনি অশ্বত্থামার নিকট একটী কলসী দিতেন ॥২৫॥

সুতরাং অন্যান্য শিষ্যেরা যে পর্য্যন্ত না আসিত, ইতিমধ্যে সত্বরাগত অশ্বত্থামাকে দ্রোণ অন্য প্রকার অস্ত্রপ্রয়োগ-সঙ্কেত বলিয়া দিতেন; সেই ঘটনা কিন্তু অর্জ্জুন বুঝিয়া ফেলিতেন ॥২৬॥

---

(২৬)…জিষ্ণুরোহত।

ততঃ স বারুণাস্ত্রেণ পূরয়িত্বা কমণ্ডলুম্।
সমমাচার্য্যপুত্রেণ গুরুমভ্যেতি ফাল্গুনঃ ॥২৭॥
আচার্য্যপুত্রাত্তস্মাত্তু বিশেষোপচয়েঽপৃথক্।
ন ব্যহীয়ত মেধাবী পার্থোঽস্ত্রবিদুষাং বরঃ ॥২৮॥
অর্জ্জুনঃ পরমং যত্নমাতিষ্ঠদ্গুরুপূজনে।
অস্ত্রে চ পরমং যোগং প্রিয়ো দ্রোণস্য চাভবৎ ॥২৯॥
তং দৃষ্ট্বা নিত্যমুদ্যুক্তমিষ্বস্ত্রং প্রতি ফাল্গুনম্।
আহূয় বচনং দ্রোণো রহঃ সূদমভাষত ॥৩০॥
অন্ধকারেঽর্জ্জুনায়ান্নং ন দেয়ং তে কদাচন।
ন চাখ্যেয়মিদঞ্চাপি মদ্বাক্যং বিজয়ে ত্বয়া ॥৩১॥

ভারতকৌমুদী

তত ইতি। স ফাল্গুনোঽর্জ্জুনঃ। আচার্য্যপুত্রেণ অশ্বত্থাম্না, সমং সহৈব ॥২৭॥

আচার্য্যেতি। অতঃ অপৃথক্ অশ্বত্থাম্না সহৈব, বিশেষেণ উপচয়ে শিক্ষাধিক্যে সতি তস্মাদেবেত্যর্থঃ। পার্থোঽর্জ্জুনঃ, ন ব্যহীয়ত বিহীনো ন্যূনো নাভবৎ ॥২৮॥

অর্জ্জুন ইতি। আতিষ্ঠৎ আশ্রিতবান্। অস্ত্রে চ পরমং যোগমাসক্তিমাতিষ্ঠদিতি সম্বন্ধঃ ॥২৯॥

তমিতি। ফাল্গুনম্ অর্জ্জুনম্। রহো নির্জ্জনে, সূদং পাচকং জনম্ ॥৩০॥

ভারতভাবদীপঃ

বিস্তীর্ণমুখত্বাৎ সত্বঃ পূরণীয়ম্ ॥২৫॥ তস্য ফলমাহ—যাবদিতি। ঊহত তর্কিতবান্ ॥২৬—২৭॥ বিশেষোপচয়ে গুণবৃদ্ধৌ। অপৃথক্ সহৈবাস্তে। অতো ন ব্যহীযত ন বিহীনোঽভূৎ ॥২৮॥ যোগমৈকাগ্র্যম্ ॥২৯॥ সূদং সূপকারং প্রতি, অন্নং ন দেয়ং কিন্ত্বন্ধকারে মুখাদন্যত্র গ্রাসাঃ পতিষ্যন্তীতি নান্নং দদামীতি স ত্বয়া বাচ্য ইতি ভাবঃ। বিজয়ে অর্জ্জুনে। অয়ম্ভাবঃ—অত্যভ্যাসান্মুখাদন্যত্র গ্রাসা ন পতন্ত্যেব, এবং তমসি শব্দাদিলক্ষ্যাদন্যত্র শরা অপি ন পতেযুরিত্যুক্তোঽর্জ্জুনো যদি কেনেদমুক্তমিতি পৃচ্ছেৎ তর্হি লৌকিক এবায়মর্থ ইতি

তাহার পর, অর্জ্জুন বারুণাস্ত্রে কমণ্ডলু পূর্ণ করিয়া অশ্বত্থামার সঙ্গেই দ্রোণের নিকট আসিতে লাগিলেন ॥২৭॥

সুতরাং একসঙ্গেই শিক্ষাবৃদ্ধি হইতে থাকায় মেধাবী ও অস্ত্রজ্ঞশ্রেষ্ঠ অর্জ্জুন অশ্বত্থামা হইতে কোন অস্ত্রেই ন্যূন হইতে লাগিলেন না ॥২৮॥

অর্জ্জুন গুরুশুশ্রূষায় বিশেষ যত্ন করিতে লাগিলেন এবং অস্ত্রশিক্ষাতেও অত্যন্ত আসক্ত হইলেন; তাহাতেই তিনি দ্রোণাচার্য্যের বিশেষ প্রীতিভাজন হইয়া পড়িলেন ॥২৯॥

দ্রোণাচার্য্য অর্জ্জুনকে বাণশিক্ষায় সর্ব্বদাই উদ্‌যোগী দেখিয়া, নির্জ্জনে পাচককে ডাকিয়া এই কথা বলিলেন—॥৩০॥

ততঃ কদাচিদ্ভুঞ্জান প্রববৌ বায়ুরর্জ্জুনে।
তেন তত্র প্রদীপঃ স দীপ্যমানো নিবাপিতঃ ॥৩২॥
ভুক্ত এব তু কৌন্তেয়ো নাস্থাদন্যত্র বর্ত্ততে।
হস্তস্তেজস্বিনস্তস্য অনুগ্রহণকারণাৎ ॥৩৩॥
তদভ্যাসকৃতং মত্বা রাত্রাবপি স পাণ্ডবঃ।
যোগ্যাং চক্রে মহাবাহুর্ধনুষা পাণ্ডুনন্দনঃ ॥৩৪॥
তস্য জ্যাতলনির্ঘোষং দ্রোণঃ শুশ্রাব ভারত!।
উপেত্য চৈনমুত্থায় পরিষ্বজ্যেদমব্রবীৎ ॥৩৫॥

ভাবতকৌমুদী

অন্ধেতি। বিজযে অর্জ্জুনে অর্জ্জুনং প্রতি। অন্ধকাবে অন্নভোজনে নিস্পন্নে তদনু-মানেনার্জ্জুনঃ অভ্যাসস্যৈব প্রধানোপযোগিতাং মন্যমানঃ স্বয়মেব শব্দভেদ্যস্ত্রং শিক্ষিষ্যতে, তদা চ তদধ্যাপ্যমানমশ্বত্থামানমতিক্রমিষ্যতীতি ভাবঃ ॥৩১॥

তত ইতি। তেন বায়ুনা। দীপ্যমানঃ প্রজ্বলন্নপি, নিবাপিতো নির্বাপিতঃ ॥৩২॥

ভুক্ত ইতি। আস্যান্মুখাৎ। অনুগ্রহণং চিবাযৌষ্ঠস্পর্শনং তৎকাবণাৎ ॥৩৩॥

তদিতি। যোগ্যামভ্যাসম্, "যোগ্যাঽভ্যাসার্কযোষিতোঃ" ইতি বিশ্বঃ ॥৩৪॥

তস্যেতি। শুশ্রাব শয্যাস্থিতঃ। অতঃ শয্যাত এব উত্থায ॥৩৫॥

ভাবতভাবদীপঃ

তং প্রতি বক্তব্যম্, ন তু দ্রোণবাক্যমেতদিতি ॥৩০—৩১॥ এবং গুরুণা শিষ্যস্যাভ্যাসে প্রবৃত্তৌ জ্ঞাপিতায়াং ততঃ প্রাগেবার্জ্জুনঃ স্বদৃষ্টান্তেনৈব তজ্জ্ঞাতবানিত্যাহ—দ্বাভ্যাম্, তত

"তুমি কখনও অন্ধকাবে অর্জ্জুনকে অন্ন দিও না এবং একথা যে আমি বলিযা দিলাম, ইহাও অর্জ্জুনকে বলিও না" ॥৩১॥

তাহাব পব, কোন সময়ে অর্জ্জুন ভোজন করিতে লাগিলে, বাযু বহিত হইতে থাকিল; সুতবাং সেখানেব প্রজ্বলিত দীপটাকে সে বাযু নিবাইয়া ফেলিল ॥৩২॥

তথাপি অর্জ্জুন কিন্তু ভোজন কবিতে থাকিলেন, অথচ সেই অন্ধকাবেও তাঁহার হাত অভ্যাসবশতঃ মুখ ছাড়া অন্যত্র গেল না ॥৩৩॥

ইহা অভ্যাসবশতই হইল, ইহা মনে কবিয়া, তদবধি অর্জ্জুন বাত্রিব অন্ধকাবেও ধনু দ্বাবা বাণক্ষেপেব অভ্যাস কবিতে লাগিলেন ॥৩৪॥

একদা দ্রোণাচার্য্য শয্যায় শয়ন কবিয়া অর্জ্জুনের জ্যানির্ঘোষ শুনিতে পাইলেন, অমনি তিনি উঠিয়া যাইয়া অর্জ্জুনকে আলিঙ্গন করিয়া এই কথা বলিলেন ॥৩৫॥

(৩৩)... ন চান্যত্র প্রবর্ত্ততে...অন্নগ্রহণকারণাৎ। (৩৪)...যোগ্যাং চক্রে, ...যোগং চক্রে...।

দ্রোণ উবাচ।

প্রযতিষ্যে তথা কর্ত্তুং যথা নান্যো ধনুর্দ্ধরঃ।
ত্বৎসমো ভবিতা লোকে সত্যমেতদ্‌ব্রবীমি তে ॥৩৬॥

বৈশম্পায়ন উবাচ।

ততো দ্রোণোঽর্জ্জুনং ভূয়ো হয়েষু চ গজেষু চ।
রথেষু ভূমাবপি চ রণশিক্ষামশিক্ষয়ৎ ॥৩৭॥
গদাযুদ্ধেঽসিচর্য্যায়াং তোমরপ্রাসশক্তিষু।
দ্রোণঃ সঙ্কীর্ণযুদ্ধে চ শিক্ষয়ামাস কৌরবান্ ॥৩৮॥
তস্য তৎ কৌশলং শ্রুত্বা ধনুর্ব্বেদজিঘৃক্ষবঃ।
রাজানো রাজপুত্রাশ্চ সমাজগ্মুঃ সহস্রশঃ ॥৩৯॥
ততো নিষাদরাজস্য হিরণ্যধনুষঃ সুতঃ।
একলব্যো মহারাজ! দ্রোণমভ্যাজগাম হ ॥৪০॥

ভারতকৌমুদী

প্রযতিষ্য ইতি। অর্জ্জুনস্য ভক্তিযোগ্যতাদর্শনাদিয়ং প্রতিজ্ঞা ॥৩৬॥
তত ইতি। হয়েষু অশ্বেষু। ভূমাবপি চ পদাতিভাবেন ॥৩৭॥
গদেতি। তোমরাদয়োঽস্ত্রবিশেষাঃ। সঙ্কীর্ণযুদ্ধে অনিয়মিতযুদ্ধে ॥৩৮॥
তস্যেতি। তস্য দ্রোণস্য, কৌশলং নৈপুণ্যম্। ধনুর্ব্বেদজিঘৃক্ষবো যুদ্ধশিক্ষার্থিনঃ ॥৩৯॥
তত ইতি। হিরণ্যধনুষস্তদাখ্যস্য। একলব্যো নাম ॥৪০॥

ভারতভাবদীপঃ

ইতি ॥৩২—৩৩॥ অনুগ্রহণমভ্যাসঃ। যোগ্যামভ্যাসম্ ॥৩৪॥ শ্রবণোত্তরমুখাযোপেত্যেতি ক্রমঃ ॥৩৫—৩৭॥ সঙ্কীর্ণযুদ্ধে যুগপদনেকায়ুধপ্রয়োগে, যুগপদনেকৈঃ সহ যুদ্ধে বা ॥৩৮—৪০॥

দ্রোণ বলিলেন—"অর্জ্জুন! আমি তোমার শিক্ষার জন্য এমন চেষ্টা করিব যাহাতে জগতে অন্য কোন ধনুর্দ্ধরই তোমার তুল্য না হইতে পারে; ইহা তোমাকে সত্য বলিলাম" ॥৩৬॥

বৈশম্পায়ন বলিলেন—তাহার পর, দ্রোণাচার্য্য অর্জ্জুনকে হস্তী, অশ্ব, রথ এবং ভূতলে থাকিয়া যুদ্ধ করিবার শিক্ষা দিতে লাগিলেন ॥৩৭॥

এবং দ্রোণ সমস্ত কুরুকুমারকেই গদাযুদ্ধ, অসিযুদ্ধ, তোমর, কুন্ত ও শক্তিযুদ্ধ এবং সঙ্কুলযুদ্ধের শিক্ষা দিতে থাকিলেন ॥৩৮॥

দ্রোণাচার্য্যের সেই নৈপুণ্যের সংবাদ শুনিয়া, ধনুর্ব্বেদশিক্ষার্থী সহস্র সহস্র রাজা ও রাজপুত্রেরা তাঁহার নিকট আসিতে লাগিলেন ॥৩৯॥

তাহার পর, নিষাদাধিপতি হিরণ্যধনুর পুত্র একলব্য দ্রোণাচার্য্যের নিকট শিক্ষার্থী হইয়া উপস্থিত হইল ॥৪০॥

ন স তং প্রতিজগ্রাহ নৈষাদিরিতি চিন্তয়ন্ ।
শিষ্যং ধনুষি ধর্ম্মজ্ঞস্তেষামেবান্ববেক্ষয়া ॥৪১॥
স তু দ্রোণস্য শিরসা পাদৌ গৃহ্য পরন্তপ ।
অরণ্যমনুসম্প্রাপ্য কৃত্বা দ্রোণং মহীময়ম্ ॥৪২॥
তস্মিন্নাচার্য্যবৃত্তিঞ্চ পরমামাস্থিতস্তদা ।
ইষ্বস্ত্রে যোগমাতস্থে পরং নিয়মমাস্থিতঃ ॥৪৩॥ (যুগ্মকম্)
পরয়া শ্রদ্ধযোপেতো যোগেন পরমেণ চ ।
বিমোক্ষাদানসন্ধানে লঘুত্বং পরমাপ সঃ ॥৪৪॥
অথ দ্রোণাভ্যনুজ্ঞাতাঃ কদাচিৎ কুরুপাণ্ডবাঃ ।
রথৈর্বিনির্যযুঃ সর্ব্বে মৃগয়ামরিমর্দ্দন ! ॥৪৫॥

ভারতকৌমুদী

নেতি। নৈষাদির্নিষাদপুত্রঃ, ধর্ম্মজ্ঞো ন্যায়বিৎ। তেষাং রাজপুত্রাণামেব, অন্ববেক্ষয়া শ্রেষ্ঠত্ব-পর্য্যালোচনয়া। উচ্চৈঃ সহ নীচস্য সাহচর্য্যবিধানমন্যায্যমেবেতি ভাবঃ ॥৪১॥

স ইতি। স একলব্যঃ, শিরসা দ্রোণস্য পাদৌ গৃহ্যেতি সম্বন্ধঃ। মহীময়ং মৃন্ময়ম্। আচার্য্যবৃত্তিং শিক্ষকজ্ঞানম্। যোগং শিক্ষাসঙ্গতিম্, আতস্থে আশ্রিতবান্ ॥৪২—৪৩॥

পরয়েতি। শ্রদ্ধয়া বিশ্বাসেন। যোগেন ঐকাগ্র্যেণ। লঘুত্বং দ্রুতহস্তত্বম্ ॥৪৪॥

অথেতি। মৃগয়াং কর্ত্তুমিতি শেষঃ। অরিমর্দ্দনেতি জনমেজয়সম্বোধনম্ ॥৪৫॥

ভারতভাবদীপঃ

তেষামন্ববেক্ষয়া তেভ্যোঽধিকো মা ভূদিতি বুদ্ধ্যা ॥৪১॥ মহীময়ং মৃন্ময়ম্ ॥৪২॥ ইষ্বস্ত্রে

কিন্তু একলব্য নিষাদের পুত্র ইহা ভাবিয়া, রাজপুত্রগণের সহিত তাহার সম্মেলন সঙ্গত নহে—এইরূপ পর্য্যালোচনা করিয়া, ন্যায়জ্ঞ দ্রোণাচার্য্য ধনুর্ব্বেদ-শিক্ষায় এই একলব্যকে শিষ্যরূপে গ্রহণ করিলেন না ॥৪১॥

তথাপি কিন্তু একলব্য মস্তক অবনত করিয়া দ্রোণের চরণযুগলে প্রণত হইয়া, বনে যাইয়া, মৃন্ময় দ্রোণমূর্ত্তি নির্ম্মাণ করিয়া, তাহার উপরেই আচার্য্য ধারণা রাখিয়া, বিশেষ নিয়ম অবলম্বনপূর্ব্বক ধনুর্ব্বেদ শিক্ষা করিতে লাগিল ॥৪২—৪৩॥

'আমি অবশ্যই ধনুর্দ্ধর হইব' এইরূপ গুরুতর বিশ্বাস এবং অত্যন্ত একাগ্রতা থাকায় একলব্য অস্ত্রগ্রহণ, সন্ধান ও নিক্ষেপে অত্যন্ত লঘুহস্ততা লাভ করিল ॥৪৪॥

তাহার পর, কোন সময়ে দ্রোণাচার্য্যের অনুমতি অনুসারে কৌরবগণ ও পাণ্ডবগণ সকলে মিলিয়া রথে আরোহণ করিয়া মৃগয়া করিবার জন্য নির্গত হইলেন ॥৪৫॥

তত্রোপকরণং গৃহ্য নরঃ কশ্চিদ্‌যদৃচ্ছয়া।
রাজন্নন্বগমৈকঃ শ্বানমাদায় পাণ্ডবান্ ॥৪৬॥
তেষাং বিচরতাং তত্র তত্তৎকর্ম্মচিকীর্ষয়া।
শ্বা চরন্ স বনে মূঢ়ো নৈষাদিং প্রতি জগ্মিবান্ ॥৪৭॥
স কৃষ্ণং মলদিগ্ধাঙ্গং কৃষ্ণাজিনজটাধরম্।
নৈষাদিং শ্বা সমালক্ষ্য ভষংস্তস্থৌ তদন্তিকে ॥৪৮॥
তদা তস্যাথ ভষতঃ শুনঃ সপ্ত শরান্ মুখে।
লাঘবং দর্শয়ন্নস্ত্রে মুমোচ যুগপদ্‌যথা ॥৪৯॥
স তু শ্বা শরপূর্ণাস্যঃ পাণ্ডবানাজগাম হ।
তং দৃষ্ট্বা পাণ্ডবা বীরাঃ পরং বিস্ময়মাগতাঃ ॥৫০॥

ভাবতকৌমুদী

তত্রেতি। উপকরণং মৃগধারণসাধকং রজ্জুজালাদি। শ্বানং শিক্ষিতকুকুরম্ ॥৪৬॥

তেষামিতি। তেষাং কুমারাণাম্। তত্তৎকর্ম্মণাং মৃগান্বেষণাদীনাং চিকীর্ষয়া কর্ত্তুমিচ্ছয়া ॥৪৭॥

স ইতি। মলদিগ্ধাঙ্গং সংস্কারাভাবাৎ ধূল্যাদ্যাকীর্ণগাত্রম্। ভষন্ রবং কুর্ব্বন্। "ভষভর্ৎসনে" ইতি ভৌবাদিকো ধাতুঃ, "অত্র ভর্ৎসনং শ্বরবঃ" ইতি চ তদ্‌বৃত্তিঃ ॥৪৮॥

তদেতি। লাঘবং শীঘ্রপ্রযোক্তৃতাম্, দর্শয়ন্ প্রকাশয়ন্। মুমোচ একলব্য ইতি শেষঃ ॥৪৯॥

স ইতি। তাদৃশদৃঢ়প্রহারাভাবেন শুনঃ শরপূর্ণাস্যত্বমাত্রম্, ন তু মৃত্যুরিতি বোধ্যম্ ॥৫০॥

ভারতভাবদীপঃ

ইষুপ্রয়োগে, যোগমৈকাগ্র্যম্ ॥৪৩॥ লঘুত্বং শীঘ্রপ্রযোক্তৃত্বম্ ॥৪৪—৪৫॥ উপকরণং শ্বরা-

তখন কোন একটা লোক দড়ি ও জালপ্রভৃতি মৃগয়ার উপকরণ এবং একটা শিক্ষিত কুকুর লইয়া, কুমারগণের পিছনে পিছনে গেল ॥৪৬॥

কুমারগণ বনে যাইয়া মৃগের অন্বেষণ ও অনুসরণপ্রভৃতি কার্য্য করিবার ইচ্ছায় ইতস্ততঃ বিচরণ করিতে লাগিলেন, এদিকে সেই কুকুরটা গুপ্তভাবে বিচরণ করিতে করিতে একলব্যের নিকট গেল ॥৪৭॥

পরে, সেই কুকুরটা কৃষ্ণবর্ণ, ধূলিধূসরিত দেহ এবং কৃষ্ণাজিনজটাধারী একলব্যকে দেখিয়া, তাহার নিকট থাকিয়া এবং তাহার দিকেই চাহিয়া ডাকিয়া উঠিল ॥৪৮॥

সেই কুকুরটা ডাকিবামাত্র একলব্য অস্ত্রপ্রয়োগে লঘুহস্ততা প্রকাশ করিয়া একদাই সাতটা বাণ তাহার মুখের ভিতরে নিক্ষেপ করিল ॥৪৯॥

(৪৮) স কৃষ্ণমলদিগ্ধাঙ্গম্‌…।

লাঘবং শব্দবেধিত্বং দৃষ্ট্বা তৎ পরমং তদা।
প্রেক্ষ্য তং ব্রীড়িতাশ্চাসন্ প্রশশংসুশ্চ সর্ব্বশঃ ॥৫১॥
তং ততোঽন্বেষমাণাস্তে বনে বননিবাসিনম্।
দদৃশুঃ পাণ্ডবা রাজন্! অস্যন্তমনিশং শরান্ ॥৫২॥
ন চৈবমভ্যজানংস্তে তদা বিকৃতদর্শনম্।
অথৈনং পরিপপ্রচ্ছুঃ কো ভবান্ কস্য বেত্যুত ॥৫৩॥

একলব্য উবাচ।

নিষাদাধিপতের্বীরাঃ! হিরণ্যধনুষঃ সুতম্।
দ্রোণশিষ্যঞ্চ মাং বিত্ত ধনুর্ব্বেদকৃতশ্রমম্ ॥৫৪॥

ভারতকৌমুদী

লাঘবমিতি। শব্দবেধিত্বং শব্দানুসারেণ প্রহারবিধায়িত্বম্, দৃষ্ট্বা অনুমায়েত্যর্থঃ "ভষংস্তস্থৌ তদন্তিকে" ইতি প্রাগুক্তত্বাৎ। "বেধিত্ব"মিতি "বিধ বিধানে" ইত্যস্য রূপম্ ॥৫১॥

তমিতি। অন্বেষমাণা মার্গয়ন্তঃ। অস্যন্তং ক্ষিপন্তম্ ॥৫২॥

নেতি। কৃষ্ণাজিনজটাদিনা বিকৃতদর্শনম্, অতএব তমেকলব্যতয়া নাভ্যজানন্ ॥৫৩॥

নিষাদেতি। হে বীরাঃ!। বিত্ত জানীত যূয়মিতি শেষঃ ॥৫৪॥

ভারতভাবদীপঃ

গুবাদি, মুখ্যান্ত করণমায়ুধমেব ॥৪৬—৪৮॥ অস্ত্রে অস্ত্রপ্রয়োগে লাঘবং কৌশলম্, যেন শরা

সেই কুকুরটা বাণপূর্ণমুখেই পাণ্ডবগণের নিকট আসিল; তখন পাণ্ডবগণ তাহাকে দেখিয়া অত্যন্ত বিস্ময়াপন্ন হইলেন ॥৫০॥

এবং সেইরূপ গুরুতর লঘুহস্ততা ও শব্দবেধিতার বিষয় অনুমান করিয়া, আর, তাহার বিষয় পর্য্যালোচনা করিয়া তাঁহারা লজ্জিত হইলেন এবং সর্ব্বপ্রকারে তাহার প্রশংসা করিলেন ॥৫১॥

তদনন্তর পাণ্ডবগণ বনের ভিতরে অন্বেষণ করিতে থাকিয়া দেখিলেন—একটা লোক অনবরত বাণক্ষেপ করিতেছে ॥৫২॥

কিন্তু তাহার আকৃতি বিকৃত ছিল বলিয়া তাঁহারা তাহাকে চিনিতে পারিলেন না, পরে তাহাকে জিজ্ঞাসা করিলেন—"আপনি কে? এবং কাহার লোক?" ॥৫৩॥

একলব্য বলিল—"বীরগণ! আপনারা অবগত হউন যে, আমি নিষাদরাজ হিরণ্যধনুর পুত্র, দ্রোণাচার্য্যের শিষ্য এবং ধনুর্ব্বেদশিক্ষায় পরিশ্রম করিয়াছি" ॥৫৪॥

---

৫৪ শ্লোকাৎ পরমধ্যায়সমাপ্তিঃ ক্বচিৎ।

বৈশম্পায়ন উবাচ।

তে তমাজ্ঞায় তত্ত্বেন পুনরাগম্য পাণ্ডবাঃ।
যথাবৃত্তং বনে সর্ব্বং দ্রোণায়াচখ্যুরদ্ভুতম্ ॥৫৫॥
কৌন্তেয়স্ত্বর্জ্জুনো রাজন্! একলব্যমনুস্মরন্।
রহো দ্রোণং সমাসাদ্য প্রণয়াদিদমব্রবীৎ ॥৫৬॥

অর্জ্জুন উবাচ।

তদাহং পরিরভ্যৈকঃ প্রীতিপূর্ব্বমিদং বচঃ।
ভবতোক্তো ন মে শিষ্যস্ত্বদ্বিশিষ্টো ভবিষ্যতি ॥৫৭॥
অথ কস্মান্মদ্বিশিষ্টো লোকাদপি চ বীর্য্যবান্।
অন্যোঽপি ভবতঃ শিষ্যো নিষাদাধিপতেঃ সুতঃ ॥৫৮॥

বৈশম্পায়ন উবাচ।

মুহূর্ত্তমপি তং দ্রোণশ্চিন্তয়িত্বা বিনিশ্চয়ম্।
সব্যসাচিনমাদায় নৈষাদিং প্রতি জগ্মিবান্ ॥৫৯॥

ভারতকৌমুদী

ত ইতি। তত্ত্বেন যাথার্থ্যেন, আজ্ঞায় সম্যগবগম্য। আগম্য হস্তিনাম্ ॥৫৫॥

কৌন্তেয় ইতি। একলব্যম্ একলব্যযোগ্যতাম্। রহো নির্জ্জনে ॥৫৬॥

তদেতি। তদা ভবতা পরিরভ্য আলিঙ্গ্য, প্রীতিপূর্ব্বমিদং বচঃ, অহমুক্তঃ, যৎ মে মম একঃ কোঽপি শিষ্যঃ, ত্বৎ ত্বত্তঃ, বিশিষ্টঃ শ্রেষ্ঠো ন ভবিষ্যতি ॥৫৭॥

অথেতি। কস্মাদ্ধেতোঃ, মদ্বিশিষ্টো মদপেক্ষয়া প্রধানঃ, লোকাদ্বীরান্তরাৎ ॥৫৮॥

মুহূর্ত্তমিতি। তং তদ্বিষয়কম্, বিনিশ্চয়ং কর্ত্তব্যনির্দ্ধারণম্। সব্যসাচিনমর্জ্জুনম ॥৫৯॥

বৈশম্পায়ন কহিলেন—পাণ্ডবগণ একলব্যকে যথার্থরূপে জানিয়া, পুনরায় হস্তিনায় আসিয়া, বনের সেই অদ্ভুত বৃত্তান্ত যথাযথভাবে দ্রোণের নিকট বলিলেন ॥৫৫॥

মহারাজ! অর্জ্জুন কিন্তু একলব্যের যোগ্যতার বিষয় স্মরণ করিয়া, কোন সময়ে নির্জ্জনে দ্রোণকে পাইয়া, প্রণয়বশতঃ এই কথা বলিলেন ॥৫৬॥

অর্জ্জুন কহিলেন—"গুরুদেব! আপনি তখন আলিঙ্গন করিয়া প্রীতিপূর্ব্বক আমাকে এই বলিয়াছিলেন যে, 'আমার অন্য কোন শিষ্যই তোমা অপেক্ষা শ্রেষ্ঠ হইবে না' ॥৫৭॥

সেই বাবণাবতবাসী লোক সকল পাণ্ডবগণেব নিকটে যাইয়া, জযধ্বনি ও আশীর্ব্বাদ কবিয়া, তাঁহাদিগকে পবিবেষ্টন কবিযা অবস্থান কবিতে লাগিল ॥৩॥

তখন দেবতাব তুল্য প্রভাবশালী পুরুষশ্রেষ্ঠ ধর্ম্মবাজ যুধিষ্ঠিব সেই বাবণাবতবাসিলোককর্ত্তৃক পবিবেষ্টিত হইযা, দেবগণে পবিবেষ্টিত দেববাজেব ন্যায় শোভা পাইতে লাগিলেন ॥৪॥

তাহাব পব, পুববাসীবা তাঁহাদিগকে অ্যাপায়িত কবিলে, তাঁহাবাও তাঁহাদিগকে আপ্যায়িত কবিয়া, সুশোভিত এবং লোকপূর্ণ বাবণাবতনগবে প্রবেশ কবিলেন ॥৫॥

তে প্রবিশ্য পুরীং বীবাস্তূর্ণং জগ্মুরথো গৃহান্।
ব্রাহ্মণানাং মহীপাল। রতানাং স্বেষু কর্ম্মসু ॥৬॥
নগরাধিকৃতানাঞ্চ গৃহাণি রথিনাং তদা।
উপতস্থুর্নরশ্রেষ্ঠা বৈশ্যশূদ্রগৃহাণ্যপি ॥৭॥
অর্চ্চিতাশ্চ নরৈঃ পৌরৈঃ পাণ্ডবা ভবতর্ষভাঃ।
জগ্মুরাবসথং পশ্চাৎ পুবোচনপুরঃসরাঃ ॥৮॥
তেভ্যো ভক্ষ্যাণি পানানি শয়নানি শুভানি চ।
আসনানি চ মুখ্যানি প্রদদৌ স পুরোচনঃ ॥৯॥
তত্র তে সৎকৃতাস্তেন সুমহার্হপরিচ্ছদাঃ।
উপাস্যমানাঃ পুরুষৈরূষুঃ পুরনিবাসিনঃ ॥১০॥
দশরাত্রোষিতানান্তু তত্র তেষাং পুবোচনঃ।
নিবেদয়ামাস গৃহং শিবাখ্যমশিবং তদা ॥১১॥

ভারতকৌমুদী

ত ইতি। স্বেষু কর্ম্মসু যজনযাজনাদিষু, রতানাং ব্রাহ্মণানাং গৃহানিতি সম্বন্ধঃ ॥৬॥
নগরেতি। নগরাধিকৃতানাং বাবণাবতরক্ষকাণাম্, রথিনাং ক্ষত্রিয়াণামিত্যর্থঃ ॥৭॥
অর্চ্চিতা ইতি। আবসথং তদানীমপি জতুগৃহনির্ম্মাণসমাপ্ত্যভাবাদ্যৎকিঞ্চিদ্ভবনান্তরম্ ॥৮॥
তেভ্য ইতি। তেভ্যঃ কুন্তীপাণ্ডবেভ্যঃ। পানানি পেযানি। শযনানি শয্যাঃ ॥৯॥
তত্রেতি। তে কুন্তীপাণ্ডবাঃ, সৎকৃতাঃ সমাদৃতাঃ. তেন পুরোচনেন। উষুঃ স্থিতাঃ ॥১০॥
দশেতি। শিবাখ্যং শিবনামকম্, প্রকৃতে তু অশিবমমঙ্গলম্, আগ্নেয়দ্রব্যময়ত্বেনাগ্নিভয়-সম্ভবাৎ। "শ্বঃশ্রেয়সং শিবং ভদ্রং কল্যাণং মঙ্গলং শুভম্" ইত্যমবঃ ॥১১॥

মহাবীর পাণ্ডবগণ নগরে প্রবেশ কবিয়া সত্বরই (বিনয়নম্রতা দেখাইবার জন্য,) আপন আপন কার্য্যে নিরত ব্রাহ্মণগণের গৃহে গমন করিলেন ॥৬॥

তৎপরে তাঁহাবা নগরাধিকাবী ক্ষত্রিয়গণের, ক্রমে বৈশ্যগণ ও শূদ্রগণের গৃহেও যাইয়া উপস্থিত হইতে থাকিলেন ॥৭॥

সেই পুববাসী লোকেবা সম্মান কবিলে, ভরতবংশশ্রেষ্ঠ পাণ্ডবগণ পুরোচনকে অগ্রবর্ত্তী কবিয়া কোন বাসভবনে গমন কবিলেন ॥৮॥

তৎপরে পুরোচন তাঁহাদিগকে খাদ্য, পেয়, ভাল ভাল শয্যা এবং আসন নির্দ্দিষ্ট করিয়া দিল ॥৯॥

পুরোচন বিশেষ সমাদার কবিতে থাকিলে, পাণ্ডবগণ মহামূল্য পরিচ্ছদ ধারণ করিয়া সেই বাড়ীতে বাস কবিতে লাগিলেন ; তখন বহুলোক তাঁহাদেব সেবা করিতে থাকিল ॥১০॥

তত্র তে পুরুষব্যাঘ্রা বিবিশুঃ সপরিচ্ছদাঃ।
পুরোচনস্য বচনাৎ কৈলাসমিব গুহ্যকাঃ ॥১২॥
তচ্চাগারমভিপ্রেক্ষ্য সর্ব্বধর্ম্মভৃতাং বরঃ।
উবাচাগ্নেয়মিত্যেবং ভীমসেনং যুধিষ্ঠিরঃ ॥১৩॥
জিঘ্রন্ সোঽস্য বসাগন্ধং সর্পির্জতুবিমিশ্রিতম্।
কৃতং হি ব্যক্তমাগ্নেয়মিদং বেশ্ম পরন্তপ। ॥১৪॥
শণসর্জরসং ব্যক্তমানীয় গৃহকর্ম্মণি।
মুঞ্জবল্বজবংশাদি দ্রব্যং সর্ব্বং ঘৃতোক্ষিতম্ ॥১৫॥(বিশেষকম্)
শিল্পিভিঃ সুকৃতং হ্যাপ্তৈর্বিনীতৈর্বেশ্মকর্ম্মণি।
বিশ্বস্তং মাময়ং পাপো দগ্ধুকামঃ পুরোচনঃ ॥১৬॥

ভারতকৌমুদী

তত্রেতি। তে পাণ্ডবাঃ। কৈলাসং পর্ব্বতম্, গুহ্যকা যক্ষা ইব ॥১২॥

তচ্চেতি। আগ্নেয়ম্ অগ্ন্যুৎপাদকদ্রব্যময়ম্। সর্পির্জতুভ্যাং তদ্গন্ধাভ্যাং বিমিশ্রিতম্। ব্যক্তং স্পষ্টম্। মুঞ্জবল্বজৌ বংশো বেণুঃ ॥১৩—১৫॥

শিল্পিভিরিতি। সুকৃতং সুষ্ঠু নির্ম্মিতম্। আপ্তৈর্বিশ্বস্তৈঃ, বিনীতৈঃ শিক্ষিতৈঃ ॥১৬॥

ভারতভাবদীপঃ

তত ইতি ॥১॥ আগতানিতি চ্ছেদঃ ॥২—১০॥ শিবমিত্যাখ্যামাত্রম্, অর্থতস্ত্বশিবম্,

---

এইভাবে দশ দিন তাঁহারা সে বাড়ীতে বাস করিলেন, তখন পুরোচন যাইয়া তাঁহাদিগকে অন্য একখানি বাড়ীর কথা জানাইল, তাহার নাম—'শিবভবন', বাস্তবিকপক্ষে তাহা অশিব, অর্থাৎ অমঙ্গলজনক ॥১১॥

যক্ষগণ যেমন কৈলাসপর্ব্বতে প্রবেশ করে, সেইরূপ পুরুষশ্রেষ্ঠ পাণ্ডবগণ পুরোচনের কথা অনুসারে সমস্ত আসবাব নিয়া সেই বাড়ীতে যাইয়া প্রবেশ করিলেন ॥১২॥

ধর্ম্মজ্ঞশ্রেষ্ঠ যুধিষ্ঠির সেই বাড়ীখানি দেখিয়া এবং তাহাতে ঘৃত ও গালার গন্ধ মিশ্রিত চর্ব্বির গন্ধ পাইয়া ভীমকে বলিলেন—"ভীম! এই বাড়ীখানি আগ্নেয় বস্তু দিয়া তৈয়ারি করা; নিশ্চয়ই শণ, ধুনা, মুঁজা, কাঁচলা এবং বাঁশ প্রভৃতি বস্তু ঘৃতাক্ত করিয়া, তাহা দিয়া এই বাড়ী তৈয়ারি করিয়াছে ॥১৩—১৫॥

বিশ্বস্ত এবং গৃহনির্ম্মাণে সুপটু শিল্পীরাই এই বাড়ীখানি তৈয়ারি করিয়াছে, ইহাতে আমরা বিশ্বস্ত হইয়া থাকিতে লাগিলে পরই পাপাত্মা পুরোচন আমাদিগকে দগ্ধ করিতে ইচ্ছা করে ॥১৬॥

তথাহি বর্ত্ততে মন্দঃ সুযোধনবশে স্থিতঃ।
ইমান্তু তাং মহাবুদ্ধির্বিদুরো দৃষ্টবাংস্তদা ॥১৭॥
আপদং তেন মাং পার্থ! স সংবোধিতবান্ পুরা।
তে বয়ং বোধিতাস্তেন নিত্যমস্মদ্ধিতৈষিণা ॥১৮॥
পিত্রা কনীয়সা স্নেহাদ্‌বুদ্ধিমন্তোঽশিবং গৃহম্।
অনার্য্যৈঃ সুকৃতং গূঢ়ৈর্দুর্য্যোধনবশানুগৈঃ ॥১৯॥ (বিশেষকম্)

ভীমসেন উবাচ।

যদীদং গৃহমাগ্নেয়ং বিহিতং মন্যতে ভবান্।
তত্রৈব সাধু গচ্ছামো যত্র পূর্ব্বোষিতা বয়ম্ ॥২০॥

যুধিষ্ঠির উবাচ।

ইহ যত্তৈর্নিরাকারৈর্বস্তব্যমিতি রোচয়ে।
অপ্রমত্তৈর্বিচিন্বদ্ভির্গতিমিষ্টাং ধ্রুবামিতঃ ॥২১॥

ভারতকৌমুদী

তথাহীতি। মন্দঃ ক্ষুদ্রঃ পুরোচনঃ। তামিমামাপদম্। দৃষ্টবান্ অনুমিতবান্। সংবোধিতবান্ সম্যগ্‌জ্ঞাপিতবান্। বুদ্ধিমন্তো বয়ম্, তেন বিদুরেণ, অশিবং গৃহং বোধিতাঃ ॥১৭—১৯॥

যদীতি। বিহিতং পুরোচননিযুক্তলোকৈর্নির্ম্মিতম্। উষিতা অবস্থিতাঃ ॥২০॥

ভারতভাবদীপঃ

মারণার্থং কৃতত্বাৎ ॥১১—১৪॥ মুঞ্জঃ শরবন্ধঃ ॥১৫—১৬॥ ইমামাপদং ভাবিনীম্, দৃষ্টবান্ তর্কিতঃ। তেন হেতুনা অশিবং গৃহমিত্যস্মান্ বোধিতবানিতি সম্বন্ধঃ ॥১৭—২০॥ যোগ-রূপকেণ গৃহবাসকর্ত্তব্যতামাহ—ইহেতি। নিরাকারৈরনাবিষ্কৃতবাহ্যচেষ্টৈঃ। ইষ্টাং গতিং

কেন না, এই পুরোচন বড়ই নীচাশয় এবং দুর্য্যোধনের অধীন রহিয়াছে। এদিকে অত্যন্ত বুদ্ধিমান্ বিদুর তখনই আমাদের এই বিপদের বিষয় বুঝিতে পারিয়াছিলেন; তাই তিনি আমাদিগকে বুদ্ধিমান্ ভাবিয়া স্নেহবশতঃ এই অমঙ্গলজনক বাসভবনের বিষয় পূর্ব্বেই বুঝাইয়া দিয়াছিলেন। কারণ, তিনি আমাদের পিতৃদেবের কনিষ্ঠ ভ্রাতা এবং সর্ব্বদাই হিতৈষী। নিশ্চয় দুর্য্যোধনের অধীন কতকগুলি নীচ লোক গুপ্তভাবে থাকিয়া এই বাড়ী তৈয়ারি করিয়াছে" ॥১৭—১৯॥

ভীম বলিলেন—"আপনি যদি বাড়ীখানাকে আগ্নেয়বস্তুনির্ম্মিত বলিয়া মনে করেন, তবে আমরা ভালয় ভালয় সেই বাড়ীতেই যাই, যেখানে পূর্ব্বে ছিলাম" ॥২০॥

যদি বিন্দেত চাকারমস্মাকং স পুরোচনঃ।
ক্ষিপ্রকারী ততো ভূত্বা প্রসহ্যাপি দহেত নঃ ॥২২॥
নায়ং বিভেত্যুপক্রোশাদধর্ম্মাদ্বা পুরোচনঃ।
তথাহি বর্ত্ততে মন্দঃ সুযোধনবশে স্থিতঃ ॥২৩॥
অপি চেহ প্রদগ্ধেষু ভীষ্মোঽস্মাসু পিতামহঃ।
কোপং কুর্য্যাৎ কিমর্থং বা কৌরবান্ কোপয়ীত সঃ ॥২৪॥
অথবাপীহ দগ্ধেষু ভীষ্মোঽস্মাকং পিতামহঃ।
ধর্ম্ম ইত্যেব কুপ্যেরন্ যে চান্যে কুরুপুঙ্গবাঃ ॥২৫॥

ভারতকৌমুদী

ইহেতি। যত্তৈরাত্মরক্ষায়াং যত্নবদ্ভিঃ নিরাকারৈঃ অপ্রকাশিতসশঙ্কভাবৈঃ, অপ্রমত্তৈঃ সাবধানৈঃ, ধ্রুবামবশ্যকর্ত্তব্যাম্, ইষ্টাম্, ইতো গতিং প্রস্থানম্, বিচিন্বদ্ভিরন্বিষ্যদ্ভিরস্মাভিঃ, ইহ গৃহ এব, বস্তব্যং স্থাতব্যম্, ইতি রোচয়ে কর্ত্তব্যতয়া মন্যে ॥২১॥

কুত ইদমিত্যাহ—যদীতি। বিন্দেত লভেত বুধ্যেতেত্যর্থঃ, আকারং সশঙ্কভাবম্ ॥২২॥

নন্বস্য কি লোকনিন্দাভয়ং পাপভয়ঞ্চ নাস্তীত্যাহ—নেতি। উপক্রোশাল্লোকনিন্দাতঃ ॥২৩॥

অপীতি। অপি চ অন্যচ্চ ব্রবীমীত্যর্থঃ। ইহ স্থিত্বা, অস্মাসু প্রদগ্ধেষু অবসরক্রমেণেদং গৃহং দহৎসু সৎসু। কর্ত্তরি ক্ত আর্ষঃ। কোপয়ীত কোপয়েৎ। কথমপি নেত্যর্থঃ, অস্মাকং দাহার্থমেব কৃতস্যাস্মাভির্দাহে দোষাভাবাদিতি ভাবঃ ॥২৪॥

অথবেতি। ইহ এষু গৃহাদিষু পুরোচনেনাস্মদ্দাহার্থং দগ্ধেষু, ধর্ম্মঃ স্বগৃহদাহকর্ত্তরি কোপো

ভাবভাবদীপঃ

নিরুপদ্রবং মার্গম্। পক্ষে ইহ দেহে নিরাকারৈরাকারবিশেষমনালম্ব্য স্থেয়ম্। যত্নৈঃ শমাদিপরৈঃ। অপ্রমত্তৈঃ স্মৃতিমদ্ভিঃ। ধ্রুবাং গতিং মোক্ষম্ ॥২১—২২॥ উপক্রোশাৎ গর্হাতঃ ॥২৩॥ অয়ং ভীষ্ম ইতি সম্বন্ধঃ ॥২৪॥ দগ্ধেষ্বস্মাসু, অগ্নিদেষু কোপো ধর্ম্ম ইত্যেব কারণং

যুধিষ্ঠির বলিলেন—"ভীম! আত্মরক্ষায় যত্নবান্ হইয়া, সশঙ্কভাব গোপন রাখিয়া এবং অবশ্যগন্তব্য স্থান সাবধানে অন্বেষণ করিতে থাকিয়া, এই বাড়ীতে আমাদের বাস করিতে হইবে, ইহা আমি ভাল মনে করি ॥২১॥

কারণ, সে পুরোচন যদি আমাদের সশঙ্কভাব বুঝিতে পারে, তবে হয়ত সত্বর হইয়া বলপূর্ব্বকও আমাদিগকে দগ্ধ করিতে পারে ॥২২॥

কেন না, এই পুরোচন বেটা লোকনিন্দার ভয়ও করে না, বা পাপের ভয়ও করে না; বিশেষতঃ ছোট লোক এবং দুর্য্যোধনেরই অধীনে রহিয়াছে ॥২৩॥

আরও বলিতেছি—এই বাড়ীতে থাকিয়া আমরাই যদি অবসরক্রমে ইহা দগ্ধ করি, তবে পিতামহ ভীষ্ম আমাদের উপরে কেন ক্রুদ্ধ হইবেন, কেনই বা অন্য কৌরবদিগকে ক্রুদ্ধ করিবেন ॥২৪॥

বয়ন্তু যদি দাহস্য বিভ্যতঃ প্রদ্রবেমহি ।
স্পশৈর্নো ঘাতয়েৎ সর্ব্বান্ রাজ্যলুব্ধঃ সুযোধনঃ ॥২৬॥
অপদস্থান্ পদে তিষ্ঠন্নপক্ষান্ পক্ষসংস্থিতঃ ।
হীনকোষান্ মহাকোষঃ প্রয়োগৈর্ঘাতয়েদ্ধ্রুবম্ ॥২৭॥
তদস্মাভিরিমং পাপং তঞ্চ পাপং সুযোধনম্ ।
বঞ্চয়দ্ভির্নিবস্তব্যং ছন্নাবাসং ক্বচিৎ ক্বচিৎ ॥২৮॥
তে বয়ং মৃগয়াশীলাশ্চরাম বসুধামিমাম্ ।
তথা নো বিদিতা মার্গা ভবিষ্যন্তি পলায়তাম্ ॥২৯॥

ভারতকৌমুদী

লোকস্বভাব ইত্যেব হেতুনা, অস্মাকং পিতামহো ভীষ্মঃ, অন্যে যে কুরুপুঙ্গবাস্তে সর্ব্ব এব চ প্রয়োক্তারং দুর্য্যোধনং প্রতি কুপ্যেরন্ ॥২৫॥

বয়মিতি। দাহস্য দাহাৎ। প্রদ্রবেমহি পলায়ামহে। স্পশৈশ্চরৈঃ ॥২৬॥

বিক্রম্যাপ্যস্মান্ হন্তুং সমর্থ ইত্যাহ—অপদস্থানিতি। প্রয়োগৈর্যোদ্ধৃনিয়োগৈঃ ॥২৭॥

তদিতি। ইমং পুরোচনম্। ছন্নো গুপ্ত আবাসো যস্মিন্ কর্ম্মণি তদ্‌যথা ॥২৮॥

ত ইতি। তথা তেন মৃগয়ার্থবিচরণেন, নঃ অস্মাকম্, পলায়তাং পলায়িষ্যমাণানাম্ ॥২৯॥

ভারতভাবদীপঃ

কুত্বা ভীষ্মোঽন্যে চ কুপ্যেরন্ ॥২৫॥ দাহস্য দাহাৎ। স্পশৈশ্চারৈঃ ॥২৬॥ অপদং দেশকোষাদ্যক্ষমত্বম্, তত্র স্থিতান্। অপক্ষানসহায়ান্। প্রয়োগৈরুপায়ৈঃ ॥২৭॥ ছন্নাবাসং গূঢ়স্থানম্,

আর, পুরোচন যদি এই সকল দগ্ধ করে, তবে নিজগৃহদাহীর উপরে ক্রোধ হওয়া স্বাভাবিক বলিয়া আমাদের পিতামহ ভীষ্ম এবং অন্যান্য কৌরবশ্রেষ্ঠগণ দুর্য্যোধনের উপরেই ক্রুদ্ধ হইবেন ॥২৫॥

কিন্তু আমরা যদি দাহভয়ে পলাইয়া যাই, তাহা হইলে রাজ্যলোভী দুর্য্যোধন নিশ্চয়ই চর দ্বারা আমাদের সকলকেই হত্যা করাইবে ॥২৬॥

দুর্য্যোধন স্থানস্থিত, আমরা অস্থানস্থিত; তাহার সহায় আছে, আমাদের সহায় নাই এবং সে অত্যন্ত ধনী, আমরা নির্ধন; সুতরাং সে সৈন্য দ্বারাও আমাদিগকে হত্যা করাইতে পারে ॥২৭॥

অতএব এই পাপাত্মা পুরোচনকে এবং সেই পাপাত্মা দুর্য্যোধনকে বঞ্চনা করিয়া এই বাড়ীতেই আজ কোথাও, কাল কোথায়—এইভাবে গুপ্তরূপে আমাদের বাস করা উচিত ॥২৮॥

আমরা মৃগয়ায় আসক্ত হইয়া এই দেশের সর্ব্বত্র বিচরণ করিব; তাহাতে পলায়ন করিবার সময়ে আমাদের সমস্ত পথই জানা থাকিবে ॥২৯॥

ভৌমঞ্চ বিলমদ্যৈব করবাম সুসংবৃতম্।
গূঢ়শ্বাসান্ ন নস্তত্র হুতাশঃ সম্প্রধক্ষ্যতি ॥৩০॥
বসতোঽত্র যথা চাস্মান্ ন বুধ্যেত পুরোচনঃ।
পৌরো বাপি জনঃ কশ্চিত্তথা কার্য্যমতন্দ্রিতৈঃ ॥৩১॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যামাদিপর্ব্বণি জতুগৃহে ভীমসেনযুধিষ্ঠিরসংবাদো নাম চত্বারিংশদধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥

—:*:—

ভারতকৌমুদী

তদিতি। ইদং পুরোচনম্। গূঢ়ো গুপ্তঃ শ্বাসোঽপি যেষাং তান্, নঃ অস্মান্ ॥৩০॥

বসত ইতি। অত্র বিলে। অতন্দ্রিতৈরনলসৈঃ ॥৩১॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারত-টীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়ামাদিপর্ব্বণি জতুগৃহে চত্বারিংশদধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥

—:*:—

ভারতভাবদীপঃ

নিবস্তব্যমধিষ্ঠাতব্যম্, ক্বচিৎ ক্বচিৎ কালে কালে ॥২৮—২৯॥ ছন্নাবাসমেবাহ—ভৌমমিতি। গূঢ়ঃ শ্বাসোঽপি যেষাং তান্, ইতরৈরবিদিতবর্ত্তব্যানিত্যর্থঃ ॥৩০॥ অত্র বিলে ॥৩১॥

ইতি শ্রীমহাভারতে আদিপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে চত্বারিংশদধিকশততমোঽধ্যায়ঃ ॥১৪০॥

—:*:—

আর, আজই আমরা ভূতলে গুপ্তভাবে একটা গর্ত্ত করিব; তাহাতে থাকিবার সময়ে আমরা শ্বাস-প্রশ্বাসও গুপ্তভাবেই করিব; তবে আর অগ্নি আমাদিগকে দগ্ধ করিতে পারিবে না ॥৩০॥

সেই গর্ত্তে থাকিবার সময়ে পুরোচক বা কোন পুরবাসী লোক যাহাতে আমাদিগকে জানিতে না পারে, সেইভাবে সতর্ক হইয়া আমাদের চলিতে হইবে ॥৩১॥

—:*:—

* '...চতুশ্চত্বারিংশদধিক...', '...ষট্‌চত্বারিংশদধিক...', '...অষ্টপঞ্চাশদধিক...' ইতি পাঠভেদাঃ।

একচত্বারিংশদধিকশততমোঽধ্যায়ঃ ।

—:*:—

বৈশম্পায়ন উবাচ ।

বিদুরস্য সুহৃৎ কশ্চিৎ খনকঃ কুশলো নরঃ ।
বিবিক্তে পাণ্ডবান্ রাজন্ ! ইদং বচনমব্রবীৎ ॥১॥
প্রহিতো বিদুরেণাস্মি খনকঃ কুশলো হ্যহম্ ।
পাণ্ডবানাং প্রিয়ং কার্য্যমিতি কিং করবাণি বঃ ॥২॥
প্রচ্ছন্নং বিদুরেণোক্তঃ শ্রেয়স্ত্বমিতি পাণ্ডবান্ ।
প্রতিপাদয় বিশ্বাসাদিতি কিং কববাণি বঃ ॥৩॥
কৃষ্ণপক্ষে চতুর্দ্দশ্যাং রাত্রাবস্যাং পুরোচনঃ ।
ভবনস্য তব দ্বাবি প্রদাস্যতি হুতাশনম্ ॥৪॥
মাত্রা সহ প্রদগ্ধব্যাঃ পাণ্ডবাঃ পুরুষর্ষভাঃ ।
ইতি ব্যবসিতং তস্য ধার্ত্তরাষ্ট্রস্য দুর্ম্মতেঃ ॥৫॥

ভাবতকৌমুদী

বিদুরস্যেতি । কুশলঃ সুরঙ্গাদিখননিপুণঃ । বিবিক্তে নির্জ্জনে ॥১॥

প্রহিত ইতি । পাণ্ডবানাং প্রিয়ং ত্বয়া কার্য্যম্ ইত্যুক্ত্বা বিদুরেণ প্রহিতোঽস্মীত্যন্বয়ঃ ॥২॥

প্রচ্ছন্নমিতি । ইতি অহং বিদুরেণোক্তোঽস্মি । কিমিত্যাহ—ত্বম্, বিশ্বাসাৎ আত্মনি পাণ্ডবানাং বিশ্বাসমুৎপাদ্য । ল্যব্‌লোপে পঞ্চমী । ইতি তেষামাদেশসম্পাদনরূপং শ্রেয়ঃ, পাণ্ডবান্ প্রতিপাদয় জ্ঞাপয় । অতএব বো যুষ্মাকম্, কিং করবাণি, তদাদিশেতি শেষঃ ॥৩॥

দুর্য্যোধনমন্ত্রিতজ্ঞায়িনা বিদুরেণ বিজ্ঞাপিতমাহ-কৃষ্ণেতি । অস্যাং সম্মুখবর্ত্তিন্যাম্ ॥৪॥

বৈশম্পায়ন বলিলেন—মহারাজ ! তাহাব পব এক দিন বিদুরেব সখা এবং খননকার্য্যে নিপুণ একটী লোক আসিয়া নির্জ্জনে পাণ্ডবদেব নিকট এই কথা বলিল—॥১॥

"খনক ! তুমি পাণ্ডবগণেব প্রিয় কার্য্য করিবে' এই কথা বলিযা বিদুব আমাকে পাঠাইযাছেন ; আমি খননকার্য্যে নিপুণ ; আমি আপনাদের কি কবিব, বলুন ॥২॥

বিদুব আমাকে আবও বলিয়াছেন যে, তুমি নিজেব উপবে পাণ্ডবদেব বিশ্বাস জন্মাইযা তাহাদিগকে গোপনে এই মাঙ্গলিক বিষয় জানাইবে যে, আমি আপনাদেব কি কবিব ॥৩॥

আগামী কৃষ্ণপক্ষেব চতুর্দ্দশীব দিন বাত্রিতে পুবোচন আপনাদেব এই বাডীব দুয়ারে আগুন লাগাইয়া দিবে ॥৪॥

কিঞ্চিচ্চ বিদুরেণোক্তো ম্লেচ্ছবাচাঽসি পাণ্ডব ! ।
ত্বয়া চ তত্তথেত্যুক্তমেতদ্বিশ্বাসকারণম্ ॥৬॥
উবাচ তং সত্যধৃতিঃ কুন্তীপুত্রো যুধিষ্ঠিরঃ ।
অভিজানামি সৌম্য ! ত্বাং সুহৃদং বিদুরস্য বৈ ॥৭॥
শুচিমাপ্তং প্রিয়ঞ্চৈব সদা চ দৃঢ়ভক্তিকম্ ।
ন বিদ্যতে কবেঃ কিঞ্চিদবিজ্ঞাতং প্রয়োজনম্ ॥৮॥ (যুগ্মকম্)
যথা তস্য তথা নস্ত্বং নির্ব্বিশেষা বয়ং ত্বয়ি ।
ভবতশ্চ যথা তস্য পালয়াস্মান্ যথা কবিঃ ॥৯॥

ভারতকৌমুদী

কথং হুতাশনং প্রদাস্যতীত্যাহ—মাত্রেতি। প্রদগ্ধব্যাস্ত্বয়া পুরোচনেন ॥৫॥

আত্মনি বিশ্বাসমুৎপাদয়তি—কিঞ্চিদিতি। হে পাণ্ডব! যুধিষ্ঠির! ম্লেচ্ছবাচা তদানীন্তনানার্য্যভাষয়া ভীষ্মাদিভিরার্য্যৈরবোধ্যয়া। তৎ বিদুরোক্তম্, তথা জ্ঞাতমিত্যুক্তম্। এতৎ কথনমেব, ময়ি যুষ্মাকং বিশ্বাসকারণম্। তথা চ ত্বয়া তদানীং ম্লেচ্ছভাষয়ৈব জ্ঞাতমিত্যুক্তম্, তচ্চ কেবলং বিদুরেণৈবাবগতম্। এবঞ্চ বিদুরেণ ময়ি তদজ্ঞাপিতে ময়া কথমিদং বক্তুং শক্যতে। অতো বিদুরস্যৈবাহং সুহৃৎ, ন পুনর্দুর্য্যোধনস্য চর ইত্যাশয়ঃ ॥৬॥

উবাচেতি। সত্যধৃতির্বিপদুক্তিশ্রবণেঽপি যথার্থধৈর্য্যশালী। শুচিং পবিত্রম্, আপ্তং বিশ্বস্তম্। কবের্বহুভাষাভিজ্ঞত্বান্নানাবিষয়বর্ণনাযোগ্যস্য বিদুরস্য ॥৭—৮॥

যথেতি। নির্ব্বিশেষা বিদুরাদভিন্নাঃ। বয়ং যথা তস্য রক্ষণীয়াস্তথা ভবতশ্চ ॥৯॥

ভারতভাবদীপঃ

বিদুরস্যেতি ॥১—২॥ প্রচ্ছন্নং যথা স্যাৎ তথা পাণ্ডবান্ শ্রেয়ঃ প্রতিপাদয় ইত্যুক্তোঽহং বঃ কিং করবাণি ॥৩—৫॥ ম্লেচ্ছবাচা ম্লেচ্ছভাষয়া ॥৬—৭॥ কবেঃ সর্ব্বজ্ঞস্যাক্রান্তদর্শিনো বা ॥৮॥ যথা বয়ং তস্য তথা ভবতশ্চ পালনীয়াঃ, অতোঽস্মান্ যথা কবিঃ পালয়তি তথা ত্বমপি

কেন না, পুরোচনের প্রতি দুর্ম্মতি দুর্য্যোধনের এই আদেশ রহিয়াছে যে, তুমি কুন্তীর সহিত পুরুষশ্রেষ্ঠ পাণ্ডবগণকে দগ্ধ করিবে ॥৫॥

মহারাজ ! বিদুর ম্লেচ্ছভাষায় কোন বিষয় বলিয়াছিলেন, আপনিও 'বুঝিলাম' বলিয়া সেই ম্লেচ্ছভাষাতেই উত্তর দিয়াছিলেন ; এই যে বলিলাম, ইহাই আমার উপরে আপনাদের বিশ্বাসের কারণ হউক" ॥৬॥

তখন যথার্থ ধৈর্য্যশীল যুধিষ্ঠির তাহাকে বলিলেন—"সৌম্য ! আমি তোমাকে বিদুরের সখা, পবিত্র, বিশ্বস্ত, তাঁহার প্রিয় এবং তাঁহার প্রতি দৃঢ় অনুরাগশালী বলিয়া জানি এবং ইহাও জানি যে, বিদুরের কোন বিষয়ই অবিদিত থাকে না ॥৭—৮॥

তুমি যেমন বিদুরের, তেমন আমাদের ; আমরাও তোমার বিষয়ে

সেয়মাপদনুপ্রাপ্তা ক্ষত্তা যাং দৃষ্টবান্ পুরা।
পুরোচনস্যাবিদিতানস্মাংস্ত্বং প্রতিমোচয় ॥১৫॥
স তথেতি প্রতিশ্রুত্য খনকো যত্নমাস্থিতঃ।
পরিখামুৎকিরন্ নাম চকার সুমহদ্বিলম্ ॥১৬॥
চক্রে চ বেশ্মনস্তস্য মধ্যেনাতিমহদ্বিলম্।
কপাটযুক্তমজ্ঞাতং সমং ভূম্যাশ্চ ভারত। ॥১৭॥
পুরোচনভয়াদেব ব্যদধাৎ সংবৃতং মুখম্।
স তস্য তু গৃহদ্বারি বসত্যশুভধীঃ সদা ॥১৮॥

ভারতকৌমুদী

সেতি। অনুপ্রাপ্তা উপস্থিতা। ক্ষত্তা বিদুরঃ। দৃষ্টবান্ অনুমিতবান্ ॥১৫॥

স ইতি। আস্থিত আশ্রিতঃ। পরিখাং পুরীপরিবেষ্টনখাতম্, উৎকিরন্ ততো মৃত্তিকামুত্তোলয়ন্, নাম তদ্ব্যপদেশেনেত্যর্থঃ, সুমহদ্বিলং বাসার্থমেকং গর্ত্তং চকার ॥১৬॥

চক্র ইতি। অতিমহদ্বিলং সুরঙ্গাখ্যমপরং গর্ত্তম্, ভূম্যাঃ সমং সমানোপরিদেশম্ ॥১৭॥

পুরোচনেতি। সংবৃতং মৃত্তিকাভিরেবাবৃতম্। স পুরোচনঃ। তস্য যুধিষ্ঠিরস্য ॥১৮॥

ভারতভাবদীপঃ

নির্গমনপ্রকারশূন্যম্ ॥১৩—১৫॥ পরিখা প্রাকারপরিধিভূতো গর্ত্তঃ তাম্। নাম প্রসিদ্ধম্। উৎকিরন্ পরিখাপরিষ্কারব্যাজেন বিলাৎ মৃদমুৎকিরন্ বহিঃ ক্ষিপন্ মহাবিলং সুরঙ্গাখ্যং চকার ॥১৬॥ মধ্যেন মধ্যতঃ ॥১৭॥ ব্যদধাৎ বিহিতবান্। স পুরোচনঃ। তে চ পঞ্চ

বিদুর বুঝিতে পারিয়াছিলেন; তাই তিনি পরে আমাদিগকে জানাইয়াছিলেন ॥১৪॥

বিদুর আমাদের যে বিপদ পূর্ব্বেই বুঝিতে পারিয়াছিলেন, এই সেই বিপদ উপস্থিত হইয়াছে, অতএব তুমি পুরোচনের অজ্ঞাতভাবে আমাদিগকে মুক্ত কর" ॥১৫॥

'তাহাই হইবে' এইরূপ প্রতিশ্রুত হইয়া সেই খনক পাণ্ডবগণের রক্ষার জন্য সচেষ্ট হইল এবং পরিখা হইতে মাটী তুলিবার ছলে একটা বিশাল গর্ত্ত করিল ॥১৬॥

আর, সেই বাড়ীর মধ্য স্থানে একটা বৃহৎ সুরঙ্গ করিল, সকলের অজ্ঞাতভাবে তাহার উপর কপাট লাগাইয়া দিল এবং তাহার উপরিভাগ ভূমির সমতল করিল ॥১৭॥

পুরোচনের ভয়ে সেই সুরঙ্গের মুখ মাটী দিয়া আবৃত করিল। কেন না, সেই দুষ্টবুদ্ধি পুরোচন সর্ব্বদাই সেই বাড়ীর দুয়ারে বাস করিত ॥১৮॥

তত্র তে সায়ুধাঃ সর্ব্বে বসন্তি স্ম ক্ষপাং নৃপ ।
দিবা চরন্তি মৃগযাং পাণ্ডবেয়া বনাদ্বনম্ ॥১৯॥
বিশ্বস্তবদবিশ্বস্তা বঞ্চয়ন্তঃ পুরোচনম্ ।
অতুষ্টাস্তুষ্টবদ্রাজন্ ! ঊষুঃ পরমবিস্মিতাঃ ॥২০॥
ন চৈনানন্ববুধ্যন্ত নরা নগরবাসিনঃ ।
অন্যত্র বিদুরামাত্যাত্তস্মাৎ খনকসত্তমাৎ ॥২১॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যামাদিপর্ব্বণি জতুগৃহে জতুগৃহবাসো নামৈকচত্বারিংশদধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥ *

—:*:—

ভারতকৌমুদী

তত্রেতি । তত্র বিলে, তে পাণ্ডবেয়াঃ । ক্ষপাং রাত্রিম্ ॥১৯॥

বিশ্বস্তবদিতি । ঊষুঃ তস্থুঃ, পুরোচনেনাবিজ্ঞানাদেব পরমবিস্মিতাঃ ॥২০॥

নেতি । এনান্ পাণ্ডবান্, নান্ববুধ্যন্ত বিলবাসিত্বেন ন জ্ঞাতবন্তঃ ॥২১॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারত-টীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়ামাদিপর্ব্বণি জতুগৃহে একচত্বারিংশদধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥

—:*:—

ভারতভাবদীপঃ

গৃহদ্বারি ক্ষপাং বসন্তি স্ম ॥১৮॥ দিবা চ মৃগয়াং চরন্তি, অতো ন দগ্ধুং পুরোচনশ্ছিদ্রং প্রাপেতি ভাবঃ ॥১৯—২১॥

ইতি শ্রীমহাভারতে আদিপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে একচত্বারিংশদধিকশততমোঽধ্যায়ঃ ॥১৪১॥

—:*:—

মহারাজ ! এদিকে পাণ্ডবগণ অস্ত্রশস্ত্র ধারণ করিয়া সেই গর্ত্তের ভিতরে রাত্রিতে বাস করিতেন এবং দিনে এক বন হইতে অপর বনে মৃগয়া করিয়া বেড়াইতেন ॥১৯॥

তাঁহারা শঙ্কাযুক্ত হইয়াও নিঃশঙ্কের ন্যায় এবং অসন্তুষ্ট থাকিয়াও সন্তুষ্টের ন্যায় হইয়া, পুরোচনকে বঞ্চনা করিতে থাকিয়া, অত্যন্ত বিস্মিত হইয়া বাস করিতে লাগিলেন ॥২০॥

কিন্তু একমাত্র বিদুরের অমাত্য সেই খনক ভিন্ন নগরবাসী কোন লোকই পাণ্ডবগণের এই ভাব বুঝিতে পারিল না ॥২১॥

—:*:—

* '…পঞ্চচত্বারিংশদধিক…', 'সপ্তচত্বারিংশদধিক…' '…ঊনষষ্ট্যধিক…' ইতি পাঠান্তরাণি ।

দ্বিচত্বারিংশদধিকশততমোঽধ্যায়ঃ।

—ঃ✻ঃ—

বৈশম্পায়ন উবাচ।

তাংস্তু দৃষ্ট্বা সুমনসঃ পরিসংবৎসরোষিতান্।
বিশ্বস্তানিব সংলক্ষ্য হর্ষং চক্রে পুরোচনঃ ॥১॥
পুরোচনে তথা হৃষ্টে কৌন্তেয়োঽথ যুধিষ্ঠিরঃ।
ভীমসেনার্জ্জুনৌ চোভৌ যমৌ প্রোবাচ ধর্ম্মবিৎ ॥২॥
অস্মানয়ং সুবিশ্বস্তান্ বেত্তি পাপঃ পুরোচনঃ।
বঞ্চিতোঽয়ং নৃশংসাত্মা কালং মন্যে পলায়নে ॥৩॥
আয়ুধাগারমাদীপ্য দগ্ধ্বা চৈব পুরোচনম্।
ষট্ প্রাণিনো নিধায়েহ দ্রবামোঽনভিলক্ষিতাঃ ॥৪॥

ভারতকৌমুদী

তানিতি। সুমনসো নিরুদ্বেগচিত্তান্। পরিশব্দোঽত্র বর্জ্জনার্থঃ পূর্ব্বং "ষণ্মাসান্ জাতুষগৃহান্মুক্তা জাতো ঘটোৎকচঃ" ইত্যভিধানাৎ। তেন ষণ্মাসাবস্থিতানিত্যর্থঃ ॥১॥

পুরোচন ইতি। ভীমসেনাদীন্ চতুরো ভ্রাতৄন্ প্রোবাচেত্যর্থঃ ॥২॥

অস্মানিতি। পলায়নে অস্মাকমিমং কালং মন্যে ॥৩॥

আয়ুধেতি। ইহ আয়ুধাগারে, পুরোচনং নিধায, তস্যায়ুধাগারম্, আদীপ্য অগ্নিদানেনোত্তাপ্য দগ্ধ্বা চ, মাতৈকা ভ্রাতরশ্চ পঞ্চেতি ষট্প্রাণিনো বয়ম্, সর্ব্বৈরনভিলক্ষিতাঃ সন্তঃ,

ভারতভাবদীপঃ

তাংস্তিতি ॥১—৩॥ ষট্প্রাণিন ইতি অন্যথা পলায়নশঙ্কয়া পুনরস্মদন্বেষণে মতিঃ স্যাৎ, সা মা ভূদিতি ভাবঃ ॥৪—২২॥

ইতি শ্রীমহাভারতে আদিপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে
দ্বিচত্বারিংশদধিকশততমোঽধ্যায়ঃ ॥১৪২॥

বৈশম্পায়ন বলিলেন—পাণ্ডবগণ ছয় মাস থাকিয়া নিরুদ্বেগ হইয়াছেন দেখিয়া এবং তাঁহাদিগকে বিশ্বস্তের ন্যায় লক্ষ্য করিয়া পুরোচন আনন্দিত হইল ॥১॥

পুরোচন সেইরূপ আনন্দিত হইলে, ধর্ম্মজ্ঞ যুধিষ্ঠির—ভীম, অর্জ্জুন, নকুল ও সহদেবের নিকট বলিলেন—॥২॥

"এই পাপাত্মা পুরোচন আমাদিগকে বিশ্বস্ত বলিয়া মনে করিতেছে; সুতরাং এ নৃশংস বেটা বঞ্চিত হইল; আমাদের পলায়নের এই সময় বলিয়া আমি মনে করি ॥৩॥

অথ দানাপদেশেন কুন্তী ব্রাহ্মণভোজনম্ ।
চক্রে নিশি মহারাজ ! আজগ্মুস্তত্র যোষিতঃ ॥৫॥
তা বিহৃত্য যথাকামং ভুক্ত্বা পীত্বা চ ভারত ! ।
জগ্মুর্নিশি গৃহানেব সমনুজ্ঞাপ্য যাদবীম্ ॥৬॥
নিষাদী পঞ্চপুত্রা তু তস্মিন্ ভোজ্যে যদৃচ্ছয়া ।
অন্নার্থিনী সমভ্যাগাৎ সপুত্রা কালচোদিতা ॥৭॥
সা পীত্বা মদিরাং মত্তা সপুত্রা মদবিহ্বলা ।
সহ সর্ব্বৈঃ সুতৈ রাজন্ ! তস্মিন্নেব নিবেশনে ॥৮॥
সুষ্বাপ বিগতজ্ঞানা মৃতকল্পা নরাধিপ ! ।
অথ প্রবাতে তুমুলে নিশি সুপ্তে জনে তদা ॥৯॥
তদুপাদীপয়দ্ভীমঃ শেতে যত্র পুরোচনঃ ।
ততো জতুগৃহদ্বারং দীপয়ামাস পাণ্ডবঃ ॥১০॥ (বিশেষকম্)

ভারতকৌমুদী

দ্রবামঃ পলায়ামহে। কেচিত্তু অপবানের ষট্প্রাণিনো নিধায়েতি ব্যাচক্ষতে; তন্ন তথাত্বে ধর্ম্মরাজস্যৈব গুরুতরাধর্ম্মোৎপত্ত্যাপত্তেঃ ॥৪॥

অথেতি। দানাপদেশেন দানকরণচ্ছলেন। যোষিতো ভোজনার্থিন্যঃ ॥৫॥

তা ইতি। তা যোষিতঃ। যাদবীং যদুবংশোৎপন্নাং কুন্তীম্ ॥৬॥

নিষাদীতি। পঞ্চপুত্রা কাপি নিষাদী ব্যাধপত্নী। কালেন চোদিতা প্রেরিতা ॥৭॥

সেতি। নিবেশনে গৃহে। প্রবাতে মহতি বায়ৌ, তুমুলে সতি। তদ্গৃহম্, উপাদীপয়ৎ অগ্নিদানেনোদভাসয়ৎ। দীপয়ামাস অগ্নিদানেনৈব ॥৮—১০॥

এই পুরোচনটাকে অস্ত্রাগারের ভিতরে রাখিয়া, তাহাতে আগুন লাগাইয়া পোড়াইয়া দিয়া, আমরা ছয় জন অন্যের অলক্ষিতভাবে পলাইয়া যাইব” ॥৪॥

তাহার পর একদিন কুন্তীদেবী দান করিবার ছলে রাত্রিতে ব্রাহ্মণ ভোজন করাইলেন, তাহাতে অনেক স্ত্রীলোকও সেখানে আসিল ॥৫॥

তাহারা ইচ্ছানুসারে পান, ভোজন ও বিচরণ করিয়া, কুন্তীর অনুমতি লইয়া রাত্রিতে আপন আপন বাড়ীতেই চলিয়া গেল ॥৬॥

কিন্তু পাঁচ পুত্রের মাতা এক ব্যাধপত্নী কালপ্রেরিত হইয়া সেই পুত্রগণের সহিত সেই নিমন্ত্রণে ভোজন করিবার জন্য আসিয়াছিল ॥৭॥

সেই ব্যাধপত্নী পুত্রগণের সহিত মিলিত হইয়া, মদ্য পান করিয়া, মত্তা এমন কি মদে বিহ্বল হইয়া, সকল পুত্রের সহিতই অচৈতন্য মৃতপ্রায় থাকিয়া,

---

(৬)···সমনুজ্ঞাপ্য মাধবীম্ ।

সমন্ততো দদৌ পশ্চাদগ্নিং তত্র নিবেশনে।
জ্ঞাত্বা তু তদ্‌গৃহং সর্ব্বমাদীপ্তং পাণ্ডুনন্দনাঃ ॥১১॥
সুরঙ্গাং বিবিশুস্তূর্ণং মাত্রা সার্দ্ধমরিন্দমাঃ।
ততঃ প্রতাপঃ সুমহান্ শব্দশ্চৈব বিভাবসোঃ ॥১২॥
প্রাদুরাসীত্তদা তেন বুবুধে স জনব্রজঃ।
তদবেক্ষ্য গৃহং দীপ্তমাহুঃ পৌরাঃ কৃশানুনা ॥১৩॥ (বিশেষকম্)

পৌরা উচুঃ।

দুর্য্যোধনপ্রযুক্তেন পাপেনাকৃতবুদ্ধিনা।
গৃহমাপ্তবিনাশায় কারিতং দাহিতঞ্চ তৎ ॥১৪॥
অহো ধিগ্ ধৃতরাষ্ট্রস্য বুদ্ধির্নাতিসমঞ্জসা।
যঃ শুচীন্ পাণ্ডুদায়াদান্ দাহয়ামাস শত্রুবৎ ॥১৫॥

ভারতকৌমুদী

সমন্তত ইতি। সমন্ততঃ সর্ব্বাসু দিক্ষু। নিবেশনে গৃহে। আদীপ্তম্ অগ্নিজ্বালয়া উদ্ভাসিতম্। প্রতাপ উত্তাপঃ। জনব্রজঃ পুরবাসিবর্গঃ, বুবুধে জাগরিতো বভূব। কৃশানুনা অগ্নিনা, দীপ্তমুদ্ভাসিতম্ ॥১১—১৩॥

দুর্য্যোধনেতি। পাপেন কেনচিজ্জনেন। আপ্তানাং বিশ্বস্তানাং পাণ্ডবানাং বিনাশায় ॥১৪॥

অহো ইতি। নাতিসমঞ্জসা সর্ব্বৈর্নাতিসম্মতা, পাণ্ডবানাং রাজ্যভাগিত্বাৎ, কিঞ্চিৎ সম্মতৈবেতি ভাবঃ। শুচীন্ পবিত্রান্ নির্দ্দোষানিতি যাবৎ, পাণ্ডোর্দায়াদান্ পুত্রান্ ॥১৫॥

সেই বাড়ীতেই ঘুমাইয়া পড়িল। তাহার পর, প্রবল বায়ু বহিতে থাকিলে এবং সমস্ত লোক ঘুমাইয়া পড়িলে তখন যে ঘরে পুরোচন শয়ন করিয়াছিল, ভীম সেই ঘরেই প্রথম আগুন লাগাইয়া দিলেন; তাহার পর তিনি জতুগৃহের দ্বারেও আগুন ধরাইয়া দিলেন ॥৮—১০॥

তাহার পর, সেই বাড়ীর সকল দিকেই আগুন লাগাইয়া দিলেন; তাহাতে সে বাড়ীখানা সমস্তই জ্বলিয়া উঠিল, ইহা দেখিয়া পাণ্ডবগণ মাতা কুন্তীর সহিত সত্বর যাইয়া সেই সুরঙ্গের ভিতরে প্রবেশ করিলেন। তাহার পর, সেই আগুনের দারুণ উত্তাপ এবং গুরুতর শব্দ হইতে লাগিল, তাহাতে পুরবাসী লোক সকল জাগিয়া উঠিল এবং তাহারা আগুনে বাড়ীখানা পুড়িতেছে দেখিয়া বলিতে লাগিল ॥১১—১৩॥

পুরবাসীরা বলিল—"দুর্য্যোধনের প্রেরিত পাপাত্মা ও দুষ্টবুদ্ধি পুরোচন বিশ্বস্ত পাণ্ডবগণের বিনাশের জন্যই এই বাড়ীখানা করাইয়াছিল এখন দগ্ধও করাইল ॥১৪॥

দিষ্ট্যা ত্বিদানীং পাপাত্মা দগ্ধোঽয়মতিদুর্ম্মতিঃ।
অনাগসঃ সুবিশ্বস্তান্ যো দদাহ নরোত্তমান্ ॥১৬॥
বৈশম্পায়ন উবাচ।
এবং তে বিলপন্তি স্ম বারণাবতকা জনাঃ।
পরিবার্য্য গৃহং তচ্চ তস্থু রাত্রৌ সমন্ততঃ ॥১৭॥
পাণ্ডবাশ্চাপি তে সর্ব্বে সহ মাত্রা সুরক্ষিতাঃ।
বিলেন তেন নির্গত্য জগ্মুর্দ্রুতমলক্ষিতাঃ ॥১৮॥
তেন নিদ্রোপবোধেন সাধ্বসেন চ পাণ্ডবাঃ।
ন শেকুঃ সহসা গন্তুং সহ মাত্রা পরন্তপাঃ ॥১৯॥
ভীমসেনস্তু রাজেন্দ্র! ভীমবেগপরাক্রমঃ।
জগাম ভ্রাতৄনাদায় সর্ব্বান্ মাতরমেব চ ॥২০॥

ভারতকৌমুদী

দিষ্ট্যেতি। দিষ্ট্যা ভাগ্যেন। অনাগসো নিরপরাধান্। নরোত্তমান্ পাণ্ডবান্ ॥১৬॥
এবমিতি। বারণাবতকা বারণাবতবাসিনঃ। পরিবার্য্য পরিবেষ্ট্য ॥১৭॥
পাণ্ডবা ইতি। মাত্রা কুন্ত্যা। বিলেন সুরঙ্গয়া। অলক্ষিতা লোকৈরদৃষ্টাঃ ॥১৮॥
তেনেতি। নিদ্রায়া উপবোধেন ব্যাঘাতেন, সাধ্বসেন ভয়েন চ ॥১৯॥
ভীমেতি। ভীমৌ বেগপরাক্রমৌ যস্য সঃ ॥২০॥

হায়! ধৃতরাষ্ট্রের বুদ্ধিটা সকলের বিশেষ সম্মত নহে; যিনি নির্দ্দোষ পাণ্ডবগণকে শত্রুর ন্যায় দগ্ধ করাইলেন ॥১৫॥

ভাগ্যবশতঃ পাপাত্মা ও দুষ্টবুদ্ধি পুরোচনটা দগ্ধ হইয়াছে; যে পুরোচন নিরপরাধ, বিশ্বস্ত ও নরশ্রেষ্ঠ পাণ্ডবগণকে দগ্ধ করিয়াছে" ॥১৬॥

বৈশম্পায়ন বলিলেন—সেই সকল বারণাবতবাসী লোক এইরূপ বিলাপ করিতে লাগিল এবং সেই বাড়ীখানার সকল দিক্ পরিবেষ্টন করিয়া রাত্রিতে অবস্থান করিল ॥১৭॥

এদিকে পাণ্ডবেরা সকলেও মাতা কুন্তীর সহিত সুরক্ষিতভাবে সেই সুরঙ্গ-পথ দিয়া বাহিরে নির্গত হইয়া অন্যের অলক্ষিত অবস্থায় দ্রুত গমন করিতে লাগিলেন ॥১৮॥

কিন্তু সেই নিদ্রার ব্যাঘাতে এবং ভয়ে ভীম ভিন্ন অপর পাণ্ডবগণ এবং কুন্তীদেবী সহসা গমন করিতে সমর্থ হইলেন না ॥১৯॥

মহারাজ! তখন ভয়ঙ্কর বেগ ও পরাক্রমশালী ভীমসেন মাতাকে এবং সকল ভ্রাতাকে বহন করতঃ গমন করিতে লাগিলেন ॥২০॥

স্কন্ধমারোপ্য জননীং যমাবঙ্কেন বীর্য্যবান্।
পার্থৌ গৃহীত্বা পাণিভ্যাং ভ্রাতরৌ স মহাবলঃ ॥২১॥
তরসা পাদপান্ ভঞ্জন্ মহীং পদ্ভ্যাং বিদারয়ন্।
স জগামাশু তেজস্বী বাতরংহা বৃকোদরঃ ॥২২॥ (যুগ্মকম্)

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যামাদিপর্ব্বণি জতুগৃহে জতুগৃহদাহো নাম দ্বিচত্বারিংশদধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥ *

—:*:—

ত্রিচত্বারিংশদধিকশততমোঽধ্যায়ঃ।

—:*:—

বৈশম্পায়ন উবাচ।

এতস্মিন্নেব কালে তু যথাসম্প্রত্যয়ং কবিঃ।
বিদুরঃ প্রেষয়ামাস তদ্বনং পুরুষং শুচিম্ ॥১॥
আত্মনঃ পাণ্ডবানাঞ্চ বিশ্বাস্যং জ্ঞাতপূর্ব্বকম্।
গঙ্গাসন্তরণার্থায় জ্ঞাতাভিজ্ঞানবাচিকম্ ॥২॥ (যুগ্মকম্)

ভারতকৌমুদী

স্কন্ধমিতি। যমৌ নকুলসহদেবৌ, অঙ্কেন ক্রোড়েন। পার্থৌ যুধিষ্ঠিরার্জ্জুনৌ। তরসা বেগেন। বাতস্য বায়োরিব রংহো বেগো যস্য তেন ॥২১—২২॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারত-টীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়ামাদিপর্ব্বণি জতুগৃহে দ্বিচত্বারিংশদধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥

—:*:—

এতস্মিন্নিতি। যথাসম্প্রত্যয়ং বিশ্বাসানুসারেণ অস্মিন্ সময়ে পাণ্ডবা গঙ্গাতীরে যাস্যন্তীত্যনুমায়েত্যর্থঃ। শুচিং পবিত্রস্বভাবম্। জ্ঞাতঃ পূর্ব্বঃ পূর্ব্ববৃত্তান্তো যেন তম্। জ্ঞাতং বিদুরাদেব প্রাপ্তম্ অভিজ্ঞানবাচিকং বিশ্বাসচিহ্নভূতঃ সন্দেশো যেন তম্ ॥১—২॥

মাতা কুন্তীকে স্কন্ধে লইযা, নকুল ও সহদেবকে কোলে করিযা এবং যুধিষ্ঠির ও অর্জ্জুনকে বাহুতে ধারণ করিযা মহাবল ভীমসেন শরীরের বেগে গাছ ভাঙ্গিয়া এবং পায়ের আঘাতে ভূতল বিদীর্ণ করিযা, বায়ুর ন্যায় বেগশালী হইযা মহাতেজে সত্বর গমন করিতে লাগিলেন ॥২১—২২॥

—:*:—

বৈশম্পায়ন বলিলেন—এই সময়েই বুদ্ধিমান্ বিদুর নিজের অনুমান অনু-

(২১) উরসা পাদপান্ ভঞ্জন্। * '...ষট্‌চত্বারিংশদধিক ...', '...অষ্টচত্বারিংশদধিক ...', '...ষষ্ট্যধিক ...' ইতি পাঠভেদাঃ। ২ শ্লোকঃ ক্বচিন্ন দৃশ্যতে।

স গত্বা তু যথোদ্দেশং পাণ্ডবান্ দদৃশে বনে।
জনন্যা সহ কৌরব্য। মাপযানান্ নদীজলম্ ॥৩॥
বিদিতং তন্মহাবুদ্ধের্বিদুরস্য মহাত্মনঃ।
ততস্তস্যাপি চারেণ চেষ্টিতং পাপচেতসঃ ॥৪॥
ততঃ স প্রেষিতো বিদ্বান্ বিদুরেণ নরস্তদা।
পার্থান্ সন্দর্শযামাস মনোমারুতগামিনীম্ ॥৫॥
সর্ব্ববাতসহাং নাবং যন্ত্রযুক্তাং পতাকিনীম্।
শিবে ভাগীরথীতীরে নরৈর্বিশ্রম্ভিভিঃ কৃতাম্ ॥৬॥ (যুগ্মকম্)

ভারতকৌমুদী

স ইতি। স পুরুষঃ। মাপযানান্ পাদাভ্যাং তরীতুং শক্যতে ন বেতি মাপযতঃ ॥৩॥

অথ বিদুরেণাসৌ পুরুষঃ কথং প্রেষিত ইত্যাহ—বিদিতমিতি। পাপচেতসস্তস্য দুর্য্যোধনস্য চারেণাপি, ততো হস্তিনানগরাৎ, পাণ্ডবেষু যৎ কর্ত্তুং চেষ্টিতম্, তদ্বিদুরস্য বিদিতম্ ॥৪॥

তত ইতি। ততঃ কারণাদেব। মনোমারুতগামিনীম্ অতীবদ্রুতগামিনীম্। সর্ব্বেত্যাদিকন্তু প্রাগেব ব্যাখ্যাতম্। শিবে সর্ব্বমঙ্গলকরে। বিশ্রম্ভিভির্বিশ্বস্তৈঃ ॥৫—৬॥

ভারতভাবদীপঃ

এতস্মিন্নিতি। যথাসম্প্রত্যযং যথাসঙ্কেতম্। শুচিং নাবিকম্ ॥১—২॥ মাপয়ানান্ জলপরিমাণং পরীক্ষমাণান্ ॥৩॥ তস্য চেষ্টিতং চারেণ বিদুরস্য বিদিতং যতস্ততো হেতোঃ বিদুরেণ

সারে পাণ্ডবগণকে গঙ্গা পার করিয়া দিবার জন্য তাঁহাদের নিকটে সেই বনের ভিতরে একটী সচ্চরিত্র লোককে পাঠাইযা দিলেন, সে লোকটী বিদুরের ও পাণ্ডবগণের বিশ্বাসের পাত্র ছিল, পূর্ব্বের ঘটনা জানিত এবং বিদুরের নিকট হইতেই বিশ্বাসজনক সংবাদ লইযাছিল ॥১—২॥

সেই লোক বিদুরেরই নির্দ্দেশক্রমে বনের ভিতরে যাইযা পাণ্ডবগণকে দেখিতে পাইল; তখন তাঁহারা কুন্তীর সহিত মিলিত হইযা গঙ্গার জল মাপিযা দেখিতেছিলেন ॥৩॥

এদিকে পাপাত্মা দুর্য্যোধনের চরও পাণ্ডবদের সম্বন্ধে যাহা করিবার জন্য সচেষ্ট ছিল, তাহা বুদ্ধিমান্ বিদুরও জানিতেছিলেন ॥৪॥

সেই জন্যই বিদুর তখন সেই অভিজ্ঞ লোকটীকে পাঠাইযা দিয়াছিলেন। সেই লোকটী যাইযা পাণ্ডবগণকে দেখাইযা দিল—মন ও বাযুর ন্যায় দ্রুতগামী, সর্ব্বপ্রকার বাযুর বেগ সহ্য করিতে সক্ষম এবং পতাকাযুক্ত একখানি কলের নৌকা গঙ্গার মধ্যে রহিযাছে; সেই নৌকাখানিকে বিশ্বস্ত লোকেরা মঙ্গলময গঙ্গাতীরেই নির্ম্মাণ করিযাছিল ॥৫—৬॥

(৩)…মার্গমাণান্ নদীজলম্। (৫)…পার্থানাং দর্শযামাস…।

ততঃ পুনরথোবাচ জ্ঞাপকং পূর্ব্বচোদিতম্।
যুধিষ্ঠির। নিবোধেদং সংজ্ঞার্থং বচনং কবেঃ ॥৭॥
কক্ষঘ্নঃ শিশিরঘ্নশ্চ মহাকক্ষে বিলৌকসঃ।
ন হন্তীত্যেবমাত্মানং যো রক্ষতি স জীবতি ॥৮॥
তেন মাং প্রেষিতং বিদ্ধি বিশ্বস্তং সংজ্ঞয়ানয়া।
ভূয়শ্চৈবাহ মাং ক্ষত্তা বিদুরঃ সর্ব্বতোঽর্থবিৎ ॥৯॥
কর্ণং দুর্য্যোধনঞ্চৈব ভ্রাতৃভিঃ সহিতং রণে।
শকুনিঞ্চৈব কৌন্তেয়। বিজেতাসি ন সংশয়ঃ ॥১০॥
ইয়ং বারিপথে যুক্তা নৌরপ্সু সুখগামিনী।
মোচয়িষ্যতি বঃ সর্ব্বানস্মাদ্দেশান্ন সংশয়ঃ ॥১১॥
অথ তান্ ব্যথিতান্ দৃষ্ট্বা সহ মাত্রা নরোত্তমান্।
নাবমারোপ্য গঙ্গায়াং প্রস্থিতানব্রবীৎ পুনঃ ॥১২॥

ভাবতকৌমুদী

তত ইতি। জ্ঞাপকম্ আত্মনি বিশ্বাসসূচকম্। সংজ্ঞার্থং ময়ি তদীয়ত্বজ্ঞানার্থম্ ॥৭॥
কিং তদ্বচনমিত্যাহ—কক্ষঘ্ন ইতি। ইদমপি প্রাগ্‌বিশদমেব ব্যাখ্যাতম্ ॥৮॥
তেনেতি। তেন বিদুরেণ। অনয়া উক্তশ্লোকোক্তিরূপয়া, সংজ্ঞয়া অন্যৈরজ্ঞাতসঙ্কেতেন ॥৯॥
কর্ণমিতি। বিজেতাসি বিজেষ্যসে, স্বযোগ্যতাবশাদস্মাকমাশীর্ব্বাদাচ্চেতি ভাবঃ ॥১০॥
ইয়মিতি। যুক্তা যোগ্যা। সুখগামিনী তরঙ্গাদিভিরচুম্বেলনীয়ত্বাদিত্যাশয়ঃ ॥১১॥
অথেতি। ব্যথিতান্ দুঃখিতান্, দুর্য্যোধনাত্যাচারাৎ স্বদেশপরিত্যাগাচ্চেত্যভিপ্রায়ঃ ॥১২॥

তাহার পর, সেই লোক পুনরায় বিশ্বাসসূচক পূর্ব্ব বৃত্তান্ত বলিল—"পাণ্ডবশ্রেষ্ঠ! আমি যে বিদুরেরই লোক, তাহা জানিবার জন্য বিদুরেরই এই বাক্য শ্রবণ করুন ॥৭॥

৮ শ্লোকের অনুবাদ পূর্ব্বে (১৫৩২ পৃষ্ঠায়) দ্রষ্টব্য।

সেই বিদুর আমাকে পাঠাইয়া দিয়াছেন এবং এই সঙ্কেত দ্বারাই আপনি আমাকে বিশ্বস্ত বলিয়া মনে করুন। আর, সর্ব্ববিষয়জ্ঞ বিদুর পুনরায় আমার নিকট বলিয়া দিয়াছেন—॥৯॥

"হে কুন্তীনন্দন। কর্ণ, ভ্রাতৃগণের সহিত দুর্য্যোধন এবং শকুনিকে নিশ্চয়ই আপনি যুদ্ধে জয় করিতে পারিবেন ॥১০॥

জলপথে চলিবার উপযুক্ত এবং জলে সুখগামিনী এই নৌকাখানি আপনাদের সকলকেই এই শত্রুপূর্ণ দেশ হইতে মুক্ত করিবে, ইহাতে সন্দেহ নাই ॥১১॥

বিদুরো মূর্দ্ধ্যুপাঘ্রায় পরিষ্বজ্য বচো মুহুঃ।
অরিষ্টং গচ্ছতাব্যগ্রাঃ পন্থানমিতি চাব্রবীৎ ॥১৩॥
ইত্যুক্ত্বা স তু তান্ বীরান্ পুমান্ বিদুরচোদিতঃ।
তারয়ামাস রাজেন্দ্র। গঙ্গাং নাবা নরর্ষভান্ ॥১৪॥
তারয়িত্বা ততো গঙ্গাং পারং প্রাপ্তাংশ্চ সর্ব্বশঃ।
জয়াশিষঃ প্রযুজ্যাথ যথাগতমগাদ্ধি সঃ ॥১৫॥
পাণ্ডবাশ্চ মহাত্মানঃ প্রতিসন্দিশ্য বৈ কবেঃ।
গঙ্গামুত্তীর্য্য বেগেন জগ্মুর্গূঢ়মলক্ষিতাঃ ॥১৬॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যামাদিপর্ব্বণি জতুগৃহে গঙ্গোত্তরণং নাম ত্রিচত্বারিংশদধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥ *

ভারতকৌমুদী

বিদুর ইতি। বচ ইতি বাক্যম্। অরিষ্টং নির্বিঘ্নম্, অব্যগ্রা অনাকুলাঃ সন্তঃ ॥১৩॥

ইতীতি। বিদুরেণ চোদিতঃ প্রেরিতঃ। নাবা তয়া নৌকয়া ॥১৪॥

তারয়িত্বেতি। সর্ব্বশঃ সর্ব্বান্ পাণ্ডবান্ প্রতি। স পুরুষঃ ॥১৫॥

পাণ্ডবা ইতি। কবের্বিদুরস্য সমীপে, প্রতিসন্দিশ্য সর্ব্বমাত্মবৃত্তান্তং সম্প্রেষ্য ॥১৬॥

ইতি মহামহোপাধ্যায-ভারতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারত-টীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়ামাদিপর্ব্বণি জতুগৃহে ত্রিচত্বারিংশদধিশততমোঽধ্যায়ঃ ॥০॥

ভারতভাবদীপঃ

ততঃ স্বস্থানান্নরঃ প্রবাসিতঃ প্রেষিত ইতি সার্দ্ধশ্লোকো বাক্যম্ ॥৭॥ স নরো দর্শয়ামাস ॥৫—১৬॥

ইতি শ্রীমহাভারতে আদিপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে ত্রিচত্বারিংশদধিকশততমোঽধ্যায়ঃ ॥১৪৩॥

তাহার পর, সেই লোক কুন্তীর সহিত পাণ্ডবগণকে দুঃখিত দেখিয়া, তাঁহাদিগকে নৌকায় তুলিয়া লইয়া, গঙ্গায় চলিবার সময়ে পুনরায় বলিল—॥১২॥

"বিদুর আপনাদের মস্তকাঘ্রাণ এবং স্নেহালিঙ্গন করিয়া বার বার এই কথা বলিয়া দিয়াছেন—'তোমরা সুস্থভাবে ও নির্বিঘ্নে পথে গমন করিও' ॥১৩॥

এই কথা বলিয়া বিদুরের প্রেরিত সেই লোকটী নরশ্রেষ্ঠ ও মহাবীর পাণ্ডবগণকে নৌকায় করিয়া গঙ্গা পার করিয়া দিল ॥১৪॥

তৎপরে গঙ্গা পার করিয়া দিয়া সেই লোকটী, তীরে উত্থিত পাণ্ডবগণের প্রতি জয়োচ্চারণ ও আশীর্ব্বাদ করিয়া, যেখান হইতে আসিয়াছিল, সেইখানেই চলিয়া গেল ॥১৫॥

মহাত্মা পাণ্ডবগণও বিদুরের নিকটে আপনাদের সমস্ত বৃত্তান্ত জানাইতে

---

* '...সপ্তচত্বারিংশদধিক...', '...উনপঞ্চাশদধিক...', '...একষষ্ট্যধিক...' ইতি পাঠভেদাঃ।

চতুশ্চত্বারিংশদধিকশততমোঽধ্যায়ঃ।

—ঃ*ঃ—

বৈশম্পায়ন উবাচ।

অথ রাত্র্যাং ব্যতীতায়ামশেষো নাগরো জনঃ।
তত্রাজগাম ত্বরিতো দিদৃক্ষুঃ পাণ্ডুনন্দনান্ ॥১॥
নির্ব্বাপয়ন্তো জ্বলনং তে জনা দদৃশুস্ততঃ।
জাতুষং তদ্গৃহং দগ্ধমমাত্যঞ্চ পুরোচনম্ ॥২॥
নূনং দুর্য্যোধনেনেদং বিহিতং পাপকর্ম্মণা।
পাণ্ডবানাং বিনাশায়েত্যেবং তে চুক্রুশুর্জনাঃ ॥৩॥
বিদিতে ধৃতরাষ্ট্রস্য ধার্ত্তরাষ্ট্রো ন সংশয়ঃ।
দগ্ধবান্ পাণ্ডুদায়াদান্ ন হ্যেনং প্রতিষিদ্ধবান্ ॥৪॥
নূনং শান্তনবোঽপীহ ন ধর্ম্মমনুবর্ত্ততে।
দ্রোণশ্চ বিদুরশ্চৈব কৃপশ্চান্যে চ কৌরবাঃ ॥৫॥

ভারতকৌমুদী

অথেতি। নাগরো বারণাবতনগরবাসী। দিদৃক্ষুর্দ্রষ্টুমিচ্ছুঃ ॥১॥
নির্ব্বাপয়ন্ত ইতি। জ্বলনমগ্নিম্। অমাত্যং দুর্য্যোধনসচিবম্ ॥২॥
নূনমিতি। নূনং নিশ্চিতমেব। চুক্রুশুঃ পরস্পরমামন্ত্র্য বিষাদং চক্রুঃ ॥৩॥
নাগরাণামনুমানমাহ—বিদিত ইতি। ধার্ত্তরাষ্ট্রো দুর্য্যোধনঃ ॥৪॥
নূনমিতি। অনুবর্ত্ততে অনুসরতি, তেনাপ্যনিষেধাদিতি ভাবঃ ॥৫॥

বলিয়া, গঙ্গাতীর অতিক্রম করিয়া, অন্যের অলক্ষিত হইয়া, বেগে ও গুপ্তভাবে চলিতে লাগিলেন ॥১৬॥

—ঃ*ঃ—

বৈশম্পায়ন বলিলেন—তাহার পর, রাত্রি প্রভাত হইলে, বারণাবতবাসী সমস্ত লোক পাণ্ডবগণকে দেখিবার জন্য সেখানে উপস্থিত হইল ॥১॥

তদনন্তর তাহারা অগ্নি নির্ব্বাপণ করিয়া দেখিল—সেই জতুগৃহ দগ্ধ হইয়াছে এবং দুর্য্যোধনের অমাত্য পুরোচন দগ্ধ হইয়াছে ॥২॥

তৎপরে তাহারা পরস্পর আলোচনা করিল যে, নিশ্চয়, পাপিষ্ঠ দুর্য্যোধনই পাণ্ডবগণের বিনাশের জন্য এই কার্য্য করিয়াছে ॥৩॥

এবং ধৃতরাষ্ট্রের বিদিত অবস্থাতেই দুর্য্যোধন পাণ্ডবগণকে দগ্ধ করিয়াছে; এ বিষয়ে কোন সন্দেহ নাই। কারণ, ধৃতরাষ্ট্র যখন দুর্য্যোধনকে নিষেধ করেন নাই ॥৪॥

তে বয়ং ধৃতরাষ্ট্রস্য প্রেষয়ামো দুরাত্মনঃ।
সংবৃত্তস্তে পরঃ কামঃ পাণ্ডবান্ দগ্ধবানসি ॥৬॥
ততো ব্যপোহমানাস্তে পাণ্ডবার্থে হুতাশনম্।
নিষাদীং দদৃশুর্দগ্ধাং পঞ্চপুত্রামনাগসম্ ॥৭॥
খনকেন তু তেনৈব বেশ্ম শোধয়তা বিলম্।
পাংশুভিঃ পিহিতং তচ্চ পুরুষৈস্তৈর্ন লক্ষিতম্ ॥৮॥
ততস্তে জ্ঞাপয়ামাসুর্ধৃতরাষ্ট্রস্য নাগরাঃ।
পাণ্ডবানগ্নিনা দগ্ধানমাত্যঞ্চ পুরোচনম্ ॥৯॥
শ্রুত্বা তু ধৃতরাষ্ট্রস্তদ্রাজা সুমহদপ্রিয়ম্।
বিনাশং পাণ্ডুপুত্রাণাং বিললাপ সুদুঃখিতঃ ॥১০॥

ভারতকৌমুদী

ত ইতি। প্রেষয়ামো বৃত্তান্তমিমং বক্তুং দূতমিতি শেষঃ। সংবৃত্তঃ সফলো জাতঃ ॥৬॥

তত ইতি। ব্যপোহমানাস্তর্কয়ন্তঃ অন্বিষ্যন্ত ইত্যর্থঃ। হুতাশনং তদ্দগ্ধস্থানম্ ॥৭॥

অথ পাণ্ডবানন্বিষ্যন্তস্তাঞ্চ সুরঙ্গাং পশ্যন্তঃ কথং নাগরাঃ পাণ্ডবার্থে ন সন্দিগ্ধবন্ত ইত্যাহ— খনকেনেতি। বেশ্ম জতুভবনম্, শোধয়তা পরিষ্কুর্ব্বতা নিঃসন্দেহার্থং যথাপূর্ব্বং কুর্ব্বতেত্যর্থঃ, পাংশুভির্ধূলিভিঃ, পিহিতমাবৃতম্, তত্তস্মাচ্চ, তৈর্নাগরৈঃ ॥৮॥

তত ইতি। ধৃতরাষ্ট্রস্য সমীপে। অমাত্যং পুরোচনঞ্চ দগ্ধং জ্ঞাপয়ামাসুঃ ॥৯॥

শ্রুত্বেতি। বিনাশং তদ্বিষয়কং বৃত্তম্ ॥১০॥

এবং ভীষ্মও নিশ্চয়ই এবিষয়ে ধর্ম্মের অনুসরণ করেন নাই; কিংবা দ্রোণ, কৃপ, বিদুর বা অন্যান্য কৌরবগণও ধর্ম্মের অপেক্ষা রাখেন নাই ॥৫॥

সে যাহা হউক, আমরা এই বলিয়া দুরাত্মা ধৃতরাষ্ট্রের নিকটে দূত পাঠাইব যে, তোমার উৎকট অভিলাষ পূর্ণ হইয়াছে; পাণ্ডবগণকে দগ্ধ করিতে পারিয়াছ ॥৬॥

তাহার পর, তাহারা পাণ্ডবগণের সন্ধানের জন্য অগ্নিদগ্ধ স্থানগুলি খুঁজিতে থাকিয়া দেখিল—নিরপরাধা ব্যাধপত্নী পাঁচটী পুত্রের সহিত দগ্ধ হইয়াছে ॥৭॥

কিন্তু সেই খনকই বাড়ীখানি পরিষ্কার করিতে থাকিয়া সেই গর্ত্ত ও সুরঙ্গটাকে মাটী দিয়া পরিপূর্ণ করিয়া রাখিয়া গিয়াছিল। সুতরাং বারণাবত-বাসী সেই সকল লোক তাহা দেখিতে পাইয়াছিল না ॥৮॥

তাহার পর, তাহারা ধৃতরাষ্ট্রের নিকট জানাইল যে, পাণ্ডবগণ অগ্নিতে দগ্ধ হইয়া গিয়াছেন, অমাত্য পুরোচনও দগ্ধ হইয়াছে ॥৯॥

রাজা ধৃতরাষ্ট্র পাণ্ডবগণের মৃত্যুবিষয়ের সেই গুরুতর অপ্রিয় সংবাদ শুনিয়া, অত্যন্ত দুঃখিত হইয়া বহুতর বিলাপ করিলেন (এবং বলিলেন—) ॥১০॥

অদ্য পাণ্ডুর্মৃতো রাজা মম ভ্রাতা মহাযশাঃ।
তেষু বীরেষু দগ্ধেষু মাত্রা সহ বিশেষতঃ ॥১১॥
গচ্ছন্তু পুরুষাঃ শীঘ্রং নগরং বারণাবতম্।
সৎকারয়ন্তু তান্ বীরান্ কুন্তিরাজসুতাঞ্চ তাম্ ॥১২॥
কারয়ন্তু চ কুল্যানি শুভানি চ বৃহন্তি চ।
যে চ তত্র মৃতাস্তেষাং সুহৃদো যান্তু তানপি ॥১৩॥
এবং গতে ময়া শক্যং যদ্‌যৎ কারয়িতুং হিতম্।
পাণ্ডবানাঞ্চ কুন্ত্যাশ্চ তৎ সর্ব্বং ক্রিয়তাং ধনৈঃ ॥১৪॥
সমেতাশ্চ ততঃ সর্ব্বে ভীষ্মেণ সহ কৌরবাঃ।
ধৃতরাষ্ট্রঃ সপুত্রশ্চ গঙ্গামভিমুখা যযুঃ ॥১৫॥
একবস্ত্রা নিরানন্দা নিরাভরণবেষ্টনাঃ।
উদকং কর্ত্তুকামা বৈ পাণ্ডবানাং মহাত্মনাম্ ॥১৬॥ (যুগ্মকম্)

ভারতকৌমুদী

অদ্যেতি। পুত্রস্য পিতৃরূপত্বাৎ পুত্রস্থিতৌ পিতৃস্থিতিঃ, তন্মরণে চ তন্মরণমিত্যাশয়ঃ ॥১১॥

গচ্ছন্ত্বিতি। সৎকারয়ন্তু গৃহদাহে নিঃশেষদাহাসম্ভবাৎ নিঃশেষেণ দহন্ত্বিত্যর্থঃ ॥১২॥

কারয়ন্ত্বিতি। কুল্যানি অস্মাকং কৌলিকনিয়মানুবর্ত্তীনি শ্রাদ্ধাদীনি। যে পাণ্ডবেতরে ॥১৩॥

এবমিতি। গতে কৃতে। যদ্‌যৎ ঔর্দ্ধদেহিকং দানাদিকম্ ॥১৪॥

সমেতা ইতি। সমেতাঃ সম্মিলিতাঃ। নিরাভরণবেষ্টনা অলঙ্কারোষ্ণীষশূন্যাঃ ॥১৫—১৬॥

ভারতভাবদীপঃ

অথেতি ॥১—৬॥ ব্যপোহমানা নির্ব্বাপয়ন্তঃ ॥৭—১২॥ কুল্যান্যস্থীনি, কারয়ন্তু সংস্কার-

---

"সেই মহাবীরগণ তাহাদের মাতার সহিত দগ্ধ হওয়ায় অদ্যই আমার যশস্বী ভ্রাতা পাণ্ডু যথার্থপক্ষে মরিয়া গেলেন ॥১১॥

সত্বর বারণাবতনগরে লোক যাউক, যাইয়া সেই বীরগণের ও কুন্তীর সৎকার করুক ॥১২॥

এবং আমাদের কৌলিক নিয়ম অনুসারে মাঙ্গলিক ও ঔর্দ্ধদেহিক কার্য্য করাউক; আর, অন্যান্য যাহারা সেখানে মরিয়াছে, তাহাদের বন্ধুবর্গও তাহাদের নিকট যাউক ॥১৩॥

এইরূপ করা হইলে, পাণ্ডবগণের জন্য এবং কুন্তীর জন্য আমারও যে যে হিতকার্য্য করান উচিত, সে সকলও ধন ব্যয় করিয়া করুক" ॥১৪॥

তাহার পর, পুত্রগণের সহিত ধৃতরাষ্ট্র এবং ভীষ্মের সহিত সকল কুরুবংশীয়-

---

১৫-১৬ শ্লোকৌ কতিপয়পুস্তকে ন দৃশ্যেতে।

এবং গত্বা ততশ্চক্রে জ্ঞাতিভিঃ পরিবারিতঃ।
উদকং পাণ্ডুপুত্রাণাং ধৃতরাষ্ট্রোঽম্বিকাসুতঃ ॥১৭॥
রুরুদুঃ সহিতাঃ সর্ব্বে ভৃশং শোকপরায়ণাঃ।
হা যুধিষ্ঠির! কৌরব্য! হা ভীম! ইতি চাপরে ॥১৮॥
হা ফাল্গুনেতি চাপ্যন্যে হা যমাবিতি চাপরে।
কুন্তীমার্ত্তাশ্চ শোচন্ত উদকং চক্রিরে জনাঃ ॥১৯॥
অন্যে পৌরজনাশ্চৈবমন্বশোচন্ত পাণ্ডবান্।
বিদুরস্ত্বল্পশশ্চক্রে শোকং বেদ পরং হি সঃ ॥২০॥
পাণ্ডবাশ্চাপি নির্গত্য নগরাদ্বারণাবতাৎ।
নদীং গঙ্গামনুপ্রাপ্তা মাতৃষষ্ঠা মহাবলাঃ ॥২১॥

ভারতকৌমুদী

এবমিতি। জ্ঞাতিভির্ভীষ্মাদিভিঃ। উদকম্ উদকেন তর্পণম্ ॥১৭॥
রুরুদুরিতি। সহিতাঃ সম্মিলিতাঃ সন্তঃ ॥১৮॥
হেতি। যমৌ নকুলসহদেবৌ ॥১৯॥
অন্য ইতি। হি যস্মাৎ, স বিদুরঃ, পরং জতুগৃহদাহাৎ পরবর্ত্তিনং বৃত্তান্তম্ ॥২০॥
পাণ্ডবা ইতি। মাতা ষষ্ঠী যেষাং তে ॥২১॥

ভারতভাবদীপঃ

য়স্তু। "কুলং জনপদে গোত্রে সজাতীয়গণেঽপি চ। ভবনে চ তনৌ ক্লীবং কণ্টকার্য্যোমধ্যে

গণ মিলিত হইয়া, অলঙ্কার ও উষ্ণীষ পরিত্যাগ করিয়া, এক বস্ত্রে এবং বিষণ্ণ মনে মহাত্মা পাণ্ডবগণের তর্পণ করিবার জন্য গঙ্গার অভিমুখে গমন করিলেন ॥১৫—১৬॥

তদনন্তর অম্বিকানন্দন ধৃতরাষ্ট্র জ্ঞাতিবর্গে পরিবেষ্টিত হইয়া, গঙ্গায় যাইয়া, পাণ্ডবগণের উদ্দেশে তর্পণ করিলেন ॥১৭॥

তখন সকলে মিলিয়া অত্যন্ত শোকার্ত্ত হইয়া রোদন করিতে লাগিলেন। কেহ কেহ বলিলেন—হা যুধিষ্ঠির! অপর কেহ কেহ বলিলেন—হা ভীম! ॥১৮॥

অন্য কেহ কেহ কহিলেন—হা অর্জ্জুন! অপরেরা বলিলেন—হা নকুল-সহদেব! এবং অন্য লোকেরা কাতর হইয়া কুন্তীর নিমিত্ত শোক করিতে থাকিয়া তর্পণ করিল ॥১৯॥

অন্যান্য পুরবাসীরাও পাণ্ডবগণের জন্য শোক করিতে লাগিল; কিন্তু বিদুর অল্প অল্প শোক করিলেন; কেন না, তিনি জতুগৃহদাহের পরেও পাণ্ডবগণের বৃত্তান্ত জানিতেন ॥২০॥

দাশানাং ভুজবেগেন নদ্যাঃ স্রোতোজবেন চ।
বায়ুনা চানুকূলেন তূর্ণং পাবমবাপ্নুবন্ ॥২২॥
ততো নাবং পবিত্যজ্য প্রযযুর্দক্ষিণাং দিশম্।
বিজ্ঞায নিশি পন্থানং নক্ষত্রগণসূচিতম্ ॥২৩॥
যতমানা বনং বাজন্। গহনং প্রতিপেদিবে।
ততঃ শ্রান্তাঃ পিপাসার্ত্তা নিদ্রান্ধাঃ পাণ্ডুনন্দনাঃ।
পুনরূচুর্ম্মহাবীর্য্যং ভীমসেনমিদং বচঃ ॥২৪॥
ইতঃ কষ্টতবং কিন্নু যদ্বযং গহনে বনে।
দিশশ্চ ন বিজানীমো গন্তুঞ্চৈব ন শক্নুমঃ ॥২৫॥
তঞ্চ পাপং ন জানীমো যদি দগ্ধঃ পুবোচনঃ।
কথং নু বিপ্রমুচ্যেম ভয়াদস্মাদলক্ষিতাঃ ॥২৬॥

ভাবতকৌমুদী

দাশানামিতি। দাশানাং নৌকাচালকানাং ধীববাণাম্ ॥২২॥
তত ইতি। প্রযযুঃ পাণ্ডবা ইতি পূর্ব্বানুকর্ষঃ। নক্ষত্রগণেন স্থচিতং বিজ্ঞাপিতম্ ॥২৩॥
যতমানা ইতি। যতমানা আশ্রযস্থানং লব্ধুং চেষ্টমানাঃ। ষট্পদমিদং পদ্যম্ ॥২৪॥
ইত ইতি। গহনে নিবিড়ে। ন শক্নুমঃ পবিশ্রান্তত্বাদ্দিগজ্ঞানাচ্চ ॥২৫॥
তমিতি। যদীতি সম্ভাবনাযাম্। অলক্ষিতা অন্যৈরজ্ঞাতাঃ ॥২৬॥

ভাবতভাবদীপঃ

কুলী"তি মেদিনী। কুল্যং স্যাৎ কীকসেঽপীতি চ কুল্যানি চৈত্যানীত্যন্যে, মহাবৃক্ষেণ বা

এদিকে মহাবল পাণ্ডবগণ মাতাব সহিত বাবণাবতনগব হইতে নির্গত হইয়া গঙ্গানদীতে যাইয়া উপস্থিত হইলেন ॥২১॥

তখন নৌকাচালক ধীববগণেব বাহুর বেগে, নদীব স্রোতেব বেগে এবং অনুকূল বাযুব সাহায্যে তাঁহাবা সত্ববই পবপাবে যাইয়া উপস্থিত হইলেন ॥২২॥

তাহাব পব, তাঁহাবা নৌকা পরিত্যাগ করিয়া, বাত্রিতেও নক্ষত্র দেখিয়া পথ জানিয়া দক্ষিণ দিকে গমন কবিতে লাগিলেন ॥২৩॥

মহারাজ! পাণ্ডবগণ আশ্রয়স্থান লাভ কবিবাব জন্য যত্নবান্ হইয়া, নিবিড বনে যাইযা উপস্থিত হইলেন। তাহাব পব, তাঁহাবা পবিশ্রান্ত, পিপাসার্ত্ত এবং নিদ্রায কাতব হইয়া পুনবায ভীমসেনকে এই কথা বলিলেন—॥২৪॥

"ইহা অপেক্ষা আব কি দুঃখ হইতে পাবে যে, আমবা এই নিবিড় বনমধ্যে দিক্ নির্ণয কবিতে পাবিতেছি না এবং চলিতেও পাবিতেছি না ॥২৫॥

আর, সেই পাপাত্মা পুরোচন দগ্ধ হইল কিনা তাহাও জানিতে পাবিলাম

পুনরস্মানুপাদায় তথৈব ব্রজ ভারত ! ।
ত্বং হি নো বলবানেকো যথা সততগস্তথা ॥২৭॥
ইত্যুক্তো ধর্ম্মরাজেন ভীমসেনো মহাবলঃ ।
আদায় কুন্তীং ভ্রাতৄংশ্চ জগামাশু মহাবলঃ ॥২৮॥

ইতি শ্রীমহাভাবতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যামাদিপর্ব্বণি জতুগৃহে পাণ্ডববনপ্রবেশো নাম চতুশ্চত্বারিংশদধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥ *

—:*:—

পঞ্চচত্বারিংশদধিকশততমোঽধ্যায়ঃ।

—:*:—

বৈশম্পায়ন উবাচ ।
তেন বিক্রমমাণেন উরুবেগসমীরিতম্ ।
বনং সবৃক্ষবিটপং ব্যাঘূর্ণিতমিবাভবৎ ॥১॥

ভারতকৌমুদী

পুনরিতি । নঃ অস্মাকং মধ্যে । সততগো বায়ুঃ ॥২৭॥

ইতীতি । আদায় পূর্ব্ববদেব স্কন্ধাদাবারোপ্য । একো মহাবলো মহাসাহসঃ ॥২৮॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারত-টীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়ামাদিপর্ব্বণি জতুগৃহে চতুশ্চত্বারিংশদধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥

—:*:—

তেনেতি । বিক্রমমাণেন বিক্রম্য গচ্ছতা । উরুর্মহান্ যো বেগস্তেন সমীরিতম্ ॥১॥

ভারতভাবদীপঃ

মহাপ্রাসাদেন বা অঙ্কিতানি চত্বরাণীত্যর্থঃ ॥১৩—২৮॥

ইতি শ্রীমহাভারতে আদিপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে চতুশ্চত্বারিংশদধিক-শততমোঽধ্যায়ঃ ॥১৪৪॥

—:*:—

না এবং অন্যের অজ্ঞাতভাবে এই ভয় হইতে কি করিয়া মুক্ত হইব, তাহাও বুঝিতেছি না” ॥২৬॥

(যুধিষ্ঠির বলিলেন—) “ভীম ! তুমি পুনরায় সেইভাবেই আমাদিগকে বহিয়া লইয়া চল। কেন না, একমাত্র তুমিই আমাদের মধ্যে বায়ুর ন্যায় বলবান্” ॥২৭॥

যুধিষ্ঠির এই কথা বলিলে, মহাবল ও মহাসাহস ভীমসেন মাতা কুন্তীকে এবং ভ্রাতৃগণকে বহিয়া লইয়া চলিতে লাগিলেন ॥২৮॥

—:*:—

*‘…অষ্টচত্বারিংশদধিক…’, ‘…পঞ্চাশদধিক…’, ‘…একষষ্ট্যধিক…’ ইতি পাঠভেদাঃ।

জঙ্ঘাবাতো ববৌ চাস্য শুচিশুক্রাগমে যথা।
আবর্জ্জিতলতাবৃক্ষং মার্গং চক্রে মহাবলঃ ॥২॥
সমৃদ্ধান্ পুষ্পিতাংশ্চৈব ফলিতাংশ্চ বনস্পতীন্।
অবরুজ্য যযৌ গুল্মান্ পথস্তস্য সমীপজান্ ॥৩॥
স বোধিত ইব ক্রুদ্ধো বনে ভঞ্জন্ মহাদ্রুমান্।
ত্রিপ্রস্রুতমদঃ শুষ্মী ষষ্টিবর্ষী মতঙ্গরাট্ ॥৪॥
গচ্ছতস্তস্য বেগেন তার্ক্ষ্যমারুতরংহসঃ।
ভীমস্য পাণ্ডুপুত্রাণাং মূর্চ্ছেব সমজায়ত ॥৫॥

ভারতকৌমুদী

জঙ্ঘেতি। শুচি শুক্রযোর্জ্যৈষ্ঠাষাঢ়য়োরাগমে। আবর্জ্জিতা নতীকৃতা লতা বৃক্ষাশ্চ যস্য তম্ ॥২॥

সমৃদ্ধানিতি। সমৃদ্ধান্ শাখাপল্লবাদিসম্পন্নান্। অবরুদ্ধ্য ভঙ্ক্ত্বা ॥৩॥

স ইতি। বোধিতঃ প্রতিযূথপং জ্ঞাপিতঃ। ত্রিভ্যো গণ্ডকর্ণপায়ুভ্যঃ প্রস্রুতো গলিতো মদো দানজলং যস্য স তাদৃশঃ, শুষ্মী গর্ব্বেণোদ্ধতাশালী, ষষ্টিবর্ষী যুবা। স ভীমো যযৌ ॥৪॥

গচ্ছত ইতি। তার্ক্ষ্যো গরুড়ঃ মারুতো বায়ুশ্চ তয়োরিব রংহো বেগো যস্য তস্য ॥৫॥

ভারতভাবদীপঃ

তেনেতি ॥১॥ শুচিশুক্রাগমে জ্যৈষ্ঠাষাঢ়য়োঃ সন্ধিসময়ে। আবর্জ্জিতাঃ নমীকৃতা লতা বৃক্ষাশ্চ যস্মিন্ ॥২॥ অবরুজ্য ভঙ্ক্ত্বা ॥৩॥ রোষিতো রোষং প্রাপিতঃ, ত্রিষু গণ্ড-কর্ণমূল-গুহ্যদেশেষু প্রস্রুতো মদো যস্য সঃ, শুষ্মী তেজস্বী "শুষ্মং তেজসি সূর্য্যে না" ইতি মেদিনী।

বৈশম্পায়ন বলিলেন—ভীম পাদক্ষেপ করিয়া চলিতে থাকিলে, তাহার গুরুতর বেগে বৃক্ষ ও শাখাযুক্ত বনগুলি সঞ্চালিত হইয়া যেন ঘূর্ণিত হইতে লাগিল ॥১॥

জ্যৈষ্ঠ ও আষাঢ় মাসে যেমন বায়ু বহিত হয়, সেইরূপ তাঁহার জঙ্ঘার বায়ু বহিত হইতে থাকিল; এইভাবে তিনি পথের নিকটবর্ত্তী লতা ও বৃক্ষগুলি অবনত করিয়া চলিলেন ॥২॥

পথের নিকটবর্ত্তী শাখা, পল্লব, পুষ্প ও ফলযুক্ত বৃক্ষ এবং গুল্মসমূহকে ভগ্ন করিয়া তিনি চলিতে লাগিলেন ॥৩॥

যাহার গণ্ড, কর্ণ ও গুহ্যদেশ হইতে মদজল গলিত হইয়া থাকে, সেইরূপ পূর্ণ যুবা এবং অন্তরের তেজে গরম হস্তিরাজ যেমন অন্য হস্তীর আগমন জানিয়া ক্রুদ্ধ হইয়া, বৃহৎ বৃক্ষ সকল ভগ্ন করিয়া গমন করে, ভীমও সেইভাবে গমন করিতে লাগিলেন ॥৪॥

---

(৪) স রোষিত ইব ক্রুদ্ধঃ… ।

অসকৃচ্চাপি সন্তীর্য্য দূরপারং ভুজপ্লবৈঃ।
পথি প্রচ্ছন্নমাসেদুর্ধার্ত্তরাষ্ট্রভয়াত্তদা ॥৬॥
কৃচ্ছ্রেণ মাতরঞ্চৈব সুকুমারীং যশস্বিনীম্।
অবহৎ স তু পৃষ্ঠেন রোধঃসু বিষমেষু চ ॥৭॥
অগমচ্চ বনোদ্দেশমল্পমূলফলোদকম্।
ক্রূরপক্ষিমৃগং ঘোরং সায়াহ্নে ভরতর্ষভ! ॥৮॥
ঘোরা সমভবৎ সন্ধ্যা দারুণা মৃগপক্ষিণঃ।
অপ্রকাশা দিশঃ সর্ব্বা বাতৈরাসন্ননার্ত্তবৈঃ ॥৯॥
শীর্ণপর্ণফলৈ রাজন্! বহুগুল্মক্ষুপৈর্দ্রুমৈঃ।
ভগ্নাবভুগ্নভূয়িষ্ঠৈর্নানাদ্রুমসমাকুলৈঃ ॥১০॥ (যুগ্মকম্)

ভারতকৌমুদী

অসকৃদিতি। ভুজয়োঃ প্লবৈরুৎক্ষেপৈঃ, সন্তীর্য্য প্রাপ্য নদীরতিক্রম্য। প্রচ্ছন্নং বনাবৃতম্ ॥৬॥
কৃচ্ছ্রেণেতি। সুকুমারীং কোমলাঙ্গীম্। রোধঃসু নদীতীরেষু, বিষমেষু উচ্চাবচস্থানেষু ॥৭॥
অগমদিতি। ক্রূরা হিংস্রাঃ পক্ষিণো মৃগাঃ পশবশ্চ যত্র তম্ ॥৮॥
ঘোরেতি। অনার্ত্তবৈঃ অনৃতুসম্ভবৈঃ অকালাগতৈরিত্যর্থঃ। বহবো গুল্মক্ষুপা গুল্মহ্রস্বশাখবৃক্ষা যেষু তৈঃ। ভগ্না অবভুগ্না অবনতাশ্চ বৃক্ষা ভূয়িষ্ঠা যেষু তৈঃ। অপ্রকাশা আসন্ ॥৯—১০॥

ভারতভাবদীপঃ

ষষ্টিবর্ষীতি পূর্ণযৌবনঃ ॥৪—৫॥ দূরপারং গঙ্গাপ্রবাহম্। বনেঽপি তস্মাৎ বিভ্যতীতি ভাবঃ। ভুজপ্লবৈর্ভুজাভ্যাং প্লবনৈঃ, বহুত্বং ব্যাপারভেদাৎ ॥৬॥ রোধঃসু উচ্চভাগেষু ॥৭—৮॥

গরুড় ও বায়ুর ন্যায় বেগশালী ভীমসেনের গমনের বেগে অন্যান্য পাণ্ডবদের যেন মূর্চ্ছা উপস্থিত হইল ॥৫॥

পাণ্ডবেরা তখন দুর্য্যোধনের ভয়ে পথে পথে বাহু দ্বারাই বার বার অনেক নদী উত্তীর্ণ হইয়া দূরবর্ত্তী বৃক্ষলতাচ্ছন্ন তীরদেশ প্রাপ্ত হইলেন ॥৬॥

ভীমসেন কোমলাঙ্গী মাতা কুন্তীদেবীকে পিঠে লইয়া অতি কষ্টে নদীর তীরে এবং উঁচু-নীচু জায়গায় বহন করিয়া নিতে লাগিলেন ॥৭॥

তাহার পর, তিনি সন্ধ্যাকালে যাইয়া একটা ভয়ঙ্কর বনের নিকটে উপস্থিত হইলেন—সেখানে ফল, মূল ও জল অল্প ছিল; কিন্তু হিংস্র জন্তু ও হিংস্র পক্ষী বহুতর ছিল ॥৮॥

ক্রমে ঘোর সন্ধ্যাকাল উপস্থিত হইল, ভয়ঙ্কর পশু ও পক্ষিগণ বিচরণ

তে শ্রমেণ চ কৌরব্যাস্তৃষ্ণয়া চ প্রপীড়িতাঃ।
নাশক্নুবংস্তদা গন্তুং নিদ্রয়া চ প্রবৃদ্ধয়া ॥১১॥
ন্যবিশন্ত হি তে সর্ব্বে নিরাস্বাদে মহাবনে।
ততস্তৃষ্ণাপরিক্ষামা কুন্তী পুত্রানথাব্রবীৎ ॥১২॥
মাতা সতী পাণ্ডবানাং পঞ্চানাং মধ্যতঃ স্থিতা।
তৃষ্ণয়া হি পরীতাস্মি পুত্রান্ ভৃশমথাব্রবীৎ ॥১৩॥
তচ্ছ্রুত্বা ভীমসেনস্য মাতৃস্নেহাৎ প্রজল্পিতম্।
কারুণ্যেন মনস্তপ্তং গমনায়োপচক্রমে ॥১৪॥
ততো ভীমো বনং ঘোরং প্রবিশ্য বিজনং মহৎ।
ন্যগ্রোধং বিপুলচ্ছায়ং রমণীয়ং দদর্শ হ ॥১৫॥

ভারতকৌমুদী

ত ইতি। কৌরব্যা ভীমেতরে পাণ্ডবাঃ। প্রবৃদ্ধয়া উৎকটয়া ॥১১॥
ন্যবিশন্তেতি। নিরাস্বাদে খাদ্যরহিতে অসুন্দরে বা। তৃষ্ণয়া পরিক্ষামা ক্ষীণস্বরা ॥১২॥
মাতেতি। পরীতা পরিব্যাপ্তকণ্ঠদেশা। ইতি পুত্রান্ ভৃশমব্রবীৎ ॥১৩॥
তদিতি। তৎ প্রজল্পিতং শ্রুত্বা। কারুণ্যেন দয়যা। উপচক্রমে ভীমসেনঃ ॥১৪॥

ভারতভাবদীপঃ

অনার্ত্তবৈঃ অনৃতুভবৈঃ উৎপাতরূপৈরিত্যর্থঃ ॥৯॥ গুল্মঃ স্তম্বঃ, ক্ষুপো হ্রস্বশাখো বৃক্ষঃ।

করিতে লাগিল, অকালের বায়ুর বেগে শুকনো পাতা উড়িয়া, ফল পড়িয়া, বহুতর গুল্ম, ছোট গাছ ও বড় গাছ ভাঙ্গিয়া পড়িয়া এবং নানা গাছ ঘুরিতে থাকিয়া সকল দিক্ আচ্ছন্ন করিয়া ফেলিল ॥৯—১০॥

তখন ভীম ভিন্ন অপর পাণ্ডবগণ পরিশ্রমে, পিপাসায় এবং প্রবল নিদ্রার আবেশে গমন করিতে সমর্থ হইলেন না ॥১১॥

সুতরাং তাঁহারা সকলেই ভয়ঙ্কর বনমধ্যে প্রবেশ করিলেন। তাহার পর কুন্তী তৃষ্ণায় কাতর হইয়া পুত্রগণকে বলিলেন—॥১২॥

"আমি পঞ্চ পাণ্ডবের মাতা হইয়া এবং তাহাদেরই মধ্যে থাকিয়া আজ পিপাসায় অত্যন্ত কাতর হইয়া পড়িলাম"। এই কথা তিনি বার বার পুত্রগণকে বলিলেন ॥১৩॥

তাঁহার সেই কাতরোক্তি শুনিয়া ভীমসেনের হৃদয় মাতৃস্নেহ এবং দয়ায় আকুল হইয়া পড়িল; তাই তিনি জল আনিবার জন্য যাইবার উপক্রম করিলেন ॥১৪॥

---

(১২)…ততস্তৃষা পরিক্লান্তা …।

তত্র নিক্ষিপ্য তান্ সর্ব্বানুবাচ ভরতর্ষভঃ।
পানীয়ং মৃগয়ামীহ বিশ্রমধ্বমিতি প্রভো ! ॥১৬॥
এতে রুবন্তি মধুরং সারসা জলচারিণঃ।
ধ্রুবমত্র জলস্থানং মহচ্চেতি মতির্মম ॥১৭॥
অনুজ্ঞাতঃ স গচ্ছেতি ভ্রাত্রা জ্যেষ্ঠেন ভারত ! ।
জগাম তত্র যত্র স্ম সারসা জলচারিণঃ ॥১৮॥
স তত্র পীত্বা পানীয়ং স্নাত্বা চ ভরতর্ষভঃ।
তেষামর্থে চ জগ্রাহ ভ্রাতৄণাং ভ্রাতৃবৎসলঃ ॥১৯॥
উত্তরীয়েণ পানীয়মানয়ামাস ভারত ! ।
পঙ্কজানামনেকৈশ্চ পত্রৈর্ব্বধ্বা পৃথক্ পৃথক্ ॥২০॥

ভারতকৌমুদী

তত ইতি। ন্যগ্রোধং বটবৃক্ষম্ ॥১৫॥

তত্রেতি। তত্র ন্যগ্রোধতলে, নিক্ষিপ্য সংস্থাপ্য। ভরতর্ষভো ভীমঃ। মৃগয়ামি অন্বিষ্যামি ॥১৬॥

এত ইতি। সারসাঃ পক্ষিবিশেষাঃ। অত্র অঙ্গুল্যা নির্দ্দিষ্টে দেশে ॥১৭॥

অন্বিতি। জ্যেষ্ঠেন ভ্রাত্রা যুধিষ্ঠিরেণ। স্মেতি পাদপূরণে ॥১৮॥

স ইতি। স ভীমসেনঃ। পানীয়ং জলম্। জগ্রাহ পানীয়মেব ॥১৯॥

অথ কেন পাত্রেণ জগ্রাহেত্যাহ—উত্তরীয়েণেতি। বধ্বা পুটকং কৃত্বেত্যর্থঃ ॥২০॥

তাহার পর, ভীমসেন ভয়ঙ্কর, নির্জ্জন ও বিশাল বনের ভিতরে প্রবেশ করিয়া বিশাল ছায়াযুক্ত সুন্দর একটা বটগাছ দেখিতে পাইলেন ॥১৫॥

তাহার নীচে সকলকে রাখিয়া বলিলেন—"আমি জলের অন্বেষণ করি; আপনারা এইখানেই বিশ্রাম করুন ॥১৬॥

জলচারী এই সারসপক্ষিগণ মধুর রব করিতেছে; অতএব আমার মনে হয় যে, নিশ্চয়ই ঐ স্থানে বিশাল জলাশয় আছে" ॥১৭॥

"যাও, জল আনয়ন কর" যুধিষ্ঠির এইরূপ অনুমতি করিলে, যেখানে জলচারী সারসগণ রব করিতেছিল, ভীম সেইখানে গমন করিলেন ॥১৮॥

ভ্রাতৃবৎসল ভরতবংশশ্রেষ্ঠ ভীমসেন সেখানে যাইয়া, জলপান ও স্নান করিয়া, ভ্রাতাদের জন্য জল লইলেন ॥১৯॥

অনেক অনেক পদ্মপত্র দ্বারা পৃথক্ পৃথক্ পুটক বাঁধিয়া, সে পুটকগুলিকে আবার উত্তরীয় বস্ত্রে লইয়া, জল আনয়ন করিলেন ॥২০॥

---

(২০) দ্বিতীয়ার্দ্ধং কতিপয়পুস্তকে নাস্তি।

গব্যূতিমাত্রাদাগত্য ত্বরিতো মাতরং প্রতি।
শোক-দুঃখ-পরীতাত্মা নিশশ্বাসোরগো যথা ॥২১॥
স সুপ্তং মাতরং দৃষ্ট্বা ভ্রাতৄংশ্চ বসুধাতলে।
ভৃশং শোকপরীতাত্মা বিললাপ বৃকোদরঃ ॥২২॥
অতঃ কষ্টতরং কিন্নু দ্রষ্টব্যং হা ভবিষ্যতি।
যৎ পশ্যামি মহীসুপ্তান্ ভ্রাতৄনদ্য সুমন্দভাক্ ॥২৩॥
শয়নেষু পরার্দ্ধ্যেষু যে পুরা বারণাবতে।
নাধিজগ্মুস্তদা নিদ্রাং তেঽদ্য সুপ্তা মহীতলে ॥২৪॥
স্বসারং বসুদেবস্য শত্রুসঙ্ঘাবমর্দ্দিনঃ।
কুন্তিরাজসুতাং কুন্তীং সর্ব্বলক্ষণপূজিতাম্ ॥২৫॥
স্নুষাং বিচিত্রবীর্য্যস্য ভার্য্যাং পাণ্ডোর্মহাত্মনঃ।
তথৈব চাস্মজ্জননীং পুণ্ডরীকোদরপ্রভাম্ ॥২৬॥

ভারতকৌমুদী

গব্যূতীতি। গব্যূতিমাত্রাৎ ক্রোশদ্বয়পথাৎ। "গব্যূতিঃ স্ত্রী ক্রোশযুগম্" ইত্যমরঃ ॥২১॥
স ইতি। সুপ্তাং নিদ্রিতাম্। বসুধাতলে মৃত্তিকায়ামেব ॥২২॥
অত ইতি। সুমন্দং ভাগ্যং ভজত ইতি সুমন্দভাক্ ॥২৩॥
শয়নেষ্বিতি। শয়নেষু শয্যাসু, পরার্দ্ধ্যেষু উৎকৃষ্টেষু ॥২৪॥
স্বসারমিতি। স্বসারং ভগিনীম্। সর্ব্বৈর্লক্ষণৈশ্চিহ্নৈঃ পূজিতাং নারীষু প্রশস্তাম্।

ভারতভাবদীপঃ

অবভুগ্নো নামিতঃ ॥১০—১১॥ তৃষা তৃষ্ণয়া ॥১২—২০॥ গব্যূতিমাত্রাৎ ক্রোশদ্বয়াৎ ॥২১—২২॥

ভীমসেন এইভাবে দুই ক্রোশপথ হইতে সত্বর মাতার নিকট আসিয়া, শোকে ও দুঃখে কাতর হইয়া, সর্পের ন্যায় নিশ্বাস ত্যাগ করিতে লাগিলেন ॥২১॥

তিনি মাতাকে ও ভ্রাতৃগণকে ভূতলে নিদ্রিত দেখিয়া, শোকে অত্যন্ত কাতর হইয়া বিলাপ করিতে লাগিলেন—॥২২॥

"হায়! ইহা অপেক্ষা অধিক কি কষ্ট দেখা যাইতে পারে যে, অতিমন্দ-ভাগ্য আমি আজ ভ্রাতৃগণকে ভূতলে নিদ্রিত দেখিতেছি ॥২৩॥

যাঁহারা পূর্ব্বে বারণাবতনগরে উৎকৃষ্ট শয্যায় শয়ন করিয়াও নিদ্রা লাভ করেন নাই, তাঁহারাই আজ ভূতলে নিদ্রা যাইতেছেন ॥২৪॥

শত্রুসমূহবিজয়ী বসুদেবের ভগিনী, কুন্তিরাজের কন্যা, সর্ব্বসুলক্ষণসম্পন্না, বিচিত্রবীর্য্য রাজার পুত্রবধূ, মহাত্মা পাণ্ডু রাজার ভার্য্যা, আমাদের মাতা, পদ্ম-

(২৩)…দ্রষ্টব্যং হি ভবিষ্যতি। (২৫)…শত্রুসংহারমর্দ্দিনঃ।

সুকুমারতরামেনাং মহার্হশয়নোচিতাম্ ।
শয়ানাং পশ্যতাদ্যেহ পৃথিব্যামতথোচিতাম্ ॥২৭॥ (বিশেষকম্)
ধর্ম্মাদিন্দ্রাচ্চ বাতাচ্চ সুষুবে যা সুতানিমান্ ।
সেয়ং ভূমৌ পরিশ্রান্তা শেতে প্রাসাদশায়িনী ॥২৮॥
কিন্নু দুঃখতরং শক্যং ময়া দ্রষ্টুমতঃ পরম্ ।
যোঽহমদ্য নরব্যাঘ্রান্ সুপ্তান্ পশ্যামি ভূতলে ॥২৯॥
ত্রিষু লোকেষু যো রাজ্যং ধর্ম্মনিত্যোঽর্হতে নৃপঃ ।
সোঽয়ং ভূমৌ পরিশ্রান্তঃ শেতে প্রাকৃতবৎ কথম্ ॥৩০॥
অয়ং নীলাম্বুদশ্যামো নরেষ্বপ্রতিমোঽর্জ্জুনঃ ।
শেতে প্রাকৃতবদ্ভূমৌ ততো দুঃখতরং নু কিম্ ॥৩১॥

ভারতকৌমুদী

স্নুষাং পুত্রবধূম্ । পুণ্ডরীকোদরস্য পদ্মকোষস্যেব প্রভা কান্তির্যস্যাস্তাং বিশুদ্ধগৌরবর্ণামিত্যর্থঃ । মহার্হশয়নোচিতাং মহামূল্যশয্যাযোগ্যাম্ । পশ্যতা ময়া সন্তপ্যত ইতি শেষঃ ॥২৫—২৭॥

ধর্ম্মাদিতি । প্রাসাদশায়িনী প্রাসাদশয়নযোগ্যা ॥২৮॥

কিন্নিতি । নরব্যাঘ্রানিমান্ পাণ্ডবান্ ॥২৯॥

ত্রিম্বিতি । স যুধিষ্ঠিরঃ । প্রাকৃতবৎ নীচজনবৎ কথমিতি বিষাদসূচকমব্যয়ম্ ॥৩০॥

অয়মিতি । অপ্রতিমো নিরুপমঃ, শৌর্য্যধর্ম্মাদাবিতি ভাবঃ ॥৩১॥

কোষের ন্যায় গৌরবর্ণা, অত্যন্ত কোমলাঙ্গী এবং মহামূল্য শয্যায় শয়ন করিবার যোগ্যা এই কুন্তীদেবী আজ এই বনমধ্যে ভূতলে শয়ন করিয়া রহিয়াছেন; অথচ ইনি এইরূপ শয়ন করিবার যোগ্যা নহেন; ইঁহাকে এইরূপ দেখিয়া আমার হৃদয় বিদীর্ণ হইতেছে ॥২৫—২৭॥

হায়। যিনি ধর্ম্ম, বায়ু ও ইন্দ্র হইতে এই পুত্র তিনটী প্রসব করিয়াছেন; অট্টালিকায় শয়নযোগ্যা সেই কুন্তীদেবী পরিশ্রান্ত হইয়া এই মৃত্তিকায় শয়ন করিয়া রহিয়াছেন ॥২৮॥

আমি ইহা অপেক্ষা অধিক দুঃখের বিষয় আর কি দেখিতে পারি, যে আমি আজ নরশ্রেষ্ঠ পাণ্ডবগণকে ভূতলে শয়িত দেখিতেছি ॥২৯॥

সর্ব্বদা ধর্ম্মপরায়ণ যে যুধিষ্ঠির ত্রিভুবনের রাজত্ব করিবার যোগ্য, হায়! তিনি এই পরিশ্রান্ত হইয়া সাধারণ লোকের ন্যায় ভূতলে শয়ন করিয়া রহিয়াছেন ॥৩০॥

শৌর্য্যবীর্য্যপ্রভৃতি গুণে মনুষ্যমধ্যে যাহার তুলনা নাই, সেই নীলমেঘতুল্য শ্যামবর্ণ অর্জ্জুন সাধারণ লোকের ন্যায় এই ভূতলে শয়ন করিয়া রহিয়াছে; ইহা অপেক্ষা অধিক দুঃখের বিষয় কি হইতে পারে ॥৩১॥

অশ্বিনাবিব দেবানাং যাবিমৌ রূপসম্পদা।
তৌ প্রাকৃতবদদ্যেমৌ প্রসুপ্তৌ ধরণীতলে ॥৩২॥
জ্ঞাতয়ো যস্য নৈব স্যুর্বিষমাঃ কুলপাংসনাঃ।
স জীবেত সুখং লোকে গ্রামদ্রুম ইবৈকজঃ ॥৩৩॥
একো বৃক্ষো হি যো গ্রামে ভবেৎ পর্ণফলান্বিতঃ।
চৈত্যো ভবতি নির্জ্ঞাতিবধ্বনীনৈশ্চ পূজিতঃ ॥৩৪॥
যেষাঞ্চ বহবঃ শূরা জ্ঞাতয়ো ধর্ম্মমাশ্রিতাঃ।
তে জীবন্তি সুখং লোকে ভবন্তি চ নিরাময়াঃ ॥৩৫॥
বলবন্তঃ সমৃদ্ধার্থা মিত্রবান্ধবনন্দনাঃ।
জীবন্ত্যন্যোন্যমাশ্রিত্য দ্রুমাঃ কাননজা ইব ॥৩৬॥

ভারতকৌমুদী

অশ্বিনাবিতি। দেবানাং মধ্যে অশ্বিনৌ অশ্বিনীকুমারাবিব। ইমৌ নকুলসহদেবৌ ॥৩২॥
জ্ঞাতয় ইতি। বিষমাঃ খলাঃ, কুলপাংসনাঃ কুলাঙ্গারাঃ। এক এব জাত ইত্যেকজঃ ॥৩৩॥
নন্বেকজবৃক্ষস্য কথং সুখজীবিত্বমিত্যাহ—এক ইতি। চৈত্যো দেববৃক্ষঃ। নির্জ্ঞাতি-র্বৃক্ষান্তরসম্পর্কশূন্যঃ। অধ্বনীনৈঃ পথিকৈঃ, পূজিত আদৃতঃ, তন্মাত্রাশ্রয়ত্বাৎ ॥৩৪॥
যেষামিতি। নিরাময়া নিরাপদঃ, ধার্ম্মিকজ্ঞাতিভ্য উপদ্রবাসম্ভবাদিতি ভাবঃ ॥৩৫॥
বলেতি। সমৃদ্ধার্থা বহুলীভূতধনাঃ, মিত্রাণাং বান্ধবানাঞ্চ নন্দনা আনন্দকরাঃ ॥৩৬॥

ভারতভাবদীপঃ

স্বমন্দভাক্ মন্দভাগ্যঃ ॥২৩—৩২॥ একজঃ এক এব জাতোঽসহায়ঃ ॥৩৩—৩৫॥ বান্ধ-

দেবগণের মধ্যে অশ্বিনীকুমারদ্বয়ের ন্যায় যাহারা সৌন্দর্য্যের গুণে সকলের লোভনীয়, সেই নকুল-সহদেব আজ সাধারণ লোকের ন্যায় এই ভূতলে শয়ন করিয়া রহিয়াছে ॥৩২॥

যাহার খলস্বভাব ও কুলদূষক জ্ঞাতি না থাকে, সে লোক জগতে একটীমাত্র (অন্য বৃক্ষের সম্পর্কশূন্য) গ্রাম্য বৃক্ষের ন্যায় সুখে জীবনযাপন করে ॥৩৩॥

গ্রামের মধ্যে পত্র ও ফলযুক্ত যে একটীমাত্র বৃক্ষ থাকে, অন্য বৃক্ষের সংস্রব-শূন্য সেই বৃক্ষটী দেববৃক্ষ বলিয়া গণ্য হয় এবং পথিকেরাও তাহার আদর করে ॥৩৪॥

আর, যাহাদের জ্ঞাতিরা বীর এবং বহুতর হইয়াও ধার্ম্মিক হয়, তাহারাও জগতে নিরুপদ্রব হয় এবং সুখে জীবনযাপন করে ॥৩৫॥

কেন না, ধনী, বলবান্ এবং মিত্র ও বন্ধুবর্গের আনন্দজনক সেই সকল

(৩৩) ··গ্রামে দ্রুম ইবৈকজঃ। (৩৪) ··অর্চ্চনীয়ঃ সুপূজিতঃ।

বয়ন্তু ধৃতরাষ্ট্রেণ দুষ্পুত্রেণ দুরাত্মনা।
রাজ্যলুব্ধেন মূর্খেণ দুর্মন্ত্রিসহিতেন বৈ ॥৩৭॥
দুষ্টেনাধর্ম্মশীলেন স্বার্থনিষ্ঠৈকবুদ্ধিনা।
বিবাসিতা ন দগ্ধাশ্চ কথঞ্চিদ্দৈবসংশ্রয়াৎ ॥৩৮॥ (যুগ্মকম্)
তস্মান্মুক্তা বয়ং দাহাদিমং বৃক্ষমুপাশ্রিতাঃ।
কাং দিশং প্রতিপৎস্যামঃ প্রাপ্তাঃ ক্লেশমনুত্তমম্ ॥৩৯॥
সকামো ভব দুর্বুদ্ধে! ধার্ত্তরাষ্ট্রাল্পদর্শন!।
নূনং দেবাঃ প্রসন্নাস্তে নানুজ্ঞাং মে যুধিষ্ঠিরঃ ॥৪০॥
প্রয়চ্ছতি বধে তুভ্যং তেন জীবসি দুর্ম্মতে!।
ন ত্বস্য ত্বাং সহামাত্যং সকর্ণানুজসৌবলম্ ॥৪১॥
গত্বা ক্রোধসমাবিষ্টঃ প্রেষয়িষ্যে যমক্ষয়ম্।
কিন্নু শক্যং ময়া কর্ত্তুং যত্তে ন ক্রুধ্যতে নৃপঃ ॥৪২॥
ধর্ম্মাত্মা পাণ্ডবশ্রেষ্ঠঃ পাপাচার! যুধিষ্ঠিরঃ।
এবমুক্ত্বা মহাবাহুঃ ক্রোধসন্দীপ্তমানসঃ ॥৪৩॥

ভারতকৌমুদী

বয়মিতি। স্বার্থনিষ্ঠা একা একমাত্রবিষযগামিনী চ বুদ্ধির্যস্য তেন ॥৩৭—৩৮॥
তস্মাদিতি। প্রতিপৎস্যামো গমিষ্যামঃ। অনুত্তমমত্যন্তম্ ॥৩৯॥
সকাম ইতি। হে ধার্ত্তরাষ্ট্র! দুর্য্যোধন। অল্পদর্শন! অল্পজ্ঞান!। তুভ্যং তব। ন তু ন চেৎ। কর্ণো রাধেযঃ অনুজা দুঃশাসনাদয়ঃ সৌবলঃ শকুনিশ্চেতি তৈঃ সহেতি তম্।

জ্ঞাতি বন্য বৃক্ষের ন্যায় পরস্পর পরস্পরকে আশ্রয় করিয়া জীবনযাপন করে ॥৩৬॥

কিন্তু দুষ্ট পুত্রবেষ্টিত, দুরাত্মা, রাজ্যলোভী, মূর্খ, দুষ্ট মন্ত্রিসমন্বিত, খলপ্রকৃতি, পাপিষ্ঠ, স্বার্থপরায়ণ এবং একগেঁয়েবুদ্ধি ধৃতরাষ্ট্র বেটা আমাদিগকে নির্ব্বাসন করিয়া দগ্ধ করিবার চেষ্টা করিযাছিল; কিন্তু একটু দৈবের অবলম্বনে আমরা দগ্ধ হই নাই ॥৩৭—৩৮॥

আমরা সেই দাহভয় হইতে মুক্ত হইয়া আসিয়া, এই বৃক্ষ আশ্রয় করিয়াছি, এখন কোন্ দিক্ যাই, এখানে ত অত্যন্ত কষ্ট পাইতেছি ॥৩৯॥

হে দুর্বুদ্ধি! অল্পজ্ঞ! দুর্য্যোধন! তোর অভিলাষ এখন পূর্ণ হউক। নিশ্চয়ই দেবতারা তোর প্রতি প্রসন্ন আছেন; সেই জন্যই যুধিষ্ঠির তোকে বধ

(৩৭) দ্বিতীয়ার্দ্ধং কুত্রচিন্নাস্তি। (৩৮) ...ন দগ্ধাশ্চ ক্ষত্তুর্বুদ্ধিপরাক্রমাৎ।
(৪১) নত্বস্য সহতামাত্যম্...।

করং করেণ নিষ্পিষ্য নিশ্বসন্ দীর্ঘমাতুরঃ।
পুনর্দীনমনা ভূত্বা শান্তার্চ্চিরিব পাবকঃ ॥৪৪॥
ভ্রাতৄন্ মহীতলে সুপ্তানবৈক্ষত বৃকোদরঃ।
বিশ্বস্তানিব সংবিষ্টান্ পৃথগ্‌জনসমানিব ॥৪৫॥ (কুলকম্)
নাতিদূরেণ নগরং বনাদস্মাদ্ধি লক্ষয়ে।
জাগর্ত্তব্যে স্বপন্তীমে হন্ত জাগর্ম্ম্যহং স্বয়ম্ ॥৪৬॥
পাস্যন্তীমে জলং পশ্চাৎ প্রতিবুদ্ধা জিতক্লমাঃ।
ইতি ভীমো ব্যবস্যৈব জজাগার স্বয়ং তদা ॥৪৭॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যামাদিপর্ব্বণি জতুগৃহে ভীমজলাহরণং নাম পঞ্চচত্বারিংশদধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥ *

ভারতকৌমুদী

যমক্ষয়ং যমালয়ম্। হে পাপাচারেতি দুর্য্যোধনসম্বোধনম্। ক্রোধেন সন্দীপ্তমুত্তেজিতং মানসং মনো যস্য সঃ। আতুরো দুঃখার্ত্তঃ। শান্তার্চ্চির্নিবৃত্তজ্বালঃ। সংবিষ্টান্ নিদ্রিতান্, পৃথগ্‌জনসমান্ নীচলোকতুল্যান্। ইব সম্ভাবনায়াম্ ॥৪০—৪৫॥

ভারতভাবদীপঃ

বানাং নন্দনাঃ সুখদাঃ ॥৩৬—৪০॥ তুভ্যং তব ॥৪১—৪৫॥ লক্ষয়ে যামিকানামাক্রোশাদিনা ॥৪৬—৪৭॥

ইতি শ্রীমহাভারতে আদিপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে পঞ্চচত্বারিংশদধিকশততমোঽধ্যায়ঃ ॥১৪৫॥

করিবার জন্য আমাকে অনুমতি দিতেছেন না; তাহাতেই তুই বাঁচিয়া রহিতেছিস্। না হইলে, আমি আজই ক্রুদ্ধ হইয়া যাইয়া মন্ত্রিগণ, কর্ণ, কনিষ্ঠ ভ্রাতৃগণ ও শকুনির সহিত তোকে যমালয়ে পাঠাইতাম। কিন্তু পাপিষ্ঠ! তোর প্রতি ধর্ম্মাত্মা যুধিষ্ঠিরই যখন ক্রুদ্ধ হইতেছেন না, তখন আমি কি করিতে পারি?" এইরূপ বলিয়া মহাবাহু ভীমসেন ক্রোধে উত্তেজিত হইয়া, হস্তে হস্ত নিষ্পেষণ করিয়া, দুঃখে দীর্ঘ নিশ্বাস ত্যাগ করিলেন, আবার শিখা নিবৃত্তি পাইলে অগ্নির ন্যায় শান্ত হইয়া, সাধারণ ব্যক্তিদের ন্যায় আশ্বস্ত হইয়াই যেন ভূতলে নিদ্রিত ভ্রাতাদের প্রতি দৃষ্টিপাত করিতে লাগিলেন (এবং মনে মনে বলিতে থাকিলেন—) ॥৪০—৪৫॥

"এই বন হইতে অনতিদূরে একটী নগর দেখিতেছি। সে যাহা হউক, আমি জাগিয়া থাকিব বলিয়াই ইঁহারা নিরুদ্বেগে নিদ্রা যাইতেছেন; ভাল, আমিই জাগিয়া থাকি ॥৪৬॥

---

(৪৪)…নিঃশ্বসন্ দীনমানসঃ…। * '…একোনপঞ্চাশদধিক…', 'একপঞ্চাশদধিক…', '…ত্রিষষ্ট্যধিক…' ইতি পাঠভেদাঃ।

ষট্‌চত্বারিংশদধিকশততমোঽধ্যায়ঃ।

—:*:—

বৈশম্পায়ন উবাচ।

তত্র তেষু শয়ানেষু হিড়িম্বো নাম রাক্ষসঃ।
অবিদূরে বনাত্তস্মাচ্ছালবৃক্ষং সমাশ্রিতঃ ॥১॥
ক্রূরো মানুষমাংসাদো মহাবীর্য্যপরাক্রমঃ।
প্রাবৃড়্‌জলধরশ্যামঃ পিঙ্গাক্ষো দারুণাকৃতিঃ ॥২॥
দংষ্ট্রাকরালবদনঃ পিশিতেপ্সুঃ ক্ষুধার্দ্দিতঃ।
লম্বস্ফিগ্‌লম্বজঠরো রক্তশ্মশ্রুশিরোরুহঃ ॥৩॥
মহাবৃক্ষগলস্কন্ধঃ শঙ্কুকর্ণো বিভীষণঃ।
যদৃচ্ছয়া তানপশ্যৎ পাণ্ডুপুত্রান্ মহারথান্ ॥৪॥ (বিশেষকম্)

ভারতকৌমুদী

নেতি। তস্মাৎ স্থানাৎ বনাদিত্যর্থঃ। লক্ষয়ে পশ্যামি ॥৪৬॥

পাস্যন্তীতি। প্রতিবুদ্ধা জাগরিতাঃ। ব্যবস্য মনসা নির্দ্ধার্য্য ॥৪৭॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারত-টীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়ামাদিপর্ব্বণি জতুগৃহে পঞ্চচত্বারিংশদধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥

—:*:—

তত্রেতি। অবিদূরে অনতিদূরে। সমাশ্রিত আসীৎ ॥১॥

হিড়িম্বমেব বর্ণয়তি—ক্রূর ইতি। ক্রূরো হিংস্রঃ, মানুষমাংসমত্তি ভক্ষয়তীতি মানুষমাংসাদঃ। দংষ্ট্রাভির্দন্তৈঃ করালং ভয়ঙ্করং বদনং যস্য সঃ। পিশিতেপ্সুর্মাংসভোজনেচ্ছুঃ। লম্বস্ফিগ্‌ দীর্ঘোরুমূলঃ। মহাবৃক্ষ ইব গলস্কন্ধো যস্য সঃ। যদৃচ্ছয়া ঈশ্বরেচ্ছয়া ॥২—৪॥

পরে, ইঁহারা জাগিয়া জল পান করিবেন এবং শ্রান্তি দূর করিবেন”। ভীম মনে মনে এইরূপ স্থির করিয়া তখন নিজে জাগিয়া রহিলেন ॥৪৭॥

—:*:—

বৈশম্পায়ন বলিলেন—কুন্তী ও যুধিষ্ঠিরপ্রভৃতি যখন নিদ্রা যাইতেছিলেন, তখন সেই বনে অনতিদূরে ‘হিড়িম্ব’ নামে একটা রাক্ষস একটা শালবৃক্ষের উপরে ছিল ॥১॥

সে হিংস্রস্বভাব, মানুষমাংসভোজী, অত্যন্ত বল ও পরাক্রমশালী, বর্ষাকালের মেঘের ন্যায় শ্যামবর্ণ, পিঙ্গলনয়ন, ক্ষুধার্ত্ত, মাংসার্থী এবং ভীষণাকৃতি ছিল; তাহার মুখখানা দন্তসমূহে ভয়ঙ্কর ছিল, পিছনের অংশ ও উদর লম্বা ছিল, চুল ও দাড়িগুলি রক্তবর্ণ ছিল, গলদেশ ও স্কন্ধদেশ বিশাল বৃক্ষের ন্যায়

বিরূপরূপঃ পিঙ্গাক্ষঃ করালো ঘোরদর্শনঃ।
পিশিতেপ্সুঃ ক্ষুধার্ত্তশ্চ তানপশ্যদ্‌যদৃচ্ছয়া ॥৫॥
ঊর্দ্ধাঙ্গুলিঃ স কণ্ডূয়ন্ ধুন্বন্ রূক্ষান্ শিরোরুহান্।
জৃম্ভমাণো মহাবক্ত্রঃ পুনঃ পুনরবেক্ষ্য চ ॥৬॥
হৃষ্টো মানুষমাংসস্য মহাকায়ো মহাবলঃ।
আঘ্রায় মানুষং গন্ধং ভগিনীমিদমব্রবীৎ ॥৭॥ (যুগ্মকম্)
উপপন্নং চিরস্যাদ্য ভক্ষ্যং মম মনঃপ্রিয়ম্।
জিঘ্রতঃ প্রস্রুতা স্নেহাজ্জিহ্বা পর্য্যেতি মে মুখাৎ ॥৮॥

ভারতকৌমুদী

উক্তপ্রায়মেবার্থং পুনরাহ—বিরূপেতি। বিরূপরূপো বিকৃতাকৃতিঃ ॥৫॥

ঊর্দ্ধেতি। ঊর্দ্ধাঙ্গুলিঃ কণ্ডূয়নার্থমেব উন্নমিতাঙ্গুলিঃ। ধুন্বন্ কণ্ডূয়নেনৈব মস্তকং কম্পয়ন্। শিরোরুহান্ কেশান্। জৃম্ভমাণো মুখং ব্যাদদানঃ। মানুষমাংসস্য দর্শনাদেব হৃষ্টঃ ॥৬—৭॥

উপেতি। উপপন্নমুপস্থিতম্। জিঘ্রতো মানুষগন্ধম্। প্রস্রুতা জলস্রাবিণী। পর্য্যেতি নির্গচ্ছতি ॥৮॥

ভারতভাবদীপঃ

তত্রেতি ॥১—২॥ পিশিতেপ্সুঃ মাংসার্থী। ক্ষীব্ ভক্ষ্যামূলম্ ॥৫—৭॥ পর্য্যেতি মানুষ-

---

উচ্চ ছিল এবং কর্ণযুগল শেবেকের ন্যায় ক্রমিক সরু ছিল। সেই ভীষণাকৃতি রাক্ষস ঈশ্বরের ইচ্ছায় সেই মহারথ পাণ্ডবগণকে দেখিতে পাইল ॥২—৪॥

বিকৃতাকৃতি, পিঙ্গলনেত্র, মাংসার্থী ও ক্ষুধার্ত্ত সেই ভয়ঙ্কর রাক্ষস ঈশ্বরেচ্ছা-বশতই তাঁহাদিগকে দেখিয়াছিল ॥৫॥

তখন সেই বিশাল দেহ, অত্যন্ত বলবান্ ও ভীষণবদন রাক্ষস মানুষের গন্ধ পাইয়া, তাহার মাংস ভক্ষণ করার সম্ভব হওয়ায় আনন্দিত হইয়া, হাত দু'খানা উঁচু করিয়া, রুক্ষ চুলগুলিকে চুলকাইতে থাকিয়া, মাথা কাঁপাইয়া বার বার পাণ্ডবগণকে দেখিয়া, এবং হাঁ করিয়া, ভগিনী হিড়িম্বাকে এই কথা বলিল—॥৬—৭॥

"বহুকালের পর আজ আমার মনের প্রীতিজনক খাদ্য উপস্থিত হইয়াছে, মানুষের গন্ধ পাওয়ায় তাহার লোভে আমার জিহ্বা হইতে জল পড়িতেছে এবং সে জিহ্বা মুখ হইতে বাহির হইতেছে ॥৮॥

---

(৮) উপপন্নশ্চিরস্যাদ্য ভক্ষোঽয়ং মম সুপ্রিয়ঃ। স্নেহস্রবান্ প্রস্রবতি জিহ্বা পর্য্যেতি মে মুখম্॥ —ইতি পাঠান্তরম্।

অষ্টৌ দংষ্ট্রাঃ সুতীক্ষ্ণাগ্রাশ্চিরস্যাপাতদুঃসহাঃ।
দেহেষু মজ্জয়িষ্যামি স্নিগ্ধেষু পিশিতেষু চ ॥৯॥
আক্রম্য মানুষং কণ্ঠমাচ্ছিদ্য ধমনীমপি।
উষ্ণং নবং প্রপাস্যামি ফেনিলং রুধিরং বহু ॥১০॥
গচ্ছ জানীহি কে ত্বেতে শেরতে বনমাশ্রিতাঃ।
মানুষ্যো বলবান্ গন্ধো ঘ্রাণং তর্পয়তীব মে ॥১১॥
হত্বৈতান্ মানুষান্ সর্ব্বানানয়স্ব মমান্তিকম্।
অস্মদ্বিষয়সুপ্তেভ্যো নৈতেভ্যো ভয়মস্তি তে ॥১২॥
এষামুৎকৃত্য মাংসানি মানুষাণাং যথেষ্টতঃ।
ভক্ষয়িষ্যাবঃ সহিতৌ কুরু তূর্ণং বচো মম ॥১৩॥
ভক্ষয়িত্বা চ মাংসানি মানুষাণাং প্রকামতঃ।
নৃত্যাবঃ সহিতাবাবাং দত্ততালাবনেকশঃ ॥১৪॥

ভারতকৌমুদী

অষ্টাবিতি। চিরস্য বহুকালাৎ পরম্। আপাতে প্রথমপাতসময়ে দুঃসহাঃ ॥৯॥
আক্রম্যেতি। ধমনীং শিরাম্। ফেনিলং ফেনযুক্তম্। বহু প্রচুরম্ ॥১০॥
গচ্ছেতি। মানুষ্যো মনুষ্যসম্বন্ধী। ঘ্রাণং নাসিকাম্ ॥১১॥
হত্বেতি। অস্মাকমেব বিষয়ে দেশে অস্মিন্ বনে সুপ্তেভ্যঃ ॥১২॥
এষামিতি। উৎকৃত্য নখৈশ্ছিত্ত্বা। সহিতৌ মিলিতৌ সন্তাবাবাম্ ॥১৩॥

প্রথম স্পর্শের সময়ে দুঃসহ, অত্যন্ত তীক্ষ্ণাগ্র আটটা দাঁতকে আজ বহুকালের পর মানুষের শরীরে এবং তাহার স্নিগ্ধ মাংসের ভিতরে প্রবেশ করাইব ॥৯॥

মানুষের কণ্ঠ আক্রমণপূর্ব্বক তাহার শিরা ছেদন করিয়া, আজ উষ্ণ, নূতন এবং ফেনযুক্ত প্রচুর রক্ত পান করিব ॥১০॥

হিড়িম্বা। তুই যা, যাইয়া জান যে, উহারা কে বনের ভিতরে শয়ন করিয়া রহিয়াছে। এই প্রবল মানুষের গন্ধ আমার নাসিকার অত্যন্ত তৃপ্তি জন্মাইতেছে ॥১১॥

তুই এই সব কয়টী মানুষকে মেরে আমার কাছে নিয়ে আয়। এরা আমাদের জায়গায়ই শুয়ে রয়েছে ; সুতরাং তোর কোন ভয় নেই ॥১২॥

আজ তুই আর আমি মিলিত হইয়া ইচ্ছা অনুসারে এই মানুষ কয়টীর মাংস কাটিয়া খাইব ; সুতরাং তুই সত্বর আমার আদেশ পালন কর্ ॥১৩॥

---

(১১)…কে ত্বেতে…।

এবমুক্তা হিড়িম্বা তু হিড়িম্বেন তদা বনে।
ভ্রাতুর্বচনমাজ্ঞায় ত্বরমাণেব রাক্ষসী ॥১৫॥
আপ্লুত্যাপ্লুত্য চ তরূনগচ্ছৎ পাণ্ডবান্ প্রতি।
জগাম তত্র যত্র স্ম শেরতে পাণ্ডবা বনে ॥১৬॥ (যুগ্মকম্)
দদর্শ তত্র সা গত্বা পাণ্ডবান্ পৃথয়া সহ।
শয়ানান্ ভীমসেনঞ্চ জাগ্রতং ত্বপরাজিতম্ ॥১৭॥
দৃষ্ট্বৈব ভীমসেনং সা শালপোতমিবোদ্গতম্।
রাক্ষসী কাময়ামাস রূপেণাপ্রতিমং ভুবি ॥১৮॥
অয়ং শ্যামো মহাবাহুঃ সিংহস্কন্ধো মহাদ্যুতিঃ।
কম্বুগ্রীবঃ পুষ্করাক্ষো ভর্ত্তা যুক্তো ভবেন্মম ॥১৯॥

ভারতকৌমুদী

ভক্ষয়িত্বেতি। প্রকামতঃ পর্য্যাপ্তভাবেন। সহিতৌ মিলিতৌ। অনেকশো বহুবারান্ ॥১৪॥
এবমিতি। আজ্ঞায় অঙ্গীকৃত্য। আপ্লুত্যাপ্লুত্য উৎপ্লুত্যোৎপ্লুত্য ॥১৫—১৬॥
দদর্শেতি। পৃথয়া কুন্ত্যা। অপরাজিতং বলিষ্ঠাকারশালিত্বাদিতি ভাবঃ ॥১৭॥
দৃষ্ট্বেতি। শালস্য তদাখ্যস্য বৃক্ষস্য পোতং শাবকমিব, উদ্গতমুন্নতম্ ॥১৮॥
অয়মিতি। শ্যামঃ প্রয়াগবট ইব দীর্ঘঃ স্থূলশ্চ, "শ্যামো বটে প্রয়োগস্য" ইত্যাদি মেদিনী। ন পুনঃ শ্যামবর্ণঃ, গৌরবর্ণস্য বক্ষ্যমাণত্বাৎ। পুষ্করে পদ্মে ইব অক্ষিণী যস্য সঃ ॥১৯॥

ভারতভাবদীপঃ

মাংসস্য লাভং সূচয়ন্তী চলতীব ॥৮—৯॥ ধমনীং নাড়ীম্ ॥১০—১৭॥ শালপোতমিব শালা-

তুই আর আমি মিলিয়া, প্রচুর পরিমাণে মানুষের মাংস খাইয়া, হাতে তাল দিয়া দিয়া বহুতর নৃত্য করিব" ॥১৪॥

তখন বনের ভিতরে হিড়িম্ব রাক্ষস এইরূপ বলিলে, হিড়িম্বা রাক্ষসী, ভ্রাতার কথা স্বীকার করিয়া, সত্বর গাছের উপর দিয়া লাফাইয়া লাফাইয়া পাণ্ডবগণের নিকট যাইতে লাগিল, ক্রমে তাঁহারা যেখানে শয়ন করিয়াছিলেন, সেইখানে যাইয়া উপস্থিত হইল ॥১৫—১৬॥

হিড়িম্বা সেখানে যাইয়া দেখিল—কুন্তীর সহিত পাণ্ডবগণ ঘুমাইতেছেন, আর বলিষ্ঠ দেহ ভীম জাগিয়া রহিয়াছেন ॥১৭॥

তখন তরুণ শালবৃক্ষের ন্যায় উন্নত এবং জগতে অতুলনীয় সুন্দর ভীমসেনকে দেখিয়াই হিড়িম্বা কামাতুর হইয়া পড়িল এবং ভাবিল—॥১৮॥

এই পুরুষটীর আকৃতি প্রয়াগের বটবৃক্ষের ন্যায় দীর্ঘ ও স্থূল, সিংহের ন্যায় স্কন্ধ, কান্তি উজ্জ্বল, শঙ্খের ন্যায় গ্রীবা এবং পদ্মের ন্যায় নয়ন; সুতরাং এই বলিষ্ঠ পুরুষই আমার উপযুক্ত পতি হইবেন ॥১৯॥

নাহং ভ্রাতুর্বচো জাতু কুর্য্যাং ক্রূরোপসংহিতম্ ।
পতিস্নেহোঽতিবলবান্ তথা ন ভ্রাতৃসৌহৃদম্ ॥২০॥
মুহূর্ত্তমেব তৃপ্তিশ্চ ভবেদ্‌ভ্রাতুর্ম মৈব চ ।
হতৈবেতৈরহত্বা তু মোদিষ্যে শাশ্বতীঃ সমাঃ ॥২১॥
সা কামরূপিণী রূপং কৃত্বা মানুষমুত্তমম্ ।
উপতস্থে মহাবাহুং ভীমসেনং শনৈঃ শনৈঃ ॥২২॥
বিলজ্জমানেব নতা দিব্যাভরণভূষিতা ।
স্মিতপূর্ব্বমিদং বাক্যং ভীমসেনমথাব্রবীৎ ॥২৩॥
কুতস্ত্বমসি সম্প্রাপ্তঃ কশ্চাসি পুরুষর্ষভ ! ।
ক ইমে শেরতে চেহ পুরুষা দেবরূপিণঃ ॥২৪॥
কেয়ং বৈ বৃহতী শ্যামা সুকুমারী তবানঘ ! ।
শেতে বনমিদং প্রাপ্য বিশ্বস্তা স্বগৃহে যথা ॥২৫॥

ভারতকৌমুদী

নেতি। ক্রূরোপসংহিতং হিংস্রস্বভাবপ্রযুক্তম্, বচো হত্যাদেশবাক্যম্ ॥২০॥
মুহূর্ত্তমিতি। শাশ্বতীঃ সমা অনেকান্ বৎসরান্ ॥২১॥
সেতি। কামরূপিণী ইচ্ছানুসারেণ রূপধারণক্ষমা। উপতস্থে উপজগাম ॥২২॥
বিলজ্জমানেতি। নতা অবনতপূর্ব্বকায়া ॥২৩॥
কুত ইতি। সম্প্রাপ্ত আগতঃ। শেরতে স্বপন্তি ॥২৪॥

ভারতভাবদীপঃ

ক্ষুরমিব ॥১৮॥ শ্যামস্তরুণঃ, অগ্রে নবহেমাভমিতি বক্ষ্যমাণত্বাৎ ॥১৯॥ ক্রূরোপসংহিতং

অতএব ভ্রাতার হিংস্র স্বভাবপ্রযুক্ত আদেশবাক্য আমি কখনও পালন করিব না। কারণ, পতিস্নেহ যত প্রবল, ভ্রাতার সৌহার্দ্দ তত প্রবল নহে ॥২০॥

ইহাদিগকে বধ করিয়া ভক্ষণ করিলে, আমার ও ভ্রাতার একটু কালমাত্র তৃপ্তি হইবে ; সুতরাং বধ না করিয়া আমি অনেক কাল আমোদ করিব ॥২১॥

এইরূপ ভাবিয়া কামরূপিণী হিড়িম্বা উত্তম মানুষীরূপ ধারণ করিয়া ধীরে ধীরে মহাবাহু ভীমসেনের নিকট উপস্থিত হইল ॥২২॥

তৎপরে, দিব্য অলঙ্কারে অলঙ্কৃত হিড়িম্বা লজ্জাবশতই যেন অবনত হইয়া, ঈষৎ হাস্য করিয়া, ভীমসেনকে এই কথা বলিল—॥২৩॥

"হে পুরুষশ্রেষ্ঠ! আপনি কে? কোথা হইতেই বা আসিয়াছেন? দেবতার ন্যায় রূপবান্ এই পুরুষ কয়টীই বা কাঁহারা এখানে শয়ন করিয়া রহিয়াছেন?" ॥২৪॥

নেদং জানাতি গহনং বনং রাক্ষসসেবিতম্।
বসতি হ্যত্র পাপাত্মা হিড়িম্বো নাম রাক্ষসঃ ॥২৬॥
তেনাহং প্রেষিতা ভ্রাত্রা দুষ্টভাবেন রক্ষসা।
বিভক্ষয়িষ্যতা মাংসং যুষ্মাকমমরোপমাঃ! ॥২৭॥
সাহং ত্বামভিসম্প্রেক্ষ্য দেবগর্ভসমপ্রভম্।
নান্যং ভর্ত্তারমিচ্ছামি সত্যমেতদ্ব্রবীমি তে ॥২৮॥
এতদ্বিজ্ঞায় ধর্ম্মজ্ঞ! যুক্তং ময়ি সমাচর।
কামোপহতচিত্তাঙ্গীং ভজমানাং ভজস্ব মাম্ ॥২৯॥
ত্রাস্যামি ত্বাং মহাবাহো। রাক্ষসাৎ পুরুষাদকাৎ।
বৎস্যাবো গিরিদুর্গেষু ভর্ত্তা ভব মমানঘ! ॥৩০॥

ভাবতকৌমুদী

কেতি। বৃহতী মহতী, "শীতে সুখোষ্ণসর্ব্বাঙ্গী গ্রীষ্মে চ সুখশীতলা। তপ্তকাঞ্চনবর্ণাভা সা স্ত্রী শ্যামেতি কথ্যতে॥" ইতি পরিভাষিতরূপা শ্যামা। সুকুমারী কোমলা ॥২৫॥

নেতি। ন জানাতি ইয়মিতি পূর্ব্বানুকর্ষঃ। গহনং, নিবিড়ম্ ॥২৬॥

তেনেতি। হে অমরোপমাঃ। দেবতুল্যমনুষ্যাঃ! দুষ্টভাবেন হিংসাভিপ্রায়েণ ॥২৭॥

সেতি। দেবগর্ভসমপ্রভং দেবপুত্রতুল্যম্ ॥২৮॥

এতদিতি। যুক্তম্ উচিতম্। তত্তাবৎ কিমিত্যাহ—কামোপহতচিত্তাঙ্গীমিতি ॥২৯॥

ত্রাস্যামীতি। ত্রাস্যামি রক্ষিষ্যামি। পুরুষাদকাৎ মানুষখাদকাৎ। বৎস্যাব আবাম্ ॥৩০॥

হে সুন্দর! তপ্তকাঞ্চনবর্ণা এবং অত্যন্ত কোমলাঙ্গী এই মহিলাটাই বা আপনার কে হন? ইনি এই বনে আসিয়া আপন গৃহে যেমন শয়ন করে, সেইরূপ নিরুদ্বেগেই শয়ন করিয়া রহিয়াছেন ॥২৫॥

এই নিবিড় বন যে রাক্ষসসেবিত, ইহা ইনি জানেন না। এই বনে পাপাত্মা হিড়িম্ব রাক্ষস বাস করে ॥২৬॥

হে দেবতুল্য মনুষ্যগণ! আপনাদের মাংস খাইবে বলিয়া, আমার ভ্রাতা দুরভিসন্ধিসম্পন্ন সেই রাক্ষসই আমাকে পাঠাইয়া দিয়াছে ॥২৭॥

সেই আমি কিন্তু আপনাকে দেবপুত্রের মত দেখিয়া, অন্য পুরুষকে পতি করিতে ইচ্ছা করি না; ইহা আপনার নিকট সত্য বলিতেছি ॥২৮॥

হে ধর্ম্মজ্ঞ! ইহা জানিয়া আমার বিষয়ে যাহা উপযুক্ত হয়, তাহা করুন। কাম আমার মন ও অঙ্গগুলিকে নিপীড়িত করিতেছে, তাই আমি আপনার আশ্রয় লইতেছি, আপনিও আমাকে গ্রহণ করুন ॥২৯॥

---

(২৭) বিভক্ষয়িষতা মাংসম্…।

অন্তরীক্ষচরী হ্যস্মি কামতো বিচরামি চ।
অতুলামাপ্নুহি প্রীতিং তত্র তত্র ময়া সহ ॥৩১॥

ভীমসেন উবাচ।

মাতরং ভ্রাতরং জ্যেষ্ঠং কনিষ্ঠানপরানপি।
পরিত্যজেত কো ন্বদ্য প্রভবন্নিহ রাক্ষসি। ॥৩২॥
কো হি সুপ্তানিমান্ ভ্রাতৄন্ দত্ত্বা রাক্ষসভোজনম্।
মাতরঞ্চ নরো গচ্ছেৎ কামার্ত্ত ইব মদ্বিধঃ ॥৩৩॥

রাক্ষস্যুবাচ।

যত্তে প্রিয়ং তৎ করিষ্যে সর্ব্বানেতান্ প্রবোধয়।
মোক্ষয়িষ্যাম্যহং কামং রাক্ষসাৎ পুরুষাদকাৎ ॥৩৪॥

ভারতকৌমুদী

অন্তরীক্ষচরীতি। অতএব কামত ইচ্ছানুসারেণ বিচরামি ॥৩১॥

হিড়িম্বাজিজ্ঞাসিতান্ পুরুষান্ স্ত্রিয়ঞ্চ বিজ্ঞাপয়ন্ স্থানান্তরগমনানিচ্ছাং দ্যোতয়তি—মাতরমিতি। প্রভবন্ আত্মানমন্যাংশ্চ রক্ষিতুং শক্নুবন্। রাক্ষসীতি সম্বোধনেনানধিকা রুচিঃ সূচিতা ॥৩২॥

ক ইতি। রাক্ষসভোজনং সম্পাদয়িতুম্। কামার্ত্ত ইবেত্যনেনাত্মনোঽকামুকত্বং ধ্বনিতম্ ॥৩৩॥

ভীমসূচিতং সর্ব্বেষাং রক্ষণং স্বয়মপি সূচয়তি—যদিতি। তৎ সর্ব্বেষামেব রক্ষণম্ ॥৩৪॥

হে বলিষ্ঠ পুরুষ! নরখাদক রাক্ষস হইতে আমিই আপনাকে রক্ষা করিব; আমরা পর্ব্বতের দুর্গম স্থানে যাইয়া বাস করিব; আপনি আমার পতি হউন ॥৩০॥

আমি আকাশচারিণী; সুতরাং আমি ইচ্ছানুসারে বিচরণ করিতে পারি; অতএব আপনি আমার সহিত সেই সেই স্থানে যাইয়া অতুল আনন্দ লাভ করুন" ॥৩১॥

ভীমসেন বলিলেন—"রাক্ষসি! আপনাকে এবং অন্যকে রক্ষা করিতে সমর্থ হইয়াও কোন্ ব্যক্তি মাতাকে, জ্যেষ্ঠ ভ্রাতাকে এবং অপর কনিষ্ঠ ভ্রাতাদিগকে পরিত্যাগ করিয়া থাকে? ॥৩২॥

আমার মত কোন্ লোক কামার্ত্তের ন্যায় হইয়া, নিদ্রিত মাতাকে এবং এই সকল ভ্রাতাকে রাক্ষসের ভোজনের জন্য সমর্পণ করিয়া চলিয়া যায়?" ॥৩৩॥

হিড়িম্বা বলিল—"আপনার যাহা প্রিয়, আমি তাহাই করিব; আপনি

---

(৩২)···জ্যেষ্ঠং সুখসুপ্তান্ কথন্বিমান্। ···প্রভবন্নিব রাক্ষসি!'।

ভীমসেন উবাচ।

সুখসুপ্তান্ বনে ভ্রাতৄন্ মাতরঞ্চৈব রাক্ষসি !।
ন ভয়াদ্বোধয়িষ্যামি ভ্রাতুস্তব দুরাত্মনঃ ॥৩৫॥
নহি মে রাক্ষসা ভীরু। সোঢ়ুং শক্তাঃ পরাক্রমম্।
ন মনুষ্যা ন গন্ধর্ব্বা ন যক্ষাশ্চারুলোচনে। ॥৩৬॥
গচ্ছ বা তিষ্ঠ বা ভদ্রে। যদ্বাপীচ্ছসি তৎ কুরু।
তং বা প্রেষয় তন্বঙ্গি। ভ্রাতরং পুরুষাদকম্ ॥৩৭॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যামাদিপর্ব্বণি হৈড়িম্বে ভীমহিড়িম্বাসংবাদো নাম ষট্‌চত্বারিংশদধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥ *

—:*:—

ভারতকৌমুদী

সুখেতি। তব দুরাত্মনো ভ্রাতুর্ভয়াদিতি সম্বন্ধঃ ॥৩৫॥

অথ তর্হি মদ্ভ্রাত্রৈবাগত্য যদি যুষ্মান্ হন্যাদিত্যাহ—নহীতি। হে ভীরু। ভ্রাতৃভয়শীলে। ॥৩৬॥

গচ্ছেতি। দ্বিতীয়ার্দ্ধেনাত্মনো রাক্ষসনিবর্ত্তিত্বং সূচিতম্ ॥৩৭॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারত-টীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়ামাদিপর্ব্বণি হৈড়িম্বে ষট্‌চত্বারিংশদধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥

—:*:—

ভারতভাবদীপঃ

হিংসাযুক্তম্ ॥২০—২৬॥ বিভক্ষয়িষতা ভক্ষয়িতুমিচ্ছতা ॥২৭—৩০॥

ইতি শ্রীমহাভারতে আদিপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে
ষট্‌চত্বারিংশদধিকশততমোঽধ্যায়ঃ ॥১৪৬॥

—:*:—

ইহাদের সকলকেই জাগরিত করুন; আমি মানুষভোজী রাক্ষস হইতে সম্পূর্ণরূপে আপনাদের সকলকেই মুক্ত করিব” ॥৩৪॥

ভীমসেন বলিলেন—“রাক্ষসি। আমি তোমার দুরাত্মা ভ্রাতার ভয়ে এই বনের ভিতরে সুখে নিদ্রিত মাতাকে এবং ভ্রাতৃগণকে জাগাইতে পারিব না ॥৩৫॥

হে ভয়শীলে! সুন্দরনয়নে! রাক্ষসেরা আমার পরাক্রম সহ্য করিতে পারিবে না; কিংবা মনুষ্য, গন্ধর্ব্ব বা যক্ষেরাও নহে ॥৩৬॥

অতএব হে ভদ্রে! কৃশাঙ্গি! তুমি যাও বা থাক, কিংবা যাহা ইচ্ছা কর, তাহাই কর, অথবা তোমার সেই মানুষভোজী ভাইকেই এখানে পাঠাইয়া দাও” ॥৩৭॥

—:*:—

* ‘…পঞ্চাশদধিক…’, ‘…দ্বিপঞ্চাশদধিক…’, ‘…চতুঃষষ্ট্যধিক…’ ইতি পাঠভেদাঃ।

সপ্তচত্বারিংশদধিকশততমোঽধ্যায়ঃ।

—০:*:০—

বৈশম্পায়ন উবাচ।

তাং বিদিত্বা চিরগতাং হিড়িম্বো রাক্ষসেশ্বরঃ।
অবতীর্য্য দ্রুমাত্তস্মাদাজগামাশু পাণ্ডবান্ ॥১॥
লোহিতাক্ষো মহাবাহুরূর্দ্ধকেশো মহাননঃ।
মেঘসংঘাতবর্ষ্মা চ তীক্ষ্ণদংষ্ট্রো ভয়ানকঃ ॥২॥ (যুগ্মকম্)
তমাপতন্তং দৃষ্ট্বৈব তথা বিকৃতদর্শনম্।
হিড়িম্বোবাচ বিত্রস্তা ভীমসেনমিদং বচঃ ॥৩॥
আপতত্যেষ দুষ্টাত্মা সংক্রুদ্ধঃ পুরুষাদকঃ।
সাহং ত্বাং ভ্রাতৃভিঃ সার্দ্ধং যদ্‌ব্রবীমি তথা কুরু ॥৪॥
অহং কামগমা বীর। রক্ষোবলসমন্বিতা।
আরুহেমাং মম শ্রোণিং নেষ্যামি ত্বাং বিহায়সা ॥৫॥

ভারতকৌমুদী

তামিতি। তাং হিড়িম্বাম্। আশু দ্রুতম্। মহাননো বিশালবদনঃ। মেঘানাং সংঘাতঃ সমূহ ইব বর্ষ্ম শরীরং যস্য সঃ। "শরীরং বর্ষ্ম বিগ্রহঃ" ইত্যমরঃ ॥১—২॥

তমিতি। আপতন্তম্ আগচ্ছন্তম্। বিকৃতদর্শনং ভীষণাকৃতিম্। বিত্রস্তা অতীবভীতা ॥৩॥

আপততীতি। আপততি আগচ্ছতি। পুরুষাদকো মানুষভক্ষকো রাক্ষসঃ ॥৪॥

অহমিতি। কামগমা ইচ্ছানুসারেণ গমনসমর্থা, রক্ষসো রাক্ষসস্য বলেন সমন্বিতা, শ্রোণিং নিতম্বদেশম্। বিহায়সা আকাশমার্গেণ ॥৫॥

বৈশম্পায়ন বলিলেন—হিড়িম্বা বহুকাল গিয়াছে জানিয়া রাক্ষসশ্রেষ্ঠ হিড়িম্ব সেই বৃক্ষ হইতে নামিয়া দ্রুতবেগে পাণ্ডবগণের দিকে আসিতে লাগিল। তাহার নয়নযুগল রক্তবর্ণ, বাহুযুগল বিশাল, চুলগুলি উঁচু উঁচু, মুখখানা বৃহৎ, শরীরটা মেঘসমূহের ন্যায় কৃষ্ণবর্ণ এবং দাঁতগুলি সুতীক্ষ্ণ; সুতরাং অতিভয়ঙ্কর আকৃতি ছিল ॥১—২॥

সেইরূপ বিকৃত মূর্ত্তি হিড়িম্ব আসিতেছে দেখিয়াই হিড়িম্বা অত্যন্ত ভীত হইয়া ভীমসেনকে এই কথা বলিল—॥৩॥

"নরভক্ষক দুরাত্মা হিড়িম্ব ক্রুদ্ধ হইয়া এই আসিতেছে; অতএব ভ্রাতাদের সহিত আপনাকে আমি যাহা বলি, আপনি তাহা করুন ॥৪॥

হে বীর! আমি ইচ্ছানুসারে গমন করিতে সমর্থ এবং রাক্ষসের বলই

প্রবোধয়ৈতান্ সংসুপ্তান্ মাতরঞ্চ পরন্তপ ! ।
সর্ব্বানেব গমিষ্যামি গৃহীত্বা বো বিহায়সা ॥৬॥

ভীমসেন উবাচ।

মা ভৈস্ত্বং বিপুলশ্রোণি ! নৈব কশ্চিন্ময়ি স্থিতে।
হিংসিতুং শক্নুয়াদ্রক্ষ ইতি মে নিশ্চিতা মতিঃ ॥৭॥
অহমেনং হনিষ্যামি প্রেক্ষন্ত্যাস্তে সুমধ্যমে ! ।
নায়ং প্রতিবলো ভীরু ! রাক্ষসাপসদো মম।
সোঢ়ুং যদি পরিস্পন্দমথবা সর্ব্বরাক্ষসাঃ ॥৮॥
পশ্য বাহূ সুবৃত্তৌ মে হস্তিহস্তনিভাবিমৌ।
ঊরূ পরিঘসঙ্কাশৌ সংহতঞ্চাপ্যুরো মহৎ ॥৯॥
বিক্রমং মে যথেন্দ্রস্য সাদ্য দ্রক্ষ্যসি শোভনে ! ।
মাবমংস্থাঃ পৃথুশ্রোণি ! মত্বা মামিহ মানুষম্ ॥১০॥

ভারতকৌমুদী

পক্ষান্তরমাহ—প্রবোধয়েতি। সংসুপ্তান্ নিদ্রিতান্। বো যুষ্মান্। ॥৬॥

মেতি। মা ভৈর্ন ভয়ং কুরু। হে বিপুলশ্রোণি। বিশালনিতম্বে।। রক্ষো রাক্ষসঃ ॥৭॥

অহমিতি। প্রেক্ষন্ত্যাঃ প্রেক্ষমাণায়াঃ। প্রতিবলস্তুল্যবলঃ প্রতিপক্ষঃ। পরিস্পন্দং হস্তপদাদিসঞ্চালনব্যাপারং মম মুষ্টিপ্রহারাদিকমিত্যর্থঃ, সোঢ়ুং যদি শক্নুয়ুরিতি শেষঃ। ষট্পদমিদং পদ্যম্ ॥৮॥

পশ্যেতি। সুবৃত্তৌ সুগোলৌ, হস্তিনো হস্তনিভৌ শুণ্ডাতুল্যৌ। সংহতং নিবিড়ম্ ॥৯॥

ধারণ করি; অতএব আপনি আমার এই নিতম্বদেশে আরোহণ করুন; আমি আপনাকে আকাশপথে লইয়া যাইব ॥৫॥

অথবা আপনি নিদ্রিত মাতাকে এবং ভ্রাতৃগণকে জাগরিত করুন; আমি আপনাদের সকলকেই লইয়া আকাশপথে চলিয়া যাইব” ॥৬॥

ভীমসেন বলিলেন—“হে বিপুলনিতম্বে ! তুমি ভয় করিও না, আমি থাকিতে কোন রাক্ষসই হিংসা করিতে সমর্থ হইবে না, ইহা আমার নিশ্চয় ধারণা ॥৭॥

হে ভয়শীলে ! তোমার সাক্ষাতেই আমি ইহাকে বধ করিব; কেন না, এই রাক্ষসাধম আমার সমান বলবান্ নহে। সমস্ত রাক্ষস একত্র হইয়া যদি আমার প্রহার সহ্য করিতে পারে, (একাকী এ বেটা ত নহেই) ॥৮॥

তুমি দেখ আমার বাহুদ্বয় হস্তিশুণ্ডের ন্যায় সুদীর্ঘ ও সুগোল, ঊরুদ্বয় পরিঘতুল্য এবং বক্ষ বিশাল ও নিবিড় ॥৯॥

---

(১) মা ভৈস্ত্বং পৃথুসুশ্রোণি !...।

হিড়িম্বোবাচ।

নাবমন্যে নরব্যাঘ্র! ত্বামহং দেবরূপিণম্।
দৃষ্টপ্রভাবাস্তু ময়া মানুষেশ্বর! রাক্ষসাঃ ॥১১॥

বৈশম্পায়ন উবাচ।

তথা সংজল্পতস্তস্য ভীমসেনস্য ভারত!।
বাচঃ শুশ্রাব তাঃ ক্রুদ্ধো রাক্ষসঃ পুরুষাদকঃ ॥১২॥
অবেক্ষমাণস্তস্যাশ্চ হিড়িম্বো মানুষং বপুঃ।
স্রগ্‌দামপূরিতশিখাং সমগ্রেন্দুনিভাননাম্ ॥১৩॥
সুভ্রূ-নাসাক্ষি-কেশান্তাং সুকুমারনখত্বচম্।
সর্ব্বাভরণসংযুক্তাং সুসূক্ষ্মাম্বরধারিণীম্ ॥১৪॥
তাং তথা মানুষং রূপং বিভ্রতীং সুমনোহরম্।
পুংস্কামাং শঙ্কমানশ্চ চুক্রোধ পুরুষাদকঃ ॥১৫॥ (বিশেষকম্)

ভারতকৌমুদী

বিক্রমমিতি। মা অবমংস্থা ন অবমন্যস্ব। হে পৃথুশ্রোণি। বিশালনিতম্বে! ॥১০॥
নেতি। দৃষ্টপ্রভাবা দৃষ্টবলাঃ। অতএব তেভ্যস্ত্বদর্থে বিভেমীতি ভাবঃ ॥১১॥
তথেতি। সংজল্পতঃ কথযতঃ। রাক্ষসো হিড়িম্বঃ ॥১২॥
অবেক্ষমাণ ইতি। তস্যা হিডিম্বায়াঃ। সমগ্রেন্দুনিভাননাং পূর্ণচন্দ্রতুল্যমুখীম্। শোভনা ভ্রূনাসাক্ষিকেশান্তা যস্যাস্তাম্। পুমাংসং কাময়ত ইতি তাম্। পুরুষাদকো হিড়িম্বঃ ॥১৩—১৫॥

সুন্দরি! আজ তুমি ইন্দ্রের তুল্য আমাব বিক্রম দেখিতে পাইবে। অতএব বিশালনিতম্বে! আমাকে মানুষ মনে কবিয়া অবজ্ঞা কবিও না” ॥১০॥

হিড়িম্বা বলিল—“হে মনুষ্যশ্রেষ্ঠ! আপনি দেবরূপী; সুতবাং আপনাকে আমি অবজ্ঞা কবিতেছি না, তবে বাক্ষসদেব শক্তি আমি দেখিয়াছি” ॥১১॥

বৈশম্পায়ন বলিলেন—ভীম সেইরূপ বলিতেছিলেন, সে কথাগুলি হিড়িম্ব আসিয়া শুনিতে পাইল, তাহাতেই সে ক্রুদ্ধ হইল ॥১২॥

আর হিড়িম্ব হিডিম্বাব মানুষেব রূপ দেখিল,—হিড়িম্বা মাথায ফুলেব মালা পরিয়াছে; মুখখানিকে পূর্ণচন্দ্রেব মত করিযাছে; ভ্রূযুগল, নাসিকা, নয়নযুগল এবং কেশকলাপকে মনোহব কবিয়াছে; নখ ও চর্ম্ম কোমল কবিযাছে এবং সমস্ত অলঙ্কাব ও সুন্দব সূক্ষ্ম বস্ত্র পবিধান করিয়াছে। তাহাকে

---

(১১)…দৃষ্টপ্রভাবস্তু ময়া মানুষেষেব বাক্ষসঃ। (১৩) স্রগ্‌দামপূরিতশিখম্ ইত্যাদি-পাঠান্তরম্।

সংক্রুদ্ধো রাক্ষসস্তস্যা ভগিন্যাঃ কুরুসত্তম ! ।
উৎফাল্য বিপুলে নেত্রে ততস্তামিদমব্রবীৎ ॥১৬॥
কো হি মে ভোক্তুকামস্য বিঘ্নং চরতি দুর্ম্মতিঃ।
ন বিভেষি হিড়িম্বে। কিং মৎকোপাদ্বিপ্রমোহিতা ॥১৭॥
ধিক্ ত্বামসতি ! পুংস্কামে। মম বিপ্রিয়কারিণি ! ।
পূর্ব্বেষাং রাক্ষসেন্দ্রাণাং সর্ব্বেষামযশস্করি ! ॥১৮॥
যানিমানাশ্রিতাঽকার্ষীর্বিপ্রিয়ং সুমহন্মম।
এষ তানদ্য বৈ সর্ব্বান্ হনিষ্যামি ত্বয়া সহ ॥১৯॥
এবমুক্ত্বা হিড়িম্বাং স হিড়িম্বো লোহিতেক্ষণঃ।
বধায়াভিপপাতৈষাং দন্তৈর্দন্তানুপস্পৃশন্ ॥২০॥

ভাবতকৌমুদী

সংক্রুদ্ধ ইতি। রাক্ষসো হিডিম্বঃ। তস্যা হিড়িম্বায়া উপরি। উৎফাল্য বিস্ফার্য্য ॥১৬॥
ক ইতি। বিপ্রমোহিতা মানুষরূপেণাতিশযমোহিতা ॥১৭॥
ধিগিতি। অসতি। পুরুষান্তরকামুকত্বাৎ ॥১৮॥
যানিতি। আশ্রিতা রক্ষকত্বেন প্রাপ্তা সতী ॥১৯॥
এবমিতি। অভিপপাত দধাব। উপস্পৃশন্ সংঘট্টযন্ ॥২০॥

সেইরূপ মনোহব মানুষমূর্ত্তি ধাবণ কবিতে দেখিযাই পুরুষসঙ্গম কবিতে ইচ্ছা কবিয়াছে—ইহা মনে কবিয়া হিড়িম্ব অত্যন্ত ক্রুদ্ধ হইল ॥১৩—১৫॥

হে কৌরবশ্রেষ্ঠ! তাহার পব হিড়িম্ব ভগিনী হিড়িম্বার উপরে অত্যন্ত ক্রুদ্ধ হইয়া, বিশাল নয়নযুগল বিস্ফারিত কবিয়া, হিড়িম্বাকে এই কথা বলিল—॥১৬॥

"আমি ভোজন কবিবার ইচ্ছা করিয়াছি, এ অবস্থায় কোন্ দুর্ম্মতি তাহাব বিঘ্ন করিতেছে রে? হিডিম্বা! তুই মোহিত হইয়া আমার কোপেব ভয় কবিতেছিস্ না? ॥১৭॥

ধিক্ তোকে; তুই অন্য পুরুষেব কামনা করিয়া অসতী হইয়াছিস্, আমাব অপ্রিয় আচবণ কবিয়াছিস্ এবং প্রাচীন রাক্ষসশ্রেষ্ঠগণের নিন্দা জন্মাইযা-ছিস্ ॥১৮॥

তুই যাহাদেব আশ্রয় লইযা আমাব গুরুতব অপ্রিয় আচবণ কবিয়াছিস্, এই এখনই আমি তোব সহিত তাহাদেব সকলকেই বিনাশ কবিতেছি" ॥১৯॥

সেই হিড়িম্ব হিড়িম্বাকে এইরূপ বলিয়া, আবক্তনয়ন হইয়া, দন্ত দ্বাবা দন্ত ঘর্ষণ কবিয়া, পাণ্ডবগণকে বধ কবিবাব জন্য ধাবিত হইল ॥২০॥

(২০) বধায়াভিপপাতৈনান্…।

তমাপতন্তং সম্প্রেক্ষ্য ভীমঃ প্রহরতাং বরঃ।
ভর্ৎসয়ামাস তেজস্বী তিষ্ঠ তিষ্ঠেতি চাব্রবীৎ ॥২১॥

বৈশম্পায়ন উবাচ।

ভীমসেনস্তু তং দৃষ্ট্বা রাক্ষসং প্রহসন্নিব।
ভগিনীং প্রতি সংক্রুদ্ধমিদং বচনমব্রবীৎ ॥২২॥

কিং তে হিড়িম্ব ! এতৈর্বা সুখসুপ্তৈঃ প্রবোধিতৈঃ।
মামাসাদয় দুর্বুদ্ধে। তরসা ত্বং নরাশন ! ॥২৩॥

ময্যেব প্রহরৈহি ত্বং ন স্ত্রিয়ং হন্তুমর্হসি।
বিশেষতো নাপকৃতে পরেণাপকৃতে সতি ॥২৪॥

নহীয়ং স্ববশা বালা কাময়ত্যদ্য মামিহ।
চোদিতৈষা হ্যনঙ্গেন শরীরান্তরচারিণা।
ভগিনী তব দুর্বৃত্ত। রক্ষসাং বৈ যশোহর ! ॥২৫॥

ভারতকৌমুদী

তমিতি। আপতন্তমাগচ্ছন্তম্। প্রহরতাং যোদ্ধৃণাম্ ॥২১॥

ভীমেতি। রাক্ষসং হিড়িম্বম্। ভগিনীং হিড়িম্বাম্ ॥২২॥

কিমিতি। প্রবোধিতৈর্গর্জনেন জাগরিতৈঃ, কিং প্রয়োজনম্। তরসা বলেন ॥২৩॥

ময়ীতি। এহি আগচ্ছ। নাপকৃতে অনয়া অপকারকরণাভাবে, পরেণ ময়ৈব অপকৃতে সতি, মদ্রূপেণাকর্ষণাদেবানয়া তবাপকারকরণপ্রতীতেরিতি ভাবঃ ॥২৪॥

নহীতি। চোদিতা প্রণোদিতা, অনঙ্গেন কামেন। ষট্পদমিদং পদ্যম্ ॥২৫॥

ভারতভাবদীপঃ

তামিতি ॥১॥ মেঘসঙ্ঘাতবর্ষ্মা অতিকৃষ্ণশরীরঃ ॥২—১৩॥ বাসসমিতি সমাসান্তষ্টচ্, তেন

যোদ্ধৃশ্রেষ্ঠ ও তেজস্বী ভীমসেন তাহাকে আসিতে দেখিয়া তিরস্কার করিলেন এবং 'থাম্ থাম্' এই কথা বলিলেন ॥২১॥

বৈশম্পায়ন বলিলেন—ভীম সেই রাক্ষসকে ভগিনীর প্রতি অত্যন্ত ক্রুদ্ধ দেখিয়া, হাসিতে হাসিতেই যেন এই কথা বলিলেন—॥২২॥

"হিড়িম্ব! ইঁহারা সুখে নিদ্রা যাইতেছেন, গর্জ্জন করিয়া ইঁহাদিগকে জাগাইয়া তোর কি ফল হইবে? দুর্বুদ্ধি রাক্ষস! তুই বলপূর্ব্বক আমাকেই ধর্ ॥২৩॥

আয়, তুই আমাকেই আগে প্রহার কর; তুই স্ত্রীহত্যা করিতে পারিবি না; ও, তোর্ কোন অপকার করে নাই; আমিই তোর্ অপকার করিয়াছি ॥২৪॥

(২৪)…বিশেষতোঽনপকৃতে…।

ত্বন্নিযোগেন চৈবেয়ং রূপং মম সমীক্ষ্য চ।
কাময়ত্যদ্য মাং ভীরুস্তব নৈষাপবাধ্যতি ॥২৬॥
অনঙ্গেন কৃতে দোষে নেমাং গর্হিতুমর্হসি।
ময়ি তিষ্ঠতি দুষ্টাত্মন্! ন স্ত্রিয়ং হন্তুমর্হসি ॥২৭॥
সঙ্গচ্ছস্ব ময়া সার্দ্ধমেকেনৈকো নরাশন!।
অহমেকো নয়িষ্যামি ত্বামদ্য যমসাদনম্ ॥২৮॥
অদ্য মদ্বলনিষ্পিষ্টং শিরো রাক্ষস। দীর্য্যতাম্।
কুঞ্জরস্যেব পাদেন বিনিষ্পিষ্টং বলীয়সঃ ॥২৯॥
অদ্য গাত্রাণি তে কঙ্কাঃ শ্যেনা গোমায়বস্তথা।
কর্ষন্তু ভুবি সংহৃষ্টা নিহতস্য ময়া মৃধে ॥৩০॥

ভাবতকৌমুদী

ত্বদিতি। ত্বন্নিযোগেন আগতেতি শেষঃ। ভীরুস্ত্বত্ত এব ভযশীলা।২৬॥
অনঙ্গেনেতি। অথ মদাদেশাপালনাদেবৈনাং গর্হামি হন্মি চেত্যাহ—ময়ীতি ॥২৭॥
সঙ্গচ্ছস্বেতি। সঙ্গচ্ছস্ব সম্মিলিতো ভব। নয়িষ্যামি নেষ্যামি ॥২৮॥
অদ্যেতি। শিবস্তব মস্তকম্। কুঞ্জরস্য হস্তিনঃ ॥২৯॥
অদ্যেতি। গাত্রাণি অঙ্গানি। কঙ্কাঃ পক্ষিবিশেষাঃ। গোমাযবঃ শৃগালাঃ ॥৩০॥

হে দুর্বৃত্ত! হে বাক্ষসগণেব যশোনাশক। এই বালিকা আপন বশে থাকিয়া আজ আমাকে কামনা কবে নাই, শবীবান্তর্গত কামই উহাকে প্রণোদিত কবিয়াছে ॥২৫॥

ও, তোব্ আদেশে আসিযা, আমাব ৰূপ দেখিযাই আমাকে কামনা কবিতেছে এবং এখনও তোব্ ভয কবিতেছে; সুতবাং তোব্ কাছে কোন অপবাধ কবে নাই ॥২৬॥

দোষ কবিযাছে কাম; তাহাতে ইহাকে তিবস্কাব কবিতে পাবিস্ না। দুবাত্মা! আমি থাকিতে তুই স্ত্রীহত্যা কবিতে পাবিবি না ॥২৭॥

নবখাদক! তুই একা, আমিও একা; তুই আমাব সহিত মিলিত হ। আমি একাই আজ তোকে যমালযে পাঠাইব ॥২৮॥

রাক্ষস! বলবান্ হস্তীব চবণতুল্য মদ্বাহু দ্বাবা তোব মস্তক নিষ্পিষ্ট হইযা আজ বিদীর্ণ হইয়া যাউক ॥২৯॥

আমি তোকে নিহত কবিলে কঙ্ক, শ্যেন ও শৃগালগণ আনন্দিত হইয়া, ভূতললুণ্ঠিত তোব অঙ্গ সকল আজ আকর্ষণ করুক ॥৩০॥

ক্ষণেনাদ্য করিষ্যেঽহমিদং বনমরাক্ষসম্ ।
পুরা যদ্দূষিতং নিত্যং ত্বয়া ভক্ষয়তা নরান্ ॥৩১॥
অদ্য ত্বাং ভগিনী রক্ষঃ ! কৃষ্যমাণং ময়াঽসকৃৎ ।
দ্রক্ষ্যত্যদ্রিপ্রতীকাশং সিংহেনেব মহাদ্বিপম্ ॥৩২॥
নিরাবাধাস্ত্বয়ি হতে ময়া রাক্ষসপাংসন ! ।
বনমেতচ্চরিষ্যন্তি পুরুষা বনচারিণঃ ॥৩৩॥

হিড়িম্ব উবাচ ।

গর্জ্জিতেন বৃথা কিন্তে কত্থিতেন চ মানুষ ! ।
কৃত্বৈতৎ কর্ম্মণা সর্ব্বং কত্থেথা মা চিরং কৃথাঃ ॥৩৪॥
বলিনং মন্যসে যচ্চাপ্যাত্মানং সপরাক্রমম্ ।
জ্ঞাস্যস্যদ্য সমাগম্য ময়াত্মানং বলাধিকম্ ॥৩৫॥
ন তাবদেতান্ হিংসিষ্যে শ্বপন্ত্বেতে যথাসুখম্ ।
এষ ত্বামেব দুর্বুদ্ধে ! নিহন্ম্যদ্যাপ্রিয়ংবদম্ ॥৩৬॥

ভাবতকৌমুদী

ক্ষণেনেতি । ক্ষণেনেত্যনেনাত্মনো বলাধিক্যং সূচিতম্ ॥৩১॥
অদ্যেতি । হে রক্ষঃ ! রাক্ষস ! তব ভগিনী হিড়িম্বা । অদ্রিপ্রতীকাশং পর্ব্বততুল্যম্ ॥৩২॥
নিরিতি । নিরাবাধা নির্বিঘ্নাঃ । হে রাক্ষসপাংসন ! রাক্ষসাধম ! ॥৩৩॥
গর্জ্জিতেনেতি । কত্থিতেন আত্মশ্লাঘয়া । কত্থেথাঃ শ্লাঘেথাঃ । চিরং বিলম্বম্ ॥৩৪॥
বলিনমিতি । ময়া সহ সমাগম্য যুদ্ধায় মিলিত্বা । বলাধিকং ন বা ॥৩৫॥

আমি আজ ক্ষণকালমধ্যেই এই বনটাকে রাক্ষসশূন্য করিব। যে হেতু পূর্ব্বে তুই মানুষ ভক্ষণ করিতে থাকিয়া সর্ব্বদাই এই বনটাকে দূষিত করিয়াছিস্ ॥৩১॥

রাক্ষস ! সিংহ যেমন বৃহৎ হস্তীকে আকর্ষণ করে, তেমন আমিও আজ পর্ব্বততুল্য তোকে বার বার আকর্ষণ করিব ; ইহা তোর ভগিনী দেখিবে ॥৩২॥

রাক্ষসাধম ! আমি তোকে বধ করিলে, বনচারী মনুষ্যগণ নির্বিঘ্ন হইয়া এই বনে বিচরণ করিবে" ॥৩৩॥

হিড়িম্ব বলিল—"হে মানুষ ! তোর অনর্থক গর্জ্জন করায় ফল কি এবং আত্মপ্রশংসায়ই বা ফল কি ? মুখে যাহা বলিলি, কার্য্য দ্বারা সে সকল করিয়া, পরে আত্মপ্রশংসা কর্ ; বিলম্ব করিস্ না ॥৩৪॥

তুই যে আপনাকে আপনি পরাক্রমশালী ও বলবান্ বলিয়া মনে করিতেছিস্, আমার সহিত মিলিত হইয়াই তাহা আজ জানিতে পারিবি যে নিজে বলবান্ কি না ॥৩৫॥

পীত্বা তবাসৃগ্‌গাত্রেভ্যস্ততঃ পশ্চাদিমানপি।
হনিষ্যামি ততঃ পশ্চাদিমাং বিপ্রিয়কারিণীম্ ॥৩৭॥

বৈশম্পায়ন উবাচ।

এবমুক্ত্বা ততো বাহুং প্রগৃহ্য পুরুষাদকঃ।
অভ্যদ্রবত সংক্রুদ্ধো ভীমসেনমরিন্দমম্ ॥৩৮॥
তস্যাভিদ্রবতস্তূর্ণং ভীমো ভীমপরাক্রমঃ।
বেগেন প্রহিতং বাহুং নিজগ্রাহ হসন্নিব ॥৩৯॥
নিগৃহ্য তং বলাদ্ভীমো বিস্ফুরন্তং চকর্ষ হ।
তস্মাদ্দেশাদ্ধনূংষ্যষ্টৌ সিংহঃ ক্ষুদ্রমৃগং যথা ॥৪০॥
ততঃ স রাক্ষসঃ ক্রুদ্ধঃ পাণ্ডবেন বলার্দ্দিতঃ।
ভীমসেনং সমালিঙ্গ্য ব্যনদদ্ভৈরবং রবম্ ॥৪১॥

ভারতকৌমুদী

নেতি। এতান্ স্বদিতবান্ মানুষান্। অপ্রিয়ংবদং কটুভাষিণম্ ॥৩৬॥

পীত্বেতি। অসৃক্ শোণিতম্। ইমান্ শয়িতান্ মানুষান্। ইমাং হিড়িম্বাম্ ॥৩৭॥

এবমিতি। প্রগৃহ্য প্রসার্য্য, পুরুষাদকো রাক্ষসো হিড়িম্বঃ ॥৩৮॥

তস্যেতি। তস্য হিড়িম্বস্য। প্রহিতং ধারণায় প্রেরিতং প্রসারিতমিত্যর্থঃ ॥৩৯॥

নিগৃহ্যেতি। বিস্ফুরন্তং করচরণাদিসঞ্চালনাৎ স্পন্দমানম। অষ্টৌ ধনূংষি দ্বাত্রিংশদ্ধস্ত-পরিমিতদেশমিত্যর্থঃ, "চতুর্বিংশাঙ্গুলো হস্তো ধনুস্তচ্চতুরুত্তরম্" ইতি স্মৃতেঃ ॥৪০॥

তত ইতি। ভৈরবং ভয়ঙ্করং রবং ব্যনদৎ অকরোদিত্যর্থঃ ॥৪১॥

প্রথমে ইহাদিগকে বধ করিব না, ইহারা যথাসুখে শয়ন করিয়া থা'ক্। কিন্তু দুর্ম্মতি! তুই অপ্রিয়ভাষী বলিয়া এই আমি তোকেই বধ করিতেছি ॥৩৬॥

আগে তোর শরীর হইতে রক্ত পান করিয়া, তাহার পর ইহাদিগকেও বধ করিব, তৎপরে এই অপ্রিয়কারিণী হিড়িম্বাকেও বধ করিব" ॥৩৭॥

বৈশম্পায়ন বলিলেন—এই কথা বলিয়া হিড়িম্ব অত্যন্ত ক্রুদ্ধ হইয়া, বাহু প্রসারিত করিয়া, শত্রুহন্তা ভীমের প্রতি ধাবিত হইল ॥৩৮॥

হিড়িম্ব বেগে ধাবিত হইয়া সত্বর বাহু প্রসারণ করিলে, ভয়ঙ্কর-পরাক্রমশালী ভীমসেন হাসিতে হাসিতেই যেন সে বাহু ধারণ করিলেন ॥৩৯॥

তখন হিড়িম্ব অঙ্গসঞ্চালন করিতে থাকিলে, সিংহ যেমন ক্ষুদ্র হরিণকে লইয়া যায়, সেইরূপ ভীমসেন বলপূর্ব্বক হিড়িম্বকে সে স্থান হইতে বত্রিশ হাত দূরে আকর্ষণ করিয়া লইয়া গেলেন ॥৪০॥

তাহার পর, হিড়িম্ব ভীমের আক্রমণে পীড়িত হওয়ায় ক্রুদ্ধ হইয়া, ভীমকে বাহু দ্বারা বেষ্টন করিয়া ধরিয়া, ভয়ঙ্কর শব্দ করিতে লাগিল ॥৪১॥

পুনর্ভীমো বলাদেনং বিচকর্ষ মহাবলঃ।
মা শব্দঃ সুখসুপ্তানাং ভ্রাতৄণাং মে ভবেদিতি ॥৪২॥
অন্যোন্যং তৌ সমাসাদ্য বিচকর্ষতুরোজসা।
হিড়িম্বো ভীমসেনশ্চ বিক্রমং চক্রতুঃ পরম্ ॥৪৩॥
বভঞ্জতুস্তদা বৃক্ষাল্লঁতাশ্চাকর্ষতুস্তদা।
মত্তাবিব চ সংরব্ধৌ বারণৌ ষষ্টিহায়নৌ ॥৪৪॥
তয়োঃ শব্দেন মহতা বিবুদ্ধাস্তে নরর্ষভাঃ।
সহ মাত্রা চ দদৃশুর্হিড়িম্বামগ্রতঃ স্থিতাম্ ॥৪৫॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যামাদিপর্ব্বণি হৈড়িম্বে ভীমহিড়িম্বযুদ্ধে সপ্তচত্বারিংশদধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥ *

ভারতকৌমুদী

পুনরিতি। ভ্রাতৄণাং নিদ্রাব্যাঘাতকো মা ভবেদিতি হেতোঃ ॥৪২॥
অন্যোন্যমিতি। সমাসাদ্য গৃহীত্বা। বিচকর্ষতুরিতি গুণ আর্ষঃ ॥৪৩॥
বভঞ্জতুরিতি। আকর্ষতুরাচকৃষতুঃ। অভ্যাসলোপো গুণশ্চার্ষঃ। সংরব্ধৌ ক্রুদ্ধৌ ॥৪৪॥
তযোরিতি। মাত্রা কুন্ত্যা সহ, তে যুধিষ্ঠিরাদয়ঃ, বিবুদ্ধা জাগরিতাঃ ॥৪৫॥

ইতি মহামহোপাধ্যায-ভারতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারত-টীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়ামাদিপর্ব্বণি হৈড়িম্বে সপ্তচত্বারিংশদধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥

ভারতভাবদীপঃ

অকারান্তঃ শব্দঃ ॥১৪—২৭॥ গমিষ্যামি গময়িষ্যামি। নয়িষ্যামীতি বা পাঠঃ ॥২৮—৪৩॥ আকর্ষতুঃ আচকৃষতুঃ ॥৪৪—৪৫॥

ইতি শ্রীমহাভারতে আদিপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে
সপ্তচত্বারিংশদধিকশততমোঽধ্যায়ঃ ॥১৪৭॥

সেই শব্দ সুখনিদ্রিত ভ্রাতাদের নিদ্রার ব্যাঘাত না করে—এই জন্য মহাবল ভীম বলপূর্ব্বক পুনরায় হিড়িম্বকে আকর্ষণ করিয়া আরও দূরে লইয়া গেলেন ॥৪২॥

তখন ভীম ও হিড়িম্ব পরস্পর পরস্পরকে ধরিয়া বলপূর্ব্বক আকর্ষণ করিতে লাগিলেন এবং বিক্রম প্রকাশ করিতে থাকিলেন ॥৪৩॥

তখন ষষ্টিবর্ষবয়স্ক (পূর্ণ যৌবন) মত্ত ও ক্রুদ্ধ দুইটী হস্তীর ন্যায় তাঁহারা গাছ ভাঙ্গিতে লাগিলেন এবং লতা ছিঁড়িতে থাকিলেন ॥৪৪॥

তাঁহাদের গুরুতর শব্দে কুন্তী ও যুধিষ্ঠিরপ্রভৃতি জাগরিত হইয়া, সম্মুখে হিড়িম্বাকে দেখিতে পাইলেন। ॥৪৫॥

---

* '...একপঞ্চাশদধিক...', '...ত্রিপঞ্চাশদধিক...', '...পঞ্চষষ্ট্যধিক...' ইতি পাঠভেদাঃ।

অষ্টচত্বারিংশদধিকশততমোঽধ্যায়ঃ ।

—ঃ*ঃ—

বৈশম্পায়ন উবাচ।

প্রবুদ্ধাস্তে হিড়িম্বায়া রূপং দৃষ্ট্বাতিমানুষম্ ।
বিস্মিতাঃ পুরুষব্যাঘ্রা বভূবুঃ পৃথয়া সহ ॥১॥
ততঃ কুন্তী সমীক্ষ্যৈনাং বিস্মিতা রূপসম্পদা ।
উবাচ মধুরং বাক্যং সান্ত্বপূর্ব্বমিদং শনৈঃ ॥২॥
কস্য ত্বং সুরগর্ভাভে। কা বাঽসি বরবর্ণিনি। ।
কেন কার্য্যেণ সংপ্রাপ্তা কুতশ্চাগমনং তব ॥৩॥
যদি বাঽস্য বনস্য ত্বং দেবতা যদি বাঽপ্সরাঃ ।
আচক্ষ্ব মম তৎ সর্ব্বং কিমর্থং বেহ তিষ্ঠসি ॥৪॥

হিড়িম্বোবাচ ।

যদেতৎ পশ্যসি বনং নীলমেঘনিভং মহৎ ।
নিবাসো রাক্ষসস্যৈষ হিড়িম্বস্য মমৈব চ ॥৫॥

ভারতকৌমুদী

প্রবুদ্ধা ইতি। প্রবুদ্ধা ভীমহিড়িম্বয়োর্গর্জ্জনেন জাগরিতাঃ। পৃথয়া কুন্ত্যা ॥১॥
তত ইতি। রূপসম্পদা হিড়িম্বায়াঃ সৌন্দর্য্যাতিরেকেণ। সান্ত্বপূর্ব্বম্ অনুদ্ধতম্ ॥২॥
কস্যেতি। হে সুরগর্ভাভে। দেববালিকাতুল্যে।। সম্প্রাপ্তা অত্রোপস্থিতা ॥৩॥
যদীতি। আচক্ষ্ব ব্রূহি ॥৪॥
যদিতি। নিবাসো বসতিস্থানম্ ॥৫॥

বৈশম্পায়ন বলিলেন—পুরুষশ্রেষ্ঠ যুধিষ্ঠিরপ্রভৃতি কুন্তীর সহিত জাগরিত হইয়া, হিড়িম্বার অলৌকিক রূপ দেখিয়া বিস্ময়াপন্ন হইলেন ॥১॥

তাহার পর, কুন্তী হিড়িম্বাকে দেখিয়া, তাহার রূপে বিস্মিত হইয়া, বিনয়-সহকারে ধীরে ধীরে এই মধুর বাক্য বলিলেন—॥২॥

"হে দেববালিকাতুল্যে! সুন্দরি! তুমি কে? বা কাহার? কি কার্য্যেই বা আসিয়াছ? কোথা হইতেই বা তোমার আগমন হইয়াছে? ॥৩॥

তুমি কি এই বনের দেবতা? না অপ্সরা? কি জন্যই বা এখানে অবস্থান করিতেছ? এই সমস্ত বিষয় আমার নিকট বল" ॥৪॥

হিড়িম্বা বলিল—"নীলমেঘের ন্যায় এই যে বিশাল বন দেখিতেছেন, ইহাই হিড়িম্ব রাক্ষসের এবং আমার বাসস্থান ॥৫॥

---

(৫) নিবাসো রাক্ষসস্যৈব··· ।

তস্য মাং রাক্ষসেন্দ্রস্য ভগিনীং বিদ্ধি ভাবিনি ! ।
ভ্রাত্রা সম্প্রেষিতামার্য্যে ! সপুত্রাং ত্বাং জিঘাংসতা ॥৬॥
ক্রূরবুদ্ধেরহং তস্য বচনাদাগতা ত্বিহ ।
অদ্রাক্ষং নবহেমাঙ্গং তব পুত্রং মহাবলম্ ॥৭॥
ততোঽহং সর্ব্বভূতানাং ভাবে বিচরতা শুভে ।
চোদিতা তব পুত্রস্য মন্মথেন বশানুগা ॥৮॥
ততো বৃতো ময়া ভর্ত্তা তব পুত্রো মহাবলঃ ।
অপনেতুঞ্চ যতিতো ন চৈব শকিতো ময়া ॥৯॥
চিরায়মাণাং মাং জ্ঞাত্বা ততঃ স পুরুষাদকঃ ।
স্বয়মেবাগতো হন্তুমিমান্ সর্ব্বাংস্তবাত্মজান্ ॥১০॥
স তেন মম কান্তেন তব পুত্রেণ ধীমতা ।
বলাদিতো বিনিষ্পিষ্য ব্যপনীতো মহাত্মনা ॥১১॥

ভারতকৌমুদী

তস্যেতি। বিদ্ধি জানীহি। জিঘাংসতা হন্তুমিচ্ছতা ॥৬॥

ক্রূরেতি। নবং হেমেব গৌরমঙ্গং যস্য তম্ ॥৭॥

তত ইতি। হে শুভে !। ভাবে আত্মনি। চোদিতা প্রণোদিতা সতী ॥৮॥

তত ইতি। অপনেতুম্ ইতঃ অপসারয়িতুম্। যতিতঃ শকিত ইত্যুভয়ত্রাপীড়াগম আর্ষঃ ॥৯॥

চিরেতি। চিরায়মাণাং বিলম্বমানাম্। পুরুষাদকো নরভক্ষকো হিড়িম্বঃ ॥১০॥

ভারতভাবদীপঃ

প্রবুধ্য ইতি ॥১—৫॥ জিঘাংসিতুং হন্তুং স্বার্থে সন্ ॥৬—৭॥ ভাবে চিত্তে ॥৮—১০॥

আমি সেই রাক্ষসশ্রেষ্ঠ হিড়িম্বের ভগিনী ; আর্য্যে ! পুত্রগণের সহিত আপনাকে বিনাশ করিতে ইচ্ছা করিয়া সেই ভ্রাতাই আমাকে পাঠাইয়াছেন ॥৬॥

আমিও খলপ্রকৃতি সেই রাক্ষসের আদেশ অনুসারে এখানে আসিয়া, নব-কাঞ্চনবর্ণ এবং অত্যন্ত বলবান্ আপনার পুত্রকে দেখিলাম ॥৭॥

তাহার পরেই সকল প্রাণীর চিত্তে বিচরণকারী কামদেবের প্রেরণায় আমি আপনার পুত্রের বশবর্ত্তিনী হইয়া পড়িয়াছি ॥৮॥

তাহার পর আমি আপনার বলবান্ পুত্রকে পতিরূপে বরণ করিলাম এবং এস্থান হইতে সরাইয়া নিবার চেষ্টা করিলাম, কিন্তু পারিলাম না ॥৯॥

তৎপরে সেই রাক্ষস আমার বিলম্ব দেখিয়া নিজেই আপনার এই সব কয়টী পুত্রকেই বধ করিবার জন্য আসিয়াছিল ॥১০॥

(৬)...সপুত্রাং ত্বাং জিঘাংসিতুম্।

বিকর্ষন্তৌ মহাবেগৌ গর্জ্জমানৌ পরস্পরম্।
পশ্য ত্বং যুধি বিক্রান্তাবেতৌ চ নররাক্ষসৌ ॥১২॥

বৈশম্পায়ন উবাচ।

তস্যাঃ শ্রুত্বৈব বচনমুৎপপাত যুধিষ্ঠিরঃ।
অর্জ্জুনো নকুলশ্চৈব সহদেবশ্চ বীর্য্যবান্ ॥১৩॥
তৌ তে দদৃশুরাসক্তৌ বিকর্ষন্তৌ পরস্পরম্।
কাঙ্ক্ষমাণৌ জয়ঞ্চৈব সিংহাবিব বলোৎকটৌ ॥১৪॥
অথান্যোন্যং সমাশ্লিষ্য বিকর্ষন্তৌ পুনঃ পুনঃ।
দাবাগ্নিধূমসদৃশং চক্রতুঃ পার্থিবং রজঃ ॥১৫॥
বসুধা-রেণু-সংবীতৌ বসুধাধব-সন্নিভৌ।
বভ্রাজতুর্যথা শৈলৌ নীহারেণাভিসংবৃতৌ ॥১৬॥

ভারতকৌমুদী

স ইতি। স হিড়িম্বঃ। ভীমেন স্থাপিতত্বাদেব তব পুত্রেণেত্যুক্তম্ ॥১১॥
বিকর্ষন্তাবিতি। বিক্রান্তৌ মহাশক্তিশালিনৌ ॥১২॥
তস্যা ইতি। তস্যা হিড়িম্বায়াঃ। উৎপপাত শয়নাদুত্তস্থৌ ॥১৩॥
তাবিতি। তৌ ভীমহিড়িম্বৌ, তে যুধিষ্ঠিরাদয়ঃ, আসক্তৌ পরস্পরমিলিতৌ ॥১৪॥
অথেতি। পার্থিবং ভৌমম্, রজো ধূলিম্, চক্রতুঃ উত্থাপয়ামাসতুঃ ॥১৫॥
বসুধেতি। বসুধারেণুভিঃ পার্থিবধূলিভিঃ সংবীতৌ আবৃতাঙ্গৌ। বসুধাধবঃ পর্ব্বতঃ ॥১৬॥

তখন আমার পতি, আপনার সেই বুদ্ধিমান্ পুত্র বলপূর্ব্বক সেই রাক্ষসকে নিষ্পেষণ করিয়া এস্থান হইতে সরাইয়া লইয়া গিয়াছেন ॥১১॥

আপনি দেখুন—ঐ সে মানুষ ও রাক্ষস পরস্পর গর্জ্জন ও আকর্ষণ করিতে থাকিয়া, মহাবেগে ও মহাবিক্রমে যুদ্ধ করিতেছেন" ॥১২॥

বৈশম্পায়ন বলিলেন—হিড়িম্বার কথা শুনিয়াই বলবান্ যুধিষ্ঠির, অর্জ্জুন, নকুল ও সহদেব গাত্রোত্থান করিলেন ॥১৩॥

তখন তাঁহারা দেখিলেন—বলমত্ত দুইটা সিংহের ন্যায় ভীম ও হিড়িম্ব পরস্পর মিলিত হইয়া আকর্ষণ করতঃ পরস্পর জয় করিতে ইচ্ছা করিতেছেন ॥১৪॥

সে সময়ে তাঁহারা পরস্পর মিলিত হইয়া, বার বার আকর্ষণ করতঃ দাবাগ্নির ধূমের মত ধূলি উড়াইতেছিলেন ॥১৫॥

তখন পর্ব্বততুল্য বিশাল শরীর ভীমসেন ও হিড়িম্ব ধূলিব্যাপ্ত হইয়া, নীহার-ব্যাপ্ত পর্ব্বতদ্বয়ের ন্যায় শোভা পাইতে লাগিলেন ॥১৬॥

রাক্ষসেন তদা ভীমং ক্লিশ্যমানং নিরীক্ষ্য চ।
উবাচেদং বচঃ পার্থঃ প্রহসন্ শনকৈরিব ॥১৭॥
ভীম। মা ভৈর্মহাবাহো! ন ত্বাং বুধ্যামহে বয়ম্।
সমেতং ভীমরূপেণ রক্ষসা শ্রমকর্ষিতম্ ॥১৮॥
সাহায্যেঽস্মি স্থিতঃ পার্থঃ পাতয়িষ্যামি রাক্ষসম্।
নকুলঃ সহদেবশ্চ মাতরং গোপয়িষ্যতঃ ॥১৯॥

ভীমসেন উবাচ।

উদাসীনো নিরীক্ষস্ব ন কার্য্যঃ সম্ভ্রমস্ত্বয়া।
ন জাত্বয়ং পুনর্জীবেন্মদ্বাহ্বন্তরমাগতঃ ॥২০॥

অর্জ্জুন উবাচ।

কিমনেন চিরং ভীম! জীবতা পাপরক্ষসা।
গন্তব্যে ন চিরং স্থাতুমিহ শক্যমরিন্দম! ॥২১॥

ভারতকৌমুদী

রাক্ষসেনেতি। ক্লিশ্যমানং পীড্যমানম্। পার্থোঽর্জ্জুনঃ, যোগ্যত্বাৎ ॥১৭॥
ভীমেতি। ন বুধ্যামহে জ্যোৎস্নায়াং সত্যামপি রাত্রিবশান্ন সম্যগ্ জানীমহে ॥১৮॥
সাহায্য ইতি। সাহায্যে তব সাহায্যকরণে। পার্থোঽহমর্জ্জুনঃ ॥১৯॥
উদাসীন ইতি। উদাসীনো মৎপক্ষপাতরহিতঃ। সম্ভ্রমো রাক্ষসবিনাশায় ব্যস্ততা ॥২০॥
কিমিতি। কিং ফলম্, অপি তু কিমপি নেত্যর্থঃ। গন্তব্যে ইতোঽস্মাকং গমনৌচিত্যে ॥২১॥

তখন হিড়িম্ব ভীমকে নিপীড়ন করিতেছে দেখিয়া অর্জ্জুন হাসিতে হাসিতেই যেন ধীরে ধীরে এই কথা বলিলেন—॥১৭॥

"আর্য্য! মহাবাহু ভীমসেন! ভয় করিবেন না; আপনি ভীষণ রাক্ষসের সহিত মিলিত হইয়া পরিশ্রান্ত হইয়াছেন কি না আমরা বুঝিতে পারিতেছি না ॥১৮॥

আমি অর্জ্জুন; আপনার সাহায্য করিবার জন্য প্রস্তুত হইয়াছি; আমি উহাকে নিপাত করিব; নকুল ও সহদেব মাতৃদেবীকে রক্ষা করিবে" ॥১৯॥

ভীম বলিলেন—"অর্জ্জুন! ব্যস্ত হইও না; নিরপেক্ষ থাকিয়া নিরীক্ষণ কর। এই রাক্ষস আমার বাহুযুগলের ভিতরে আসিয়াছে; সুতরাং আর কখনও বাঁচিতে পারিবে না" ॥২০॥

অর্জ্জুন বলিলেন—"আর্য্য ভীম! এই পাপাত্মা রাক্ষসকে বেশী কাল জীবিত রাখিয়া ফল কি? আমাদের যাইতে হইবে, এখানে বেশী কাল থাকা উচিত নহে ॥২১॥

পুরা সংরজ্যতে প্রাচী পুরা সন্ধ্যা প্রবর্ত্ততে।
রৌদ্রে মুহূর্ত্তে রক্ষাংসি প্রবলানি ভবন্ত্যুত ॥২২॥
ত্বরস্ব ভীম ! মা ক্রীড় জহি রক্ষো বিভীষণম্।
পুরা বিকুরুতে মায়াং ভুজযোঃ সারমর্পয় ॥২৩॥
বৈশম্পায়ন উবাচ।
অর্জ্জুনেনৈবমুক্তস্তু ভীমো রোষাজ্জ্বলন্নিব।
বলমাহারয়ামাস যদ্বায়োর্জগতঃ ক্ষয়ে ॥২৪॥
ততস্তস্যাম্বুদাভস্য ভীমো রোষাত্তু রক্ষসঃ।
উৎক্ষিপ্যাভ্রাময়দ্দেহং তূর্ণং শতগুণং তদা ॥২৫॥
ভীমসেন উবাচ।
বৃথা মাংসৈর্বৃথা পুষ্টো বৃথা বৃদ্ধো বৃথামতিঃ।
বৃথা মরণমর্হস্ত্বং বৃথাদ্য ন ভবিষ্যসি ॥২৬॥

ভারতকৌমুদী

পুরেতি। পুরা অব্যবহিতপরসময়ে, সংরজ্যতে অরুণোদয়াৎ রক্তবর্ণা ভবিষ্যতি। পুরা কিয়ৎপরমেব। রৌদ্রে তদাখ্যে সূর্য্যোদয়াৎ পূর্ব্ববর্ত্তিনি। রক্ষাংসি রাক্ষসাঃ ॥২২॥

ত্বরস্বেতি। বিভীষণং বিশেষেণ ভয়ঙ্করম্। পুরা পরবর্ত্তিনি রৌদ্রে মুহূর্ত্তে, বিকুরুতে আবিষ্করিষ্যতি, অয়ং রাক্ষস ইতি শেষঃ। সারং সর্ব্বং বলম্ ॥২৩॥

অর্জ্জুনেনেতি। যদ্ যাদৃশং বলং ভবতি, তাদৃশং বলম্, আহারয়ামাস বাহ্বোরানিন্যে ॥২৪॥

তত ইতি। অম্বুদাভস্য মেঘতুল্যকৃষ্ণবর্ণস্য। উৎক্ষিপ্য উত্তোল্য ॥২৫॥

ভারতভাবদীপঃ

ব্যপনীতো দূরে নীতঃ ॥১১—২০॥ গন্তব্যে সতি চিরং স্থাতুং ন শক্যম্ ॥২১—২২॥ বিভীষণং বিশেষেণ ভয়ঙ্করম্, পুরা প্রাগেব মায়াং বিকুরুতে রক্ষো রৌদ্রে মুহূর্ত্তে, অতঃ, অস্মিন্ সারং বলম্, অর্পয় নিপাতয়, এনং শীঘ্রং জহীত্যর্থঃ ॥২৩—২৪॥ আভ্রাময়ৎ সমন্তাদ্ভ্রামিতবান্ ॥২৫॥

কিছু কাল পরেই পূর্ব্বদিক্ রক্তবর্ণ হইয়া উঠিবে, প্রাতঃসন্ধ্যার কাল আসিবে; সেই রৌদ্রমুহূর্ত্তে রাক্ষসেরা প্রবল হইয়া থাকে ॥২২॥

অতএব আর্য্য ! ভীম ! সত্বর হউন, খেলা করিবেন না, ভীষণ রাক্ষসকে মারিয়া ফেলুন, না হইলে, কিছু পরেই ও মায়া বিস্তার করিবে; সুতরাং বাহুদ্বয়ের সম্পূর্ণ বল দিন" ॥২৩॥

বৈশম্পায়ন কহিলেন—অর্জ্জুন এইরূপ বলিলে, ভীমসেন ক্রোধে জ্বলিতে থাকিয়াই যেন, বাহুযুগলে প্রলয়কালীন বায়ুর তুল্য বল আহরণ করিলেন ॥২৪॥

তাহার পর, ভীম ক্রোধবশতঃ সেই কৃষ্ণবর্ণ রাক্ষসের শরীরটাকে উত্তোলন করিয়া তখনই শতগুণ বেগে সত্বর ঘুরাইতে লাগিলেন ॥২৫॥

ক্ষেমমদ্য করিষ্যামি যথা বনমকণ্টকম্ ।
ন পুনর্মানুষান্ হত্বা ভক্ষয়িষ্যসি রাক্ষস ! ॥২৭॥

অর্জ্জুন উবাচ ।

যদি বা মন্যসে ভারং ত্বমিমং রাক্ষসং যুধি ।
করোমি তব সাহায্যং শীঘ্রমেব নিপাত্যতাম্ ॥২৮॥
অথবাঽপ্যহমেবৈনং হনিষ্যামি বৃকোদর ! ।
কৃতকর্ম্মা পরিশ্রান্তঃ সাধু তাবদুপারম ॥২৯॥

বৈশম্পায়ন উবাচ ।

তস্য তদ্বচনং শ্রুত্বা ভীমসেনোঽত্যমর্ষণঃ ।
নিষ্পিষ্যৈনং বলাদ্ভূমৌ পশুমারমমারয়ৎ ॥৩০॥

ভারতকৌমুদী

বৃথেতি। বৃথা দেবাদিভ্যোঽদত্তত্বান্নিষ্ফলৈর্মাংসৈঃ, বৃথা পুষ্টো লোকোপকারাকরণান্নিষ্ফলং সবলীভূতঃ, বৃথা বৃদ্ধো জ্ঞানানুদয়াৎ, বৃথামতির্নিষ্ফলবুদ্ধির্বিবেকাভাবাৎ, বৃথা মরণং রোগব্যতিরিক্তকারণেন মৃত্যুম্, অর্হঃ প্রাপ্তুং যোগ্যস্ত্বম্, অদ্য বৃথা ন ভবিষ্যসি, অপি তু ভবিষ্যস্যেবেত্যর্থঃ, মৃতত্বাৎ ॥২৬॥

ক্ষেমমিতি। ক্ষেমম্ অস্য দেশস্য মঙ্গলম্। যথা যতঃ, বনমকণ্টকং করিষ্যামি ॥২৭॥

যদীতি। ভারং হন্তুং দুষ্করম্ ॥২৮॥

অথবেতি। কৃতকর্ম্মা বাক্ষসস্য কাতরতাকরণাদেব কৃতকার্য্যঃ। উপারম বিরম ॥২৯॥

তস্যেতি। অত্যমর্ষণো নিতান্তক্রুদ্ধঃ সন্। পশোরিব মারো মারণং যস্মিন্ কর্ম্মণি তদ্‌যথা তথা ॥৩০॥

ভারতভাবদীপঃ

বৃথা বৃদ্ধো দীর্ঘত্বং গতঃ, বৃথামরণং বাহুযুদ্ধেন হতস্য স্বর্গকীর্ত্ত্যোরভাবাৎ ॥২৬—২৭॥ ক্রোধো-

---

ভীমসেন বলিলেন—"তুই বৃথা মাংস দ্বারা বৃথা পরিপুষ্ট, বৃথা বৃদ্ধ ও বৃথাবুদ্ধি হইয়াছিস্; সুতবাং তোব বৃথা মৃত্যু হওয়াই উচিত; তুই আজ বৃথা হইবি না? ॥২৬॥

আমি আজ এই বনটাকে নিষ্কণ্টক করিয়া এ দেশেব মঙ্গল করিব। রাক্ষস! তুই আর মানুষ মারিয়া খাইতে পাবিবি না" ॥২৭॥

অর্জ্জুন বলিলেন—"আর্য্য! আপনি যদি যুদ্ধে এই বাক্ষসকে ভার বলিয়া মনে করেন, তবে আমি আপনাব সাহায্য করিতেছি, সত্বর ইহাকে নিপাত করুন ॥২৮॥

অথবা আমিই ইহাকে বধ করিব; আপনি কৃতকার্য্য হইয়া পরিশ্রান্ত হইয়াছেন; সুতরাং আপনি বিরত হউন" ॥২৯॥

স মার্য্যমাণো ভীমেন ননাদ বিপুলং স্বনম্।
পূরয়ংস্তদ্বনং সর্ব্বং জলার্দ্র ইব দুন্দুভিঃ ॥৩১॥
বাহুভ্যাং যোক্ত্রয়িত্বা তং বলবান্ পাণ্ডুনন্দনঃ।
মধ্যে ভঙ্‌ক্ত্বা মহাবাহুর্হর্ষয়ামাস পাণ্ডবান্ ॥৩২॥
হিড়িম্বং নিহতং দৃষ্ট্বা সংহৃষ্টাস্তে তরস্বিনঃ।
অপূজয়ন্নরব্যাঘ্রং ভীমসেনমরিন্দমম্ ॥৩৩॥
অভিপূজ্য মহাত্মানং ভীমং ভীমপরাক্রমম্।
পুনরেবার্জ্জুনো বাক্যমুবাচেদং বৃকোদরম্ ॥৩৪॥
ন দূরে নগরং মন্যে বনাদস্মাদহং বিভো।।
শীঘ্রং গচ্ছাম ভদ্রং তে ন নো বিদ্যাৎ সুযোধনঃ ॥৩৫॥

ভারতকৌমুদী

স ইতি। মার্য্যমাণো নিহন্যমানঃ। ননাদ চাকর ॥৩১॥

বাহুভ্যামিতি। আত্মনো বাহুভ্যাম্, যোক্ত্রয়িত্বা পৃষ্ঠোপরি পদং দত্ত্বা শিরসা সহ চরণদ্বয়ং যোজয়িত্বা। যোক্ত্রং যুক্তং কৃত্বেতি যোক্ত্রয়িত্বা করোত্যর্থেণন্তাৎ ক্ত্বা ॥৩২॥

হিড়িম্বমিতি। তে যুধিষ্ঠিরাদয়ঃ, তরস্বিনো বলবন্তঃ। অপূজয়ন্ প্রাশংসন্ ॥৩৩॥

অভিপূজ্যেতি। ইদমনুপদমুচ্যমানম্ ॥৩৪॥

নেতি। তে তব, ভদ্রং মঙ্গলমস্তু। নঃ অস্মান্, বিদ্যাৎ অত্র স্থিতত্বেন জানীয়াৎ ॥৩৫॥

ভারতভাবদীপঃ

দীপনায়ার্জ্জুন উবাচ। যদি বেতি ॥২৮—৩১॥ যোক্ত্রয়িত্বা নিবধ্য উরোদেশে গৃহীত্বা প্রতীপং

বৈশম্পায়ন বলিলেন—অর্জ্জুনের সেই কথা শুনিয়া, ভীমসেন অত্যন্ত ক্রুদ্ধ হইয়া, হিড়িম্বকে বলপূর্ব্বক ভূতলে নিষ্পেষণ করিয়া পশুর মত মারিয়া ফেলিলেন ॥৩০॥

ভীম যখন হিড়িম্বকে বধ করিতেছিলেন, তখন সে সেই বন পরিপূর্ণ করিয়া জলার্দ্র দুন্দুভির ন্যায় বিশাল শব্দ করিল ॥৩১॥

বলবান্ ভীমসেন হস্ত দ্বারা হিড়িম্বরাক্ষসের মস্তকের সহিত পাদদ্বয় সংযুক্ত করিয়া, মধ্যদেশে ভাঙ্গিয়া, অপর পাণ্ডবগণকে আনন্দিত করিলেন ॥৩২॥

তখন বলবান্ পাণ্ডবগণ হিড়িম্বরাক্ষসকে নিহত দেখিয়া, আনন্দিত হইয়া, শত্রুহন্তা নরশ্রেষ্ঠ ভীমসেনের প্রশংসা করিতে লাগিলেন ॥৩৩॥

তাহার পর, অর্জ্জুন ভয়ঙ্কর-শক্তিশালী মহাত্মা ভীমসেনের পূজা করিয়া, তাঁহাকে পুনরায় এই কথা বলিলেন—॥৩৪॥

"আর্য্য! আমি মনে করি—এই বন হইতে নগর অধিক দূরে নহে;

ততঃ সর্ব্বে তথেত্যুক্ত্বা মাত্রা সহ মহারথাঃ।
প্রযযুঃ পুরুষব্যাঘ্রা হিড়িম্ব চৈব রাক্ষসী ॥৩৬॥
ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যামাদিপর্ব্বণি
হৈড়িম্বে হিড়িম্ববধো নামাষ্টচত্বারিংশদধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥ *

—:*:—

ঊনপঞ্চাশদধিকশততমোঽধ্যায়ঃ।

—:*:—

ভীমসেন উবাচ।

স্মরন্তি বৈরং রক্ষাংসি মায়ামাশ্রিত্য মোহিনীম্।
হিড়িম্বে! ব্রজ পন্থানং ত্বমিমং ভ্রাতৃসেবিতম্ ॥১॥

যুধিষ্ঠির উবাচ।

ক্রুদ্ধোঽপি পুরুষব্যাঘ্র! ভীম! মাস্ম স্ত্রিয়ং বধীঃ।
শরীরগুপ্ত্যভ্যধিকং ধর্ম্মং গোপায় পাণ্ডব! ॥২॥

ভারতকৌমুদী

তত ইতি। মাত্রা কুন্ত্যা। হিড়িম্বা চ তৈঃ সার্দ্ধং প্রযযৌ ॥৩৬॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারত-টীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়ামাদিপর্ব্বণি হৈড়িম্বে অষ্টচত্বারিংশদধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥

—:*:—

স্মরন্তীতি। ইদং ময়ৈব কৃতম্, তব ভ্রাতা হিড়িম্বেন সেবিতমাশ্রিতং মৃত্যুমিত্যর্থঃ ॥১॥

ভারতভাবদীপঃ

বিনাম্য যষ্টিবন্মধ্যদেশে ভঙ্‌ক্ত্বা ত্রোটয়িত্বা পশুমারমমারয়ৎ পাণ্ডবাংশ্চ হর্ষয়ামাসেত্যন্বয়ঃ ॥৩২—৩৬॥

ইতি শ্রীমহাভারতে আদিপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে
অষ্টচত্বারিংশদধিকশততমোঽধ্যায়ঃ ॥১৪৮॥

সুতরাং আমরা সত্বর সেখানে যাইব; তাহা হইলে আর দুর্য্যোধন আমাদিগকে জানিতে পারিবে না। আপনার মঙ্গল হউক" ॥৩৫॥

"তাহাই হউক" এই কথা বলিয়া, পুরুষশ্রেষ্ঠ মহারথ পাণ্ডবগণ মাতা কুন্তীর সহিত যাইতে লাগিলেন; হিড়িম্বাও তাঁহাদের সঙ্গে যাইতে থাকিল ॥৩৬॥

—:*:—

ভীম বলিলেন—"রাক্ষসেরা মোহিনী মায়া অবলম্বন করিয়া শত্রুতা সাধন করিয়া থাকে। সুতরাং হিড়িম্বা! তুইও তোর ভাইয়ের এই পথেই যা" ॥১॥

---

* '...দ্বিপঞ্চাশদধিক...', '...চতুঃপঞ্চাশদাধক...', '...ষট্‌ষষ্ট্যধিক...' ইতি পাঠান্তরাণি।
(২)...শরণাগতগুপ্ত্যা ত্বং ধর্ম্মম্।

বধাভিপ্রায়মায়ান্তমবধীস্ত্বং মহাবলম্।
রক্ষসস্তস্য ভগিনী কিং নঃ ক্রুদ্ধা করিষ্যতি ॥৩॥
বৈশম্পায়ন উবাচ।
হিড়িম্বা তু ততঃ কুন্তীমভিবাদ্য কৃতাঞ্জলিঃ।
যুধিষ্ঠিরঞ্চ কৌন্তেযমিদং বচনমব্রবীৎ ॥৪॥
আর্য্যে! জানাসি যদ্দুঃখমিহ স্ত্রীণামনঙ্গজম্।
তদিদং মামনুপ্রাপ্তং ভীমসেনকৃতং শুভে। ॥৫॥
সোঢ়ং তৎ পরমং দুঃখং ময়া কালপ্রতীক্ষয়া।
সোঽয়মভ্যাগতঃ কালো ভবিতা মে সুখোদয়ঃ ॥৬॥
ময়া হ্যুৎসৃজ্য সুহৃদঃ স্বধর্ম্মং স্বজনং তথা।
বৃতোঽয়ং পুরুষব্যাঘ্রস্তব পুত্রঃ পতিঃ শুভে! ॥৭॥

ভারতকৌমুদী

ক্রুদ্ধ ইতি। শরীরস্য গুপ্তে রক্ষণাদভ্যধিকম্। গোপায রক্ষ ॥২॥
বধেতি। বধস্য অভিপ্রায়ো যস্য তং হিড়িম্বম্। তদ্ভগিন্যাস্ততো দুর্ব্বলত্বমিত্যাশয়ঃ ॥৩॥
হিড়িম্বেতি। ভীমপ্রাপ্তৌ গত্যন্তরাভাবাৎ কুন্তীযুধিষ্ঠিরযোরনুনযোঽয়ম্ ॥৪॥
আর্য্য ইতি। জানাসি, আত্মনঃ স্ত্রীত্বাদেবেতি ভাবঃ। অনঙ্গজং কামাজ্জাতম্ ॥৫॥
সোঢ়মিতি। কালপ্রতীক্ষযা যদি কদাচিন্মনোগতঃ পুরুষঃ প্রাপ্যেত ইত্যাশযেত্যর্থঃ ॥৬॥

ভাবতভাবদীপঃ

স্মরন্তীতি। ভ্রাতৃসেবিতং পন্থানং মৃত্যুম্ ॥১—৩॥ অভিবাদ্য আর্য্যে! ইত্যাভাষ্য,

যুধিষ্ঠিব বলিলেন—"পুরুষশ্রেষ্ঠ ভীম! ক্রুদ্ধ হইয়াও স্ত্রীহত্যা কবিও না। কাবণ, আত্মরক্ষা অপেক্ষা ধর্ম্মবক্ষা অধিক; সুতবাং সেই ধর্ম্ম বক্ষা কব ॥২॥

মহাবল হিড়িম্ব আমাদিগকে বধ কবিবার অভিপ্রায়েই আসিয়াছিল, তুমি তাহাকে বধ কবিয়াছ; এ অবস্থায তাহাব ভগিনী ক্রুদ্ধ হইয়াই বা আমাদেব কি কবিবে?" ॥৩॥

বৈশম্পায়ন বলিলেন—তাহাব পব, হিড়িম্বা কুন্তী ও যুধিষ্ঠিরকে অভিবাদন কবিয়া, কৃতাঞ্জলি হইয়া তাঁহাদেব নিকট এই কথা বলিল—॥৪॥

"আর্য্যে! স্ত্রীলোকদের কামজনিত যে কি দুঃখ হয়, তাহা আপনি জানেন। আপনাব ভীমসেনকৃত সেই দুঃখ এই আমার উপস্থিত হইযাছে ॥৫॥

সেই দারুণ দুঃখ আমি কালপ্রতীক্ষা কবিযা এ যাবৎ সহ্য কবিয়াছি; সেই কাল এই উপস্থিত হইযাছে; এখন সুখেব আবির্ভাব হইবে ॥৬॥

(৬)…ময়া কামপরীতয়া।

বীরেণাহং তথানেন ত্বয়া চাপি যশস্বিনি ! ।
প্রত্যাখ্যাতা ন জীবামি সত্যমেতদ্‌ব্রবীমি তে ॥৮॥
তদর্হসি কৃপাং কর্ত্তুং ময়ি ত্বং বরবর্ণিনি ! ।
তন্মাং মূঢ়েতি মত্বা ত্বং ভক্তা চানুগতেতি চ ॥৯॥
ভর্ত্রানেন মহাভাগে ! সংযোজয় সুতেন তে ।
তমুপাদায় গচ্ছেয়ং যথেষ্টং দেবরূপিণম্ ।
পুনশ্চৈবানয়িষ্যামি বিশ্রম্ভং কুরু মে শুভে ! ॥১০॥
অহং হি মনসা ধ্যাতা সর্ব্বান্নেষ্যামি বঃ সদা ।
বৃজিনাত্তারয়িষ্যামি দুর্গেষু বিষমেষু চ ॥১১॥

ভারতকৌমুদী

ময়েতি । স্বধর্ম্মমিত্যনেন রাক্ষসোচিতস্বৈরচারিত্বপরিত্যাগসূচনেনাত্মনঃ পবিত্রতা সূচিতা ॥৭॥

বীরেণেতি । অনেন ভীমসেনেন । প্রত্যাখ্যাতা নিরাকৃতা ॥৮॥

তদিতি । মূঢ়া কর্ত্তব্যাকর্ত্তব্যজ্ঞানহীনা ॥৯॥

ভর্ত্রেতি । গচ্ছেয়ং রন্তুমিতি শেষঃ । আনয়িষ্যামি তবান্তিকমেবানেষ্যামি । বিশ্রম্ভং ময়ি মদ্বাক্যে চ বিশ্বাসম্ । ষট্‌পদমিদং পদ্যম্ ॥১০॥

অহমিতি । ধ্যাতা যুষ্মাভিশ্চিন্তিতা । বৃজিনাদ্বিপদঃ । দুর্গেষু দুর্গমেষু ॥১১॥

আমি বন্ধুবর্গ, স্বধর্ম্ম ও স্বজন পরিত্যাগ করিয়া, পুরুষশ্রেষ্ঠ বলিয়া আপনার এই পুত্রটীকে পতিরূপে বরণ করিয়াছি ॥৭॥

হে যশস্বিনি ! এই বীর ভীমসেন এবং আপনি যদি আমাকে প্রত্যাখ্যান করেন, তাহা হইলে আমি বাঁচিব না ; ইহা আপনার নিকট সত্য বলিতেছি ॥৮॥

অতএব আপনি আমাকে মুগ্ধা, ভক্তা ও অনুগতা মনে করিয়া আমার উপরে দয়া করুন ॥৯॥

ভাগ্যবতি ! আপনার এই পুত্রই আমার পতি ; সুতরাং আপনি উঁহার সহিত আমাকে সংযুক্ত করিয়া দিন । আমি এই দেবমূর্ত্তি পতিকে লইয়া অভীষ্ট স্থানে যাইব, আবার আনিয়া দিব ; আপনি আমার উপরে বিশ্বাস করুন ॥১০॥

আপনারা আমাকে মনে মনে চিন্তা করিবামাত্রই আমি আপনাদের সকলকেই দুর্গম বিষম স্থানেও লইয়া যাইব এবং বিপদ হইতে উদ্ধার করিব ॥১১॥

---

(৮)···ত্বয়া বাপি··· । (৯) মত্বা মূঢ়েতি যন্মাং ত্বং ভক্তা বানুগতেতি বা··· ।

পৃষ্ঠেন বো বহিষ্যামি শীঘ্রং গতিমভীপ্সতঃ।
যূয়ং প্রসাদং কুরুত ভীমসেনো ভজেত মাম্ ॥১২॥
আপদস্তরণে প্রাণান্ ধাবয়েদ্‌যেন তেন বা।
সর্ব্বমাদৃত্য কর্ত্তব্যং তং ধর্ম্মমনুবর্ত্ততা ॥১৩॥
আপৎসু যো ধাবয়তি ধর্ম্মং ধর্ম্মবিদুত্তমঃ।
ব্যসনং হ্যেব ধর্ম্মস্য ধর্ম্মিণামাপতুচ্যতে ॥১৪॥
পুণ্যং প্রাণান্ ধাবয়তি পুণ্য প্রাণদমুচ্যতে।
যেন যেনাচরেদ্ধর্ম্মং তস্মিন্ গর্হা ন বিদ্যতে ॥১৫॥

ভারতকৌমুদী

পৃষ্ঠেনেতি। বো যুষ্মান্, বহিষ্যামি বক্ষ্যামি। ইড়াগম আর্ষঃ। প্রসাদমনুগ্রহম্ ॥১২॥
অথ স্বিয়ংসাজ্ঞাপনেন স্ত্রিয়াস্তে মহত্যেব ন্যূনতেত্যাহ—আপদ ইতি। অনুবর্ত্ততামনুসরতা ॥১৩॥
কামাপদো মমোদ্ধারেণ যুষ্মাকং ধর্ম্ম এব ভবেদিত্যাহ—আপৎস্বিতি। য আপৎসু পরস্য ধর্ম্মম্, ধারয়তি রক্ষতি স এব উত্তমো ধর্ম্মবিৎ। তব কা নাম আপদিত্যাহ—ব্যসনমিতি। ধর্ম্মস্য ব্যসনং ভ্রংশঃ। ভীমস্য পতিত্বেন বরণাদিদানীং পুরুষান্তরগ্রহণে ধর্ম্মভ্রংশ এবেতি ভাবঃ ॥১৪॥
অথ রাক্ষসীপরিণয়ে ভীমস্য নিন্দা ভবেদিত্যাহ—পুণ্যমিতি। ধারয়তি রক্ষতি। অতএব পুণ্যং প্রাণদমুচ্যতে। ধর্ম্মং তৎ পুণ্যম্। গর্হা নিন্দা। ভীমেন পরিণয়াভাবে মৎপ্রাণা ন স্থাস্যন্তীতি ভাবঃ ॥১৫॥

ভারতভাবদীপঃ

চৌরাদিকস্য বহে রূপম্ ॥৪—১১॥ বহিষ্যামি প্রাপয়িষ্যামি, আর্ষ ইট্। "প্রবক্ষ্যামি" ইতি পাঠেঽপি বহেরেব রূপম্। গতিং গম্যং দেশম্ ॥১২॥ আবৃত্যাঙ্গীকৃত্য ॥১৩॥ ব্যসনং

আপনারা শীঘ্র যাইতে ইচ্ছা করিলে, আমি আপনাদিগকে পিঠে করিয়া বহন করিব। আপনারা অনুগ্রহ করুন, ভীম আমার পাণি গ্রহণ করুন ॥১২॥

বিপদ উপস্থিত হইলে, যে কোন উপায়ে তাহা হইতে উদ্ধার পাইয়া প্রাণ ধারণ করিবে এবং ধর্ম্মের অনুসরণ করিয়া আদরপূর্ব্বক সকল কার্য্যই করিবে ॥১৩॥

বিপদের সময় যিনি পরের ধর্ম্ম রক্ষা করেন, তিনিই শ্রেষ্ঠ ধর্ম্মজ্ঞ; আর ধর্ম্ম হইতে ভ্রষ্ট হওয়াকেই ধার্ম্মিকের বিপদ বলা হয় ॥১৪॥

ধর্ম্ম প্রাণ রক্ষা করে, এই জন্যই ধর্ম্মকে প্রাণদাতা বলে, অতএব যে যে উপায়ে ধর্ম্ম করা যায়, তাহাতে কোন নিন্দা নাই" ॥১৫॥

যুধিষ্ঠির উবাচ।

এবমেব যথাত্থ ত্বং হিড়িম্বে! নাত্র সংশয়ঃ।
স্থাতব্যন্তু ত্বয়া সত্যে যথা ব্রূয়াং সুমধ্যমে। ॥১৬॥
স্নাতং কৃতাহ্নিকং ভদ্রে! কৃতকৌতুকমঙ্গলম্।
ভীমসেনং ভজেথাস্ত্বং প্রাগস্তগমনাদ্রবেঃ ॥১৭॥
অহঃসু বিহরানেন যথাকামং মনোজবা।
অয়ং ত্বানয়িতব্যস্তে ভীমসেনঃ সদা নিশি ॥১৮॥

বৈশম্পায়ন উবাচ।

তথেতি তৎ প্রতিজ্ঞায় ভীমসেনোঽব্রবীদিদম্।
শৃণু রাক্ষসি! সত্যেন সময়ং তে বদাম্যহম্ ॥১৯॥
যাবৎ কালেন ভবতি পুত্রস্যোৎপাদনং শুভে!।
তাবৎ কালং গমিষ্যামি ত্বয়া সহ সুমধ্যমে! ॥২০॥

ভারতভাবদীপঃ

এবমিতি। আত্থ ব্রবীষি। সত্যে স্থাতব্যং ন পুনঃ প্রতারণা কর্ত্তব্যেতি ভাবঃ ॥১৬॥
স্নাতমিতি। দিবসে তু তাদৃশং রাক্ষসমায়াভয়মস্মাকং নাস্তীত্যাশয়ঃ ॥১৭॥
অহঃস্বিতি। অনেন ভীমেন সহ। মনস ইব জবো বেগো যস্যাঃ সা ॥১৮॥
তথেতি। সময়ং ত্বয়া সার্দ্ধং মম বিহারকালম্ ॥১৯॥
যাবদিতি। গমিষ্যামি যথেষ্টবিহারায়েতি ভাবঃ ॥২০॥

যুধিষ্ঠির বলিলেন—"হিড়িম্বে! তুমি যাহা বলিলে, তাহা সত্য; এ বিষয়ে কোন সন্দেহ নাই। তবে, সুন্দরি! আমি যেরূপ বলিতেছি, তোমার সেইরূপ সত্যরক্ষা করিতে হইবে ॥১৬॥

ভদ্রে! ভীম স্নান, আহ্নিক ও মাঙ্গলিক বেশ-ভূষাদি করিলে পর, সূর্য্যাস্তের পূর্ব্বে তুমি উহার সহিত বিহার করিবে ॥১৭॥

তুমি মনের ন্যায় বেগশালিনী হইয়া দিনের বেলায় ইচ্ছানুসারে উহার সহিত বিহার করিবে; কিন্তু প্রত্যহই রাত্রিবেলায় উহাকে আমাদের নিকটে আনিয়া দিতে হইবে" ॥১৮॥

